# সূচিপত্র


| | বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|---|
| | গণপরিষদ ও সংবিধান রচনার ইতিহাস | 8 – 18 |
| | ভারতীয় সংবিধানের উৎস রূপে বিদেশী সংবিধান ও ব্রিটিশ আইন | 19 - 23 |
| | প্রস্তাবনা | 24 – 30 |
| | ভারতের রাজ্যগঠন | 31 - 36 |
| | নাগরিকত্ব | 37 – 45 |
| | মৌলিক অধিকার | 46 – 63 |
| | মৌলিক দায়িত্ব | 64 – 67 |
| | রাষ্ট্রের নির্দেশাত্মক নীতি | 68 – 73 |
| | রাষ্ট্রপতি | 74 – 94 |
| | উপরাষ্ট্রপতি | 95 – 99 |
| | প্রধানমন্ত্রী | 100-107 |
| | কেন্দ্রীয় মন্ত্রীসভা | 108-111 |
| | স্পিকার | 112-115 |
| | রাজ্যপাল | 116-123 |
| | মুখ্যমন্ত্রী | 124-127 |
| | রাজ্য মন্ত্রীসভা | 128-129 |
| | আইনসভা | 130-150 |
| | রাজ্য আইনসভা | 151-157 |
| | বিচারব্যবস্থা | 158-176 |
| | জরুরি অবস্থা | 177-185 |
| | অর্থবিল | 186-187 |
| | নির্বাচন কমিশন | 188-191 |
| | অর্থ কমিশন | 192-194 |
| | ইউ পি এস সি | 195-199 |
| | ক্যাগ | 200-202 |
| | অ্যার্টনি জেনারেল | 203-204 |
| | পঞ্চায়েতী রাজ | 205-218 |
| | জম্মু ও কাশ্মীরের পৃথক সংবিধান [অনুচ্ছেদ৩৭০] | 219-220 |

| | | |
|---|---|---|
| | গুরুত্বপূর্ণ সংবিধান সংশোধনী | 221-230 |
| | সংবিধানের সন তারিখ | 231-250 |
| | ভারতীয় সংবিধানের কোথায় কী | 251-264 |
| | কিছু বিশেষ বিষয় | |


# অধ্যায় ঃ 1

## সংবিধান [ Constitution]

একটি রাষ্ট্র যে যে মৌলিক শর্তের ভিত্তিতে প্রশাসিত হবে সেই শর্তগুলির সংকলনকে 'সংবিধান' বলা হয় । রাষ্ট্রের শাসনতন্ত্রের কাঠামো , প্রশাসনিক প্রতিষ্ঠানসমূহ এবং তাদের মুখ্য পদাধিকারীদের ভূমিকা , ক্ষমতা , দায়িত্ব ও দায়বদ্ধতার পূর্ণচিত্র থাকে প্রত্যেকটি সভ্য দেশের লিখিত সংবিধানে । ব্রিটেন ব্যতিরিকে বিশ্বের প্রায় প্রত্যেকটি গণতান্ত্রিক রাষ্ট্রের লিখিত সংবিধান আছে । এই সংবিধানগুলির মধ্যে আয়তনে বৃহত্তম ভারতীয় সংবিধান । সংবিধান গৃহীত হওয়ার সময় (26 শে নভেম্বর , 1949 ) এতে ছিল 22 টি পার্ট , 395 টি অনুচ্ছেদ এবং 8 টি তফশিল ।

## গণপরিষদ[ Constituent Assembly ]

ভারতীয় সংবিধান রচনা করেছিল ভারতের গণপরিষদ । গণতান্ত্রিক রীতিনিতি অনুসারে একটি দেশের শাসনব্যবস্থা সেই দেশের অধিবাসীদের দ্বারা রচিত হওয়া উচিত । কিন্তু দেশবাসীর সকলের পক্ষে সংবিধান রচনার কাজে সরাসরি অংশগ্রহণ করা সম্ভব নয় । তাই দেশবাসীর প্রতিনিধি হিসেবে কয়েকজনকে নিয়ে একটি সংস্থ্যা গঠিত হয় । এই সংস্থাই দেশ ও দেশবাসির জন্য একটি স্যবিদান প্রণয়ন করে । দেশের জনগণের হয়ে যাঁরা সংবিধান রচনা করে , সম্মিলিতবাবে তাঁদের বলা হয় গনপরিষদ । ভারতেও গঠিত হয়েছিল গনপরিষদ এবং সেই গণপরিষদ রচনা করেছিল ভারতীয় সংবিধান ।

1946 সালে ভারতে আগত ক্যাবিনেট মিশন প্ল্যানের ভিত্তিতে গঠিত হয়েছিল ভারতের গনপরিষদ । ক্যাবিনেট মিশন চারটি মূল নিতির উপর ভিত্তি করে গনপরিষদ গঠনের কথা বলে , নীতিগুলি হল --

- (a) প্রত্যেক প্রদেশ ও দেশীয় রাজ্য তাদের জনসংখ্যার অনুপাতে [ প্রতি দশ লক্ষ জনতার জন্য একজন ] গণপরিষদে আসন পাবে । ঠিক হয় প্রদেশগুলির আসন সংখ্যা হবে 292 এবং দেশীয় রাজ্যগুলির আসনসংখ্যা হবে সর্বাধিক 93
- (b) প্রত্যেক প্রদেশের আসন সংখ্যা সাধারণ , মুসলিম ও শিখ এই তিন সম্প্রদায়ের মধ্যে জনসংখ্যার আনুপাতিক হারে বিভক্ত হবে ।
- (c) প্রত্যেক সম্প্রদায়ের সদস্যগণ একহস্তান্তরযোগ্য সমানুপাতিক ভোটাধিকারের ভিত্তিতে প্রাদেশিক আইনসভাগুলি থেকে নিজ নিজ প্রতিনিধিদের নির্বাচিত করবে ।
- (d) প্রিন্সলি স্টেটগুলি থেকে প্রতিনিধি মনোনয়নের পদ্ধতি আলাপ আমলোচনার মাধ্যমে স্থির হবে ।

ক্যাবিনেট মিশন প্ল্যান অনুসারে 1946 সালের জুলাই মাসে গণপরিষদের নির্বাচন অনুষ্ঠিত হয় । প্রদেশগুলি থেকে নির্বাচিত 292 জন নির্বাচিত প্রতিনিধি এবং প্রিন্সলি স্টেটগুলি থেকে মনোনীত 93 জন প্রতিনিধি নিয়ে গঠিত হয় ভারতের গণপরিষদ । 1946 সালের 9 ই ডিসেম্বর দিল্লির 'কনস্টিটিউশন হল ' এ অনুষ্ঠিত হয় গণপরিষদের প্রথম সভা

## গণ পরিষদ ও সংবিধান রচনার ইতিহাস

[ Constituent Assembly and the History of Making Constitution of India ]

| | |
|---|---|
| | |
| সংবিধান রচনার জন্য গণপরিষদ গঠনের দাবী প্রথম তোলে স্বরাজ দল | 1935 সালে |
| | |
| * ক্যাবিনেট মিশন পরিকল্পনার অধীনে গঠিত হয় গণপরিষদ ।<br>গণপরিষদ গঠনে অংশগ্রহণ করে নি কমিউনিস্ট পার্টি অফ ইন্ডিয়া ।<br>গণপরিষদের সদস্যরা ছিলেন প্রাদেশিক আইনসভা দ্বারা নির্বাচিত। | 1946 সালে |
| প্রথমে মুসলিম লীগ গণপরিষদ গঠনে অংশগ্রহণ করেছিল । গণপরিষদের প্রাথমিক সদস্য সংখ্যা ছিল 389 । পরে , মুসলিম লীগের প্রতিনিধিরা গণপরিষদের সদস্যপদ ত্যাগ করার পর গণপরিষদের সদস্য সংখ্যা হয় 299 । | |
| * 9 ই ডিসেম্বর , অনুষ্ঠিত হয় গণপরিষদের প্রথম সভা ।<br>ঐ সভায় গণপরিষদের প্রবীণতম সদস্য রূপে গণপরিষদের কার্যনির্বাহী সভাপতির পদ অলঙ্কৃত করেন ডঃ সচ্চিদানন্দ সিনহা । | 1946 সালে |
| | |
| 11 ই ডিসেম্বর অনুষ্ঠিত হয় গণপরিষদের দ্বিতীয় সভা ।<br>* ঐ সভায় গণপরিষদের স্থায়ী চেয়ারম্যান রূপে নির্বাচিত হন ডক্টর রাজেন্দ্রপ্রসাদ। | 1946 সালে |
| | |
| * ভারতীয় সংবিধান রচনার জন্য গণপরিষদে গঠিত হয় মোট 13 টি কমিটি । | |
| | |
| খসড়া কমিটির চেয়ারম্যান ছিলেন ডক্টর বি আর আমবেদকর । তাঁকে ভারতীয় সংবিধানের স্থপতি বলে মনে করা হয় । খসড়া কমিটিতে চেয়ারম্যানসহ মোট সাত জন সদস্য ছিলেন । | |
| | |
| গণপরিষদের সাংবিধানিক উপদেষ্টা ছিলেন বি. এন. রাউ. । | |
| | |
| গণপরিষদে সব সিদ্ধান্ত গৃহীত হত সর্বসম্মতিক্রমে । | |
| | |

| | |
|---|---|
| 22 শে জানুয়ারি গণপরিষদের সম্মুখে উদ্দেশ্যমূলক প্রস্তাবটি উত্থাপন করেন জওহরলাল নেহেরু | 1947 সালে |
| | |
| ** 26 শে নভেম্বর গৃহীত হয় ভারতীয় সংবিধান<br>ভারতীয় সংবিধান গৃহীত হওয়ার সঙ্গে সঙ্গে যে যে বিষয়গুলো কার্যকর হয় তাদের মধ্যে অন্যতম নাগরিকতা সংক্রান্ত বিষয় , নির্বাচন ও কার্যনির্বাহী সংসদ । | 1949 সালে |
| | |
| ***26 শে জানুয়ারি কার্যকরী হয় ভারতীয় সংবিধান | 1950 সালে |
| | |

- গণপরিষদের সদস্যগণ প্রাদেশিক আইনসভার সদস্যদের দ্বারা নির্বাচিত হয়েছিলেন এবং আইনসভার সদস্যরা নির্বাচিত হয়েছিলেন সাধারণ জনতাদের নিয়ে গঠিত নির্বাচক মন্ডলী দ্বারা । তৎকালীন ভারতে মাত্র 14% ভারতবাসীর ভোটাধিকার ছিল ।

- ব্যক্তিবিশেষরূপে ভারতীয়দের দ্বারা ভারতীয় সংবিধান রচনার দাবী জনসমক্ষে প্রথম উত্থাপন করেন মানবেন্দ্রনাথ রায় , ভারতে কমিউনিস্ট মুভমেন্টের জনক
- গণপরিষদ ভারতের জাতীয় পতাকাকে গ্রহণ ও অনুমোদন করে 22শে জুলাই, 1947 ( পতাকিটির নকশা তৈরী করেছিলেন পিঙ্গলি ভেঙ্কাইয়া নামক অন্ধ্রপ্রদেশের এক বাসিন্দা )

*‘ 26শে জানুয়ারি ’ তারিখটিকে ভারতের প্রজাতন্ত্র দিবস হিসাবে নির্বাচনের কারণ

1929 সালে , লাহোরে , জওহরলাল নেহেরুর সভাপতিত্বে , কংগ্রেসের বার্ষিক অধিবেশনে , ভারতের স্বাধীনতা সংগ্রামের লক্ষ্য রূপে ‘স্বায়ত্ত্বশাসন ’ এর পরিবর্তে পূর্ণ স্বরাজের দাবী গৃহীত হয় । লাহোর কংগ্রেসে এই সিদ্ধান্ত গৃহীত হয় যে , ইংরেজ সরকার স্বাধীনতা দিক বা না দিক , পরের বছর থেকে প্রত্যেক বছর ‘ 26শে জানুয়ারি ’ দিনটিকে , কংগ্রেসের নেতৃত্বে সারা ভারত জুড়ে স্বাধীনতা দিবস রূপে পালন করা হবে । 1930 - 1947 সাল - এই দীর্ঘ সময় , প্রত্যেক বছর , 26শে জানুয়ারি দিনটিকে ভারতের স্বাধীনতা দিবস রূপে পালন করেছে ভারতীয় জাতীয় কংগ্রেস । 26শে জানুয়ারির এই ঐতিহাসিক গুরুত্বের কথা বিবেচনা করে , 1950 সালের , ঐ দিনটিতেই ভারতীয় সংবিধান কার্যকর করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

অনুশীলনী -1(a).

[উপজীব্য ঃ গণপরিষদ ও সংবিধান রচনার ইতিহাস ]

(1 ) ভারতীয় সংবিধান চালু হওয়ার সঠিক সাল ও তারিখটি হল

(a). 15 আগষ্ট , 1947 (b) 24 জুলাই , 1948 (c) 20 জানুয়ারি , 1951 (d). 26 জানুয়ারি , 1950 [ ডব্লু. বি. সি. এস. ( প্রিলিম ) '10 ]

(2 ) 1946 সালে গণপরিষদের প্রথম সভায় সভাপতিত্ব করেছিলেন

(a). জওহরলাল নেহেরু (b) ডঃ রাজেন্দ্রপ্রসাদ (c) ডঃ বি আর আম্বেদকর (d). ডঃ সচ্চিদানন্দ সিনহা [ পি. এস. সি. মিসেলিনিয়াস (প্রিলিম) '03 ]

(3 ) কাকে ভারতীয় সংবিধানের স্থপতি বলে মনে করা হয় ?

(a). জওহরলাল নেহেরু (b) বি আর আম্বেদকার (c) রাজেন্দ্রপ্রসাদ (d). বি এন রাউ

[ পি এস সি ক্লার্কশিপ (প্রিলিম) '95 ]

(4 ) ভারতীয় সংবিধান রচনার উদ্দেশ্যে গঠিত গণপরিষদের প্রাথমিক সদস্য সংখ্যা কত ছিল ?

(a). 300 (b) 305 (c) 308 (d). 389 [ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) , '07 ]

(5 ) গণপরিষদের সদস্যরা ছিলেন

(a). প্রত্যক্ষভাবে ভারতবর্ষের জনগণ দ্বারা নির্বাচিত (b) প্রাদেশিক আইনসভার সদস্যগণ দ্বারা নির্বাচিত

(c) সরকার কতৃক মনোনীত (d). একমাত্র সামন্ত রাজ্যগুলির প্রতিনিধি
[ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) , '99 , '07 ]

(6 ) ভারতীয় সংবিধান গৃহীত হয়
(a).1950 সালের 26 শে জানুয়ারি (b)1949 সালের 26 শে জানুয়ারী (c) 1949 সালের 26 শে নভেম্বর (d). 1949 সালের 31 শে ডিসেম্বর [ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) , '06 ]

(7 ) কত সালে ভারতবর্ষ প্রজাতান্ত্রিক রাষ্ট্ররূপে আত্মপ্রকাশ করে ?
(a). 1949 (b) 1950 (c) 1951 (d). 1952 [ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) , '99 ]

(8 ) কবে অনুষ্ঠিত হয়েছিল গণপরিষদের প্রথম সভা
(a).9 ডিসেম্বর ,1947 (b)9 ডিসেম্বর ,1948 (c) 9 ডিসেম্বর ,1946 (d). 9 ডিসেম্বর, 1949
[ পি. এস. সি. মিসেলিনিয়াস (প্রিলিম) '99 , '97 ]

(9 ) ভারতের সংবিধান রচনা করেছে
(a). ব্রিটিশ পার্লামেন্ট (b) ভারতের গণপরিষদ (c) তৎকালীন প্রদেশগুলোর প্রাদেশিক আইনসভার সদস্যগণ (d). ভারতের জনগণ [ পি. এস. সি. মিসেলিনিয়াস (প্রিলিম) '98 ]

(10 ) নিম্নলিখিত সময়কালগুলির মধ্যে কোন্ সময় ভারতীয় সংবিধান রচনার উদ্দেশ্যে গঠিত গণপরিষদ বিতর্কের মাধ্যমে ভারতীয় সংবিধান চূড়ান্ত করে ?
(a). নভেম্বর 1946 - নভেম্বর 1949 (b) নভেম্বর 1947 - নভেম্বর 1949 (c) ডিসেম্বর 1946 - নভেম্বর 1949 (d). ডিসেম্বর 1947 - নভেম্বর 1949
[ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) , '99]

(11 ) ভারতীয় সংবিধানের গণপরিষদ দ্বারা গঠিত খসড়া রচনা কমিটির প্রধান কে ছিলেন ?
(a). জওহরলাল নেহেরু (b) ডঃ রাজেন্দ্র প্রসাদ (c) ডঃ বি.আর.আম্বেদকার (d).উপরের কোনটিই নয়
[ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '99 , পি.এস.সি. ক্লার্কশিপ (প্রিলিম) '00 ]

(12 ) গণ-পরিষদের সভাপতি কে ছিলেন ?
(a). জওহরলাল নেহেরু (b) বল্লভভাই প্যাটেল (c) মৌলানা আবুল কালাম আজাদ (d). রাজেন্দ্রপ্রসাদ [ পি. এস. সি. মিসেলিনিয়াস (প্রিলিম)'01, '99 , ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '99 ]

(13 ) নিম্নলিখিত কোন্‌টির অধীনে গঠিত হয়েছিল গণপরিষদ ?
(a). মাউন্টব্যাটেন প্ল্যান (b) ক্যাবিনেট মিশন প্ল্যান (c) ভারতীয় স্বাধীনতা আইন , 1947 (d).

ওয়েভেল প্ল্যান [পি. এস. সি. মিসেলিনিয়াস (প্রিলিম)'98,'99 ]

(14 ) ভারতের সংবিধান কোন্ তারিখে ঘোষণা করা হয় ?
(a). 26 শে জানুয়ারী , 1952 (b) 26 শে জানুয়ারী , 1953 (c) 26 জানুয়ারী , 1951 (d). 26 শে জানুয়ারী , 1950 [ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '98 ]

(15 ) ভারতীয় শাসনতন্ত্র নিম্নলিখিত দিন থেকে কার্যকরী হয় :
(a). 9 ডিসেম্বর ,1946 (b) 26 জানুয়ারী ,1949 (c) 26 জানুয়ারী ,1950 (d).26 নভেম্বর , 1951
[ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '99 , '08 ]

উত্তরমালা -1(a).

1.(d). , 2. (d) , 3.(b). , 4. (d) , 5. (b), 6. (c) , 7. (b) ,8. (c) , 9. (b) ,10. ( (c) 11. (c) , 12.(d) , 13. (b) , 14. (d). ,15. (c).

অনুশীলনী -1(b).

[উপজীব্য ঃ গণপরিষদ ও সংবিধান রচনার ইতিহাস ]

1.) গণ পরিষদের মোট কত জন সদস্য দেশীয় নৃপতিদের দ্বারা মনোনীত ছিলেন ?
.(a) 13 জন .(b) 83 জন .(c) 93 জন (d) 97 জন

2.) গণ পরিষদ গঠনের জন্য নির্বাচন কবে অনুষ্ঠিত হয় ?
.(a) মার্চ , 1946 .(b) এপ্রিল , 1946 .(c) নভেম্বর , 1946 (d) ডিসেম্বর , 1946

3.) কোন্ ব্যক্তি ভারতীয় সংবিধান রচনার জন্য গণপরিষদ গঠনের দাবী প্রথম উত্থাপন করেন ?
.(a) মহাত্মা গান্ধী.(b) মোতিলাল নেহেরু .(c) এম. এন. রায় (d) মৌলানা আবুল কালাম আজাদ

4.) ভারতের গণ পরিষদের কত সময় লেগেছিল ভারতীয় সংবিধান রচনার জন্য ?
.(a) প্রায় 2 বছর .(b) প্রায় 3 বছর .(c) প্রায় 4 বছর (d) প্রায় 5 বছর

5.) গণপরিষদের প্রাথমিক সদস্যপদের মধ্যে কতগুলি সংরক্ষিত ছিল মুসলিমদের জন্য ?

.(a) 78 .(b) 88 .(c) 56 (d) 98

6.) গণ পরিষদের প্রথম অধিবেশন অনুষ্ঠিত হয়েছিল কোন্ শহরে ?

(a) বোম্বাই (b) কলকাতা (c) লাহোর (d) নতুন দিল্লি

7.) ব্রিটেন থেকে আগত ক্যাবিনেট মিশনের প্রধান ছিলেন

.(a) লর্ড প্যাথিক লরেন্স .(b) লর্ড চেমসফোর্ড .(c) স্যার স্ট্যাফোর্ড ক্রিপস্ (d) স্যার জন সাইমন

8.) নিম্নলিখিত ব্যক্তিদের নধ্যে কে গণ পরিষদের সদস্য ছিলেন না ?

.(a) মহাত্মা গান্ধী .(b) বল্লভ ভাই প্যাটেল .(c) কে. এম. মুন্সী (d) জে. বি. কৃপালিনী

9.) গণপরিষদগুলি সম্পর্কে নিম্নলিখিত তথ্যগুলির মধ্যে কোনটি সঠিক নয় ?

.(a) গণ পরিষদের প্রথম কার্যনির্বাহী চেয়ারম্যান ছিলেন সচ্চিদানন্দ সিন্‌হা .(b) গণ পরিষদের সকল সিদ্ধান্ত গৃহীত হত সর্বসম্মতিক্রমে .(c) সার্বিক প্রাপ্তবয়স্কদের ভোটাধিকারের ভিত্তিতে গণ পরিষদ গঠিত হয়েছিল (d) ভারতীয় সংবিধান রচনার জন্য গণ পরিষদে মোট 13 টি কমিটি গঠিত হয়েছিল

(10 ) মুসলিম লীগের সদস্যগণ সদস্যপদ প্রত্যাহার করে নেওয়ার পর গণপরিষদের সদস্যসংখ্যা কত হয়েছিল ?

(a) 299 (b) 329 (c) 331 (d). 359

(11 ) চেয়ারম্যানসহ ড্রাফটিং কমিটিতে মোট কতজন সদস্য ছিলেন ?

(a). সাতজন (খ) (b) পাঁচজন (গ) (c) ন'জন (ঘ) (d). তিনজন

(12 ) কোন্ সংগঠন সর্বপ্রথম ভারতবর্ষের সংবিধান রচনার উদ্দেশ্যে একটি গণপরিষদ গঠনের দাবী জানায় ?

(a). ভারতীয় জাতীয় কংগ্রেস (খ) (b) হিন্দু মহাসভা (c) স্বরাজ পার্টি (d). কমিউনিস্ট পার্টি অফ ইন্ডিয়া

(13 ) কি পদ্ধতিতে গণপরিষদে সিদ্ধান্ত গ্রহণ করা হত ?

(a). সাধারণ সংখ্যাগরিষ্ঠতার মাধ্যমে (b) দুই তৃতীয়াংশ সংখ্যাগরিষ্ঠতার মাধ্যমে (c) সর্বসম্মতিক্রমে (d). উপরোক্ত সব ক'টি পদ্ধতির মাধ্যমে

(14 ) নিম্নলিখিত রাজনৈতিক দলগুলোর মধ্যে কোন্‌টি গণ পরিষদ গঠনে অংশগ্রহণ করে নি ?

(a). মুসলিম লীগ (b) ভারতীয় জাতীয় কংগ্রেস (c) কমিউনিস্ট পার্টি অফ ইন্ডিয়া (d). ভারতীয় জনতা পার্টি

(15 ) কে গণপরিষদের সাংবিধানিক উপদেষ্টা ছিলেন ?

(a). বি. আর. আম্বেদকার (b) ডক্টর রাজেন্দ্রপ্রসাদ (c) বি. এন. রাউ (d). ডঃ রাজেন্দ্রপ্রসাদ

(16 ) কে গণপরিষদে উদ্দেশ্যমূলক প্রস্তাবটি উত্থাপন করেন ?

(a). ডঃ এস. রাধাকৃষ্ণন (b) ডঃ রাজেন্দ্রপ্রসাদ (c) মতিলালা নেহেরু (d). জওহরলাল নেহেরু

(17 ) ভারতবর্ষের সংবিধান

(a). পৃথিবীর বৃহত্তম সংবিধান (b) পৃথিবীর বৃহত্তম অলিখিত সংবিধান (c) পৃথিবীর বৃহত্তম লিখিত সংবিধান (d). পৃথিবীর দ্বিতীয় বৃহত্তম লিখিত সংবিধান

(18 ) নীচের কোন্‌টির ফলশ্রুতি হিসেবে গঠিত হয়েছিল গণপরিষদ ?

(a). ক্যাবিনেট মিশন পরিকল্পনা , 1946 (b) ভারতীয় স্বাধীনতা আইন , 1947 (c) ভারত শাসন আইন , 1935 (d). উপরের কোনটিই সঠিক নয়

(19 ) কে গণপরিষদের প্রবীণতম সদস্য ছিলেন ?

(a). মহাত্মা গান্ধী (b) বি. এন. রাউ (c) ডঃ সচচিদানন্দ সিনহা (d). ডঃ রাজেন্দ্রপ্রসাদ

(20 ) কত সালে ভারতীয় সংবিধানের খসড়া প্রকাশিত হয়েছিল ?

(a). 1946 (b) 1947 (c) 1948 (d). 1950

(21 ) জওহরলাল নেহেরু গণপরিষদে উদ্দেশ্যমূলক প্রস্তাবটি উত্থাপন করেছিলেন

(a). 1947 সালের 22 শে জানুয়ারী (b) 1947 সালের 15 ই আগষ্ট (c)1949 সালের 26 শে জানুয়ারী (d). 1949 সালের 26 শে নভেম্বর

(22 ) 1949 সালের 26শে নভেম্বর ,ভারতবর্ষের সংবিধান গৃহীত হওয়ার সময় থেকেই নিম্নলিখিত বিষয়গুলোর মধ্যে কোন্‌টি কার্যকরী হয় ?

(a). নাগরিকতা সংক্রান্ত বিধিব্যবস্থা (b) নির্বাচন (c) কার্যনির্বাহ সংসদ (d). উপরোক্ত সবক'টি

(23 ) গণপরিষদের প্রথম সভায় ডক্টর সচচিদানন্দ সিনহার নাম গণপরিষদের কার্যনির্বাহী সভাপতি রূপে ঘোষিত হয়েছিল , কারণ তিনি ছিলেন

(a). মহাত্মা গান্ধীর সমর্থিত (b) কংগ্রেসের সমর্থিত (c) কংগ্রেস এবং মুসলিম লীগের সমর্থিত (d). গণপরিষদের প্রবীণতম সদস্য

(24 ) ভারতবর্ষের সংবিধান গৃহীত হয়েছিল নিম্নোক্ত কোন্‌টির মাধ্যমে ?

(a). গণপরিষদ (b) সংসদ (c) রাষ্ট্রপতি (d). লোকসভা

(25 ) কোন্ সালে গণপরিষদ গঠনের দাবী প্রথম উত্থাপিত হয়েছিল ?

(a). 1935 (b) 1938 (c) 1943 (d). 1944

(26 ) গণপরিষদের প্রথম কার্যনির্বাহী সভাপতি কে ছিলেন ?

(a). ডক্টর সচ্চিদানন্দ সিনহা (b) রাজেন্দ্রপ্রসাদ (c) বি. আর. আম্বেদকার (d). জওহরলাল নেহেরু

(27 ) 1946 সালের 11 ই ডিসেম্বর , কে গণপরিষদের স্থায়ী সভাপতি রূপে নিবার্চিত হন ?

(a). জওহরলাল নেহেরু (b) বি. আর. আম্বেদকার (c) বি. এন. রাউ (d). রাজেন্দ্রপ্রসাদ

(28 ) ভারতবর্ষের সংবিধান রচনার জন্য গণপরিষদ মোট কতগুলি কমিটি গঠন করেছিল ?

(a). 13 (b) 9 (c) 17 (d). 7

উত্তরমালা -1(b).

1.(c). , 2. (a) , 3.(c). , 4. (b) , 5. (a), 6. (d) , 7. (a) ,8. (a) ,9. (c) ,10.(a). 11. (a) ,12.(c). ,13. (c) ,14.(c) , 15. (c) ,16.(d) , 17.(c). ,18. (a) ,19.(c). ,20.(c) , 21. (a) ,22.(d) , 23.(d. ) ,24.(a) ,25.(a). ,26.(a) , 27.(d) , 28.(a)

Join

# গণপরিষদে প্রতিনিধিত্বের বিভাজন

ক্যাবিনেট মিশনের প্রস্তাব অনুসারে গণপরিষদের মোট সদস্য সংখ্যা স্থির হয় 389 জন । এর মধ্যে 11 টি ব্রিটিশ-শাসিত প্রদেশ থেকে আসবেন 292 জন সদস্য । এর মধ্যে 78 টি মুসলিমদের জন্য , 4 টি শিখদের জন্য এবং সাধারণের জন্য 210 টি আসন নির্ধারিত হয় । । এ ছাড়া স্থির হয় 4 জন সদস্য আসবেন চীফ্ কমিশনার-শাসিত প্রদেশগুলি ( দিল্লি , আজমীর-মারওয়া , কুর্গ ও বটিটিশ বালুচিস্তান ) থেকে । এঁদের দ্যতিরিকে আরও 93 জন সদস্য আসবেন দেশীয় রাজ্যগুলি থেকে ।

গণপরিষদে ব্রিটিশ ভারতের প্রদেশগুলির আসন নিম্নলিখিতভাবে নির্ধারিত হয়

| | প্রদেশের নাম | সাধারণ আসনের সংখ্যা | মুসলিমদের জন্য সংরক্ষিত আসন | শিখদের জন্য সংরক্ষিত আসন | মোট আসন |
|---|---|---|---|---|---|
| | মাদ্রাজ | 45 | 4 | - | 49 |
| | বোম্বাই | 19 | 2 | - | 21 |
| | উত্তর প্রদেশ | 47 | 8 | - | 55 |
| | বিহার | 31 | 5 | - | 36 |
| | কেন্দ্রীয় প্রদেশ সমূহ | 16 | 1 | - | 17 |
| | ওড়িশা | 9 | 0 | - | 9 |
| | পঞ্জাব | 8 | 16 | 4 | 28 |
| | উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশ | 0 | 3 | 0 | 3 |
| | সিন্ধ | 1 | 3 | 0 | 4 |
| | বাংলা | 27 | 33 | - | 60 |
| | অসম | 7 | 3 | - | 10 |
| | | 210 | 78 | 4 | 292 |

গণপরিষদের সদস্যদের দলগত অবস্থান [292 টি প্রাদেশিক আসনে ]

| দলের নাম | আসন সংখ্যা | দলের নাম | আসন সংখ্যা |
|---|---|---|---|
| কংগ্রেস | 208 | কৃষক প্রজা | 1 |
| মুসলিম লীগ | 73 | তফশিলী জাতি ফেডারেশন | 1 |
| ইউনিওনিস্ট | 1 | শিখ ( অকংগ্রেসী ) | 1 |
| ইউনিওনিস্ট মুসলিম | 1 | কমিউনিস্ট | 1 |
| ইউনিওনিস্ট তফশিলী জাতি | 1 | নির্দল | 8 |

## গণপরিষদের কয়েকজন বিশিষ্ট সদস্যের নাম :

নির্দল সর্দার বল্লভভাই প্যাটেল , জওহরলাল নেহেরু , ডঃ বি আর আম্বেদকর , মৌলানা আবুল কালাম আজাদ , এইচ এন কুঞ্জরু , তেজ বাহাদুর সাপ্রু , সি রাজাগোপালাচারি , কে শান্থানাম , কে এম মুন্সি , আল্লাদী কৃষ্ণস্বামী আইয়ার এবং অন্যান্যরা ।

## গণপরিষদ ও ভারতীয় সংবিধান রচনা সংক্রান্ত কিছু বিশেষ তথ্য

- সংবিধান রচনা করতে সময় লেগেছে মোট 2 বছর 11 মাস এবং 17 দিন অর্থাৎ প্রায় 3 বছর
- সংবিধান রচনার জন্য মোট খরচ হয়েছে 64 লক্ষ ভারতীঢ মুদ্রা ।
- সংবিধান রচনার সময় গণপরিষদের মোট 11 টি অধিবেশন অনুষ্ঠিত হয়েছিল । সবক'টি অধিবেশনের কার্যশীল দিনগুলির যোগফল = 165 দিন ।
- 1946 সালের 9ডিসেম্বর , দিল্লির কনস্টিটিউশন হলে , গণপরিষদের প্রথম সভায় , উপস্থিত ছিলেন 207 জন সদস্য ।
- গণ পরিষদের দ্বিতীয় অধিবেশনে , গণপরিষদের সহ-সভাপতি রূপে নির্বাচিত করা হয় হরেন্দ্র কুমার মুখোপাধ্যায়কে ।
- 1947 সালের 29 আগষ্ট গঠিত হয় সাত সদস্য বিশিষ্ট খসড়া কমিটি যার সদস্যরা ছিলেন বি. আর. আম্বেদকার ( চেয়ারম্যান ) , আল্লাদী কৃষ্ণস্বামী আইয়ার , , এন গোপালস্বামী আয়েঙ্গার , কে. এম. মুন্সী , সৈয়দ মহম্মদ শাহদুল্লা , বি. এল. মিত্র এবং ডি. পি. খৈতান । পরবর্তীকালে , বি. এল. মিত্রের সদস্যপদ বাতিল হওয়ার পর সেই পদে নির্বাচিত হন এন. মাধব রাউ এবং ডি. পি. খৈতানের মৃত্যুর পর তাঁর স্থলে নির্বাচিত হন টি. টি. কৃষ্ণস্বামী

## গণপরিষদে গঠিত কয়েকটি বিশেষ কমিটি

1. সভার কার্যবিবরণী সম্পর্কিত কমিটি , 2. কার্যনির্বাহক কমিটি , 3. কেন্দ্রীয় ক্ষমতা সম্পর্কিত কমিটি , 4. মৌলিক অধিকার সংক্রান্ত পরামর্শদাতা কমিটি , 5. সংখ্যালঘু সম্পর্কিত উপদেষ্টা কমিটি , 6. কেন্দ্রীয়

শাসনতন্ত্র সম্পর্কিত কমিটি , 7. প্রাদেশিক শাসনতন্ত্র সম্পর্কিত কমিটি [ চেয়ারম্যান : পন্ডিত নেহেরু ] , 8. সংবিধান প্রণয়ন সংক্রান্ত বিশেষ কমিটি [ চেয়ারম্যান : পন্ডিত নেহেরু ] , 9. খসড়া কমিটি [ চেয়ারম্যান : পন্ডিত নেহেরু

.....................................................................................................................................................

# অধ্যায় ঃ 2

## ভারতীয় সংবিধানের উৎসরূপে বিদেশী সংবিধান ও ব্রিটিশ আইন

[ Sources of Indiasn Constitution : Foreign Constitutions and British Acts ]

পৃথিবীর বহুদেশের সংবিধান থেকেই ভারতের সংবিধান রচয়িতারা উপাদান সংগ্রহ করেছেন । কিন্তু এ ক্ষেত্রে কয়েকটি দেশের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য । ভারতীয় সংবিধানের কোনও কোনও বিষয়ের উপর মার্কিন সংবিধানের প্রভাব খুব বেশী । আবার নির্দিষ্ট কতগুলি ক্ষেত্রে ভারতের সংবিধান পূর্বতন সোভিয়েত ইউনিয়ন ও আয়ার্লান্ডের শাসনব্যবস্থাকে অনুসরণ করেছে । তবে গ্রেট ব্রিটেনের শাসনব্যবস্থা এবং ব্রিটিশ পার্লামেন্ট কর্তৃক প্রণীত বিভিন্ন ভারত শাসন আইন , বিশেষত ভারত শাসন আইন , 1935 [ Government of India Act , 1935 ]হল স্বাধীন ভারতের নতুন সংবিধানের প্রধান উৎস ।

| ভারতীয় সংবিধানের বিভিন্ন বিষয় | উক্ত বিষয়টি যে দেশের সংবিধান অনুসারে পরিকল্পিত সেই দেশের নাম |
|---|---|
| | |
| (a) সংসদীয় শাসন ব্যবস্থা [ Parliamentary System Of Governance ] | ব্রিটেন |
| (b) আইনের শাসন[ Rule of Law ] | |
| (c) আইন প্রণয়ন পদ্ধতি[ Law making Process } | |
| * (d) একক নাগিকত্বের ধারণা [ Single Citizenship ] | |
| (e)পাবলিক অ্যাকাউন্টস্ কমিটি | |

| | |
|---|---|
| | |
| **(f) সংবিধান সংশোধনের পদ্ধতি [ Amendment ] | দ: আফ্রিকা |
| | |
| *(g)জরুরি অবস্থা [ Emergency Provisions ] | জার্মানি |
| | |
| *(h)শক্তিশালী কেন্দ্র সহযোগে যুক্তরাষ্ট্রীয় ব্যবসথা | কানাডা |
| (i)কেন্দ্র-রাজ্য ক্ষমতার বিভাজন এবং অবশিষ্ট ক্ষমতা কেন্দ্রের হাতে অর্পণ | |
| | |
| (j) লোকপাল | সুইডেন |
| | |
| *(k) মৌলিক দায়িত্ব[ Fundamental Duties ] | সোভিয়েত রাশিয়া |
| | |
| (l) যুগ্ম তালিকা [ Concurrent List ] | অস্ট্রেলিয়া |
| | |
| **(m) রাষ্ট্রের নির্দেশাত্মক নীতি [ D.P.S.P.] [আয়ার্ল্যান্ডের সংবিধান এই ধারণা গ্রহণ করেছিল স্পেনের সংবিধান থেকে] | আয়ার্ল্যান্ড |
| (n) রাষ্ট্রপতি নির্বাচনের পদ্ধতি | |
| (o) সংসদের উচ্চকক্ষে একটি নিদিশ্বষ্ট সংখ্যক আসনে রাষ্ট্রপতি কর্তৃক সাংসদ মনোনয়ন | |
| | |
| (p) প্রস্তাবনা [ Preamble ] | মার্কিন যুক্তরাষ্ট্র |
| **(q) মৌলিক অধিকার [ Fundamental Rights ] | |
| (r) বিচারব্যবস্থার স্বাধীনতা [ Independence of Judiciary ] | |
| (s) বিচারবিভাগীয় পুনর্বিবেচনা [ Judicial Review ] | |
| ( t) সুপ্রিম কোর্ট ও হাই কোর্টের বিচারপতিদের অপসারণের পদ্ধতি | |
| | |
| (u) রাজ্যপাল | ভারত শাসন আইন , 1935 |
| (v) যুক্তরাষ্ট্রীয় বিচারব্যবস্থার ক্ষমতা | |
| (w) যুক্তরাষ্ট্রীয় কাঠামো | |
| | |
| (x) সুপ্রিম কোর্টের কার্য প্রণালী | জাপান |

ভারতীয় সংবিধানের নিম্নলিখিত বিষয়গুলিও গ্রহণ করা হয়েছে ইংল্যান্ড বা গ্রেট ব্রিটেনের সংবিদান থেকে -

- মন্ত্রীদের ক্যাবিনেট ব্যবস্থা
- প্রধানমন্ত্রীর পদ সংক্রান্ত বিষয়াবলী ,
- দ্বিকাক্ষিক সংসদের কাঠামো ,
- সংসদের নিম্নকক্ষের হাতে অতিরিক্ত ক্ষমতা প্রদান ,
- লোকসভার স্পিকার পদ সংক্রান্ত বিষয়াবলী ,
- কেন্দ্রীয় মন্ত্রীপরিষদের নিম্নকক্ষের প্রতি

## অনুশীলনী -2.

[উপজীব্য ঃ ভারতীয় সংবিধানের উৎস ]

(1 ) ভারতীয় সংবিধানে বর্ণিত একক নাগরিকত্বের ধারণা কোন্ দেশের সংবিধান থেকে নেওয়া হয়েছে ?

(a) ইউ. কে. (b) ইউ. এস. এ. (c) দঃ আফ্রিকা (d) আয়ার্ল্যান্ড

(2 ) ভারতীয় সংবিধানে বর্ণিত জরুরি অবস্থার ধারণা কোন্ দেশের সংবিধান থেকে গৃহীত হয়েছে ?

(a) জার্মানি (b) সুইডেন (c) দঃ আফ্রিকা (d) গ্রেট ব্রিটেন

(3 ) নিম্নে উল্লিখিত দেশগুলির মধ্যে কোন্ দেশের সংবিধানে প্রচলিত আচার আচরন গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে ?

(a). আমেরিকার সংবিধান (b) ফরাসী সংবিধান (c) ভারতীয় সংবিধান (d). ব্রিটিশ সংবিধান

[ ডব্লু. বি. সি. এস. ( প্রিলিম ) '12 ]

(4 ) ভারতীয় সংবিধানের 368 নং ধারা কোন্ দেশের সংবিধান অনুসরণে পরিকল্পিত হয়েছে ?

(a) ইউ. কে. (b) ইউ. এস. এ. (c) দঃ আফ্রিকা (d) আয়ার্ল্যান্ড

(5 ) ভারতীয় সংবিধানে বর্ণিত লোকপাল এর ধারণা কোন্ দেশের সংবিধান থেকে নেওয়া হয়েছে ?

(a) সুইজারল্যান্ড (b) কানাডা (c) সুইডেন (d) জার্মানি

(6 ) কোন্ দেশের সংবিধান অনুসরণে ভারতীয় সংবিধানে গৃহীত হয়েছে প্রস্তাবনার ধারণা ?

(a) কানাডা (b) ইউ কে (c) সুইডেন (d) মার্কিন যুক্তরাষ্ট্র

(7 ) ইদানিং কালে ভারতের বিচার-সংক্রান্ত ক্ষেত্রে জনপ্রিয়তা লাভ করেছে ' জনস্বার্থ মামলা '

[ পাবলিক ইন্টারেস্ট লিটিগেশন ] ] র ধারণা । এই ধারণাটি কোন্ দেশ থেকে ভারতে এসেছে ?

(a) ইউ কে (b) ইউ এস এ (c) কানাডা (d) আয়ার্ল্যান্ড

(8 ) ভারতীয় সংবিধানে বর্ণিত ' বিচারবিভাগীয় পুনর্বিবেচনা ' [জুডিসিয়াল রিভিউ ] এর ধারণা গ্রহণ করা হয়েছে কোন্ দেশের সংবিধান থেকে ?

(a) ফ্রান্স (b) ইউ এস এ (c) ইউ কে (d) কানাডা

(9 ) শক্তিশালী কেন্দ্র সহযোগে যুক্তরাষ্ট্রীয় ব্যবসথার প্রশাসনিক কাঠামো - কোন্ দেশের সংবিধান থেকে নেওয়া হয়েছে ?

(a) কানাডা (b) ইউ কে (c) ইউ এস এস আর (d) ইউ এস এ

(10) মৌলিক অধিকার এর ধারণা কোন্ দেশের সংবিধান থেকে গৃহীত হয়েছে ?

(a) ইউ কে (b) ইউ এস এ (c) সোভিয়েত রাশিয়া (d) কানাডা

(11 ) ভারতীয় সংবিধানে বর্ণিত মৌলিক কর্তব্যের ধারণা কোন্ দেশের সংবিধান থেকে গৃহীত হয়েছে ?

(a) সোভিয়েত রাশিয়া (b) আইরিশ রিপাবলিক (c) জার্মানি (d) সুইডেন

(12 ) ভারতের সংবিধান সংশোধন পদ্ধতি গড়ে উঠেছে কোন্ দেশের সংবিধানকে অনুসরণ করে ?

(a) দঃ আফ্রিকা (b) কানাডা (c) সুইজারল্যান্ড (d) গ্রেট ব্রিটেন

(13 ) নিম্নলিখিত দেশগুলির মধ্যে কোন্‌টিতে কোনও লিখিত সংবিধান নেই ?

(a) মার্কিন যুক্তরাষ্ট্র (b) ভারতবর্ষ (c)ইংল্যান্ড (d) জার্মানি

(14 ) ভারতীয় সংবিধানে বর্ণিত পাবলিক অ্যাকাউন্টস্ কমিটির ধারণা কোন্ দেশের সংবিধান থেকে গৃহীত হয়েছে ?

(a) গ্রেট ব্রিটেন (b) ইউনাইটেড স্টেটস্ অফ আমেরিকা (c) কানাডা (d) সুইডেন

(15 ) ভারত ও ইংল্যান্ডের সংবিধান সংক্রান্ত প্রদত্ত তথ্যগুলির মধ্যে কোন্‌টি সঠিক নয় ?

(a). ভারতীয় সংবিধানে বর্ণিত পাবলিক অ্যাকাউন্টস্ কমিটির ধারণা গ্রহণ করা হয়েছে ইংল্যান্ডের সংবিধান থেকে(b) প্রধানমন্ত্রী পদটি ইংল্যান্ডে সংবিধান সৃষ্ট পদ নয় , কিন্তু ভারতে উক্ত পদটি সংবিধান সৃষ্ট (c) ভারত একটি প্রজাতান্ত্রিক রাষ্ট্র কিন্তু ইংল্যান্ড প্রজাতান্ত্রিক রাষ্ট্র নয় (d). ইংল্যান্ডের সংবিধান বিশ্বের দ্বিতীয় বৃহত্তম লিখিত সংবিধান এবং ভারতের সংবিধান বিশ্বের বৃহত্তম লিখিত সংবিধান

(16) নিম্নলিখিত দেশগুলির মধ্যে কোন্‌টিতে মৌলিক অধিকারগুলি সংবিধানে লিপিবদ্ধ নয় ?

(a) ইউ. কে. (b) ইউ. এস. এ. (c) দঃ আফ্রিকা (d) আয়ার্ল্যান্ড

(17) ভারতীয় শাসনতন্ত্র নিম্নলিখিত দেশের অনুকরণে পার্লামেন্টারী শাসনব্যবস্থা রূপায়ণ করেছে :
(a) ফ্রান্স (b) ব্রিটেন (c) কানাডা (d) সুইডেন
[ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '08 , পি. এস. সি. মিসেলিনিয়াস (প্রিলিম)'99]

(18 ) কোথা থেকে ভারতীয় সংবিধানের নির্দেশাত্মক নীতির ধারণাটি গ্রহণ করা হয়েছে ?
(a) আয়ার্ল্যান্ডের সংবিধান (b) ভারত শাসন আইন , 1935 (c) সোভিয়েত রাশিয়ার সংবিধান
(d) সুইজারল্যান্ড এর সংবিধান[ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '02 , পি.এস.সি. ফুড ইন্সপেক্টর '06]

(19 ) ভারতবর্ষর সংবিধান নিম্নোক্ত আইনকে মডেল করে গড়ে উঠেছে
(a) ভারত শাসন আইন , 1848 (b) ভারত শাসন আইন , 1919 (c) ইন্ডিয়ান কাউন্সিল অ্যাক্ট , 1909 (d) ভারত শাসন আইন , 1935
[ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '07 , পি. এস. সি. মিসেলিনিয়াস (প্রিলিম)'05 ]

উত্তরমালা -2

1.(a). , 2. (a) , 3.(d). , 4. (c) , 5. (b), 6. (d) , 7. (a) ,8. (b ) , 9. (a) ,10. ( (b)
11. (a) , 12.(a) , 13. (c) , 14. (a). , 15. (d). ,16. (a). , 17. (b). , 18. (a). ,
19. (d).

# অধ্যায় ঃ 3

## প্রস্তাবনা

[ Preamble]

ভারতীয় সংবিধানের প্রস্তাবনায় বলা হয়েছে ঃ

‘‘ আমরা ভারতের জনগণ , ভারতকে একটি সার্বভৌম ,সমাজতান্ত্রিক , ধর্মনিরপেক্ষ , গণতান্ত্রিক , সাধারণতন্ত্র হিসাবে গড়ে তুলতে সত্যনিষ্ঠার সঙ্গে শপথগ্রহণ করছি এবং তার সকল নাগরিকের জন্য
সামাজিক , অর্থনৈতিক ও রাজনৈতিক ন্যায়বিচার ;
চিন্তা , মতপ্রকাশ , বিশ্বাস , ধর্ম ও , উপাসনার স্বাধীনতা ;
মর্যাদা ও সুযোগ-সুবিধার সমতা সৃষ্টি
এবং তাদের সকলের মধ্যে
সৌভ্রাতৃত্বের ভাব গড়ে তুলে ব্যক্তির মর্যাদা এবং জাতীয় ঐক্য ও সংহতি সুনিশ্চিত করার জন্য আমাদের গণপরিষদে আজ 1949 সালের 26 শে নভেম্বর এই সংবিধান গ্রহণ ও বিধিবদ্ধ করছি এবং নিজেদের অর্পণ করছি । ’’

“ WE THE PEOPLE OF INDIA , have solemnly resolved to constitute India into a
SOVERGEIN SOCIALIST SECULAR DEMOCRATIC REPUBLIC
And to secure to all its citizens : JUSTICE social , economic and political ;
LIBERTY of thought , expression , belief , faith and worship ;
EQUALITY of status and of opportunity ; and to promote among them all
FATERNITY assuring the dignity of the individual and the unity and integrity of the Nation ;

IN OUR CONSTITUENT ASSEMBLY , this twenty-sixth day of November , 1949 , do
HEREBY ADOPT , ENACT AND GIVE TO OURSELVES THIS CONSTITUTION . ”

<u>প্রস্তাবনা সংক্রান্ত কয়েকটি গুরুত্বপূর্ণ তথ্য</u> ঃ

- *(a) বর্তমানে , ভারতীয় সংবিধানে প্রস্তাবনায় ভারতকে যেরূপ রাষ্ট্ররূপে বর্ণণা করা হয়েছে তা হল সার্বভৌম , সমাজতানত্রিক , ধর্মনিরপেক্ষ , গণতান্ত্রিক প্রজাতন্ত্র ।

- *(b) 1950 সালের 26 শে জানুয়ারী , যখন ভারতীয় সংবিধান কার্যকরী হয় , তখন সংবিধানের প্রস্তাবনায় ভারতকে যেরূপ রাষ্ট্ররূপে বর্ণণা করা হয়েছিল , তা হল সার্বভৌম , গণতান্ত্রিক প্রজাতন্ত্র ।

- *(c) ভারতীয় সংবিধানের প্রস্তাবনাটি খসড়া কমিটির সম্মুখে উত্থাপন করেন জওহরলাল নেহেরু ।

- (d). ভারতীয় সংবিধানের প্রস্তাবনায় উল্লিখিত স্বাধীনতা , সাম্য এবং ভ্রাতৃত্বের আদর্শ গৃহীত হয়েছে ফরাসী বিপ্লবের আদর্শ থেকে ।

- **(e). 1976 সালে , 42 তম সংবিধান সংশোধনীর মাধ্যমে সমাজতান্ত্রিক , ধর্মনিরপেক্ষ - এই কথাগুলো সংবিধানের প্রস্তাবনার অন্তর্ভুক্ত করা হয়েছে ।

- (f). আজ পর্যন্ত ভারতীয় সংবিধানের প্রস্তাবনাটি সংশোধন করা হয়েছে মাত্র একবার ।

- (g). ভারতীয় সংবিধানের প্রস্তাবনাটি যখন সংশোধিত হয় তখন ভারতবর্ষের প্রধানমন্ত্রী ছিলেন শ্রীমতী ইন্দিরা গান্ধী

- *(h). ভারতীয় সংবিধানের প্রস্তাবনাটিকে ভারতীয় সংবিধানের আত্মা বলে মনে করা হয় ।

- *(i). বেরুবাড়ি মামলায় সুপ্রিম কোর্ট রায় দেয় যে ভারতীয় সংবিধানের প্রস্তাবনা ভারতীয় সংবিধানের অংশ নয় । 1973 সালে , কেশবানন্দ ভারতী মামলায় তার পূর্বের রায় পরিবর্তন করে রায় দান করে যে সংবিধানের প্রস্তাবনা ভারতীয় সংবিধানের অংশ ।

- (j). ভারতীয় সংবিধানের প্রস্তাবনার ধারণা গ্রহণ করা হয়েছে মার্কিন যুক্তরাষ্ট্রের সংবিধান থেকে ।

- (k). ভারতীয় সংবিধানের প্রস্তাবনা নন-জাস্টিসেবেল ।

- (l). 19 47 সালের 22 শে জানুয়ারি , গণপরিষদের সম্মুখে যে উদ্দেশ্যমূলক প্রস্তাব [ Objective Resolurion ] টি উত্থাপন করেন জওহরলাল নেহেরু , তারই পরিবর্তিত ও পরিশীলিত রূপ ভারতীয় সংবিধানের প্রস্তাবনা

প্রস্তাবনায় ভারতবর্ষের রাষ্ট্র-পরিচিতি নির্ণায়ক বিশেষণগুলির ব্যাখ্যা ঃ

| রাষ্ট্রের প্রকৃতি | শর্ত |
|---|---|
| | |
| সার্বভৌম | রাষ্ট্র আভ্যন্তরীণ ও বাহ্যিক সমস্ত বিষয়ে চূড়ান্ত রূপে স্বাধীন এবং সম্পূর্ণ রূপে বৈদেশিক নিয়ন্ত্রণ মুক্ত । |
| ধর্মনিরপেক্ষ | রাষ্ট্র কোনও ধর্মের প্রতি পক্ষপাতিত্ব করবে না , ধর্মের ভিত্তিতে কোনও কর আরোপ করবে না ।<br><br>রাষ্ট্রের কোনও জাতীয় ধর্ম থাকবে না ।<br><br>রাষ্ট্রের সকল নাগরিকের প্রত্যেকে স্বাধীনভাবে আপন ধর্ম পালন ও তার প্রচার করতে হবে । |
| প্রজাতান্ত্রিক | রাষ্ট্রের শাসনতান্ত্রিক প্রধানের পদটি একটি নির্বাচিত পদ হবে এবং শাসনতান্ত্রিক প্রধানকে রাষ্ট্রের সকল সাবালক নাগরিক দ্বারা প্রত্যক্ষ বা পরোক্ষ ভাবে , নির্দিষ্ট টার্মের জন্য নির্বাচিত হতে হবে । |
| গণতান্ত্রিক | জাতি , ধর্ম , বর্ণ , লিঙ্গ নির্বিশেষে , রাষ্ট্রের সকল সাবালক নাগরিক দ্বারা প্রত্যক্ষ বা পরোক্ষ ভাবে নির্বাচিত সরকার রাষ্ট্রের শাসনব্যবস্থা পরিচালনা করবে । |
| সমাজতান্ত্রিক | রাষ্ট্রের অর্থনৈতিক ক্ষেত্রে কোনওরকম ব্যক্তিগত উদ্যোগ বা ব্যক্তি মালিকানা থাকবে না । রাষ্ট্রের অর্থনৈতিক ক্ষেত্র সম্পূর্ণ রূপে রাষ্ট্র নিয়ন্ত্রিত হবে । উৎপাদনের উৎসগুলি হবে রাষ্ট্রের মালিকানাধীন এবং উৎপন্ন দ্রব্যসামগ্রীর বন্টনব্যবস্থা পরিচালনা ও নিয়ন্ত্রণ করবে রাষ্ট্র । |

ভারতীয় সংবিধানে সংবিধানের প্রস্তাবনা ও তার তাৎপর্য

| আলোকিত বিষয় | ভারতীয় সংবিধানের প্রস্তাবনা |
|---|---|
| রাষ্ট্রব্যবস্থার প্রকৃতি | ‘‘ আমরা , ভারতের জনগণ , ভারতকে একটি সার্বভৌম , সমাজতান্ত্রিক , সমাজতান্ত্রিক , ধর্মনিরপেক্ষ , গণতান্ত্রিক , সাধারণতন্ত্র হিসাবে গড়ে তুলতে সত্যনিষ্ঠার সাথে শপথ গ্রহণ করছি এবং তার সকল নাগরিকের জন্য |
| রাষ্ট্রব্যবস্থার আদর্শ | সামাজিক , অর্থনৈতিক , ও রাজনৈতিক ন্যায় বিচার ; চিন্তা , মত প্রকাশ , বিশ্বাস , ধর্ম ও উপাসনার স্বাধীনতা ; মর্যাদা ও সুযোগ-সুবিধার সমতা সৃষ্টি এবং তাদের সকলের মধ্যে ব্যক্তির মর্যাদা এবং জাতীয় ঐক্য ও সংহতি সুনিশ্চিত করার জন্য যাতে সৌভ্রাতৃত্বের ভাব গড়ে ওঠে , তার জন্য |
| সংবিধানের উৎস ও সংবিধান গ্রহণের তারিখ | আমাদের গণপরিষদে আজ 1949 সালের 26 শে নভেম্বর এই সংবিধান গ্রহণ ও বিধিবদ্ধ করছি এবং নিজেদের অর্পণ করছি । |

অনুশীলনী -3.

[উপজীব্য ঃ প্রস্তাবনা ]

(1 ) ‘ ধর্ম নিরপেক্ষতা ’ এই ধারনাটির সঠিক দ্যোতনা

(a). রাষ্ট্র যেখানে সব ধর্মকে সমানভাবে সমর্থন করে (b)রাষ্ট্র নীতি প্রণয়ন ও শাসনের ক্ষেত্রে কোনও ধর্মীয় চিন্তা দ্বারা পরিচালিত হয় না (c)সংখ্যাগুরু সম্প্রদায় অনুসৃত ধর্মকে রাষ্ট্র যেখানে পরিপুষ্ট করে (d).উপরের কোনটিই নয় [ ডব্লু. বি. সি. এস. ( প্রিলিম ) ’12 ]

(2 ) ভারতীয় সংবিধানের প্রস্তাবনা পাঠ করলে নিম্নলিখিত কোন্ বিষয়টি সম্পর্কে স্বচ্ছ ধারণা লাভ করা যায় ?

(a) ভারতীয় রাজনৈতিক ব্যবস্থার প্রকৃতি (b) রাষ্ট্ররূপে ভারতের আদর্শ ও লক্ষ্য (c) কত সালে ভারতীয় সংবিধান গৃহীত হয়েছিল (d).ভারতের বৈদেশিক নীতি [পি এস সি ক্লার্কশিপ (প্রিলিম) ’96 ]

(3 ) ভারত একটি ‘ প্রজাতান্ত্রিক রাষ্ট্র ’ কারণ

(a) রাষ্ট্রপতির আনুকূল্যে মন্ত্রীরা স্বপদে আসীন থাকেন (b) মন্ত্রীরা সংসদের কাছে দায়বদ্ধ থাকেন
(c) ভারতের রাষ্ট্রপতির পদটি একটি নির্বাচিত পদ (d). ভারতীয় জনগণ রাজনৈতিকভানে সার্বভৌম

[ পি. এস. সি. মিসেলিনিয়াস (প্রিলিম)'98 । ]

(4 ) কত তম সংবিধান সংশোধনীর মাধ্যমে সংশোধিত হয়েছিল ভারতীয় সংবিধানের প্রস্তাবনা
(a) 24 তম (b) 44 তম (c) 42 তম (d). 61 তম

[ পি. এস. সি. মিসেলিনিয়াস (প্রিলিম)'97 ]

(5 ) ভারতীয় রাষ্ট্রব্যবস্থার পাঁচটি বৈশিষ্ট্য : সার্বভৌম , সমাজতান্ত্রিক , ধর্ম-নিরপেক্ষ , গণতান্ত্রিক , প্রজাতন্ত্রের মধ্যে কন্ দু'টি 1975 সালের 42 তম সংশোধনীর মাধ্যমে সংযোজিত হয়েছিল ?
(a) সার্বভৌম , সমাজতান্ত্রিক (b) সমাজতান্ত্রিক , ধর্ম-নিরপেক্ষ (c) ধর্ম-নিরপেক্ষ , গণতান্ত্রিক (d). গণতান্ত্রিক , প্রজাতন্ত্র [পি. এস. সি. মিসেলিনিয়াস (প্রিলিম)'05 , ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '01]

(6 ) ' সমাজতান্ত্রিক ' শব্দটি ভারতীয় সংবিধানের প্রস্তাবনায় সংযোজিত হয়েছে কোন্ বছরে ?
(a) 1952 (b) 1976 (c) 1950 (d). 1978

[ পি এস সি মিসেলিনিয়াস ( প্রিলিম ) '08 , পি.এস.সি. ক্লার্কশিপ (প্রিলিম) '03 ]

(7 ) ভারতীয় শাসনতন্ত্রের প্রস্তাবনা অনুযায়ী ভারতবর্ষ একটি
(a) সার্বভৌমিক গণতান্ত্রিক প্রজাতন্ত্র (b) সমাজতান্ত্রিক গণতান্ত্রিক প্রজাতন্ত্র (c) সার্বভৌম সমাজতান্ত্রিক ধর্মনিরপেক্ষ গণতান্ত্রিক প্রজাতন্ত্র (d). যুক্তরাস্ট্রীয় গনতান্ত্রিক প্রজাতন্ত্র

[ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '08 ]

(8 ) ' ভারত একটি ধর্মনিরপেক্ষ রাষ্ট্র ' - এর অর্থ ভারত
(a)ঈশ্বরবিহীন রাষ্ট্র (b) সর্বধর্মে সহানুভূতিশী (c) সর্বধর্ম বিরোধী (d). সকল ধর্মের প্রতি নিরপেক্ষ

[ পি. এস. সি. মিসেলিনিয়াস (প্রিলিম) '04 ]

(9 ) কোন্ মামলায় সুপ্রিমকোর্ট রায় দেয় যে প্রস্তাবনা সংবিধানের অংশ নয় ?
(a) বেরুবাড়ি মামলা (b) গোলকনাথ মামলা (c)কেশবানন্দ ভারতী মামলা (ঘ) (d).মিনার্ভা মিলস্ মামলা

(10 ) ভারতীয় সংবিধানের প্রস্তাবনায় স্বাধীনতা , সাম্য ও ভ্রাতৃত্ববোধের যে ধারণা উল্লিখিত হয়েছে সেটি গৃহীত হয়েছে নিম্নলিখিত কোন্ ঐতিহাসিক ঘটনার অনুপ্রেরণায় ?
(a) ফরাসি বিপ্লব (b) রাশিয়ার বিপ্লব (c) ইংল্যান্ডের গৌরবময় বিপ্লব (d). আমেরিকার স্বাধীনতা সংগ্রাম

11.)ভারতীয় সংবিধানের প্রস্তাবনাটি যখন সংশোধিত হয় তখন ভারতবর্ষের প্রধানমন্ত্রী ছিলেন
(a) শ্রীমতী ইন্দিরা গান্ধী (b) চৌধুরী চরণ সিং (c) মুরাজ্জি দেশাই (d). গুলজারিলাল নন্দা

(12 ) সার্বভৌম শব্দটির কোন্ অর্থ সঠিক ?
(a). বৈদেশিক নিয়ন্ত্রণ থেকে মুক্ত (b).আভ্যন্তরীণ নিয়ন্ত্রণ থেকে মুক্ত (c).সীমানা সম্পর্কিত বিতর্ক থেকে মুক্ত (d) .কোনও আন্তর্জাতিক সংশথার নিয়ন্ত্রণমুক্ত [ ডব্লু. বি. সি. এস. ( প্রিলিম ) '12 ]

(13.)' সমাজতান্ত্রিক ' ও ' ধর্মনিরপেক্ষ ' এই শব্দদু'টি ভারতীয় সংবিধানের প্রস্তাবনায় অন্তর্ভুক্ত হয়েছিল
(a) 24তম সংশোধনীর দ্বারা (b)42তম সংশোধনীর দ্বারা (c) 43তম সংশোধনীর দ্বারা (d) 44তম সংশোধনীর দ্বারা [ ডব্লু. বি. সি. এস. ( প্রিলিম ) '11 ]

(14.)ভারতীয় সংবিধানের প্রস্তাবনায় কোন্ ধরনের ন্যয়বিচার সুনিশ্চিত করার কথা বলা হয়েছে ?
(a) সামাজিক (b)অর্থনৈতিক (c) রাজনৈতিক (d) উপরোক্ত সব ক'টিই

(15.)কোন মামলায় সুপ্রিম কোর্ট তার পূর্ববর্তী রায়ের বিরুদ্ধাতারণ করে এই মর্মে রায় প্রদান করে যে প্রস্তাবনা হল ভারতীয় সংবিধানের একটি অংশ ?
(a) বেরুবাড়ি মামলা (b) গোলকনাথ মামলা (c) কেশবানন্দ ভারতী মামলা (d). মিনার্ভা মিলস্ মামলা

(16) ভারতীয় সংবিধানের প্রস্তাবনা পাঠ করলে নিম্নলিখিত কোন্ বিষয়টি সম্পর্কে স্বচ্ছ ধারণা লাভ করা যায় ?
(a) ভারতীয় রাজনৈতিক ব্যবস্থার প্রকৃতি (b) রাষ্ট্ররূপে ভারতের আদর্শ ও লক্ষ্য (c) কত সালে ভারতীয় সংবিধান গৃহীত হয়েছিল (d).ভারতের বৈদেশিক নীতি [পি এস সি ক্লার্কশিপ (প্রিলিম) '96 ]

(17) একটি সমাজতান্ত্রিক রাষ্ট্রের বৈশিষ্ট্য হল -
(a) রাষ্ট্রের অর্থনৈতিক ক্ষেত্রে কোনওরকম ব্যক্তিগত উদ্যোগ বা ব্যক্তি মালিকানা থাকবে না (b) রাষ্ট্রের অর্থনৈতিক ক্ষেত্র সম্পূর্ণ রূপে রাষ্ট্র নিয়ন্ত্রিত হবে । (c) উৎপাদনের উৎসগুলি হবে রাষ্ট্রের মালিকানাধীন এবং উৎপন্ন দ্রব্যসামগ্রীর বন্টনব্যবস্থা পরিচালনা ও নিয়ন্ত্রণ করবে রাষ্ট্র (d).উপরোক্ত সব ক'টি

18.)পৃথিবীর কোন্ দেশ সর্বপ্রথম তাদের সংবিধানের শুরুতে ' প্রস্তাবনা 'কে অন্তর্ভুক্ত করে ?
(a) মার্কিন যুক্তরাষ্ট্র (b) গ্রেট ব্রিটেন (c) আয়ার্ল্যান্ড (d) সুইডেন

(19) জাতীয় ঐক্য ও সংহতি এই শব্দ সমষ্টি ভারতীয় সংবিধানের প্রস্তাবনায় সংযুক্ত হয়েছে কত সালে ?
(a) 1952 (b) 1976 (c) 1950 (d). 1978

(20 ) ভারতীয় সংবিধানের প্রস্তাবনায় ভারতকে ধর্মনিরপেক্ষ রাষ্ট্র বলা হয়েছে । এর তাৎপর্য হল
(a) ধর্মীয় পূজা বারণ (b) রাষ্ট্র বিভিন্ন ধর্মের পৃষ্ঠপোষকতা করে (c) রাষ্ট্র মনে করে ধর্ম নাগরিকের নিজস্ব ব্যাপার এবং ধর্মের ভিত্তিতে কোনরকম বৈষম্য করা হয় না (d). উপরের কোনটিই সঠিক নয়
[পি.এস.সি. ক্লার্কশিপ (প্রিলিম) '04 ]

(21) গণতান্ত্রিক রাষ্ট্রের প্রধান বৈশিষ্ট্য হল -
(a) রাষ্ট্রের প্রশাসনিক প্রধান রাষ্ট্রের সকল প্রাপ্তবয়স্ক নাগরিকের দ্বারা প্রত্যক্ষভাবে নির্বাচিত হবেন
(b) রাষ্ট্রের প্রশাসনিক প্রধান রাষ্ট্রের সকল প্রাপ্তবয়স্ক নাগরিকের দ্বারা প্রত্যক্ষভাবে অথবা পরোক্ষভাবে নির্বাচিত হবেন
(a) রাষ্ট্রের প্রশাসনিক প্রধান রাষ্ট্রের সকল প্রাপ্তবয়স্ক নাগরিকের দ্বারা প্রত্যক্ষভাবে অথবা পরোক্ষভাবে এবং একটি নির্দিষ্ট মেয়াদের জন্য নির্বাচিত হবেন
(d).জাতি , ধর্ম , বর্ণ , লিঙ্গ নির্বিশেষে , রাষ্ট্রের সকল সাবালক নাগরিক দ্বারা প্রত্যক্ষ বা পরোক্ষ ভাবে নির্বাচিত সরকার রাষ্ট্রের শাসনব্যবস্থা পরিচালনা করবে ।

(22 ) নিম্নলিখিত তথ্যগুলির মধ্যে কোন্‌টি সঠিক ?
(a) বিশ্বের একাধিক রাষ্ট্র গণতান্ত্রিক কিন্তু প্রজাতান্ত্রিক নয়(b) বিশ্বের একাধিক রাষ্ট্র প্রজাতান্ত্রিক কিন্তু গণতান্ত্রিক নয়(c) বিশ্বের একাধিক রাষ্ট্র প্রজাতান্ত্রিক হওয়ার সাথে সাথে গণতান্ত্রিক (d) .উপরোক্ত সব ক'টি

(23 ) ভারতীয় সংবিধান যখন কার্যকর হয়েছিল তখন ভারতবর্ষকে সংবিধানের প্রস্তাবনায় কিরূপ রাষ্ট্র রূপে উল্লেখ করা হয়েছিল ?
(a) সার্বভৌমিক গণতান্ত্রিক প্রজাতন্ত্র (b) সমাজতান্ত্রিক গণতান্ত্রিক প্রজাতন্ত্র (c) সার্বভৌম সমাজতান্ত্রিক ধর্মনিরপেক্ষ গণতান্ত্রিক প্রজাতন্ত্র (d). যুক্তরাস্ট্রীয় গনতান্ত্রিক প্রজাতন্ত্র

(24 ) ভারতীয় সংবিধানের আত্মা বলা হয়
(a) রাষ্ট্র পরিচালনার নির্দেশমূলক নীতিকে (b) ভারতীয় সংবিধানের প্রস্তাবনাকে (c) মৌলিক অধিকারকে (d). উপরের কোনটিই নয় [ পি.এস.সি. ফুড ইন্সপেক্টর '06 ]

উত্তরমালা -3

1.(b). , 2. (b) , 3.(c). , 4. (c) , 5. (b), 6. (b) , 7. (c) ,8. (d ) , 9. (a) ,10. (a)
11.(a). , 12. (a) , 13.(b). , 14. (d) , 15. (c), 16. (b) , 17. (d) , 18. (a ) , 19. (b)
,20. (c) 21.(d). , 22. (d) , 23.(a). , 24. (b) ,

# অধ্যায় ঃ 4

# ভারতের রাজ্যগঠন

[ Reorganisation of States ]

- সংবিধানের 2নং থেকে 4 নং ধারায় ভারতীয় অঙ্গরাজ্যগঠন ও পুনর্গঠন বিষয়ে আলোচনা করা হয়েছে ।
- আইন প্রণয়ন করে নতুন রাজ্যগঠন কিংবা বা পুনর্গঠন ( আয়তন পরিবর্তন / সীমানা পরিবর্তন / নাম পরিবর্তন / একটি রাজ্যকে দু'টি রাজ্যে বিভাজন / দু'টি রাজ্যের সংযুক্তিকরণ ) এর ক্ষমতা সংবিধান প্রদান করেছে পার্লামেন্টের হাতে ( 3 নং ধারা )
- কেবলমাত্র জম্মু ও কাশ্মীরের ক্ষেত্রে সংবিধানের 370 নং ধারা মোতাবেক ঐ রাজ্যের মতামত ছাড়া রাজ্যের নাম , আয়তন , সীমানা পরিবর্তনজনিত কোনও বিল পার্লামেন্টে পেশ করা যায় না ।

<u>ভারতীয় অঙ্গরাজ্য পুনর্গঠনের ইতিহাস</u> [History of Reorganisation of States ] ঃ

- *(a) ভারতের অঙ্গরাজ্য পুনর্গঠনের নীতি নির্ধারণের উদ্দেশ্যে 1948 সালে এস কে ধরের নেতৃত্বে গঠিত হয় ধর কমিশন
- (b) 1948 সালের ডিসেম্বর মাসে , ঐ একই উদ্দেশ্যে জওহরলাল নেহেরু , বল্লভভাই প্যাটেল এবং পট্টভি সীতারামাইয়ার নেতৃত্বে গঠিত হয় জে ভি পি কমিটি
- **(c) 1953 সালে , অন্ধ্রপ্রদেশে , তেলেগু ভাষাভাষী ভারতীয়দের জন্য একটি পৃথক রাজ্য গঠনের দাবীতে আন্দোলনরত পোট্টি শ্রীরামুলু 56 দিন অনশনের পর মৃত্যুবরণ করলে সেই ঘটনার পরিপ্রেক্ষিতে আঞ্চলিক অস্থিরতা ও গণবিক্ষোভের পটভূমিতে ভারত সরকার বাধ্য হয় তেলেগু ভাষাভাষী ভারতীয় নাগরিকদের জন্য ' অন্ধ্রপ্রদেশ ' নামক একটি অঙ্গরাজ্য গঠনে ,1953 সালের 22 শে ডিসেম্বর (ধর কমিশন এবং জে ভি পি কমিটি র রিপোর্টে ভাষার ভিত্তিতে অঙ্গরাজ্য গঠনের নিষেধ-নির্দেশ অমান্য করেই) গঠিত হয় অন্ধ্রপ্রদেশ , ভাষার ভিত্তিতে গঠিত ভারতের প্রথম অঙ্গরাজ্য ।
- *(d) ফজল আলির নেতৃত্বে গঠিত ' অঙ্গরাজ্য পুনর্গঠন কমিশন ' [ অন্য দুই সদস্যের নাম হৃদয়নাথ কুঞ্জরু ও কে এম পানিক্কর ] সুপারিশের ভিত্তিতে 1956 সালে , ভারতীয় পার্লামেন্টে পাশ হয় ' ভারতীয় অঙ্গরাজ্য পুর্নগঠন আইন ' , যার মাধ্যমে মূলতঃ ভাষার ভিত্তিতে ভারতবর্ষকে ভাগ করা হয় 14 টি অঙ্গরাজ্য এবং 6 টি কেন্দ্রশাসিত অঞ্চলে ।

- (e) 1960 সালে ,বোম্বে নামক রাজ্যটিকে বিভক্ত করা হয় গুজরাট এবং মহারাষ্ট্র নামক দু'টি অঙ্গরাজ্যে
- (f) 1960 সালে দশম সংবিধান সংশোধনীর মাধ্যমে , পর্তুগীজ অধিগৃহীত দাদরা ও নগর হাভেলী ভারতের অর্ন্তভুক্তিকরণের পরে তাদের কেন্দ্রশাসিত অঞ্চলের মর্যাদা প্রদান করা হয় ।
- (g) 1962 সালে , দ্বাদশ সংবিধান সংশোধনীর মাধ্যমে , পর্তুগীজদের অধীনতাপাশ থেকে মুক্ত গোয়া , দমন ও দিউ কে কেন্দ্রশাসিত অঞ্চলের মর্যাদা প্রদান করা হয়
- (h) 1962 সালে ত্রয়োদশ সংবিধান সংশোধনীর মাধ্যমে নাগাল্যান্ডকে একটি পৃথক অঙ্গরাজ্যের মর্যাদা প্রদান করা হয় ।
- (i) 1966 সালে , শাহ কমিশনের রিপোর্টের ভিত্তিতে পাশ হয় ' পাঞ্জাব পুনর্গঠন আইন ' । এই আইনের মাধ্যমে পাঞ্জাব বিভক্ত হয় পাঞ্জাব ও হরিয়ানা নামক দু'টি রাজ্যে , একই সাথে গঠিত হয় ' চন্ডীগড় ' নামক একটি নতুন কেন্দ্রশাসিত অঞ্চল ।
- (j) 1969 সালে , আসামের কিছুটা অঞ্চল নিয়ে তৈরী হয় নতুন অঙ্গরাজ্য - ' মেঘালয় ' [ 22 তম সংবিধান সংবিধান সংশোধনী ]।
- (k) 1971 সালে , হিমাচল প্রদেশ নামক কেন্দ্রশাসিত অঞ্চলটি একটি পৃথক অঙ্গরাজ্যের মর্যাদালাভ করে
- **(l) 1975 সালে , 36 তম সংবিধান সংশোধনীর মাধ্যমে , সিকিম ভারতের 22 তম অঙ্গরাজ্যের স্বীকৃতিলাভ করে ।
- (m) 1986 সালে মিজোরাম , 1987 সালে অরুণাচলপ্রদেশ , 1987 সালে গোয়া , এই তিনটি কেন্দ্রশাসিত অঞ্চলত্রয় , তিনটি পৃথক অঙ্গরাজ্যের মর্যাদালাভ করে ।
- (n) 2000 সালে গঠিত হয় তিনটি নতুন ভারতীয় অঙ্গরাজ্য - ছত্রিশগড় , ঝাড়খন্ড এবং উত্তরাঞ্চল ।
- *(o) বর্তমানে , ভারতে , 28 টি অঙ্গরাজ্য এবং 7 টি কেন্দ্রশাসিত অঞ্চল রয়েছে ।

**অঙ্গরাজ্যের আয়তন /সীমানা /নাম পরিবর্তন এবং নতুন অঙ্গরাজ্যগঠন সম্পর্কিত সাংবিধানিক বিধিব্যবস্থা ঃ**

- অঙ্গরাজ্যের আয়তন , সীমানা ও নাম পরিবর্তন এবং নতুন অঙ্গরাজ্যগঠন সম্পর্কিত আইনটি প্রণয়নের প্রস্তাবটি , রাষ্ট্রপতির অনুমোদনক্রমের সংসদের উভয়কক্ষের যে কোনও একটিতে উত্থাপিত হতে পারে ।
- এক বা একাধিক অঙ্গরাজ্যের নাম ও সীমানা পরিবর্তন সম্পর্কিত কোনও আইনের প্রস্তাব সংসদের উত্থাপিত হওয়ার পূর্বে যখন রাষ্ট্রপতির অনুমোদনলাভের উদ্দেশ্য প্রেরিত হয় তখন রাষ্ট্রপতি উক্ত প্রস্তাব সম্পর্কে সংশ্লিষ্ট বিধানসভার কাছে তাঁদের মতামত জানানোর সুযোগদানের উদ্দেশ্যে একটি নির্দেশিকা প্রেরণ করেন যেখানে মতামত জানানোর ক্ষেত্রে একটি নির্দিষ্ট সময়সীমার উল্লেখ থাকে । সংশ্লিষ্ট বিধানসভা যদি তাদের মতামত জানাতে চায় তাহলে উক্ত সময়সীমার মধ্যে তাদের মতামত

জানাতে পারে । সংশ্লিষ্ট বিধানসভার অনুরোধে অথবা স্বেচ্ছায় রাষ্ট্রপতি মতামত জানানোর সময়সীমা বৃদ্ধি করতে পারেন ।

- যদি পূর্বনির্ধারিত সময়সীমার মধ্যে সংশ্লিষ্ট এক বা একাধিক বিধানসভা তাদের মতামত না জানায় , তাহলে সংশ্লিষ্ট আইনের প্রস্তাবটিতে সংশ্লিষ্ট বিধানসভার সম্মতি আছে বলে ধরে নেওয়া হয় । যদি নির্দিষ্ট সময়সীমার মধ্যে সংশ্লিষ্ট বিধানসভা তাদের মতামত প্রেরণ করে তাহলে সংসদ সেই মতামত আংশিক বা পূর্ণরূপে গ্রহণ অথবা বর্জন করতে পারে । আইনটি পাশ হওয়ার পরে , ভবিষ্যতে উক্ত আইন সংশোধনের কোনও প্রস্তাব যখন সংসদে উত্থাপিত হবে তখন সংশ্লিষ্ট বিধানসভাকে সেই প্রস্তাব জানানো বা তাদের মতামত জানানোর সুযোগপ্রদান আবশ্যক নয় ।

- অন্য যে কোনও সাধারন আইনের মতো অঙ্গরাজ্যের নাম/সীমানা/আয়তন পরিবর্তন সংক্রান্ত আইনটি সংসদের উভয়কক্ষে  সাধারণ সংখ্যাগরিষ্ঠতায় পাশ হয় ।

- অঙ্গরাজ্যের নাম/সীমানা/আয়তন পরিবর্তন সংক্রান্ত আইনের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিধানসভাকে তাদের মতামত জানানোর সুযোগপ্রদান যেমন আবশ্যক , কেন্দ্র শাসিত অঞ্চলের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিধানসভাকে মতামত জানানোর সুযোগ প্রদান বাধ্যতামূলক নয় ।

**ভারতের অঙ্গরাজ্যগুলির গঠন / পুনর্গঠন সম্পর্কিত কয়েকটি গুরুত্বপূর্ণ তথ্য ঃ**

- ভারতবর্ষ অঙ্গরাজ্যগুলির সমষ্টি [ ইউনিয়ন ] ,অঙ্গরাজ্যগুলি দ্বারা গঠিত একটি যুক্তরাষ্ট্র নয় **ঃ** ভারতীয় সংবিধানের 1 নং ধারায় ভারতকে বর্ণণা করা হয়েছে ‘ অঙ্গরাজ্যগুলির সমষ্টি ’ রূপে । ভারতীয় সংবিধানের প্রণেতারা সচেতনভাবে এক্ষেত্রে যুক্তরাষ্ট্র শব্দটি ব্যবহার করেন নি । এর কারণ যুক্তরাষ্ট্র ( যেমন মার্কিন যুক্তরাষ্ট্র ) এর ক্ষেত্রে অঙ্গরাজ্যগুলি একটি নির্দিষ্ট চুক্তির ফলস্বরূপ একত্রিত হয়ে যুক্তরাষ্ট্র গঠন করে এবং অঙ্গরাজ্যগুলি নিজেদের ইচ্ছায় যদি মনে করে যুক্তরাষ্ট্র ভেঙে স্বাধীনতা ঘোষণা করতে পারে।

- ভারতীয় সংভিধানের  1 নং ধারায় ভারতীয় অঙ্গরাজ্যগুলির সমষ্টিকে নির্দেশ করতে যে ‘ ইউনিয়ন অফ স্টেটস্ ’ পরিভাষাটি ব্যবহৃত হয়েছে , ভারতের কেন্দ্রশাসিত অঞ্চলগুলি তার অন্তর্ভুক্ত নয় । উক্ত ধারায় ‘ ভারতীয় ভুখন্ড ’ [ টেরিটরি অফ ইন্ডিয়া ] বলতে ভারতীয় অঙ্গরাজ্যগুলি এবং কেন্দ্রশাসিত অঞ্চলগুলির সমষ্টিকে বোঝানো হয়েছে ।

- ভারতীয় সংবিধানের 370 নং ধারা অনুসারে জম্মু ও কাশ্মীর এর আয়তন , সীমানা ও নাম পরিবর্তন সংক্রান্ত কোনও বিল ঐ রাজ্যের আইনসভার সম্মতি ব্যতিরিকে সংসদে উত্থাপন করা যাবে না  । ভারতের অঙ্গরাজ্যগুলির নাম/সীমানা/আয়তন পরিবর্তন সংক্রান্ত বিধিব্যবস্থা জম্মু ও কাশ্মীর ব্যতিরিকে বাকি সবক’টি অঙ্গরাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলির ক্ষেত্রে প্রযোজ্য ।

অনুশীলনী -4.

[উপজীব্য ঃ ভারতের রাজ্যগঠন ]

(1 ) ভাষাভিত্তিক রাজ্যগঠনের দাবী পুনর্বিবেচনার জন্য 1953 সালে গঠিত হয় রাজ্য পুনর্গঠন কমিশন
(a) ফজল আলির নেতৃত্বে (b) কে এম পানিক্করেরএর নেতৃত্বে (c)এইচ. এন. কুঞ্জকর-এর নেতৃত্বে
(d) এম. সি. মহাজনের নেতৃত্বে

(2 ) ভারতে ভাষার ভিত্তিতে রাজ্য পুনর্গঠনের বিষয়টি পরীক্ষার জন্য 1948 সালে প্রথম কমিশন গঠিত হয়
(a) বিচারপতি ওয়াংচুর নেতৃত্বে (b) বিচারপতি এম. সি. মহাজনের নেতৃত্বে (c) বিচারপতি এস কে ধরের নেতৃত্বে (d) বিচারপতি পি. এন. ভগবতীর নেতৃত্বে

(3 ) নিম্নোক্তদের মধ্যে কোন্‌টি ভারতের কেন্দ্রশাসিত অঞ্চল নয় ?
(a) আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ (b) পন্ডিচেরি (c) চন্ডীগড় (d) ত্রিপুরা
[ ডব্লু. বি. সি. এস. ( প্রিলিম ) '05 ]

(4 ) 1956 সালের রাজ্য পুনর্গঠণ আইন গোটা দেশকে বিভক্ত করে -
(a) 22 টি রাজ্য ও 9 টি কেন্দ্রশাসিত অঞ্চলে (b) 14 টি রাজ্য ও 6 টি কেন্দ্রশাসিত অঞ্চলে
(c) 17 টি রাজ্য ও 7 টি কেন্দ্রশাসিত অঞ্চলে (d) 24 টি রাজ্য ও 8 টি কেন্দ্রশাসিত অঞ্চলে

(5 ) সংবিধানের কোন্‌ ধারা অনুযায়ী নতুন রাজ্য গঠন করা যেতে পারে ?
(a) 1 নং ধারা (b) 2 নং ধারা (c) 3 নং ধারা (d) 4 নং ধারা

(6 ) কোনও নতুন রাজ্য সৃষ্টি অথবা নাম ও সীমানার পরিবর্তন ভারতীয় সংসদ করতে পারে -
(a) দুই-তৃতীয়াংশ সংখ্যাগরিষ্ঠতায় (b) তিন-চতুর্থাংশ সংখ্যাগরিষ্ঠতায় (c) চার-পঞ্চমাংশ সংখ্যাগরিষ্ঠতায়
(d) সাধারণ সংখ্যাগরিষ্ঠতায়

(7 ) কোন্‌ রাজ্য ভেঙে ' ছত্তিশগড় ' রাজ্যটি গঠিত হয়েছে ?
(a) বিহার (b) মধ্যপ্রদেশ (c) উত্তরপ্রদেশ (d) মহারাষ্ট্র [ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '06 ]

(8 ) কত সালে সিকিম ভারতের অঙ্গীভূত হয় ?
(a) 1975 (b) 1978 (c) 1982 (d) 1990 [ ডব্লু. বি. সি. এস. ( প্রিলিম ) '06]

(9 ) বর্তমানে ভারতে -

(a) 25 টি রাজ্য ও 9 টি কেন্দ্রশাসিত অঞ্চল আছে (b) 24 টি রাজ্য ও 7 টি কেন্দ্রশাসিত অঞ্চল আছে (c) 28 টি রাজ্য ও 7 টি কেন্দ্রশাসিত অঞ্চল আছে (d) 21 টি রাজ্য ও 11 টি কেন্দ্রশাসিত অঞ্চল আছে

(10 ) স্বাধীনোত্তর ভারতে ভাষার ভিত্তিতে অঙ্গরাজ্যগুলি পুনর্গঠিত হয় -

(a) 1947 সালে (b) 1951 সালে (c) 1956 সালে (d) 1966 সালে

(11 ) রাজ্য পুনর্গঠন কমিশনের সুপারিশ পশ্চিমবঙ্গে কবে রূপায়িত হয়েছিল ?

(a) 1954 (b) 1955 (c) 1956 (d) 1957 [ ডব্লু. বি. সি. এস. ( প্রিলিম ) '06 ]

(12) ভারতীয় সংবিধান অনুসারে নতুন রাজ্য গঠন করা বা বর্তমান রাজ্যগুলির সীমানা পরিবর্তন করার অধিকারী হল ট্র

(a) রাষ্ট্রপতি (b) সংসদ (c) নির্বাচন কমিশন (d) সুপ্রিম কোর্ট

(13 ) কত তম সংবিধান সংশোধনীর মাধ্যমে সিকিম কে ভারতের একটি অঙ্গরাজ্যের মর্যাদা প্রদান করা হয় ?

(a) 35 (b) 36 (c) 23 তম (d) 39 তম [ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '99 ]

(14 ) কত খ্রীষ্টাব্দে সিকিম ভারতের 22 তম অঙ্গরাজ্যের মর্যাদা লাভ করে

(a) 1965 (b) 1970 (c) 1973 (d) 1975 [ পি. এস. সি. মিসেলিনিয়াস (প্রিলিম)'99 ]

(15 ) ভারতের 28 তম অঙ্গরাজ্য হল -

(a) ঝাড়খন্ড (b) ছত্তিশগড় (c) উত্তরাখন্ড (d) গোয়া

(16 ) দীর্ঘ আন্দোলনের পর ভাষার ভিত্তিতে সৃষ্ট প্রথম ভারতীয় রাজ্য কোনটি ?

(a) অন্ধ্রপ্রদেশ (b) আসাম (c) তামিলনাড়ু (d) কর্ণাটক

[ডব্লু. বি. সি. এস. ( প্রিলিম ) '09 , '11 ]

(17 ) নিম্নলিখিত তথ্যগুলির মধ্যে কোনটি সঠিক ?

(a) অঙ্গরাজ্যের আয়তন , সীমানা ও নাম পরিবর্তন এবং নতুন অঙ্গরাজ্যগঠন সম্পর্কিত আইনটি প্রণয়নের প্রস্তাবটি , রাষ্ট্রপতির অনুমোদনক্রমের সংসদের উভয়কক্ষের যে কোনও একটিতে উত্থাপিত হতে পারে ।

(b) অন্য যে কোনও সাধারন আইনের মতো অঙ্গরাজ্যের নাম/সীমানা/আয়তন পরিবর্তন সংক্রান্ত আইনটি সংসদের উভয়কক্ষে সাধারণ সংখ্যাগরিষ্ঠতায় পাশ হয় ।

(c) অঙ্গরাজ্যের নাম/সীমানা/আয়তন পরিবর্তন সংক্রান্ত আইনের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিধানসভাকে তাদের মতামত জানানোর সুযোগপ্রদান যেমন আবশ্যক , কেন্দ্র শাসিত অঞ্চলের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিধানসভাকে মতামত জানানোর সুযোগ প্রদান বাধ্যতামূলক নয় ।

(d) উপরোক্ত সব ক'টি

**উত্তরমালা - 4**

1.(a) , 2.(c) , 3. (d) , 4. (b) , 5.(c), 6. (d) , 7. (b) 8. (a ) , 9. (c) ,10. (c) 11. (c ) , 12. (b) ,13.(b) ,14.(d) ,15.(c) ,16.(a) ,17.(d)

**অঙ্গরাজ্য গঠন / পুনর্গঠন / সীমানা অথবা নাম পরিবর্তন সংক্রান্ত বিভিন্ন ধারা ও তাদের আলোচ্য বিষয় ঃ**

- 1 নং ধারা — ভারতীয় ইউনিয়ন ও ভূখন্ডগত এলাকা
- 2নং ধারা — নতুন রাজ্যের সূচনা ও গনং
- 3নং ধারা — রাজ্যের সীমানা পরিবর্তন বা ভূখন্ডগত এলাকার পরিবর্তন ও রাজ্যের নাম পরিবর্তন
- 4নং ধারা — নতুন রাজ্যের সূচনা ,রাজ্যের সীমানা পরিবর্তন ইত্যাদির জন্য সংবিধানের প্রথম ও চতুর্থ তফশিলের সংশোধনজনিত ব্যবস্থা

# অধ্যায় ঃ 5

## নাগরিকত্ব

[ Citizenship ]

*[ পার্ট ওয়ান , 5 – 11 নং ধারা ]

**(a) যখন একজন ব্যক্তি কোনও রাজনৈতিক ভূখন্ডের স্থায়ী বাসিন্দারূপে ঐ ভূখন্ডের একজন স্বীকৃত অধিবাসীর প্রাপ্য সমস্ত সুযোগ সুবিধা উপভোগ করেন তখন তাঁকে ঐ ভূকন্ডের নাগরিক বলে ।**

***(b) ভারতীয় সংবিধানে বর্ণিত একক নাগরিকত্বের ধারণা গৃহীত হয়েছে ইউনাইটেড কিংডমের সংবিধান অনুসারে।**

***(c) 1955 সালে ভারতীয় পার্লামেন্টে পাশ হয় ভারতীয় নাগরিকত্ব আইন ।**

**(d) নাগরিকত্ব অর্জন**

**ভারতীয় নাগরিকত্ব আইন ,1955 অনুসারে যে কোনও ব্যক্তি জন্মসূত্রে , উত্তরাধিকারসূত্রে , রেজিস্ট্রিকরণের মাধ্যমে , দেশীয়করণের মাধ্যমে এবং ভারতভুক্তির মাধ্যমে - এই পাঁচটির যে কোনও একটি দ্বারা ভারতীয় নাগরিকত্ব অর্জন করতে পারেন ।**

- জন্মসূত্রে ভারতীয় নাগরিকত্ব লাভের শর্ত ঃ যে কোনও ব্যক্তি যিনি , 26 জানুয়ারি , 1950 তারিখ বা তার পরে জন্মগ্রহণ করেছেন , তিনি জন্মসূত্রে ভারতীয় নাগরিকত্ব অর্জন করবেন যদি তাঁর জন্মের সময় , তাঁর পিতা-মাতার একজন অথবা উভয়েই ভারতের নাগরিক হন । যদি এক্ষেত্রে , সেই ব্যক্তি যাঁর জন্মের সময় তাঁর পিতা যদি কোনও বিদেশী কূটনীতিবিদ হন অথবা কোনও শত্রুরাষ্ট্রের সহযোগী রূপে ক্রিয়াশীল থাকেন তাহলে তিনি উক্ত শর্ত পূরণ করার সত্ত্বেও জন্মসূত্রে ভারতের নাগরিকত্ব লাভ করতে পারবেন না ।
- উত্তরাধিকারসূত্রে ভারতীয় নাগরিকত্ব লাভের শর্ত ঃএকজন ব্যক্তি যিনি, 26 জানুয়ারি , 1950 তারিখ বা তার পরে , ভারতীয় ভূখন্ডের বাইরে জন্মগ্রহণ করেছেন , তিনি উত্তরাধিকারসূত্রে ভারতীয় নাগরিকত্বলাভ করবেন যদি তাঁর জন্মের সময় তাঁর পিতা ভারতের নাগরিক হন ।
- রেজিস্ট্রিকরণের মাধ্যমে ভারতীয় নাগরিকত্ব লাভের শর্ত ঃকোনও ব্যক্তি যিনি ভারতের নাগরিক নন , তিনি যদি নিম্নলিখিত ক্যাটাগরির মধ্যে কোনও একটির ক্যাটাগরিভুক্ত হন , তাহলে 5 বছর ভারতে

স্থায়ীভাবে বসবাসের পর রেজিস্ট্রিকরণের মাধ্যমে নাগরিকত্বলাভের আবেদন করতে পারেন । ভারতীঢ বংশোদ্ভত যাঁরা ভারতে বসবাস করছেন ।ভারতীয় বংশোদ্ভূত যাঁরা ভারতের বাইরে কোনও অঞ্চল বা দেশে স্থায়ী ভাবে বসবাস করছেন ।যে সমস্ত মহিলা ভারতীয় নাগরিকদের সাথে বিবাহবন্ধনে আবদ্ধ হয়েছেন ।ভারতীয় নাগরিকদের নাবালক সন্তান ।

- দেশীয়করণের মাধ্যমে ভারতীয় নাগরিকত্ব লাভের শর্ত ঃ একজন বিদেশী , ভারতে অন্ততঃ দশ বছর স্থায়ীভাবে বসবাসের পর দেশীয়করণের মাধ্যমে নাগরিকত্বলাভের আবেদন করতে পারেন ।
- ভারতভুক্তির মাধ্যমে ভারতীয় নাগরিকত্ব লাভের শর্ত ঃ যদি কোনও বিদেশী ভূখন্ড যদি আন্তর্জাতিক কোনও ঘটনা বা চুক্তির ফলে ভারতভুক্ত হয় , তাহলে সেখানকার স্থায়ী বাসিন্দারা ভারতের নাগরিকত্ব লাভ করবেন

**(e) নাগরিকত্বের অবসান**
**ভারতীয় নাগরিকত্বের অবসান সম্পর্কে উক্ত আইনে বলা হয়েছে -**

- (i) **কোনও নাগরিক স্বেচ্ছায় তাঁর নাগরিকত্ব ত্যাগ করলে**
- (ii) **অন্য কোনও রাষ্ট্রের নাগরিকত্ব গ্রহণ করলে ,**
- (iii) **যদি অসদুপায়ে নাগরিকত্ব অর্জিত হয়েছে বলে সরকার মনে করে ,**
- (iv) **ভারতীয় সংবিধানের প্রতি অশ্রদ্ধা / অনাস্থা / আনুগত্যের অভাব / অসম্মান প্রকাশ বা প্রদর্শন করলে ,**
- (v)**ভারতের সঙ্গে যুদ্ধে লিপ্ত শত্রু দেশের সাথে বাণিজ্যিক সম্পর্ক রাখলে অথবা সেই দেশকে সাহায্য করলে** ,
- (vi) **দু'বছর বা তার অধিককাল বিদেশে কারাদন্ড ভোগ করলে ,**
- (vii) **উপযুক্ত কারণ ছাড়া একাদিক্রমে সাত বছর দেশে অনুপস্থিত থাকলে**

**ভারত সরকার সংশ্লিষ্ট ব্যক্তি বা ব্যক্তিবর্গের নাগরিকত্বের অবসান ঘটাতে পারেন ।**

***(f)** 1985 **সালে প্রথমবার সংশোধিত হয় ভারতীয় নাগরিকত্ব আইন** , 1955 ।

**(g) ভারতীয় নাগরিকত্ব (সংশোধিত) আইন** , 1985 **অনুসারে কোনও ব্যক্তি যিনি ভারতে জন্মগ্রহণ করেছেন (a)** 1950 **সালের** 26 **শে জানুয়ারি অথবা তার পরে কিন্তু** 1986 **সালের** 26 **শে নভেম্বর এর পূর্বে অথবা (b) ভারতীয় নাগরিকত্ব (সংশোধিত) আইন ,** 1985 **কার্যকর হওয়ার পরে , তিনি জন্মসূত্রে ভারতীয় নাগরিকত্ব অর্জন করবেন যদি তাঁর জন্মের সময় তাঁর পিতা ও মাতার মধ্যে অন্তত একজন ভারতীয় নাগরিক হন ।**

**(h) রেজিস্ট্রেশনের মাধ্যমে ভারতীয় নাগরিকত্ব অর্জনের পূর্বে ভারতে নিরবিচ্ছিন্নভাবে বসবাসের ন্যূনতম সময়সীমা ছ'মাস থেকে বাড়িয়ে পাঁচ বছর করা হয় 1985 সালের সংশোধিত আইনে ।**

***(i) আজ পর্যন্ত মোট 3 বার সংশোধন করা হয়েছে ভারতীয় নাগরিকত্ব আইন ।**

- প্রথম বার 1985 সালে
- দ্বিতীয়বার 1992 সালে
- তৃতীয়বার 2003 সালে

(j) ভারতীয় নাগরিকত্ব সংশোধন আইন , 1992 অনুসারে

- একজন শিশু , যার ভারতীয় ভূখন্ডের বাইরে জন্ম , তার মা যদি তার জন্মের সময় ভারতের নাগরিক হন , তাহলে শিশুটি জন্মসূত্রে ভারতীয় নাগরিকত্ব অর্জন করবেন ( এই সংশোধনীর পূর্বে ভারতের বাইরে জন্মানো শিশুরা জন্মসূত্রে ভারতের নাগরিকত্ব অর্জন করতেন যদি তাদের পিতা তার জন্মের সময় ভারতের নাগরিক হতেন )

(k) ভারতীয় নাগরিকদের জন্য সংবিধান প্রদত্ত বিশেষ অধিকার ঃ

- ভারতীয় নাগরিকদের তাদের প্রাপ্য অধিকারগুলির ক্ষেত্রে ধর্ম , জাতি , লিঙ্গ ও জন্মস্থান ইত্যাদি কোনও বিষয়ের নিরিখে কোনওরূপ বঞ্চনা করা যাবে না ।
- সরকারী চাকরিতে যোগদানের ক্ষেত্রে সকল ভারতীয় নাগরিকের সমানাধিকার আছে ।
- ভারতীয় সংবিধানের 19 নং ধারায় বর্ণিত মৌলিক অধিকারগুলি কেবলমাত্র ভারতীয় নাগরিকদের জন্যই প্রযোজ্য ।
- ভারতীয় সংবিধানের 29 নং এবং 30 নং ধারায় প্রদত্ত সংস্কৃতি ও শিক্ষার অধিকার কেবলমাত্র ভারতীয় নাগরিকদের প্রাপ্য ।

(l) কতকগুলি সাংবিধানিক পদ শুধুমাত্র ভারতীয় নাগরিকগণই লাভ করতে পারেন ঃ

- রাষ্ট্রপতি [ 58(1) (A)নং ধারা ]
- উপরাষ্ট্রপতি [ 66(3) (A)নং ধারা ]
- সুপ্রিমকোর্টের বিচারপতিগণ[ 124(3) (A)নং ধারা ]
- হাইকোর্টের বিচারপতিগণ[ 217(2) নং ধারা ]
- অ্যাটর্নি জেনারেল [ 76(2) নং ধারা ]

- রাজ্যের রাজ্যপাল [ 157 নং ধারা ]
- অ্যাডভোকেট জেনারেল [ 165 নং ধারা ]
- পার্লামেন্টের সদস্যপদ [ 84নং ধারা ]
- রাজ্য আইনসভার সদস্য [ 191(D) নং ধারা ]

**অনুশীলনী -5.**

[উপজীব্য ঃ **নাগরিকত্ব** ]

(1 ) বিদেশে বসবাসকারী ভারতীয়দের জন্য দ্বৈত নাগরিকতা আইন ভারত সরকার কবে পাশ করে ?

(a) 2000 (b) 2001 (c) 2003 (d) 2007

(2 ) ভারতীয় নাগরিকত্বের জন্য আবেদন করতে হলে ন্যূনতম কত বছর ভারতে বসবাস করতে হয় ?

(a) 3 বছর (b) 5 বছর (c)7 বছর (d) 10 বছর

(3 ) ভারতে অন্তর্ভুক্তির ফলে কোন্ অঞ্চলের অধিবাসীরা ভারতীয় নাগরিকত্ব লাভ করে ?

(a) পশ্চিমবঙ্গ (b) অন্ধ্রপ্রদেশ (c) মহারাষ্ট্র (d) চন্দননগর

(4 ) ভারতীয় নাগরিকত্ব অবসানের নিম্নলিখিত কারণগুলির মধ্যে কোন্‌টি সঠিক ?

(a) সরকারি চাকরি (b) অসৎ উপায়ে নাগরিকত্ব লাভ (c) সামরিক বাহিনীতে যোগদান

(d) বিদেশী মহিলাকে বিবাহ করা

(5 ) ভারতের নাগরিকত্ব গ্রহণ ও বর্জন সম্পর্কে পুঙ্খানুপুঙ্খ আলোচনা আছে -

(a) 1947 সালের ভারতীয় স্বাধীনতা আইন (b) 1935 সালের ভারত শাসন আইন (c) 1955 সালের ভারতীয় নাগরিকতা আইনে (d) ভারতীয় সংবিধানের অষ্টম তফশিলে

(6 ) ভারতীয় নাগরিকত্ব আইন কত সালে পাশ হয় ?

(a) 1950 (b) 1955 (c) 1967 (d) .1972

(7 ) ভারতের নাগরিকত্ব পাওয়ার নিম্নলিখিত শর্তগুলির মধ্যে কোন্‌টি সঠিক নয় ?

(a) জন্মসূত্রে (b) সম্পত্তি ক্রয়ের মাধ্যমে (c) নথিকরণের মাধ্যমে (d) উপরোক্ত সব ক'টি

**(8) ভারতের নাগরিকত্ব অর্জনের বিষয়গুলি নির্ধারণের উপযুক্ত কর্তৃপক্ষ কে ?**

**(a) নির্বাচন কমিশন (b) রাষ্ট্রপতি (c) সংসদ (d) উপরোক্ত কোনটিই নয়**

(9) কতগুলি রাষ্ট্রের প্রবাসী ভারতীয়দের ভারত সরকার দ্বৈত নাগরিকত্ব প্রদান করবে বলে প্রাথমিক পর্বে জানিয়েছে ?

(a) 4 টি (b) 8টি (c) 12 টি (d) 16 টি

(10) ভারতের এক-নাগরিকত্বের নীতিটি নিম্নলিখিত কোন্‌টির পরিপন্থী ?

(a) যুক্তরাষ্ট্রীয় ব্যবস্থা (b) সংসদীয় গণতন্ত্র (c) মৌলিক অধিকার (d) উপরোক্ত কোনটিই নয়

(11) ভারতের নাগরিকত্ব আইন প্রথমবার সংশোধিত হয় কত সালে ?

(a) 1950 (b) 1985 (c) 1967 (d) .1972

(12) **ভারতের সংবিধান**

**(a) এক নাগরিকত্বের কথা বলে (b) দ্বি-নাগরিকত্বের কথা বলে (c) বহু-নাগরিকত্বের কথা বলে**

**(d) নাগরিকত্বের উল্লেখ করে না**

(13) 2003 সালের নতুন নাগরিকতা আইনটি কোন্ কমিটির সুপারিশ অনুযায়ী প্রণীত হয় ?

(a) ভি. আর. চোপড়া কমিটি (b) বি. আর. সেন কমিটি (c) এল. এস. সিংভি কমিটি (d) ডি. এ. কে. রতন কমিটি

(14) ভারতীয় সংবিধানের কোন্ পার্টে নাগরিকত্ব সংক্রান্ত আলোচনা আছে ?

(a) 1 নং পার্টে (b) 2নং পার্টে (c) 3নং পার্টে (d) 4 নং পার্টে

**উত্তরমালা- 5**

1. (c) , 2. (b) , 3. (d) , 4. (b) , 5. (c) , 6. (b) , 7. (b) 8. (c) , 9. (d) , 10. (a) , 11. (b) , 12. (a) , 13. (c) , 14. (b)

## দ্বৈত নাগরিকত্ব [ Dual Citizenship ] :

স্বাধীন ভারতে বহু ভারতীয় নাগরিক যাঁরা নিজেদের কর্ম কৃতিত্বে আন্তর্জাতিক খ্যাতি অর্জন করেছেন তাঁদের বিভিন্ন সময়ে নিজেদের দেশের সাম্মানিক নাগরিকত্ব প্রদান করেছে বহু বিদেশী রাষ্ট্র । এ ক্ষেত্রে সংশ্লিষ্ট ভারতীয় নাগরিকদের এই সম্মানপ্রাপ্তি নিঃসন্দেহে রাষ্ট্রের কাছে একটি জাতীয় গৌরব । তাই 'কোনও ভারতীয় নাগরিক যে কোনও বিদেশী রাষ্ট্রের নাগরিকত্ব গ্রহণ করলে তাঁর ভারতীয় নাগরিকত্বের অবসান ঘটবে' - ভারতীয় নাগরিকত্ব আইনের এই ধারাটি এ ক্ষেত্রে প্রযোজ্য হয় না এবং প্রযুক্ত হয় নি।

বিশ্বের বিভিন্ন দেশ বিশেষত ভারতের মতো তৃতীয় বিশ্বের দেশগুলি থেকে বহু মানুষ জীবিকার সন্ধানে পাড়ি দেন বিভিন্ন বিদেশী রাষ্ট্রে বিশেষতঃ ইউরোপের দেশগুলিতে এবং মার্কিন যুক্তরাষ্ট্রে । এঁরা এবং এদের সন্তান সন্ততিরা সংশ্লিষ্ট বিদেশী রাষ্ট্রের নাগরিক হওয়ার সত্ত্বেও নিজেদের জন্মভূমি বা উৎসভূমির প্রতি অনুরক্ত থাকেন । দেশীয় বংশোদ্ভূতরা সুযোগ সুবিধামতো চেষ্টা করেন দেশের উপকারে আসতে , দেশের আর্থিক উন্নয়নে অনুঘটকের ভূমিকা পালন করতে । এই ভূমিকা পালনের সুযোগ বিপুল পরিমাণে বৃদ্ধি পায় বিশ্বায়নোত্তর বিশ্বে । ভারতবর্ষও এর ব্যতিক্রম নয় । বিশ্বায়নোত্তর ভারতের আর্থিক উন্নয়নে প্রবাসী ভারতীয় এবং ভারতীয় বংশোদ্ভূতরা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন । তাঁদের এই ভূমিকাকে সম্মান জানাতে এবং এই কাজে তাঁদের আরও অধিক উৎসাহদানের লক্ষ্যে কত কয়েকবছর ধরে ভারত সরকার প্রবাসী ভারতীয় সম্মেলনের আয়োজনন করেছে নিয়মিতভাবে প্রতি বছর 9 – 10 জানুয়ারি দিন দু'টিতে । সম্মেলনের সময় বিশেষ পুরস্কারে সম্মানিত করা হয়েছে কৃতী 'এন.আর.আই.'দের , বার বার উচ্চারিত হয়েছে ভারতের আর্থিক উন্নয়নে তাঁদের সহায়তার পরিবর্তে তাঁদের প্রতি ভারতের কৃতজ্ঞতার কথা ।

কয়েক বছর আগে , প্রবাসী ভারতীয় সম্মেলনে , এন.আর.আই. দের জন্য বিশেষ ভারতীয় নাগরিকত্ব প্রদান করার প্রস্তাব উত্থাপিত হয় । এই নাগরিকত্বের প্রকৃতি নিঃসন্দেহে এমন হওয়াই বাঞ্ছনীয় যাতে এই ভারতীয় নাগরিকত্ব গ্রহণের সাথে বর্তমানে তাঁরা যেখানে প্রবাসে সুপ্রতিষ্ঠিত সেই দেশের নাগরিকত্ব ত্যাগের পূর্বশর্ত না থাকে । কিন্তু ভারতীয় সংবিধান অনুসারে রচিত ভারতীয় নাগরিকত্ব আইন অনুযায়ী বিদেশী কোনও রাষ্ট্রের নাগরিক সেই দেশের নাগরিকত্ব ত্যাগ না করলে ভারতীয় নাগরিকত্ব প্রদান করা যায় না । তাই একক নাগরিকত্ব আইনের এই দেশে বিশেষ দ্বৈত নাগরিকত্ব প্রদানের প্রশাসনিক প্রয়াসকে সফল করার জন্য আবশ্যিক ছিল ভারতীয় সংবিধানের নাগরিকত্ব সংক্রান্ত অংশের সংশোধন । এটি করা হয় 2003 সালে ।

2003 সালের ডিসেম্বর মাসে ভারতীয় সংসদে পাশ হয় ' ভারতীয় সংবিধান (সংশোধন) আইন 2003 ' । মোট 16 টি দেশে বসবাসকারী প্রবাসী ভারতীয় এবং ভারতীয় বংশোদ্ভূত নাগরিকদের দ্বৈত নাগরিকত্ব ( Dual Citizenship ) প্রদানকে বৈধতা প্রদান করা হয় এই আইনের মাধ্যমে । এই 16 টি দেশ হল ইউ. এস. এ. , ইউ. কে. , কানাডা , নেদারল্যান্ডস্ , ইতালি , আয়ার্ল্যান্ড , পর্তুগাল , সুইজারল্যান্ড , গ্রিস , সাইপ্রাস , ইজরায়েল অস্ট্রেলিয়া , নিউজিল্যান্ড , ফ্রান্স , সুইডেন এবং ফিনল্যান্ড । তবে এই দ্বৈত নাগরিকত্বের দ্বারা যে 'ওভারসিজ ইন্ডিয়ান সিটিজেনশিপ' প্রদান করা হচ্ছে , সেই সিটিজেনশিপ ভারতীয় নাগরিকরা যে সিঙ্গেল সিটিজেনশিপ পেয়ে থাকেন তার তুলনায় অনেক আলাদা বিশেষত নাগরিকত্বের সাথে সম্পর্কিত সুযোগ সুবিধা প্রাপ্তির ক্ষেত্রে । ওভারসিজ সিটিজেন শিপ যাঁরা পাবেন তাঁরা ভারতে ভোটাধিকার , নির্বাচনে অংশগ্রহণের সুযোগ এবং সাংবিধানিক পদে আসীন হওয়ার সুযোগ থেকে বঞ্চিত হবেন । কিন্তু

**ভারতে এসে চাকরি পাওয়া বা চাকরি করা এবং সম্পত্তি ক্রয়ের ক্ষেত্রে তাঁদের পূর্বের ন্যায় বিশেষ অনুমতির প্রয়োজন হবে না ।**

**দ্বৈত নাগরিকত্ব ও দ্বি-নাগরিকত্বের পার্থক্য** [ Dual Citizenship & Double Citizenship ] **:**

**ভারতীয় শাসনতন্ত্রের কাঠামোয় একটি যুক্তরাষ্ট্রীয় ধাঁচ আছে কিন্তু ভারত মার্কিন যুক্তরাষ্ট্রের মতো প্রকৃত অর্থে যুক্তরাষ্ট্র নয় । কিন্তু যুক্তরাষ্ট্রীয় শাসনব্যবস্থার বেশ কিছু বৈশিষ্ট্য ভারতে বিদ্যমান । ভারতকে বলা হয় 'আধা-যুক্তরাষ্ট্রীয় রাষ্ট্র' ।**

**মার্কিন যুক্তরাষ্ট্রে দ্বি-নাগরিকত্ব প্রদান করা হয় । দু'টি নাগরিকত্বের মধ্যে একটি প্রদান করে কেন্দ্র অপরটি সংশ্লিষ্ট রাজ্য । কিন্তু ভারতীয় নাগরিকরা এক-নাগরিকত্ব উপভোগ করেন ।**

**এক্ষেত্রে এটি বিশেষভাবে উল্লেখের প্রয়োজন আছে যে ' ভারতীয় সংবিধান (সংশোধন) আইন** 2003 **' এ প্রবাসী ভারতীয়দের জন্য যে দ্বৈত নাগরিকত্বের কথা বলা হয়েছে সেটি দ্বি-নাগরিকত্ব নয় ।**

**নাগরিকতা সংক্রান্ত বিভিন্ন ধারা ও তাদের আলোচ্য বিষয় ঃ**

- 5 নং ধারা — ভারতীয় সংবিধান কার্যকর হওয়ার সময় নাগরিকতা সংক্রান্ত বিষয়
- 6 নং ধারা — পাকিস্তান থেকে ভারতে আগত ব্যক্তিদের নাগরিকতা সংক্রান্ত বিষয়
- 7 নং ধারা — পাকিস্তানে বসবাসকারী ভারতিয়দের নাগরিকতা সংক্রান্ত বিষয়
- 8 নং ধারা — বিদেশে বসবাসকারী ভারতীয় বংশোদ্ভূতদের নাগরিকতা সংক্রান্ত অধিকার প্রদান
- 9 নং ধারা — যে কোনও ব্যক্তি যে মুহূর্তে বিদেশী কোনও রাষ্ট্রের নাগরিকত্ব গ্রহণ করবে , তার ভারতীয় নাগরিকত্ব বাতিল হবে ।
- 10 নং ধারা — নাগরিকদের অধিকার
- 11 নং ধারা — নাগরিকতা সংক্রান্ত শর্ত নির্ধারণের অধিকার সংসদের

# অধ্যায় ঃ 6

## মৌলিক অধিকার [ *পার্ট থ্রি , *14 - 35 নং ধারা ]

[ Fundamental Rights ]

*(a) ধারণার উৎস : মার্কিন যুক্তরাষ্ট্রের সংবিধান , * উদ্দেশ্য : ব্যক্তি স্বাধীনতা রক্ষা এবং ব্যক্তিত্বের বিকাশ সাধন।

(b) ভারতীয় সংবিধানের * ' পার্ট থ্রি 'র অন্তর্গত * 12 থেকে 35 নম্বর ধারায় ভারতীয় নাগরিকদের জন্য কয়েকটি মৌলিক অধিকারকে নিশ্চিত করেছে ভারতীয় সংবিধান

1950 সালের 26 শে জানুয়ারি , ভারতীয় সংবিধান যখন কার্যকর হয় , তখন ভারতীয় নাগরিকদের জন্য সংবিধান প্রদত্ত মৌলিক অধিকারের সংখ্যা ছিল - সাত । 1978 সালে , সংবিধানের 44 তম সংবিধান সংশোধনীর মাধ্যমে , ' সম্পত্তির অধিকার 'কে মৌলিক অধিকারের তালিকা থেকে বাদ দেওয়া হয় । এর ফলে মৌলিক অধিকারের সংখ্যা হয় 6 । 1978 সাল থেকেই পর্যন্ত মৌলিক অধীকারের সংখ্যা 6 ।2002 সালে সংবিধানের 86 তম সংশোধনীর মাধ্যমে শিক্ষার অধিকার মৌলিক অধিকারের তালিকায় অন্তর্ভুক্ত হওয়ার পরও মৌলিক অধিকারের সংখ্যা 6 । কারণ শিক্ষার অধিকার পূবে'ই রাইট টু লাইফের অন্তর্গত একটি উপধারায় সংবিধান কার্যকর হওয়ার সময় থেকেই পার্ট' থ্রি -র অধীনে বর্তমান ছিল তাই এক্ষেত্রে নতুন ধারা সংযোজনের প=রয়োজন হয় নি ।
অতএব , বর্তমানে মৌলিক অধিকারের সংখ্যা 6 ।

(c) মৌলিক অধিকারের ধারণা গৃহীত হয়েছে মার্কিন যুক্তরাষ্ট্রের সংবিধান অনুসরণে । এই ধারণা গ্রহণের মূল উদ্দেশ্য ভারতীয় নাগরিকদের ব্যক্তি স্বাধীনতা রক্ষা করা । যদিও এই অধিকারগুলি অবাধ নয় । বৃহত্তর স্বার্থে কিংবা বিশেষ অবস্থায় [ যেমন জাতী জরুরি অবস্থা ] এই অধিকারগুলি আংশিক বা পূর্ণরূপে প্রত্যাহৃত হতে পারে । বৃহত্তর স্বার্থে এই অধিকারগুলির ওপর আরোপিত হতে পারে প্রশাসনিক নিয়ন্ত্রণ , কিন্তু সেই নিয়ন্ত্রণের বৈধতা নির্ণয়ের অধিকার ভারতীয় সংবিধান প্রদান করেছে সুপ্রিম কোর্ট এবং হাইকোর্টগুলিকে ।

*(d) ভারতীয় নাগরিকদের মৌলিক অধিকার রক্ষিত হচ্ছে কিনা সেটি দেখার দায়িত্ব অর্পিত হয়েছে সুপ্রিম কোর্ট এবং হাইকোর্টের স্কন্ধে । যদি কোনও নাগরিকের কোনও মৌলিক অধিকার খর্ব হয় বা তা হওয়ার সম্ভাবনা দেখা দেয় তাহলে তিনি বিচারের জন্য সরাসরি হাইকোর্ট বা সুপ্রিমকোর্টের দ্বারস্থ হতে পারেন । যদি সেই আবেদন যথার্থ বলে বিবেচিত হয় , তাহলে খর্ব হওয়া মৌলিক অধিকার পুনরুদ্ধারের লক্ষ্যে সুপ্রিম কোর্ট বা হাইকোর্ট রিট জারি করে ।

| | মৌলিক অধিকার | সংশ্লিষ্ট ধারা |
|---|---|---|
| 1 | সাম্যের অধিকার | 14 – 18 নং ধারা |
| 2 | স্বাধীনতার অধিকার | 19 – 22 নং ধারা |
| 3 | শোষণের বিরুদ্ধে অধিকার | 23 ও 24 নং ধারা |
| 4 | ধর্মীয় স্বাধীনতা অধিকার | 25 – 28 নং ধারা |
| 5 | সংস্কৃতি ও শিক্ষা বিষয়ক অধিকার | 29 ও30 নং ধারা |
| 6 | শাসনতান্ত্রিক প্রতিবিধানের অধিকার | 32 – 35 নং ধারা |
| 7 | শিক্ষার অধিকার | 21 (a) নং ধারা |

1. সাম্যের অধিকার [ 14 – 18 নং ধারা ]

(a) ' ইকুয়ালিটি বিফোর ল ' [ 14 নং ধারা ]-

- ভারতীয় আইনের চোখে সকল নাগরিক সমান ।
- সকলের জন্য এক আইন , অর্থাৎ আইন ভঙ্গ করলে সবার জন্য একই শাস্তি ।
- কোনও ব্যক্তি বা নাগরিক , তিনি যে পদ বা ক্ষমতার অধিকারী হোন না কেন , তাঁর অবস্থান আইনের উর্দ্ধে নয় ।

ব্যতিক্রম ঃ

- ভারতের রাষ্টপতি অথবা অঙ্গরাজ্যগুলির রাজ্যপাল , ভারতের কোনও আদালতের কাছে নিজের কাজ ও দায়িত্ব পালনের জন্য গৃহীত কোনও পদক্ষেপের কারণ দর্শাতে বাধ্য নন
- ভারতের কোনও আদালত তাঁদের কার্যকালে তাঁদের বিরুদ্ধে কোনও ফৌজদারী মামলা গ্রঃণ করতে বা সেই সংক্রান্ত তদন্তের নির্দেশ দিতে পারে না ।
- বিদেশী রাষ্ট্রের রাষ্ট্র-প্রধান এবং বিদেশী রাষ্ট্রের রাষ্ট্রদূত - এরকম কিছু বিশেষ ব্যক্তির ক্ষেত্রে ' ইকুয়ালিটি বিফোর ল ' বলবৎযোজ্য নয় ।

(b) ধর্ম , জাতি , গোত্র , বর্ণ , লিঙ্গ , জন্মস্থান ইত্যাদির ভিত্তিতে কোনও নাগরিককে অতিরিক্ত সুযোগদান অথবা একই ভিত্তিতে কারও প্রতি কোনও বৈষম্যমূলক আচরণের অধিকার নেই ভারতীয় প্রশাসনের ।

(c) যদিও শিশু ও মহিলাদের জন্য বিশেষ সুরক্ষা বা তফশিল জাতি ও উপজাতি সম্প্রদায় এবং অন্যান্য পশ্চাদপদ সম্প্রদায়ের জন্য বিশেষ আসন সংরক্ষণের বিষয় ভারতীয় সংবিধানসম্মত ।

2. স্বাধীনতার অধিকার [ 19 - 22 নং ধারা ]

ভারতীয় সংবিধানের 19(1) নং ধারায় ভারতীয় নাগরিকদের সাতটি মৌলিক স্বাধীনতা প্রদান করা হয়েছে , এগুলি যথাক্রমে

- (i) বাক্ স্বাধীনতা ও মতামত প্রকাশের স্বাধীনতা
- (ii) শান্তিপূর্ণ ও নিরস্ত্রভাবে সমবেত হওয়ার স্বাধীনতা
- (iii) সংঘ ও সমিতি গঠনের স্বাধীনতা
- (iv) ভারতের সর্বত্র স্বাধীনভাবে চলাফেরা করার স্বাধীনতা
- (v) ভারতের যে কোনও অঞ্চলে স্বাধীনভাবে বসবাস করার স্বাধীনতা
- (vi) যে কোনও পেশা বা বৃত্তি অবলম্বন বা ব্যবসা-বাণিজ্য করার স্বাধীনতা
- (vii) সম্পত্তি লাভের স্বাধীনতা

সম্পত্তির স্বাধীনতা , মৌলিক স্বাধীনতার তালিকা থেকে বহির্ভূত হওয়ার পর এখন মোট ছ'টি মৌলিক স্বাধীনতা আছে ।

3. শোষণের বিরুদ্ধে অধিকার [ 23 ও 24 নং ধারা ]

বিনা পরিশ্রমিকে কাউকে শ্রমদানে বাধ্য করা , শিশু ও মহিলাদের পাচার বা এই জাতীয় মানবসম্পদ কেনাবেচার পদ্ধতি , কারখানা , খনি কিংবা অন্য কোনও বিপজ্জনক কাজে 14 বছরের কমবয়সী শিশুশ্রমিক নিয়োগ - এই জাতীয় বিভিন্ন ধরনের শোষণ থেকে মুক্ত জীবন যাপনের অধিকারকে মৌলিক অধিকারের স্বীকৃতি দিয়েছে ভারতীয় সংবিধান ।

4. ধর্মীয় স্বাধীনতার অধিকার [ 25 - 28 নং ধারা ]

(a) ব্যক্তির ধর্মের স্বাধীনতা ঃ ভারতীয় সংবিধানের 25 নং ধারা অনুসারে সকল ব্যক্তি সমানভাবে বিবেকের স্বাধীনতা অনুসারে ধর্মস্বীকার , ধর্মাচরণ এবং ধর্ম-প্রচারের স্বাধীনতা ভোগ করবে ।
ব্যতিক্রম - জনশৃঙ্খলা , সদাচার , জনস্বাস্থ্য ও অন্যান্য মৌলিক অধিকার সংরক্ষণের স্বার্থে রাষ্ট্র এই মৌলিক অধিকারটির উপর বিভিন্ন বাধা-নিষেধ বা নিয়ন্ত্রণ আরোপ করতে পারে ।

(b) ধর্মীয় সম্প্রদায়ের অধিকার ঃ ভারতীয় সংবিধানের 26 নং ধারায় বিভিন্ন ধর্মীয় সম্প্রদায়কে কিছু অধিকার প্রদান করা হয়েছে এগুলি যথাক্রমে -

- ধর্ম ও দানের উদ্দেশ্যে সংস্থা স্থাপন ও রক্ষণাবেক্ষণ করতে পারবে
- স্থাবর-অস্থাবর সম্পত্তি অর্জন করতে ও মালিক হতে পারবে এবং আইন-অনুসারে সেই সম্পত্তি পরিচালনা করতে পারবে

ব্যতিক্রম - জনশৃঙ্খলা , নৈতিকতা ও জনস্বাস্থ্যের কারণে রাষ্ট্র ধর্মীয় সম্প্রদায়গুলির উপরোক্ত অধিকারগুলির ওপর বাধা-নিষেধ বা নিয়ন্ত্রণ আরোপ করতে পারে

(c) ধর্মীয় কর প্রদান থেকে নিষ্কৃতি ঃ ভারতীয় সংবিধানের 27 নং ধারা অনুসারে কোনও ধর্ম বা ধর্মসম্প্রদায়ের প্রসার বা রক্ষণাবেক্ষণের জন্য কোনও সম্প্রদায় বা ব্যক্তিকে কর দিতে বাধ্য করা যাবে না

(d) শিক্ষা প্রতিষ্ঠানে ধর্ম শিক্ষায় বাধা নিষেধ ঃ
ভারতীয় সংবিধানের 28 নং ধারায় শিক্ষা-প্রতিষ্ঠানে ধর্মশিক্ষা সম্পর্কে সংবিধানে কিছু বাধা-নিষেধ আরোপ করা হয়েছে এগুলি যথাক্রমে

- পুরোপুরি সরকারী অর্থে পরিচালিত শিক্ষা-প্রতিষ্ঠানে ধর্মশিক্ষা সম্পূর্ণ নিষিদ্ধ
- সরকার কর্তৃক স্বীকৃত বা সরকারী অর্থে আংশিকভাবে পরিচালিত শিক্ষা-প্রতিষ্ঠানে ধর্মশিক্ষা একেবারে নিষিদ্ধ নয় । তবে প্রাপ্তবয়স্ক শিক্ষার্থীদের নিজেদের এবং অপ্রাপ্তবয়স্ক শিক্ষার্থীদের ক্ষেত্রে অভিভাবকদের সম্মতি দরকার
- সম্পূর্ণ বেসরকারী শিক্ষাপ্রতিষ্ঠানে ধর্মশিক্ষা দান সম্পর্কে কোনও বাধানিষেধ আরোপ করা হয় নি

5. সংস্কৃতি ও শিক্ষা বিষয়ক অধিকার[ 29 ও 30 নং ধারা ]

যাঁরা সংখ্যালঘু , তাঁরা যাতে নিজেদের ভাষা , লিপি ও সংস্কৃতি রক্ষা করতে পারে সেই উদ্দেশ্যে পরিকল্পিত হয়েছে এই বিশেষ মৌলিক অধিকার - শিক্ষা ও সাংস্কৃতিক অধিকার । সংখ্যালঘুরা যাতে তাঁদের ভাষা ও সংস্কৃতিকে রক্ষা করতে পারে তাই তাঁদের ভাষা ও সংস্কৃতি চর্চার বিশেষ কিছু সুযোগ প্রদান করেছে ভারতীয় সংবিধান । এই সাংবিধানিক সুযোগের পরিপ্রেক্ষিতে তাঁরা নিজস্ব শিক্ষাপ্রতিষ্ঠান স্থাপন করতে পারে এবং নিজেদের ভাষা ও লিপিকে সেখানে নিজেদের বিদ্যাচর্চার মাধ্যম রূপে ব্যবহার করতে পারে ।

একই সাথে এইসমস্ত সংখ্যালঘু নাগরিকদের ‘ সংখ্যলঘু - পরিচিতি ’ যাতে তাঁদের কোনও প্রশাসনিক বঞ্চনার সম্মুখীন না করে সেই উদ্দেশ্যেও বিশেষ সতর্কতা গ্রহণ করা হয়েছে সংবিধান রচনার সময় । রাষ্ট্রপরিচালিত বা রাষ্ট্রের আর্থিক অনুদানপ্রাপ্ত কোনও শিক্ষা প্রতিষ্ঠানে ধর্ম , জাতি অথবা ভাষা র ভিত্তিতে কোনও ছাত্র-ছাত্রীর প্রবেশপথ রুদ্ধ করা যাবে না ।

6.শাসনতান্ত্রিক প্রতিবিধানের অধিকার [ 32 - 35 নং ধারা ]

এই মৌলিক অধিকারটিকে ডক্টর বি আর আম্বেদকার ‘ ভারতীয় সংবিধানের প্রাণ ও আত্মা ’ রূপে বর্ণণা করেছিলেন ।
যদি কখনও কোনও নাগরিকের মৌলিক অধিকার খর্ব হয় , বা খর্ব করার প্রয়াস গৃহীত হয় , তাহলে তিনি তাঁর এই ‘ শাসনতান্ত্রিক প্রতিবিধানের অধিকার ’ প্রয়োগ করে সরাসরি হাইকোর্ট বা সুপ্রিমকোর্টের দ্বারস্থ হতে পারবেন । বিষয়টি শোনার পর যদি মহামান্য আদালত মনে করে , উক্ত ক্ষেত্রে ভারতীয় নাগরিকদের প্রাপ্য মৌলিক অধিকারগুলির মধ্যে কোনও একটি বা একাধিক অধিকার খর্ব করা হয়েছে , তাহলে অবিলম্বে রিট ইস্যু করার মাধ্যমে আবেদনকারীর প্রতি ন্যয়বিচার করবে ।

যদি কোনও নাগরিক বা সংগঠন দেখে কোনও ক্ষেত্রে এক বা একাধিক ভারতীয় নাগরিকের মৌলিক অধিকার খর্ব করা হচ্ছে , তাহলে তাঁরা ‘ জনস্বার্থ মামলা ’ দায়ের করার মাধ্যমে সরাসরি সুপ্রিম কোর্ট বা হাই কোর্টের দৃষ্টি আকর্ষণ করে মহামান্য আদালতের কাছে ন্যয়বিচারের আবেদন জানাতে পারে ।

## রিট বা লেখ

ভারতীয় নাগরিকদের মৌলিক অধিকারগুলি রক্ষার দায়িত্ব ন্যস্ত হয়েছে দেশের বিচারব্যবস্থার স্কন্ধে । ভারতীয় সংবিধানের অনুঝায়ী , মৌলিক অধিকার খর্ব হলে , যে কোনও ভারতীয় নাগরিক সরাসরি সুপ্রিম কোর্ট [ 32 নম্বর ধারা ] বা হাই কোর্ট [ 226 নং ধারা ] এর দ্বারস্থ হতে পারে । মৌলিক অধিকার খর্বের ঘটনা ঘটলে হাই কোর্ট বা সুপ্রিম কোর্ট পাঁচ ধরনের রিট বা লেখ জারি করতে পারে এগুলি হল

1. বন্দী প্রত্যক্ষীকরণ **[ Habeas Corpus ]**
হ্যাবিয়াস করপাস একটি ল্যাটিন শব্দ যার অর্থ ‘ সশরীরে হাজির করা ’ এই রিটের মাধ্যমে আদালত আটককারী কর্তৃপক্ষকে নির্দেশ দেয় আটক ব্যক্তিকে অবিলম্বে আদালতে হাজির করতে । আটক বিধিসম্মত না হলে আদালত আটক ব্যক্তিকে মুক্তির নির্দেশ দেয় ।

2. পরমাদেশ **[ Mandamas ]**
ম্যান্ডেমাস এর অর্থ ‘ **We order** ’ । আদালত এই রিটের মাধ্যমে সরকার , সরকারী ব্যক্তি বা প্রতিষ্ঠানকে তার আইনানুগ কর্তব্যপালনের নির্দেশ দেয় ।

3. প্রতিষেধ **[ Prohibition ]**
এর শব্দার্থ ‘ নিষেধ করা ’ । এই রিটের মাধ্যমে উধর্বতন আদালত নিম্নতন আদালতকে নিজ সীমার মধ্যে কাজ করার নির্দেশ দেয় ।

4. অধিকার পৃচ্ছা **[ Quo-warranto ]**
শব্দার্থ ‘ কোন অধিকারে ’ । আইনসঙ্গতভাবে কোনও বিশেষ পদে নিযুক্ত না হয়েও কোনও ব্যক্তি সেই পদ দাবী করলে তার দাবির বৈধতা বিচারের জন্য এই লেখ জারি করা হয় । দাবি আইনসঙ্গত না হলে সংশ্লিষ্ট ব্যক্তিকে পদচ্যূত করা হয় ।

5. উৎপ্রেষণ **[ Certiorari ]**
শব্দার্থ ‘ বিশেষভাবে জ্ঞাত হওয়া ’ । নিম্নতন আদালত বা বিচারকার্যের ক্ষমতাযুক্ত প্রতিষ্ঠান নিজ এক্তিয়ারের বাইরে গেলে এই রিটের সাহায্যে মামালাকে উধ্বড়তন আদালতে স্থানান্তরিত করা যায় এবং এক্তিয়ার বহির্ভূত সিদ্ধান্তকে বাতিল করা যায় ।

মৌলিক অধিকার সংক্রান্ত কয়েকটি গুরুত্বপূর্ণ তথ্য ঃ

- (a) সংস্কৃতি ও শিক্ষা বিষয়ক অধিকার [ 29 ও 30 নং ধারা ] এর মূল উদ্দেশ্য ' সংখ্যালঘুদের সংস্কৃতি সংরক্ষণ ' ।
- (b) মৌলিক অধিকারগুলির মধ্যে যে মৌলিক অধিকারকে নিয়ে সবচেয়ে বেশীবার আইনী জটিলতা সৃষ্টি হয়েছে সেটি হল -সম্পত্তির অধিকার ।
- মূল সংবিধানে সম্পত্তির অধিকার বর্ণিত হয়েছিল 31 নং অনুচ্ছেদে । 44 তম সংবিধান সংশোধনীর মাধ্যমে এটি স্থানান্তরিত হয়েছে 300(a) নং অনুচ্ছেদে । বর্তমানে এটি একটি আইনী অধিকার ।
- *(c) সাংবিধানিক প্রতিবিধানিক অধিকারটিকে বি. আর. আম্বেদকার সংবিধানের হৃদয় ও আত্মা রূপে বর্ণণা করেছেন ।
- (d) ভারতীয় সংবিধানের অনুঝায়ী , মৌলিক অধিকার খর্ব হলে , যে কোনও ভারতীয় নাগরিক সরাসরি সুপ্রিম কোর্ট [ 32 নম্বর ধারা ] বা হাই কোর্ট [ 226 নং ধারা ] এর দ্বারস্থ হতে পারে । মৌলিক অধিকার খর্বের ঘটনা ঘটলে হাই কোর্ট বা সুপ্রিম কোর্ট পাঁচ ধরনের রিট বা লেখ জারি করতে পারে এগুলি হল
- *(e) সংবিধানের 17 নম্বর অনুচ্ছেদ অনুসারে , সাম্যের অধিকার রক্ষা র উদ্দেশ্যে পাশ করা হয়েছে অস্পৃশ্যতা নিষিদ্ধকরণ আইন
- *(f) ভারতীয় সংবিধানের 19 নম্বর ধারায় ভারতীয় নাগরিকদের ছ'টি ' মৌলিক স্বাধীনতা ' প্রদানের অঙ্গীকার করা হয়েছে ।
- *(g) মৌলিক অধিকারগুলি স্থগিত রাখার আদেশ দিতে পারেন - মন্ত্রীসভার অনুমোদনক্রমে রাষ্ট্রপতি [ জাতীয় জরুরি অবস্থা ]
- (h) ভারতীয় সংবিধানের 18 নম্বর ধারার অধীনে ভারত সরকার ' ভারতরত্ন ' ও ' পদ্মশ্রী ' পুরষ্কার প্রদান করে
- (i) সংবিধানের 20 ও 21 ধারা ধারা কোনও অবস্থাতেই স্থগিত রাখা যায় না
- (k) মৌলিক অধিকারের ধারণা ভারতের স্বাধীনতা সংগ্রামের প্রেক্ষাপটে বহুবার চর্চিত হয়েছে ভারতীয় সংবিধান রচনার বহু আগে থেকেই । 1931 সালে , সর্দার বল্লভভাই প্যাটেলের নেতৃত্বে ভারতীয় জাতীয় কংগ্রেসের করাচি অধিবেশনে ' মৌলিক অধিকার ' এর সমর্থনে একটি প্রস্তান গৃহীত হয় ।

মৌলিক অধিকারের সাথে সাধারণ আইনী অধিকারের পার্থক্য ঃ

- ভারতীয় নাগরিকদের সাধারণ আইনী অধিকার রক্ষার্থে আছে সাধারণ আইন । যদি কোনও নাগরিকের এই জাতীয় অধিকার খর্ব হয় তাহলে তিনি সাব-অর্ডিনেট কোর্টে মামলা করতে পারেন , বিশেষ ক্ষেত্রে তিনি হাই কোর্টেরও শরণাপন্ন হতে পারেন । অন্যদিকে ভারতীয় নাগরিকদের মৌলিক অধিকার রক্ষার দায়িত্ব ভারতীয় সংবিধান অর্পণ করেছে সুপ্রিম কোর্ট এবং হাই কোর্টেড় স্কন্ধে । কোনও নাগরিকের

**এক বা একাধিক মৌলিক অধিকার খর্ব হলে বা সেটি ঘটার সম্ভাবনা দেখা দিলে সেই নাগরিক সরাসরি সুপ্রিম কোর্ট ও অথবা হাই কোর্টের দ্বারস্থ হতে পারেন । সেক্ষেত্রে আবেদন বিবেচনার পর সুপ্রিম কোর্ট বা হাই কোর্ট যদি সেটি যথার্থ বলে বিবেচনা করে তাহলে অবিলম্বে রিট জারি করে সুবিচারের বন্দোবস্ত করবে ।**

- সাধারণ অধীকারগুলি দেশের সাধারণ আইনের দ্বারা সংরক্ষিত ও রূপায়িত হয় এবং মৌলিক অধিকারগুলি দেশের মৌলিক আইন অর্থাৎ সংবিধান দ্বারা স্বীকৃত ও সংরক্ষিত হয় ।
- মৌলিক অধিকারগুলি দেশের আইন-বিভাগ ও শাসন বিভাগের সম্পূর্ণ নিয়ন্ত্রণমুক্ত , অন্যান্য অধিকারগুলি তা নয় ।
- সংবিধানের সংশোধন ছাড়া কোনও মৌলিক অধিকারগুলিতে কোনও পরিবর্তন আনা যায় না , সাধারণ আইনগুলি পরিবর্তনের ক্ষেত্রে আইনসভায় সাধারণ আইন পাশের যে পদ্ধতি সেই পদ্ধতিতেই পরিবর্তন আনা যায় ( সংবিধান সংশোধনের প্রয়োজন নেই ) ।

**মৌলিক অধিকার প্রত্যাহারের বিশেষ ক্ষেত্র ঃ**

- **যুদ্ধ অথবা বহিরাক্রমণ এর ক্ষেত্রে রাষ্ট্রপতি যখন ভারতীয় সংবিধানের** 352 **নং ধারার অধীনে জাতীয় জরুরি অবস্থা জারি করেন তখন সেই আদেশ জারির সাথে সাথে ভারতীয় সংবিধানের** 19 **নং ধারায় ভারতীয় নাগরিকদের প্রদত্ত ছ'টি মৌলিক অধিকার প্রত্যাহৃত হয় ।**
- 19 **নং ধারা ব্যতিরিকে যে মৌলিক অধিকারগুলি ভারতীয় নাগরিকরা সাধারণ সময়ে উপভোগ করেন , জরুরি অবস্থাকালীন সময়ে সেগুলির মধ্যে যে কোনও একটি অথবা একাধিক কিংবা সব ক'টি প্রত্যহার করার অধিকার ভারতীয় সংবিধান প্রদান করেছে রাষ্ট্রপতিকে কিন্তু এক্ষেত্রে মৌলিক অধিকার প্রত্যহারের বিষয়ে রাষ্ট্রপতিকে একটি পৃথক আদেশ জারি করতে হয় ( ভারতীয় সংবিধানের** 359 **নং ধারা ) .**
- 1978 **সালে ,** 44 **তম সংশোধনীতে বলা হয়েছে কোনও অবস্থাতেই ( জাতীয় জরুরির অবস্থার সময়েও নয় ) ভারতীয় সংবিধানের** 20 **নং এবং** 21 **নং ধারার অধীনে প্রদত্ত অধিকারদ্বয় প্রত্যাহার করা যাবে না ।**

## অনুশীলনী -6(a)

[ উপজীব্য ঃমৌলিক অধিকার ]

(1 ) নিম্নলিখিত কোন্‌টি একটি মৌলিক অধিকার নয় ?

(a) সম্পত্তির অধিকার (b) একজায়গায় শান্তিপূর্ণভাবে একত্রিত হওয়ার অধিকার (c) দেশের যে কোনও প্রান্তে স্বাধীনভাবে ঘোরাফেরার করার অধিকার (d) সাংবিধানিক প্রতিবিধানের অধিকার

[ পি এস সি ক্লার্কশিপ ( প্রিলিম ) '00]

(2 ) ভারতীয় সংবিধানের কোন্ পার্টে মৌলিক অধিকার সংক্রান্ত আলোচনা আছে ?

(a) পার্ট ফোর (b) পার্ট ফোর এ (c) পার্ট ফাইভ (d) পার্ট থ্রি

[ পি.এস.সি. মিসেলিনিয়াস (প্রিলিম) '98 , পি এস সি ক্লার্কশিপ ( প্রিলিম ) '99]

(3 ) '' হেবিয়াস কর্পাস '' শব্দটির সঠিক ব্যঞ্জনা

(a). কোনও ব্যক্তিকে জেলার ভেতর আটকে রাখা (b) কোনও ব্যক্তিকে সশরীরে উপস্থিত করা (c) কোনও ব্যক্তিকে অপসারণ করা (d). উপরোক্ত কোনটিই নয় [ ডব্লু. বি. সি. এস. ( প্রিলিম ) '12 ]

(4 ) ভারতীয় সংবিধানের 24 নং ধারায় কোনও কারখানায় শিশুদের নিয়োগ নিষিদ্ধ করা হয় যদি তাদের বয়স হয়

(a) 14 বছরের কম (b)12 বছরের কম (c) 7 বছরের কম (d) 15 বছরের কম [ ডব্লু. বি. সি. এস. ( প্রিলিম ) '11 ]

(5 ) নিম্নলিখিতগুলির মধ্যে কোন্‌টি মৌলিক অধিকার নয় ?

(a) সমতার অধিকার (b) ধর্মের স্বাধীনতার অধিকার (c) ধর্মঘট করার অধিকার (d) শোষণের বিরুদ্ধে অধিকার [ ডব্লু. বি. সি. এস. ( প্রিলিম ) '05 ]

(6 ) কোন্ মৌলিক অধিকারটিকে বি. আর. আম্বেদকার সংবিধানের হৃদয় ও আত্মা রূপে বর্ণণা করেছেন ?

(a) সম্পত্তির অধিকার ্ (b) ধর্মের অধীকার (c) সাংবিধানিক প্রতিবিধানিক অধিকার (d) উপরোক্ত সবক'টি [ পি.এস.সি. মিসেলিনিয়াস (প্রিলিম) '02 , '99 ]

(7 ) বর্তমানে ভারতীয় সংবিধানে কয়টি মৌলিক অধিকার আছে ?

(a) 6 (b) 7 (c) 8 (d) 9

[ পি.এস.সি. মিসেলিনিয়াস (প্রিলিম) '99 , '10, পি.এস.সি. ফুড ইন্সপেক্টর '06 ]

(8 ) ভারতীয় সংবিধানের অন্তর্ভুক্ত 'শোষণের বিরুদ্ধে অধিকার' রক্ষা করে

(a) শিশুদের (b) শ্রমিকদের (c) সরকারী চাকুরেদের (d) আইনসভার সদস্যদের

[ পি.এস.সি. মিসেলিনিয়াস (প্রিলিম) '02]

(9 ) নিম্নলিখিত কোন্ রিটটি ব্যক্তিগত স্বাধীনতার নিশ্চয়তা প্রদান করে

(a) ম্যান্ডামাস (b) হেবিয়াস করপাস (c) কারটিওরারি (d) কুয়ো ওয়ারান্টো

[পি.এস.সি. মিসেলিনিয়াস (প্রিলিম) '99]

(10 ) কোন্ মৌলিক অধিকার রক্ষা র উদ্দেশ্যে পাশ করা হয়েছে অস্পৃশ্যতা নিষিদ্ধকরণ আইন

(a) সাম্যের অধিকার (b) শোষণের বিরুদ্ধে অধিকার (গ) সাংস্কৃতিক ও শিক্ষা সংক্রান্ত অধিকার (d) স্বাধীনতার অধিকার [ পি.এস.সি. মিসেলিনিয়াস (প্রিলিম) '98 ]

(11 ) ভারতীয় সংবিধানের কত নম্বর ধারায় ভারতীয় নাগরিকদের কয়েকটি ' মৌলিক স্বাধীনতা ' প্রদানের অঙ্গীকার করা হয়েছে ?

(a) 14 নম্বর (b) 15 নম্বর (c) 19 নম্বর (d) 21 নম্বর

[ পি.এস.সি. মিসেলিনিয়াস (প্রিলিম) '98]

(12 ) ভারতীয় সংবিধানের 19 নম্বর ধারার বিষয়বস্তু হল

(a) সাম্যের অধিকার (b) ধর্মীয় স্বাধীনতার অধিকার (c) শোষণের বিরুদ্ধে অধিকার (d) স্বাধীনতার অধিকার [ পি এস সি মিসেলিনিয়াস ( প্রিলিম ) '08]

(13 ) মৌলিক অধিকার কার্যকর করার দায়িত্ব কোন্ বিচারালয়ের ?

(a) সুপ্রিম কোর্ট (b) হাইকোর্ট (c) জেলা আদালত (d) a ও b উভয়ই

[পি এস সি ক্লার্কশিপ ( প্রিলিম ) '04]

(14 ) সংবিধানের কত নম্বর ধারায় বলা হয়েছে - মৌলিক অধিকার খর্ব হলে , ভারতের যে কোন নাগরিক , সরাসরি সুপ্রিম কোর্টের দ্বারস্থ হতে পারেন ?

(a) 31 নম্বর (b) 29 নম্বর (c) 32 নম্বর (d) 33 নম্বর

[ পি.এস.সি. মিসেলিনিয়াস (প্রিলিম) '99 ]

(15 ) ভারতীয় সংবিধানের 25 নং ধারায় উল্লেখ আছে

(a) সাংস্কৃতিক ও শিক্ষা সংক্রান্ত অধিকার (b) ধর্মের স্বাধীনতার অধিকার (c) শোষণের বিরুদ্ধে অধিকার (d) সরকারী শিক্ষাপ্রতিষ্ঠানে ধর্মশিক্ষার উপর নিষেধাজ্ঞা [ ডব্লু. বি. সি. এস. ( প্রিলিম ) '05 ]

(16 ) মৌলিক অধিকারগুলি স্থগিত রাখার আদেশ দিতে পারেন

(a) সংসদ (b) সংসদের অনুমোদন সাপেক্ষে রাষ্ট্রপতি (c) সর্বোচ্চ আদালতের সুপারিশক্রমে রাষ্ট্রপতি (d) মন্ত্রীসভার অনুমোদনক্রমে রাষ্ট্রপতি [ পি. এস. সি. মিসেলিনিয়াস (প্রিলিম) '04 ]

(17 ) কততম সংবিধান সংশোধনীর মাধ্যমে ' সম্পত্তির অধিকার 'কে মৌলিক অধিকারের তালিকা থেকে বহির্ভূত করা হয়েছিল ?

(a) চল্লিশতম (b) একচল্লিশতম (c) তেতাল্লিশতম (d) চুয়াল্লিশতম

[ ডব্লু. বি. সি. এস. ( প্রিলিম ) '05 ]

(18 ) নিম্নলিখিত কোন্ অধিকারটি বর্তমানে একটি সংবিধান প্রবত্ত মৌলিক অধিকার নয়

(a) সাম্যের অধিকার (b) স্বাধীনতার অধিকার (c) সম্পত্তির অধিকার (d) শোষণের দিরুদ্ধে অধিকার

[ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '00 ]

(19 ) নিম্নলিখিত কোন্টি মৌলিক অধিকার নয়

(a) শোষণের বিরুদ্ধে অধিকার (b) একই কাজের জন্য একই পারিশ্রমিক (c) ইকুয়ালিটি বিফোর ল (d) ধর্মের অধিকার [ পি এস সি ক্লার্কশিপ ( প্রিলিম ) '04 , পি.এস.সি. মিসেলিনিয়াস (প্রিলিম) '99]

(20 ) ভারতীয় সংবিধানের কোন্ ধারায় যে কোন ধরনের অস্পৃশ্যতাকে অসাংবিধানিক হিসাবে ঘোষণা করা হয়েছে ?

(a) 44 নং ধারা (b) 14 নং ধারা (c) 45 নং ধারা (d) 17 নং ধারা

[ পি.এস.সি. মিসেলিনিয়াস (প্রিলিম) '00 ]

উত্তরমালা- 6(a)

1. (a) , 2. (d), 3. (b) , 4. (a) ,5. (c) , 6.(c) ,7. (b) , 8. (a) , 9. (b) ,10.(a) , 11.(c) ,12..(d), 13.(d) , 14.(c),15. (b), 16.(d) ,17..(d) ,18. (c) , 19. (b) , 20. (d)

অনুশীলনী -6(b)

[ উপজীব্য ঃমৌলিক অধিকার ]

(1 ) নিম্নলিখিত মৌলিক অধিকারগুলির মধ্যে কোন্‌টি বিদেশীরাও পেতে পারেন -
(a) বাক্‌ ও মতামত প্রকাশের স্বাধীনতা (b) সরকারি চাকরি পাওয়ার অধিকার (c) চলাচল , বসবাস ও পেশার স্বাধীনতা (d) সাংবিধানিক প্রতিবিধানের অধিকার

(2 ) কোন্‌ মৌলিক অধিকার অনুযায়ী শিখরা ' কৃপাণ ' বহন করতে পারে ?
(a) ধর্মীয় স্বাধীনতার অধিকার (b) স্বাধীনতার অধিকার (c) সাম্যের অধিকার (d) সংস্কৃতি ও শিক্ষা বিষয়ক অধিকার

(3 ) কোন্‌ মৌলিক অধিকারকে নিয়ে সবচেয়ে বেশীবার আইনী জটিলতা সৃষ্টি হয়েছে ?
(a) বাক্‌ স্বাধীনতার অধিকার (b)শাসনতান্ত্রিক প্রতিবিধানের অধিকার (c) সম্পত্তির অধিকার (d) ধর্মীয় স্বাধীনতার অধীকার

(4 ) ভারতীয় নাগরিকদের মৌলিক অধিকার -
(a) মূল সংবিধানে ছিল (b) সংসদীয় আইনের মাধ্যমে অন্তর্ভুক্ত হয় (c) 42 তম সংবিধান সংশোধনীর মাধ্যমে সংবিধানের অন্তর্ভুক্ত হয় (d) 44 তম সংবিধান সংশোধনীর মাধ্যমে সংবিধানের অন্তর্ভুক্ত হয়

(5 ) সংস্কৃতি ও শিক্ষা বিষয়ক অধীকারের উদ্দেশ্য হল -
(a) রাষ্ট্রের ঐক্য রক্ষা (b) এক অখন্ড ভারতীয় সংস্কৃতির উন্মেষ (c) সংখ্যালঘুদের সংস্কৃতি সংরক্ষণ (d) উপরোক্ত সব ক'টি

(6 ) সাম্যের অধিকার সংবিধানের কোন্‌ কোন্‌ অনুচ্ছেদে বর্ণিত হয়েছে ?
(a) 14 - 18 নম্বর অনুচ্ছেদে (b) 19 - 22নম্বর অনুচ্ছেদে (c) 20 - 22 নম্বর অনুচ্ছেদে (d) 23 - 24 নম্বর অনুচ্ছেদে

(7 ) শাসনতান্ত্রিক প্রতিবিধানের অধিকার সংবিধানের কোন্‌ ধারায় উল্লিখিত হয়েছে ?

(a) 19 ধারায় (b) 20 ধারায় (c) 21 ধারায় (d) 32 ধারায়

(8 ) মৌলিক অধিকারের মুখ্য উদ্দেশ্য হল -
(a) বিচারবিভাগের নিরাপত্তা নিশ্চিত করা (b) সমাজতান্ত্রিক সমাজ প্রতিষ্ঠা করা (c) ব্যগতিগত স্বাধীনতা নিশ্চিত করা (d) উপরোক্ত কোনটিই নয়

(9 ) ধর্মীয় স্বাধীনতার অধিকার সংবিধানের কোন্ কোন্ ধারায় উল্লিখিত হয়েছে ?
(a) 14-18 ধারায় (b)19-22 ধারায় (c) 23 - 24 ধারায় (d) 25- 28 ধারায়

(10 ) সংস্কৃতি ও শিক্ষা বিষয়ক অধিকার সংবিধানের কোন্ কোন্ ধারায় উল্লিখিত হয়েছে ?
(a) 14-18 ধারায় (b)19-22 ধারায় (c) 29-30 ধারায় (d) 32 ধারায়

(11 ) সংবিধানের কোন্ কোন্ ধারা কোনও অবস্থাতেই স্থগিত রাখা যায় না ?
(a) 14 ও 15 ধারা (b) 16 ও 17 ধারা (c) 20 ও 21 ধারা (d) 29 ও 30 ধারা

(12 ) ভারতীয় নাগরিকদের মৌি লক অধিকার স্থগিত রাখা যায় -
(a) জাতীয় জরুরি অবস্থা জারি হলে (b) যে কোনও ধরনের জরুরি অবস্থা জারি হলে (c) সুপ্রিমকোর্টের অনুমতি নিয়ে (d) যুদ্ধ ঘোষিত হলে

(13 ) কোন্ মৌলিক অধিকার নিবর্তনমূলক আইন দ্বারা সংযত হয় ?
(a) সাম্যের অধিকার (b) স্বাধীনতার অধিকার (c) ধর্মীয় স্বাধীনতার অধিকার (d) শাসনতান্ত্রিক প্রতিবিধানের অধিকার

(14 ) মৌলিক অধিকার রদ করতে পারেন ট্র
(a) রাষ্ট্রপতি (b) প্রধানমন্ত্রী (c) রাজ্যপাল (d) সুপ্রিম কোর্ট

(15 ) ভারত সরকার ভারতরত্ন এবং পদ্মশ্রী খেতাব প্রদান করে -
(a) 14 নম্বর অনুচ্ছদের অধীনে (b) 18 নম্বর অনুচ্ছদের অধীনে (c) 22 নম্বর অনুচ্ছদের অধীনে (d) 25 নম্বর অনুচ্ছদের অধীনে

(16 ) মৌলিক অধিকার সংশোধনের অধিকার আছে -
(a) রাষ্ট্রপতির (b) প্রধানমন্ত্রীর (c) সংসদের (d) সুপ্রিম কোর্টের

(17 ) বর্তমানে সম্পত্তির অধিকার হল -

(a) আইনগত অধিকার (b) মৌলিক অধিকার (c) মানবাধিকার (d) প্রাকৃতিক অধিকার

(18 ) মৌলিক অধিকার বলবৎ করার জন্য আদালত জারি করতে পারে ?
(a) লেখ (b) আদেশ (c) অধ্যাদেশ (d) বিজ্ঞপ্তি

(19 ) ভারতীয় সংবিধানের কোন্ ধারায় বলা হয়েছে যে , রাষ্ট্র যদি সংখ্যালঘু শিক্ষা প্রতিষ্ঠানের কোনও সম্পত্তি হস্তগত করে তবে রাষ্ট্রকে সম্পূর্ণ ক্ষতিপূরণ দিতে হবে ?
(a) 29(1) নং ধারা (b) 30(1A) ধারা (c) 32(1) নং ধারা (d) 28(1A) নং ধারা

(20 ) ভারতীয় সংবিধানের কোন্ ধারায় অন্যায়ভাবে গ্রেপ্তার ও আটকের বিরুদ্ধে সংরক্ষণমূলক ব্যবস্থা নেওয়া হয়েছে ?
(a) 20 নং ধারা (b) 21 নং ধারা (c) 22 নং ধারা (d) 23 নং ধারা

(21 ) স্বাধীনতার অধিকারকে নিয়ন্ত্রিত করা যায় -
(a) রাষ্ট্রের নিরাপত্তার কারণে (b)বিদেশী রাষ্ট্রের সাথে বন্ধুত্বমূলক সম্পর্ক রক্ষার্থে (c) জনশৃঙ্খলার কারণে (d) উপরোক্ত সব ক'টি কারণের জন্য

(22 ) শোষণের বিরুদ্ধে অধিকার সংবিধানের কোন্ কোন্ ধারায় উল্লিখিত হয়েছে ?
(a) 19-22 ধারায় (b) 23-24 ধারায় (c) 25 - 28 ধারায় (d) 29 - 30 ধারায়

(23 ) সুপ্রিম কোর্ট বা হাই কোর্ট মোট কত ধরনের রিট জারি করতে পারে ?
(a) 3 .(b) 4 (c) 5(d)6

(24 ) ভারতীয় সংবিধানের কত নম্বর ধারার অধীনে ভারত সরকার ' ভারতরত্ন ' ও ' পদ্মশ্রী ' পুরস্কার প্রদান করে ?
(a) 14 নং (b) 17 নং (c) 18 নং (d) 29 নং

(25 ) ভারতীয় নাগরিকদের মৌলিক অধিকার অন্তর্ভুক্ত হয়েছে সংবিধানের -
(a) তৃতীয় ভাগে (b) চতুর্থ ভাগে (c) পঞ্চম ভাগে (d) ষষ্ঠ ভাগে

(26) মূল সংবিধানে ভারতীয় নাগরিকদের মৌলিক অধিকারের সংখ্যা ছিল -
(a) 6 টি (b)7 টি (c) 9 টি (d) 10 টি

(27 ) ভারতীয় সংবিধানের 30 নং ধারার আলোচ্য বিষয়

(a) সুপ্রিম কোর্টের বিচারপতিদের অপসারণের পদ্ধতি (b) সংলঘুদের জন্য নিজেদের শিক্ষাপ্রতিষ্ঠান স্থাপন ও পরিচালনার অধিকার সামাজিক ভাবে এবং শিক্ষাক্ষেত্রে পশ্চাদপদ শ্রেণীর জন্য চাকরিতে আসন সংরক্ষণের ব্যবস্থা (d) উপরোক্ত কোনটিই নয়

(28 ) 1976 সালের 42 তম সংবিধান সংশোধনীর পূর্বে , ভারতীয় সংবিধানের মাত্র একটি ধারায় উল্লিখিত হয়েছিল ' ধর্মনিরপেক্ষ ' শব্দটি , ধারাটি হল -

(a) 25 নং ধারা .(b) 26 নং ধারা (c) 27 নং ধারা (d) 28 নং ধারা

(29 ) শিক্ষার অধিকার আইন , 2008 এ প্রাইভেট স্কুলগুলিতে সমাজের দুর্বলতর শ্রেণীর শিশুদের জন্য কত শতাংশ আসন সংরক্ষণের কথা বলা হয়েছে ?

(a) 10% (b) 20%(c) 25% (d) 33%

(30 ) ভারতীয় সংবিধানের 14 নং ধারায় বর্ণিত ' রুল অফ ল ' কে সংশোধন করা যায় নিম্নলিখিত কোন্ ধারাটির অধীনে ?

(a) 368 নং ধারা .(b) 354 নং ধারা (c) 355 নং ধারা (d) উপরোক্ত কোনটিই নয়

(31 ) প্রদত্ত তথ্যগুলির মধ্যে কোন্টি সঠিক ?

1.সংবিধানের 18 নং ধারা বলা হয়েছে যে সামরিক বা শিক্ষাগত উৎকর্ষ কোনও ক্ষেত্রেই রাষ্ট্র কোনও উপাধি প্রদান করতে পারবে না

2.ভারত রত্নের মতো খেতাবগুলিকে 18 নং ধারায় বর্ণিত উপাধিগুলির একটি ব্যতিক্রম রূপে গণ্য করা হয়

3. উপাধি প্রদান ভারতীয় সংবিধানে বর্ণিত ' সাম্যের অধিকার ' এর পরিপন্থী

(a) 1 , 2 এবং 3 .(b) কেবলমাতর 1 (c) কেবলমাত্র 1 এবং 2 (d) কেবলমাত্র 1 এবং 3

(32 ) ভারতীয় সংবিধানের কোন্ ধারায় বলা হয়েছে যে, জরুরী অবস্থা ঘোষণাকালীন সময় ছাড়া মৌলিক অধিকারগুলিকে বাতিল করা যায় না ?

(a) 352 নং ধারা (b) 356 নং ধারা (c) 360 নং ধারা (d) 359 নং ধারা

(33 ) ভারতীয় সংবিধানে অন্তর্ভুক্ত মৌলিক অধিকারের দারণার সাথে নিম্ন লিখিত কোন্টির ঘনিষ্ঠ সম্পর্ক আছে ?

(a) সাইমন কমিশন রিপোর্ট , 1927 (b) নেহেরু কমিটি রিপোর্ট , 1928 (c) স্বরাজ বিল , 1895 (d) সাংবিধানিক প্রস্তাবগুলির ওপর সাপ্রু কমিটি রিপোর্ট , 1945

(34 ) ভারতীয় সংবিধানের কত নম্বর ধারায় ভারতীয় নাগরিকদের যে কোনও পেশা গ্রহণ ও ব্যবসা বাণিজ্য করার অধিকার প্রদান করা হয়েছে ?

(a) 19(1) B নং ধারায় (b) 19(1) D নং ধারায় (c) 19(1) AE নং ধারায় (d) 19(1)G নং ধারায়

(35 ) ভারতীয় সংবিধানের কত নম্বর ধারায় সুপ্রিম কোর্টকে ভারতীয় নাগরিকদের মৌলিক অধিকারগুলির সংরক্ষক ও অভিভাবক রূপে উল্লেখ করা হয়েছে ?

.(a) 32 ( 1)নং ধারা .(b) 33(1)নং ধারা .(c) 13(1) নং ধারা (d) 14(1) নং ধারা

(36 ) যৌক্তিকতার বিচার ( Test of reasonableness ) নিম্নলিখিত কোন্ ধারাটির সাথে সম্পর্কিত ?

(a) 13 .(b) 14 (c) 15 (d) 16

(37 ) প্রশাসনের হাতে বন্দী ব্যক্তিদের জন্য মৌলিক অধিকারের কথা উল্লিখিত হয়েছে ভারতীয় সংবিধানের কত নম্বর ধারায় ?

(a) 14 নং ধারা .(b) 19 নং ধারা (c) 22 নং ধারা (d) 21নং ধারা

(38 ) ভারতীয় সংবিধানের কোন্ ধারায় বলা হয়েছে যে, সংখ্যালঘু ধর্মীয় সম্প্রদায়ের নিজস্ব সংস্কৃতির উপর রাষ্ট্র অপর কোনও সংস্কৃতি চাপিয়ে দেবে না ?

(a) 25(1) নং ধারা (b) 29(1) নং ধারা (c) 28(1) নং ধারা (d) 30(1) নং ধারা

(39 ) ভারতীয় সংবিধানের কোন্ ধারায় আদালতকে ক্ষমতা দেওয়া হয়েছে মৌলিক অধিকারগুলিকে বাতিল করা যাবে না ?

(a) 13 নং ধারা (b) 14 নং ধারা (c) 15 নং ধারা (d) 16 নং ধারা

(40 ) ভারতীয় সংবিধানের কোন্ ধারা অনুসারে সংখ্যালঘু শ্রেণী তাদের নিজস্ব শিক্ষা প্রতিষ্ঠান নিজেরাই স্থাপন ও রক্ষণাবেক্ষণ করতে পারবে ?

(a) 25 নং ধারা (b) 28 নং ধারা (c) 29 নং ধারা (d) 30 নং ধারা

(41 ) নিম্নলিখিত কোন্ ক্ষেত্রে ম্যান্ডামাস নামক রিট্টি জারি করা হয় ?

(a) মৌলিক অধিকারের বলবৎকরণকোনও আদালত অথবা ট্রাইবুনালকে তার বিচারবিভাগীয় ক্ষমতা প্রয়োগ করার নির্দেশ দানের জন্য যখন সে সেই ক্ষমতা প্রয়োগ করতে অস্বীকার করেছে (b) কোনও সরকারী আধিকারিককে অসাংবিধানিক কোনও আইন প্রয়োগ করার থেকে বিরত থাকার নির্দেশ প্রদান

(d) উপরোক্ত সব ক'টি

(42 ) পরমাদেশ ( ম্যান্ডামাস ) কাদের ক্ষেত্রে জারী করা যায় না ?

(a) রাষ্ট্রপতির ক্ষেত্রে (b) রাজ্যপালের ক্ষেত্রে (c) কোনও বেসরকারী আধিকারিকের ক্ষেত্রে (d) উপরোক্ত সবগু'লি ক্ষেত্রেই

(43 ) ভারতীয় সংবিধান অনুসারে গ্রেপ্তার বা আটক ব্যক্তি কোন্ সুযোগটি ভোগ করেন ?

(a) গ্রেপ্তারের কারণ জানাতে পারা (b) পছন্দমতো আইনজীবীর সাথে পরামর্শ করা (c) আত্মপক্ষ সমর্থনের অধিকার (d) উপরোক্ত সবগুলিই

(44 ) ভারতীয় সংবিধানের পার্ট থ্রি এবং পার্ট ফোর এর মধ্যে বিরোধ বাধলে , সংবিধান অনুসারে কোন্ অংশটি কার্যকর হবে ?

(a) পার্ট থ্রি (b) পার্ট ফোর (c) উভয়েই (d) দু'টি অংশই বাতিল হবে

(45 ) ভারতীয় সংবিধানের কত নম্বর ধারায় বলা হয়েছে যে , একই ব্যক্তিকে একই অপরাধের জন্য দু'বার শাস্তি প্রদান করা যাবে না ?

(a) 18 .(b) 19 (c) 20 (d) 21

(46 ) ভারতীয় সংবিধানের নিম্নলিখিত অংশগুলির মধ্যে কোন্‌টি রাষ্ট্র সঙ্ঘের স্ট্যান্ডার্ড সেটিং চার্টার এবং ইউনিভার্সাল ডিক্লারেশন অফ হিউম্যান রাইটস্ , 1948 এর মিল আছে ?

(a) পার্ট টু .(b) পার্ট থ্রি (c) পার্ট ফোর (d) পার্ট ফোর এ

(47 ) নিম্ন লিখিত মামলাগুলির মধ্যে কোন্‌টিতে সুপ্রিম কোর্ট এই মর্মে রায় দান করে যে , হরতাল বা বন্ধপালন বেআইনী তার কারণ এটি জাতীয় ক্ষতির সাথে সাথে ভারতীয় সংবিধানের 19(1) নং ধারা ও 21 নং ধারার পরিপন্থী ?

(a) পিপলস্ ইউনিয়ান ফর সিভিল লিবার্টিজ বনাম ভারত সরকার .(b) কমিউনিস্ট পার্টি অফ ইন্ডিয়া ( মার্কসিস্ট ) বনাম ভারত কুমার ও অন্যান্যরা

(c) টাটা প্রেস লিমিটেড বনাম এম টি এন এল (d) ভারত সরকার বনাম অ্যাসোসিয়েশন ফর ডেমোক্রেটিক রিফর্মস্

(48 ) 44 তম সংবিধান সংশোধনীর পূর্বে সম্পত্তির অধিকার বর্ণিত হয়েছিল ভারতীয় সংবিধানের কত নম্বর ধারায় ?

(a) 31 .(b) 32 (c) 15 (d) 19

(49) সরকারী কোনও পদে কোনও ব্যক্তি অনায্যভাবে দখল করে থাকলে সুপ্রিম কোর্ট কোন্ লেখটি জারিকরতে পারে ?

(a) পরমাদেশ (b) উৎপ্রেষণ (c) অধিকার পৃচ্ছা (d) প্রতিষেধ

**উত্তরমালা - 6(b)**

1. (d) , 2. (a) , 3. (c) , 4.(a) , 5. (c) , 6.(a) , 7.(d) , 8. (c) ,9. (d) , 10.(c),
11. (c), 12. (a) , 13.(b) ,14. (a) , 15. (b) ,16.(c) ,17.(a) , 18.(a) , 19.(b), 20.(c),
21. (d) ,22.(b) ,23.(c) ,.24. (c) ,25.(a) ,26.(b) ,27.(b) , 28.(a) ,29.(c), .30.(d)
31. (d) ,32.(d) ,33.(d) , 34.(d) ,35.(a) , 36.(b) , 37.(d) , 38.(b) ,39.(a),. 40.(d)
41. (d) , 42.(d) , 43.(d) , 44.(a) , 45.(c) , 46.(b) , 47.(b) , 48.(a) , 49.(c),.

**মৌলিক অধিকার সংক্রান্ত বিভিন্ন ধারা ও তাদের আলোচ্য বিষয় ঃ**

- 12 নং ধারা রাষ্ট্রের সংজ্ঞা ও বর্ণণা
- 13 নং ধারা মৌলিক অধিকারগুলির সাথে সঙ্গতিহীন আইন অথবা মৌলিক অধিকারগুলিকে খর্ব করে এমন আইন বাতিলযোগ্য
- 14 নং ধারা সাম্যের অধিকার
- 15 নং ধারা জাতি , ধর্ম , বর্ণ , লিঙ্গ , জন্মস্থান ইত্যাদি নির্বিশেষে যে কোনও প্রকার বৈষম্যকে নিষিদ্ধকরণ
- 16 নং ধারা সরকারী চাকরিলাভের ক্ষেত্রে সকল নাগরিকের সমানাধিকার
- 17 নং ধারা অস্পৃশ্যতা নিষিদ্ধকরণ
- 18 নং ধারা খেতাব প্রদান-গ্রহণ নিষিদ্ধকরণ
- 19 নং ধারা ছ’টি মৌলিক স্বাধীনতা
- 20 নং ধারা বিধিবহির্ভূত ও অতিরিক্ত শাস্তিপ্রদান নিষিদ্ধকরণ
- 21 নং ধারা জীবন ও ব্যক্তিগত স্বাধীনতার সংরক্ষণ

- 21(a) নং ধারা প্রাথমিক শিক্ষালাভের মৌলিক অধিকার
- 22 নং ধারা আটক ব্যক্তিদের অধিকার
- 23 নং ধারা বিনা পরিশ্রমিকে কাউকে শ্রমদানে বাধ্য করা , শিশু ও মহিলাদের পাচার বা এই জাতীয় মানবসম্পদ কেনাবেচা নিষিদ্ধকরণ
- 24 নং ধারা কারখানা , খনি কিংবা অন্য কোনও বিপজ্জনক কাজে 14 বছরের কমবয়সী শিশুশ্রমিক নিয়োগ নিষিদ্ধকরণ
- 25 নং ধারা ব্যক্তিগত ধর্মীয় স্বাধীঔনতার সংরক্ষণ
- 26 নং ধারা ধর্মীয় কর্মকান্ড পরিচালনার স্বাধীনতা
- 27 নং ধারা ধর্মের ওপর রাষ্ট্র কর্তৃক কর আরোপ নিষিদ্ধকরণ
- 28 নং ধারা রাষ্ট্রে অধীনে পরিচালিত অথবা রাষ্ট্রের অনুদানলব্ধ শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে ধর্মীয় শিক্ষা প্রদান নিষিদ্ধকরণ
- 29 নং ধারা সংখ্যালঘুদের স্বার্থ সংরক্ষণ
- 30 নং ধারা সংখ্যালঘুদের ক্ষেত্রে নিজেদের পছন্দমতো শিক্ষাপ্রতিষ্ঠান ও পরিচালনা করার স্বাধীনতা
- 31 নং ধারা সম্পত্তির অধিকার [ স্থানান্তরিত হয়েছে ৩০০(ক) নং ধারায় ]
- 32 নং ধারা মৌলিক অধিকার রক্ষায় রিট জারি
- 33নং ধার সশস্ত্র বাহিনীর মৌলিক অধিকারসমূহের ওপর সংসদীয় নিয়ন্ত্রণ
- 34 নং ধারা সামরিক আইন বলবৎথাকাকালীন মৌলিক অধিকারের ওপর বিধিনিষেধ আরোপ
- 35 নং ধারা মৌলিক অধিকার রক্ষার্থে প্রয়োজনীয় আইন প্রণয়ন

**মৌলিক অধিকার** Fundamental Rights **সাম্যের অধিকার** Right to Equality
**স্বাধীনতার অধিকার** Right to Freedom **ধর্মীয় স্বাধীনতা অধিকার** Right to Religion
**শিক্ষার অধিকার** Right to Education **সংখ্যালঘ** Minorities
**জনস্বার্থ মামলা** Public Interest Litigation **জাতীয় জরুরি অবস্থা** National Emergency
**লেখ** Writ **বন্দী প্রত্যক্ষীকরণ** Habeas Corpus
**পরমাদেশ** Mandamas **প্রতিষেধ** Prohibition
**অধিকার পৃচ্ছা** Quo-warranto **উৎপ্রেষণ** Certiorari
**শোষণের বিরুদ্ধে অধিকার** Right against Exploitation
**সংস্কৃতি ও শিক্ষা বিষয়ক অধিকার** Cultural and Educational Rights
**শাসনতান্ত্রিক প্রতিবিধানের অধিকার** Right to Constitutional Remedies

# অধ্যায় ঃ 7

## মৌলিক দায়িত্ব

* [ 51 (a) ধারা , * পার্ট ফোর এ ]

- ** মৌলিক দায়িত্বের ধারণাটি সোভিয়েত রাশিয়ার সংবিধান থেকে গৃহীত হয়েছে ।
- ভারতীয় সংবিধান যখন কার্যকরী হয় , তখন , মৌলিক দায়িত্ব ভারতীয় সংবিধানের অন্তর্ভুক্ত ছিল না ।
- * 1976 সালে , 42 তম সংবিধান সংশোধনীর মাধ্যমে , মৌলিক দায়িত্বের ধারণা অন্তর্ভুক্ত করা হয়েছে ভারতীয় সংবিধান ।
- ভারতীয় সংবিধানে মৌলিক দায়িত্বের ধারণা অন্তর্ভুক্তিকরণের মূল উদ্দেশ্য ভারতীয় নাগরিকদের অসাংবিধানিক কর্মকান্ড থেকে বিরত রাখা ।
- প্রতিটি ভারতীয় নাগরিকের মৌলিক দায়িত্বের সংখ্যা ছিল 10 টি [ বর্তমানে 11 টি ] , এগুলি জাস্টিসেবল , অর্থাৎ পালন না করা আইনতঃ দন্ডনীয় ।
- 1976 সালে , 42 তম সংবিধান সংশোধনীর মাধ্যমে , ভারতীয় নাগরিকদের জন্য অবশ্যপালনীয় দশটি কর্তব্য অন্তর্ভুক্ত করা হয়েছিল ভারতীয় সংবিধানে । 2002 সালে 86 তম সংবিধান সংশোধনীর মাধ্যমে আরও একটি কর্তব্য অন্তর্ভুক্ত করা হয় মৌলিক কর্তব্যের তালিকায় । বর্তমানে ভারতীয় নাগরিকদের পালনীয় মৌলিক কর্তব্যের সংখ্যা এগারো ।

(1)সংবিধানকে মান্য করতে হবে এবং সংবিধানের আদর্শ , প্রতিষ্ঠানসমূহ , জাতীয় পতাকা ও জাতীয় সঙ্গীতের প্রতি শ্রদ্ধা জানাতে হবে ।
(2) যে সকল মহান আদর্শ দেশের স্বাধীনতার জন্য জাতীয় সংগ্রামকে অনুপ্রাণিত করেছিল , সেগুলিকে পোষণ এবং অনুসরণ করতে হবে ;
(3) ভারতের সার্বভৌমত্ব , ঐক্য ও সংহতিকে সমর্থন ও সংরক্ষণ করতে হবে ;
(4) দেশরক্ষা ও জাতীয় সেবাকার্যে আত্মনিয়োগের জন্য আহূত হলে সাড়া দিতে হবে ;
(5) ধর্মফত , ভাষাগত , অঞ্চলগত বা শ্রেণীগত বিভেদের উর্দ্ধে থেকে সমস্ত ভারতবাসীর মধ্যে ঐক্য ও ভ্রাতৃত্ববোধকে সম্প্রসারিত করতে হবে এবং নারীজাতির মর্যাদাহানিকর সকল প্রথাকে পরিহার করতে হবে ;
(6) আমাদের দেশের মিশ্র সংস্কৃতির গৌরবময় ঐতিহ্যকে মূল্য প্রদান ও সংরক্ষণ করতে হবে ;
(7) বনভূমি , হ্রদ , নদী , বন্যপ্রাণীসহ প্রাকৃতিক পরিবেশের সংরক্ষণ ও উন্নতি এবং জীবজন্তুর প্রতি মমত্ববোধ প্রকাশ করতে হবে ;
(8) বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গী , মানবিকতাবোধ , অনুসন্ধিৎসা ও সংস্কারমূলক মনোভাবের প্রসার সাধন করতে হবে ;
(9) জাতীয় সম্পত্তি রক্ষণাবেক্ষণ করতে হবে ও হিংসার পথ পরিহার করতে হবে এবং
(10) সকল ক্ষেত্রে জাতীয় উন্নতির উৎকর্ষ এবং গতি বজায় রাখার উদ্দেশ্যে ব্যক্তিগত ও সমষ্টিগত সকল কাজে চরম উৎকর্ষের জন্য সচেষ্ট হতে হবে ।
(11) ‘ ছয় থেকে চৌদ্দ বছর বয়সের প্রত্যেক শিশুকে শিক্ষাদানের ব্যবস্থা করতে হবে ’ । [ এটি হল পিতামাতা ও অভিভাবকদের পালনীয় মৌলিক কর্তব্য ]

অনুশীলনী -7

[ উপজীব্য ঃ **মৌলিক দায়িত্ব** ]

(1 ) ভারতীয় নাগরিকদের পালনীয় মৌলিক কর্তব্যগুলি সংবিধানের কোন্ পার্টে বর্ণিত হয়েছে ?
(a) তৃতীয় (b) চতুর্থ (c) চতুর্থ (ক) (d) পঞ্চম

(2 ) ভারতীয় নাগরিকদের পালনীয় মৌলিক কর্তব্য এর উল্লেখ রয়েছে সংবিধানের কত নম্বর অনুচ্ছেদে ?
(a) 51 (a) (b) 51 (c) 50 (d) 52

(3 ) বর্তমানে ভারতীয় নাগরিকদের পালনীয় মৌলিক কর্তব্যের সংখ্যা কত ?
(a) 8 (b) 7 (c) 10 (d) 11 [ পি. এস. সি. মিসেলিনিয়াস (প্রিলিম) '10 ]

(4 ) সংবিধানে মৌলিক কর্তব্যের ধারণার অন্তর্ভুক্তির প্রধান কারণ

(a) মৌলিক অধিকারের অপব্যবহার রোধ করা (b) অসাংবিধানিক কার্যকলাপ সংযত করা
(c) শাসন বিভাগের বর্ধিত ক্ষমতা সংযত করা (d) মৌলিক অধিকারকে অর্থবহ করা

(5 ) কোন্ কমিটির সুপারিশ অনুযায়ী ভারতীয় সংবিধানে মৌলিক কর্তব্যের ধারণা অন্তর্ভুক্ত হয় ?
(a) সরণ সিং কমিটি (b)অশোক মেহেতা কমিটি (c) বলরাম জাখর কমিটি (d) সারকারিয়া কমিশন

(6 ) 11 তম মৌলিক কর্তব্যটি কত নম্বর সংবিধান সংশোধনীর মাধ্যমে সংনিধানে অন্তর্ভুক্ত করা হয় ?
(a) 86 তম (b) 42 তম (c) 44 তম (d) 74 তম

(7 ) ভারতের সার্বভৌমিকতা , একতা ও সংহতিকে সমর্থন ও সংরক্ষণ হল
(a) একটি রাষ্ট্রপরিচালনার নির্দেশাত্মক নীতি (b) একটি সংসদীয় আইন (c) একটি মৌলিক কর্তব্য (d) সুপ্রিম কোর্রের একটি নির্দেশ [ পি. এস. সি. মিসেলিনিয়াস (প্রিলিম) '10 ]

(8 ) ভারতীয় সংবিধানের কোন্ অংশে প্রত্যেক নাগরিককে জাতীয় পতাকা ও জাতীয় সঙ্গীতকে সম্মান জানানোর কথা বলা হয়েছে ?
.(a) পার্ট 1 .(b) পার্ট 2 .(c) পার্ট 4 (a) (d) পার্ট 5

(9 ) 11 তম মৌলিক কর্তব্যটি ভারতীয় সংবিধানে অন্তর্ভুক্ত করা হয় কত তম সংবিধান সংশোধনীর মাধ্যমে ?
(a) 86 তম .(b) 42 তম (c) 44 তম (d) 74 তম

(10 ) কত তম সংবিধান সংশোধনীর মাধ্যমে ' মৌলিক দায়িত্ব ' এর ধারণাটি ভারতীয় সংবিধানে রঅন্তর্ভুক্ত করা হয়েছে ?
(a) 40 তম (b) 41 তম (c) 42 তম (d) 43 তম
[ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '02,'01]

(11 ) কোন্ সালে ভারতীয় পার্লামেন্ট মৌলিক কর্তব্য সংক্রান্ত অংশটি সংবিধানের অন্তর্ভুক্ত করে ?
(a) 1976 (b) 1978 (c) 1980 (d) 1982 [ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '07 ]

(12 ) ভারতীয় সংবিধানে বর্ণিত মৌলিক কর্তব্যের ধারণা কোন্ দেশের সংবিধান থেকে গৃহীত হয়েছে ?
(a) সোভিয়েত রাশিয়া (b) আইরিশ রিপাবলিক (c) জার্মানি (d) সুইডেন

(13 ) যখন ভারতের একজন নাগরিক ভারতীয় সংবিধানের বিভিন্ন প্রতিষ্ঠান এবং আদর্শ এবং জাতীয় পতাকা ও জাতীয় সঙ্গীতের প্রতি শ্রদ্ধা পালন করেন তখন তিনি

(a) তাঁর প্রাপ্য একটি মৌলিক অধিকার উপভোগ করেন (b) তাঁর প্রাপ্য সংস্কৃতি ও শিক্ষার অধিকার প্রয়োগ করেন (c) তিনি তাঁর সাংবিধানিক প্রতিবিধানের অধিকার প্রয়োগ করেন (d) তিনি তাঁর মৌলিক দায়িত্ব পালন করেন

উত্তরমালা - 7

1.(c) , 2. (a), 3. (d) , 4. (b) , 5. (a) , 6.(a) , 7.(c) , 8. (c) .9. (a) 10.(c) , 11.(a) , 12. (a), 13. (d) ,

**মৌলিক দায়িত্ব** Fundamental Duties
**অসাংবিধানিক কর্মকান্ড** Unconstitutional Activities
**সংবিধান সংশোধনী** Constitutional Amendment
**আদালত কর্তৃক বলবৎযোগ্য** Justicable

# অধ্যায় ঃ 8

## নির্দেশাত্মক নীতি

[* পার্ট ফোর -* আর্টিকেল : 36 - 51 ]

ভারতীয় সংবিধানের প্রস্তাবনায় সামাজিক , অর্থনৈতিক ও রাজনৈতিক ন্যায় প্রতিষ্ঠার যে সাধু-সংকল্প ঘোষিত হয়েছে , ভারতের সংবিধান প্রণেতাগণ মৌলিক অধিকারের অধ্যায়ে উক্ত সকল প্রকার ন্যায় প্রতিষ্ঠার সুযোগ সৃষ্টি করতে পারেন নি । সমকালীন ভারতের অর্থনৈতিক অবস্থার পরিপ্রেক্ষিতে অভিপ্রেত ব্যবস্থা গ্রহণ করা সম্ভবপর ছিল না । তাই মৌলিক অধিকার সংক্রান্ত তৃতীয় অধ্যায়ের ঠিক পরেই , জনকল্যাণকর রাষ্ট্র নির্মাণের সদিচ্ছার প্রকাশজনিত একটি অধ্যায় যুক্ত করা হয়েছে । এই অধ্যায়ে প্রস্তাবনায় ঘোষিত সকল প্রকার ন্যায় প্রতিষ্ঠার সংকল্পটই বিভিন্ন নির্দেশ ও নীতির মাধ্যমে বিস্তারিতভাবে ব্যক্ত হয়েছে । অনেকের মতে রাষ্ট্রপরিচালনার নির্দেশাত্মক নীতির চতুর্থ অধ্যায়টি এক হিসেবে ভারতীয় সংবিধানের প্রস্তাবনার একটি বিশ্লেষিত অংশ ।

*(a) গণতন্ত্র প্রতিষ্ঠা ও দেশের সার্বিক সামাজিক ও আর্থিক উন্নয়ন - অর্থাৎ -“ কল্যাণকর রাষ্ট্র বা ওয়েল ফেয়ার স্টেট ” গড়ে তোলাই নির্দেশাত্মক নীতির মূল লক্ষ্য ।

(b) ভারতীয় সংবিধানের 42 তম সংশোধনীর মাধ্যমে নির্দেশাত্মক নীতিকে মৌলিক অধিকারের তুলনায় বেশী গুরুত্ব প্রদান করা হয়েছিল ।

*(c) নিদেশ্রাত্মক নীতি - নন জাস্টিসেবেল অর্থাৎ প্রশাসন এটি না মানলে , আদালতের দ্বারস্থ হওয়া যাবে না ।

(d) " D.P.S.P. are like a ' cheque on a bank , payable at the convenience of the bank . " এই উক্তি করেছিলেন কে. টি. শাহ ।

(e) 42 তম সংবিধান সংশোধনীর মাধ্যমে কিছু নতুন নির্দেশাত্মক নীতি ভারতীয় সংবিধানের অন্তর্ভুক্ত করা হয়, সেগুলি হল :
( i ) শিল্পে শ্রমিকদের প্রশাসনে অংশগ্রহণের সুযোগ দান ; (ii) পরিবেশ রক্ষা ; (iii) দরিদ্রদের জন্য বিনা মূল্যে আইনী সহায়তা প্রদান ।

- রাষ্ট্রপরিচালনার নির্দেশাত্মক নীতিগুলিকে ভারতীয় সংবিধানের বিবেক রূপে অভিহিত করা হয় ।
- 1984 সালে , তামিলনাড়ু সরকার বনাম আবু কবির বাঈ মামলায় , সুপ্রিম কোর্ট এই মর্মে রায়দান করে যে নির্দেশাত্মকগুলি আদালত দ্বারা বলবৎযোগ্য না হলেও আদালতের উচিত নয় এগুলিকে অগ্রাহ্য করা ।

অর্থনৈতিক ও সামাজিক আদর্শের ওপর প্রতিষ্ঠিত নির্দেশাত্মক নীতি সমূহ ঃ

(a) সকল নাগরিকের জন্য সুষ্ঠ জীবনধারণের জন্য প্রয়োজনীয় সুযোগ-সুবিধা প্রদান ; (b) সম্পদ ও উৎপাদন ব্যবস্থার নিয়ন্ত্রণ এক শ্রেণীর মানুষের কুক্ষিগত যাতে না হয় তার প্রয়াসগ্রহণ এবং সম্পদ এবং কাঁচামালের সমবন্টন (c) নারী এবং পুরুষ উভয়ের ক্ষেত্রেই একই কাজের জন্য একই পারিশ্রমিক প্রদান (d) সমস্ত শ্রমিকদের জন্য সুস্থ ও সুন্দর জীবন এবং অবসর বিনোদনের ব্যবস্থা (e) তরুণ এবং শিশুদের জন্য প্রয়োজনীয় সুযোগ-সুবিধার সহজপ্রাপ্তির নিশ্চিতকরণ এবং তাদের শোষণ এর শিকার হওয়ার থেকে রক্ষা করা (f) কর্মসংস্থান ও শিক্ষার সুযোগপ্রদান এবং অসুস্থ , বৃদ্ধ ও বেকারদের জন্য প্রশাসনের তরফ থেকে সাহায্য / অনুদানের ব্যবস্থা

গান্ধীবাদী আদর্শের ওপর প্রতিষ্ঠিত নির্দেশাত্মক নীতি সমূহ ঃ
(a) গ্রাম-পঞ্চায়েত গঠন এবং স্বায়ত্ত্বশাসন সংস্থা রূপে সক্রিয় হয়ে ওঠার জন্য তাদের ক্ষমতায়ন (b) সমাজের দুর্বলতর অংশের শিক্ষা ও অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে বিশেষ ব্যবস্থাগ্রহণ (c) কুটীর-শিল্পায়ন (d) নেশাদায়ী ওষুধ ও পানীয় সেবন নিষিদ্ধকরণ (e) গরু এবং অন্যান্য দুগ্ধপ্রদানকারী পশু হত্যার নিষিদ্ধকরণ

উদারনৈতিক আদর্শের ওপর প্রতিষ্ঠিত নির্দেশাত্মক নীতি সমূহ ঃ
(a) অভিন্ন দেওয়ানি বিধি প্রবর্তন (b) 14 বছর বয়স পর্যন্ত শিশুদের অবৈতনিক এবং আবশ্যিক শিক্ষা (c) শাসনবিভাগ থেকে বিচারবিভাগের পৃথকীকরণ (d) আর্থিকভাবে পশ্চাদপদ শ্রেণীর জন্য বিনামূল্যে আইনী সহায়তার ব্যবস্থা (e) বৈজ্ঞানিক উপায়ে কৃষি ও পশুপালনের উন্নয়ন (f) কারখানার প্রশাসনিক সিদ্ধান্তে শ্রমিকদের অংশগ্রহণের সুযোগ (g) বন এবং বন্যপ্রাণীর সংরক্ষণ (h) ঐতিহাসিক ও নান্দনিক সৌন্দর্যে উজ্জ্বল সৌধ ও স্থাপত্যের সংরক্ষণ

রাষ্ট্রপরিচালনার নির্দেশাত্মক নীতি , যেগুলি পার্ট ফোর এর অন্তর্ভুক্ত নয় ঃ

- 350(a) নং ধারা ঃ সংখ্যালঘু জনগণ বিশেষতঃ সংখ্যালঘু সম্প্রদায়ের শিশুদের কাছে তাদের মাতৃভাষায় প্রাথমিক শিক্ষালাভের সুযোগ নিশ্চিত করা রাষ্ট্রের অধীনে কর্মরত আধিকারিকদের অবশ্যপালনীয় কর্তব্য
- 351 নং ধারা ঃকেন্দ্রের দায়িত্ব ভারতের সমস্ত জনগণের মধ্যে হিন্দি ভাষার প্রচার ও প্রসারের উদ্যোগগ্রহণ যার ফলে আমাদের সাংস্কৃতিক ঐক্য বৃদ্ধি পাবে ।
- 355 নং ধারা ঃতফশিলভুক্ত জাতি ও উপজাতি সম্প্রদায়ের ব্যক্তিদের কেন্দ্রীয় ও রাজ্য সরকারের অধীন বিভিন্ন পদে নিযুক্ত করার বিষয়টিকে প্রশাসনের বিবেচনাধীন রাখতে হবে ।

অভিন্ন দেওয়ানি বিধি ঃ

- অভিন্ন দেওয়ানি বিধি - স্বাধীনোত্তর ভারতের রাজনীতিতে একটি বহুচর্চিত ও বিতর্কিত বিষয় । ভারতীয় সংবিধানের 44 নং ধারায় সমগ্রদেশে অভিন্ন দেওয়ানি বিধি প্রবর্তনের প্রস্তাবকে একটি নির্দেশাত্মক নীতি রূপে উল্লেখ করা হলেও গোয়া ব্যতিরিকে ভারতের অন্য কোনও অঙ্গরাজ্য বা কেন্দ্র শাসিত অঞ্চলে এখনও প্রবর্তিত হয় নি অভিন্ন দেওয়ানি বিধি

অনুশীলনী -8

[ উপজীব্য ঃ **নির্দেশাত্মক নীতি** ]

(1 ) নিম্নলিখিত কারনগুলির মধ্যে কোন্‌টি রাষ্ট্র পরিচালনার নির্দেশাত্মক নীতিগুলির মন্থর রূপায়ণের জন্য দায়ী ?

(a) রাজনৈতিক সদিচ্ছার অভাব (b) সামাজিক সদিচ্ছার অভাব (c) রিসোর্সের অভাব (d) দেশের বিশাল বিস্তৃতি

(2 ) সংবিধানের কোন্ অংশে ‘ কল্যাণকারী রাষ্ট্র ’ এর ধারণাটি মূর্ত হয়েছে ?

(a) প্রস্তাবনা .(b) মৌলিক অধিকার (c) মৌলিক কর্তব্য (d) নির্দেশাত্মক নীতি

[ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '02 , '01 ]

(3 ) কোথা থেকে ভারতীয় সংবিধানের নির্দেশাত্মক নীতির ধারণাটি গ্রহণ করা হয়েছে ?

(a) আয়ার্ল্যান্ডের সংবিধান .(b) ভারত শাসন আইন , 1935 (c) সোভিয়েত রাশিয়ার সংবিধান

(d) সুইজারল্যান্ড এর সংবিধান

[ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '02,পি.এস.সি. ফুড ইন্সপেক্টর '06,পি.এস.সি. মিসেলিনিয়াস (প্রিলিম)' 98 ]

(4 ) রাষ্ট্রপরিচালনার নির্দেশাত্মক নীতিগুলির উদ্দেশ্য হল -

(a) ব্যক্তিগত স্বাধীনতা নিশ্চয়তা করা .(b) পৌর অধিকার নিশ্চিত করা (c) ভারতের স্বাধীনতাকে দৃঢ় ভিত্তির ওপর প্রতিষ্ঠিত করা (d) সামাজিক ও অর্থনৈতিক গণতন্ত্রের পথ সুগম করা

(5 ) নির্দেশাত্মক নীতি অনুসারে রাষ্ট্র সমস্ত শিশুদের অবৈতনিক ও ব্যাধ্যতামূলক শিক্ষার ব্যবস্থা করবে -

(a) 14 বছর বয়স পর্যন্ত .(b) 15 বছর বয়স পর্যন্ত (c) 16 বছর বয়স পর্যন্ত (d) 18 বছর বয়স পর্যন্ত

(6 ) নিম্নের কোন্‌টি একটি নির্দেশাত্মক নীতি ট্

(a) আইনের চোখে সমতা রক্ষিত হবে .(b) ধর্ম , জাতি , বর্ণ ও জন্মস্থানের ভিত্তিতে বৈষম্য করা যাবে না (c) অস্পৃশ্যতা একটি দন্ডনীয় অপরাধ (d) পরিবেশ রক্ষা এবং উন্নয়নে রাষ্ট্র সচেষ্ট হবে

(7 ) (1 ) সংবিধানের 42তম সংশোধনীর মাধ্যমে ক-টি নির্দেশাত্মক নীতি সংবিধানের চতুর্থ অংশে সংযুক্ত হয়?

(a) 2টি .(b) 3টি (c) 4 টি (d) 5টি

(8 ) ভারতের রাষ্ট্রপরিচালনা সংক্রান্ত নির্দেশিকা নীতিগুলির সাথে ............... এর মিল রয়েছে

(a) ইউ.কে. র সংবিধান .(b) ঈউ.এস.এ.র সংবিধানের (c) আয়ার্ল্যান্ডের সংবিধানের (d) উপরোক্ত কোনটিই নয়

(9 ) ভারতের সংবিধানে ' রাষ্ট্র পরিচালনার নির্দেশাত্মক নীতি ' কোন্ পার্টের অন্তর্ভুক্ত ?

(a) পার্ট ওয়ান .(b) পার্ট টু (c) পার্ট থ্রি (d) পার্ট ফোর

[ পি.এস.সি. মিসেলিনিয়াস (প্রিলিম) '99 ]

(10 ) রাষ্ট্রপরিচালনার নির্দেশাত্মক নীতিগুলি রূপায়ণ না হলে আবেদন করা যায় -

(a) সুপ্রিম কোর্টে .(b) হাইকোর্টে (c) স্টেট অ্যাডমিনিস্ট্রিটিভ ট্রাইবুনালে (d) উপরোক্ত কোনটিই নয়

(11 ) নিম্নলিখিত বিষয়গুলির মধ্যে কোন্‌টি নির্দেশাত্মক নীতির ধীর রূপায়ণের জন্য দায়ী ?

(a) সম্পদের অভাব .(b) সদিচ্ছার অভাব (c) দেশের বিশালতা (d) উপরোক্ত সব ক'টি

(12 ) নারী ও পুরুষ উভয়ের ক্ষেত্রে সমান কাজের জন্য সমান বেতন - এটি একটি

(a) রাষ্ট্র পরিচালনার নির্দেশাত্মক নীতি (b) শ্রমিক আইনের সংবিধিবদ্ধ ধারণা (c) মৌলিক অধিকার (d) উপরোক্ত কোনটিই নয় [ ডব্লু. বি. সি. এস. ( প্রিলিম ) '11 ]

(13 ) আর্থ-সামাজিক সুবিচার প্রতিষ্ঠার আদর্শে সর্বাধিক গুরুত্ব প্রদান করা হয়েছে নিম্নের কোন্‌টিতে ?

(a) মৌলিক অধিকার .(b) মৌলিক দায়িত্ব (c) ভারতীয় সংবিধানের প্রস্তাবনা (d) রাষ্ট্র পরিচালনার নির্দেশাত্মক নীতি

(14 ) রাষ্ট্রপরিচালনার নির্দেশাত্মক নীতিগুলির রূপায়ণ নির্ভর করে -

(a) সরকারের প্রাপ্ত সম্পদ ও আর্থিক সামর্থ্যের ওপর .(b) সরকারের সদিচ্ছার ওপর (c) বিচার বিভাগের ওপর (d) রাষ্ট্রপতির ওপর

(15 ) নিম্নলিখিত ধারাগুলির মধ্যে কোন্‌টি 25 তম সংশোধনীর মাধ্যমে সংযুক্ত হয়েছিল এবং রাষ্ট্রপরিচালনার নির্দেশাত্মক নীতিগুলির মধ্যে যেগুলি ভারতীয় সংবিধানের 39(B) নং ও 39 (C) নং

**ধারায় বর্ণিত সেগুলিকে ভারতীয় সংবিধানের 14 নং এবং 19 নং ধারায় বর্ণিত মৌলিক অধিকারগুলির তুলনায় অগ্রাধিকার প্রদান করেছিল ?**

**(a)** 31(C) .**(b)** 51(A) **(c)** 42(C) **(d)** 32 (C)

**উত্তরমালা - 8**

1. **(b)** , 2. **(d)** , 3**(a)**. , 4.**(d),** 5. **(a),** 6. **(d)** , 7. .**(b)** ,8. **(c)** , 9. **(d)** ,10. **(d)** , 11. **(d)** , 12. **(a)** , 13. **(d)** , 14**(a)**. , 15.**(a),**

.............................................................................................................................................

- 36 নং ধারা রাষ্ট্রের সংজ্ঞা
- 37 নং ধারা রাষ্ট্র পরিচালনার নির্দেশাত্মক নীতিগুলির প্রয়োগ সংক্রান্ত বিষয়
- 38 নং ধারা জনকল্যাণের স্বার্থে রাষ্ট্র সামাজিক শৃঙ্খলা সংরক্ষণ করবে
- 39 নং ধারা রাষ্ট্র কতকগুলি আদর্শজনিত কার্যাদি পালন করবে
- 39 নং ধারা ন্যায়বিচার প্রতিষ্ঠা ও দীন-দরিদ্রের জন্য বিনা অর্থে আইনগত সাজায্যদান
- 40 নং ধারা পঞ্চায়েত ব্যবস্থার প্রতিষ্ঠা ও গ্রামীণ স্বায়ত্ত্বশাসন প্রতিষ্ঠা
- 41 নং ধারা কতগুলি বিশেষ ক্ষেত্রে রাষ্ট্র কর্মের , শিক্ষার ও সরকারী সাহায্যলাভের অধিকারসমূহকে সুনিশ্চিত করবে
- 42 নং ধারা রাষ্ট্র কাজের মানবিক পরিবেশ সৃষ্টি করবে ও প্রসূতিদের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে
- 43 নং ধারা জীবনধারণের উপযুক্ত মজুরি প্রদান , জীবনযাত্রার মান উন্নয়ন ও গ্রামে কুটীর শিল্পের প্রসার ইত্যাদি
- 43(A) নং ধারা শিল্পকারখানার প্রশাসনে শ্রমিকদের অংশগ্রহণের সুযোগ প্রতিষ্ঠা
- 44 নং ধারা অভিন্ন দেওয়ানী বিধি
- 45 নং ধারা ছ'বছরের নীচের শিশুদের প্রতি যত্ন নিতে হবে এবং তাদের শিক্ষার জন্য বন্দোবস্ত করতে হবে
- 46 নং ধারা তফশিলী জাতি , তফশিলী উপজাতি ও অন্যান্য পশ্চাদপদ শ্রেণীগোষ্ঠীর মানুষদের শিক্ষা ও অর্থনৈতিক স্বার্থ সংরক্ষণ ও উন্নয়নের জন্য রাষ্ট্র সচেষ্ট হবে
- 47 নং ধারা রাষ্ট্র নাগরিকদের স্বাস্থ্য ও জীবনযাত্রার মানের উন্নয়ন ঘটবে ও পুষ্টিকর খাদ্যের মান উন্নয়ন করবে

- 48 নং ধারা কৃষিব্যবস্থা ও পশুপালন ব্যবস্থাকে রাষ্ট্র বিজ্ঞানসম্মত উপায়ে গড়ে তুলবে এবং গাভী ও অন্যান্য গৃহপালিত পশুর হত্যা নিষিদ্ধ করবে
- 48(A) নং ধারা রাষ্ট্র পরিবেশের সংরক্ষণ ও উন্নয়ন ঘটাবে এবং বন ও বন্য প্রাণীর সংরক্ষণ করবে
- 49 নং ধারা রাষ্ট্র ঐতিহাসিক স্মৃতিসৌধগুলি ও অন্যান্য জাতীয় গুরুত্বপূর্ণ স্থানগুলির সংরক্ষণ করবে
- 50 নং ধারা রাষ্ট্র দেশের বিচারব্যবস্থাকে শাসন বিভাগ থেকে মুক্ত রাখবে
- 51 নং ধারা রাষ্ট্র আন্তর্জাতিক শান্তি ও নিরাপত্তাকে সুনিশ্চিত করবে

**কল্যাণকর রাষ্ট্র** Welfare State
**রাষ্ট্রপরিচালনার নির্দেশাত্মক নীতি** Directive Principles of State Policy
**অভিন্ন দেওয়ানি বিধি**5 Uniform Civil Code
**শাসনবিভাগ থেকে বিচারবিভাগের পৃথকীকরণ** Separation of Executive from Judiciary

................................................................................................................................................

# অধ্যায় ঃ 9

# রাষ্ট্রপতি

- রাষ্ট্রপতি ভারতবর্ষের শাসনতান্ত্রিক প্রধান
- ভারতবর্ষ একটি প্রজাতান্ত্রিক দেশ । প্রজাতন্ত্রের বৈশিষ্ট্য হল দেশের শাসনতান্ত্রিক প্রধান সাধারণ জনগণের দ্বারা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে নির্দিষ্ট সময়ের জন্য নির্বাচিত হবেন । ভারতের রাষ্ট্রপতি , একটি নির্দিষ্ট টার্ম [ 5 বছর ] এর জন্য ভারতের জনগণের দ্বারা পরোক্ষভাবে নির্বাচিত হন ।

[ a ] **রাষ্ট্রপতি পদের জন্য প্রয়োজনীয় যোগ্যতা ও শর্তাদি ঃ**

- ভারতের নাগরিক
- অন্তত 35 বছর বয়স
- লোকসভার সদস্য হওয়ার যোগ্যতা
- কোনও লাভজনক পদে অধিষ্ঠিত না থাকা
- পার্লামেন্ট বা কোনও রাজ্য-আইনসভার সদস্য না থাকা
- 15,000 টাকা জামানত হিসেবে জমা দিতে হবে
- মনোনয়ন -পত্র পঞ্চাশজন নির্বাচকের দ্বারা প্রস্তাবিত হবে এবং অপর পঞ্চাশ জন নির্বাচকের দ্বারা সমর্থিত হবে ।

[ b ] **রাষ্ট্রপতির নির্বাচন** [ 54 **এবং** 55 **নং ধারা** ] ঃ

- ভারতের রাষ্ট্রপতি জনগণের দ্বারা পরোক্ষভাবে নির্বাচিত হন ।
- রাষ্ট্রপতি কে নির্বাচিত করেন কেন্দ্রীয় ও রাজ্য আইনসভার সকল নির্বাচিত সদস্যদের নিয়ে গঠিত একটি ইলেক্টোরাল কলেজ ।
- ভারতবর্ষে রাষ্ট্রপতি নির্বাচনের পদ্ধতি হল -' একক হস্তান্তরযোগ্য ভোট দ্বারা সমানুপাতিক প্রতিনিধিত্ব ' [ Proportional Representation by means of single transferable vote ] ।
- রাষ্ট্রপতি নির্বাচন আয়োজন ও গণনার দায়িত্ব ভারতের নির্বাচন কমিশনের ।
- রাষ্ট্রপতি নির্বাচন সংক্রান্ত যে কোন ডিসপুটের ক্ষেত্রে সুপ্রিম কোর্টের মতামত চূড়ান্ত বলে বিবেচিত হয়।

### [ c ] **রাষ্ট্রপতির শপথ পাঠ** [ ভারতীয় সংবিধানের 60 নং ধারা ] ঃ

রাষ্ট্রপতিকে শপথ বাক্য পাঠ করান সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি ( বা তাঁর অনুপস্থিতিতে সুপ্রিমকোর্টের সিনিয়রমোস্ট জাজ্ ) । রাষ্ট্রপতিকে ঈশ্বরের নামে বা সত্যনিষ্ঠার এই মর্মে শপথ নিতে হয় যে -

- তিনি সত্যনিষ্ঠার সাথে রাষ্ট্রপতির দায়িত্বপালন করবেন ।
- সংবিধান ও আইন সংরক্ষণের ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন ।
- ভারতবাসীর সেবা ও মঙ্গলের জন্য নিজেকে নিযুক্ত রাখবেন ।

### [ d ] **কার্যকালের মেয়াদ ও বেতন ঃ**

- কার্যকালের মেয়াদ - রাষ্ট্রপতি পদে আসীন হওয়ার দিন থেকে 5 বছর ।
- কার্যকালের মেয়াদ পূর্ণ হওয়ার আগে রাষ্ট্রপতি স্বেচ্ছায় পদত্যাগ করতে পারেন ( পদ্যতাগ পত্র প্রেরণ করতে হবে উপরাষ্ট্রপতির কাছে ),অথবা সংসদ কর্তৃক অভিসংশার মাধ্যমে তাঁকে পদচ্যূত করা যায় ।
- বিদায়ী রাষ্ট্রপতি ইচ্ছা করলে পুনরায় রাষ্ট্রপতি নির্বাচনে প্রার্থী হতে অর্থাৎ পুনর্নির্বাচিত হতে পারেন [ সংবিধানের 57 নং ধারা ]। সর্বাধিক ক'বার রাষ্ট্রপতি পুনর্নির্বাচিত হতে পারবেন সেই বিষয়ে কোনও উর্ধ্বসীমার উল্লেখ নেই ভারতীয় সংবিধানে ।
- আজ পর্যন্ত মাত্র একজন ভারতীয় রাষ্ট্রপতি , পর পর দুটো টার্ম রাষ্ট্রপতির পদ অলঙ্কৃত করেছিলেন , তাঁর নাম - ডক্টর রাজেন্দ্র প্রসাদ (স্বাধীন ভারতের প্রথম রাষ্ট্রপতি) ।
- বর্তমানে রাষ্ট্রপতির মাসিক বেতন দেড় লক্ষ ( 1,50,000 ) টাকা এবং অবসরকালীন ভাতা বাৎসরিক নয় লক্ষ ( 9,00,000 ) টাকা

### [ e ] **রাষ্ট্রপতির পদচ্যূতি** [ 61 **নং ধারা** ]

- রাষ্ট্রপতি সংবিধান বিরোধী কাজ করছেন - কেবলমাত্র এই অভিযোগে রাষ্ট্রপতিকে বরখাস্ত(ইমপিচ) করা যেতে পারে ।
- ইমপিচমেন্ট এর প্রস্তাবটি উত্থাপিত হতে পারে লোকসভা বা রাজ্যসভার যেকোন একটিতে ।
- রাষ্ট্রপতিকে ইমপিচ্মেন্টের প্রস্তাব আইনসভার কোনও একটি কক্ষে উত্থাপন করতে গেলে প্রস্তাবটির স্বপক্ষে সংশ্লিষ্ট কক্ষের ন্যূনতম 25% সাংসদের স্বাক্ষরের প্রয়োজন হয় ।

- ইমপিচমেন্ট এর প্রস্তাব উত্থাপনের 14 দিন আগে এই বিষয়ে নোটিশ দিতে হয় । এই প্রস্তাবটি যদি সংসদের উচ্চ এবং নিম্ন উভয় কক্ষেই দুই তৃতীয়াংশ সাংসদ দ্বারা সমর্থিত হয় , তাহলে রাষ্ট্রপতি বরখাস্ত হবেন ।
- বিধানসভার সদস্যরা রাষ্ট্রপতির নির্বাচন প্রক্রিয়ায় অংশগ্রহণ করেন , কিন্তু রাষ্ট্রপতির ইমপিচমেন্টের বিষয়টি এঁদের এক্তিয়ার বহির্ভূত ।
- সংসদের মনোনীত সদস্যরা রাষ্ট্রপতির নির্বাচনে ভোট দিতে পারেন না , কিন্তু রাষ্ট্রপতির ইমপিচমেন্টের প্রস্তাব পাশ করার জন্য যে ভোটাভুটি হয় সেখানে এঁদের ভোটাধিকার আছে ।
- আজ পর্যন্ত কোন রাষ্ট্রপতির বিরুদ্ধেই ইমপিচমেন্ট এর প্রস্তাব উত্থাপিত হয় নি ।

[ f ] **রাষ্ট্রপতি পদে শূন্যতা ঃ**

- রাষ্ট্রপতি যদি (a)পদত্যাগ করেন অথবা (b)অসুস্থতাজনিত কারণে অনুপস্থিতি থাকেন অথবা (c)মারা যান , তখন উপরাষ্ট্রপতি কার্যনির্বাহী রাষ্ট্রপতিরূপে রাষ্ট্রপতির দায়িত্ব পালন করেন [ 65 নং ধারা ]।
- রাষ্ট্রপতির পদ শূন্য হলে , ছ'মাসে র মধ্যে নতুন রাষ্ট্রপতি নির্বাচন করতে হয় । উপ-রাষ্ট্রপতি , সর্বাধিক , ঐ ছ'মাসকাল রাষ্ট্রপতির স্থলাভিষিক্ত থাকতে পারেন ।

[ g ] **রাষ্ট্রপতির শাসনতান্ত্রিক ক্ষমতা ঃ**

- রাষ্ট্রপতি - কেন্দ্রীয় সরকারের প্রধান এবং ভারত সরকারের শাসন বিষয়ক সকল ক্ষমতা তাঁর হাতেই ন্যস্ত আছে । কেন্দ্রীয় সরকারের শাসন সংক্রান্ত সকল কাজই রাষ্ট্রপতির নামে সম্পাদিত হয় । [ 77(1) নং ধারা ] । তিনি নিজে বা তাঁর অধস্তন কর্মচারীদের মাধ্যমে তাঁর শাসনক্ষমতা প্রয়োগ করতে পারেন [ 53 নং ধারা ] । ভারত সরকারের সিদ্ধান্তসমূহ তত্ত্বগত বিচারে রাষ্ট্রপতির সিদ্ধান্তরূপেই বিবেচিত হয় ।
- প্রধানমন্ত্রী ভারত সরকারের শাসনকার্য পরিচালনা সম্পর্কিত মন্ত্রীসভার সিদ্ধান্তসমূহ রাষ্ট্রপতিকে জানান । এ ছাড়াও শাসনকার্য সম্পর্কিত যে কোনও দপ্তরের যে কোনও সিদ্ধান্ত সম্পর্কে রাষ্ট্রপতি জানতে চাইলে প্রধানমন্ত্রী সেই বিষয়টি রাষ্ট্রপতিকে জানাতে বাধ্য থাকেন ।
- নিয়োগ সংক্রান্ত ক্ষমতা ঃ রাষ্ট্রপতি বিভিন্ন সাংবিধানিক উচ্চপদ [ প্রধানমন্ত্রী , কেন্দ্রীয় মন্ত্রীসভার সদস্য , রাজ্যপাল , অ্যাটর্নি জেনারলে , ক্যাগ , নির্বাচন কমিশনার এবং ইউ পি এস সি র সদস্যদের ] এ যোগ্য ব্যক্তি নিয়োগ নিয়োগ করেন
- অপসারণের ক্ষমতা ঃ রাষ্ট্রপতি এককভাবে মন্ত্রীসভার সদস্য , রাজ্যপাল , অ্যাটর্নি জেনারেল , কেন্দ্র ও রাজ্যের পাবলিক সার্ভিস কমিশনের সভাপতি ও সদস্যদের অপসারন করতে পারেন । কিন্তু পাবলিক সার্ভিস কমিশনের কোনও সদস্য অথবা সভাপতিকে অপসারণের আগে তাঁদের বিরুদ্ধে গৃহীত

অভিযোগের তদন্ত করাতে হয় কোর্টের বিচারপতির দ্বারা । সুপ্রিম কোর্ট ও হাইকোর্টের বিচারপতি , অডিটর জেনারেল ইত্যাদি পদাধিকারীদের ক্ষেত্রে অপসারণের জন্য সংসদের সুপারিশ আবশ্যক

- রাষ্ট্রপতি কেন্দ্রশাসিত অঞ্চলগুলিকে লেফট্যানেন্ট গভর্নর , কমিশনার অথবা অ্যাডমিনিস্ট্রেটার এর মাধ্যমে সরাসরি শাসন করেন ।

[ h ] **রাষ্ট্রপতির বিচার-বিভাগীয় ক্ষমতা :**

- হাই কোর্ট ও সুপ্রীম কোর্টের বিচারপতিগণ রাষ্ট্রপতি কর্তৃক নিযুক্ত হন ।
- *ফৌজদারি মামলায় দন্ডিত ব্যক্তির দন্ডাদেশ রাষ্ট্রপতি স্থগিত রাখতে পারেন , হ্রাস করতে পারেন এবং মৃত্যুদন্ডপ্রাপ্ত ব্যক্তির ক্ষেত্রে দন্ডিতকে ক্ষমা করতে বা অন্য কোন দন্ড দিতে পারেন [ 72 নম্বর ধারা ]
- যদি কোনও সময় রাষ্ট্রপতির মনে হয় যে আইন সংক্রান্ত এমন কোনও প্রশ্ন উত্থাপিত হয়েছে অথবা উত্থাপিত হতে পারে যা অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং সেই বিষয়ে সুপ্রীম কোর্টের মতামত গ্রহণ করার প্রয়োজন আছে , তাহলে সুপ্রীম কোর্টের বিবেচনার জন্য রাষ্ট্রপতি সেই বিশয়টি সুপ্রীম কোর্টের মতামতে জন্য পাঠাতে পারেন [ সংবিধানের 143 (1) নং ধারা ] ।

[ i ] **রাষ্ট্রপতির আইন-সংক্রান্ত ক্ষমতা [ লেজিসলেটিভ পাওয়ার ]**

ভারতের রাষ্ট্রপতি সংসদের সদস্য নন ,কিন্তু তিনি সংসদের অবিচ্ছেদ্য অংশ ।

রাষ্ট্রপতির ক্ষমতা ও দায়িত্বের মধ্যে পড়ে

- সংসদের অধিবেশন আহ্বান
- অধিবেশনের সমাপ্তি ঘোষণা
- সংসদের উভয়কক্ষকে আলাদাভাবে বা একসাথে অ্যাড্রেস করা
- লোকসভা নির্বাচনের পর নবগঠিত লোকসভাকে অ্যাড্রেস করা
- প্রধানমন্ত্রীর সুপারিশে লোকসভা ভেঙে দেওয়া
- রাজ্যসভার 12 জন সংসদকে মনোনয়ন । বিশেষ ক্ষেত্রে লোকসভায় দু'জন অ্যাংলো-ইন্ডিয়ান প্রতিনিধিকে মনোনয়ন । যদি রাষ্ট্রপতি মনে করেন লোকসভায় অ্যাংলো ইন্ডিয়ান কমিউনিটি যথেষ্ট প্রতিনিধিত্ব পায় নি তাহলে তিনি লোকসভার দু'টি আসনে নিজের মনোনীত দু'জন অ্যাংলো ইন্ডিয়ানকে লোকসভার সাংসদ পদ দিতে পারেন [ ভারতীয় সংবিধানের 333 নং ধারা ] ।

- লোকসভা অথবা রাজ্যসভায় কোনও কারণে স্পিকার অথবা চেয়ারপার্সন এবং ডেপুটি স্পিকার বা ডেপুটি চেয়ারপার্সন উভয়পদেই শূন্যতা সৃষ্টি হলে সভারই কোনও যোগ্য সদস্যকে সভার পরিচালক পদে নিয়োগ

- কোনও বিল আইনসভার উভয়কক্ষে পাশ হওয়ার পর রাষ্ট্রপতির কাছে যায় তাঁর স্বাক্ষরলাভের জন্য । রাষ্ট্রপতির স্বাক্ষর ব্যতিরিকে আইনসভার উভয়কক্ষের অনুমোদিত কোনও বিল আইনের স্বীকৃতি লাভ করতে পারে না ।

- অর্থবিল ছাড়া অন্য যে কোনও বিলের ক্ষেত্রে , রাষ্ট্রপতি চাইলে কোনও বিলে স্বাক্ষর প্রদানের আগে পুনর্বিবেচনার জন্য আইনসভায় প্রেরণ করতে পারেন । কিন্তু পুনর্বিবেচনার পর বিলটি পরিবর্তিত বা অপরিবর্তিত যে রূপেই আসুক না কেন , রাষ্ট্রপতি তাতে স্বাক্ষরদানে বাধ্য থাকেন ।

- *অর্থবিলের ক্ষেত্রে বিলটি আইনসভায় অনুমোদনলাভের পর রাষ্ট্রপতির কাছে এলে রাষ্ট্রপতি অবিলম্বে বিলটিতে স্বাক্ষর দানে বাধ্য থাকেন ।

- কিছু কিছু বিল [ যেমন অর্থবিল , এক বা একাথিক অঙ্গরাজ্যের নাম/সীমানা/আয়তন পরিবর্তন সংক্রান্ত বিল ] এর ক্ষেত্রে সংসদের উত্থাপিত হওয়ার পূর্বে রাষ্ট্রপতির অনুমোদনলাভ আবশ্যক

- সংসদের দু'টি অধিবেশনের মধ্যবর্তী সময়ে রাষ্ট্রপতি অর্ডিন্যান্স জারি করতে পারেন । কিন্তু পার্লামেন্টের পরবর্তী অধিবেশন শুরু হওয়ার ছ'সপ্তাহের মধ্যে অর্ডিন্যান্সটি কে আইনসভার অনুমোদন লাভ করতে হয় । সংসদের পরবর্তী অধিবেশন শুরুর ছ'সপ্তাহ পেরিয়ে যাওয়ার পরও যদি কোনও কারণে অর্ডিন্যান্সটই আইনসভার অনুমোদন লাভ না করে তাহলে রাষ্ট্রপতির ঘোষিত অর্ডিন্যান্সটি তার প্রয়োগ-যোগ্যতা / স্বীকৃতি / বৈধতা হারায় ।

ভেটো প্রদানের ক্ষমতা ঃ

রাষ্ট্রপতি তাঁর ভেটো ক্ষমতা প্রয়োগ করে সংসদের অনুমোদিত বিল বাতিল করে দিতে পারেন । তাঁর 3 ধরনের ভেটো ক্ষমতা আছে ।

- চূড়ান্ত ভেটো [ Absolute Veto ]ঃ সাধারণতঃ প্রাইভেট মেম্বার বিল কে নিষ্ক্রিয় করার জন্য রাষ্ট্রপতি তাঁর এই ভেটো ক্ষমতা ব্যবহার করতে পারে । সরকারি বিলের ক্ষেত্রে , কিছু বিশেষ সময় , যেমন কোন বিল সংসদের অনুমোদন লাভের পর রাষ্ট্রপতির কাছে প্রেরিত হওয়ার পর যদি কোনও কারণে মন্ত্রী পরিষদ পদত্যাগ করে এবং নবনিযুক্ত মন্ত্রী পরিষদ যদি উক্ত বিল পাশ রোধ করার জন্য রাষ্ট্রপতিকে এই ভেটো প্রয়োগ করার পরামর্শ দিলে রাষ্ট্রপতি এই ভেটো ক্ষমতা প্রয়োগ করতে পারেন ।

- সাসপেন্স ভেটো [ Suspense Veto ]ঃ যখন রাষ্ট্রপতি সরাসরি ভেটো প্রয়োগ না করে বিলটি পুনর্বিবেচনার জন্য সংসদের প্রেরণ করে , কিন্তু বিলটিতে সংসদ কোনও পরিবর্তন না করে পুনরায় রাষ্ট্রপতির কাছে প্রেরণ করে তাঁকে স্বাক্ষরদানে বাধ্য করার উদ্দেশ্যে , তখন রাষ্ট্রপতি এই সাসপেন্সিভ ভেটো প্রয়োগ করে ।

- পকেট ভেটো [ Pocket Veto ]ঃ যেহেতু , সংসদে অনুমোদনলাভের পর যখন রাষ্ট্রপতির কাছে আসে তাঁর স্বাক্ষরলাভের জন্য , তখন তিনি কত দিনের মধ্যে সেই স্বাক্ষর দিতে বাধ্য সেই বিষয়ে কোনও সময়সীমার কথা ভারতীয় সংবিধানে বলা নেই । ফলে বহুদিন ধরে বিলটি সম্পর্কে কোনও সিদ্ধান্ত গ্রহণ না করাকে ভাষান্তরে পকেট ভেটো প্রয়োগ করা বলা হয় । 1986 সালে , ভারতের রাষ্ট্রপতি জ্ঞানী জৈল সিং পোস্টাল বিলের ক্ষেত্রে এই ভেটো প্রয়োগ করেছিলেন

[ j ] **রাষ্ট্রপতির আর্থিক ( অর্থ সংক্রান্ত ) ক্ষমতা ঃ**

- রাষ্ট্রপতির সুপারিশ ছাড়া কোনও ব্যয় মঞ্জুরির দাবি বা অর্থবিল পার্লামেন্টে পেশ করা যায় না ।
- কনসলিডেটেড এবং কনটিনজেন্সি ফান্ডের রক্ষণাবেক্ষণ
- প্রত্যেক 5 বছর অন্তর অর্থ কমিশন গঠন ।

[ k ] **রাষ্ট্রপতির সামরিক ক্ষমতা ঃ**

- রাষ্ট্রপতি ভারতের প্রতিরক্ষা বাহিনী [ সেনা , বিমান বাহিনী , নৌ বাহিনী ] র সর্বাধিনায়ক ।
- সেনা , বিমান বাহিনী এবং নৌ-বাহিনীর প্রধানকে নিয়োগ করেন রাষ্ট্রপতি ।
- বিদেশী রাষ্ট্রের সাথে যুদ্ধ ও যুদ্ধবিরতি ঘোষণা - রাষ্ট্রপতির ক্ষমতা [ যদিও সংসদের অনুমোদন আবশ্যক ]

[ l ] **রাষ্ট্রপতির কূটনৈতিক ক্ষমতা ঃ**

- বিভিন্ন রান্তর্জাতিক মঞ্চে রাষ্ট্রপ্রতি ভারতের প্রতিনিধিত্ব করেন ।
- বিদেশী রাষ্ট্রে রাষ্ট্রদূতদের নিয়োগ ও প্রেরণএবং বিদেশী রাষ্ট্রদূতদের গ্রহণ করেন ।
- ভারতবর্ষ যেসমস্ত দ্বিপাক্ষিক , ত্রিপাক্ষিক ও বহুপাক্ষিক চুক্তিতে স্বাক্ষর করে সেগুলি রাষ্ট্রপতির নামে সম্পাদিত হয় ।

[ m ] **রাষ্ট্রপতির জরুরি অবস্থা সংক্রান্ত ক্ষমতা ঃ**

বিভিন্ন ধরনের জরুরি অবস্থাকে দৃঢ়তার সাথে মোকাবিলা করার জন্য ভারতীয় সংবিধানে রাষ্ট্রপতিকে তিন ধরনের জরুরি অবস্থা ঘোষণার অধিকার প্রদান করা হয়েছে , এগুলি যথাক্রমে

- জাতীয় জরুরি অবস্থা [ নং ধারা ]

- অঙ্গরাজ্যে শাসনতান্ত্রিক অচলাবস্থা ঘোষণা [ নং ধারা ]
- আর্থিক জরুরি অবস্থা [ নং ধারা ]

[ এই 3 ধরনের জরুরি অবস্থা সম্পর্কে বিশদে আলোচনা করা হয়েছে এই গ্রন্থের নং অধ্যায়ে ( নং থেকে নং পাতা ) ]

[ n ] **রাষ্ট্রপতির অন্যান্য ক্ষমতা ঃ**

- ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশনের সদস্যসংখ্যা নির্ধারণ এবং তাঁদের কার্যকালের মেয়াদ ও চাকরির শর্তাদি সংক্রান্ত নিয়মকানুন প্রণয়ন ।
- একাধিক রাজ্যের জন্য একজন রাজ্যপাল নিযুক্ত থাকলে সংশ্লিষ্ট রাজ্যপালের বেতনের কত অংশ কোন্ রাজ্য বহন করবে তা নির্ধারণ ।
- ভারতের কয়েকটি বিশেষ রাজ্যের বিশেষ অঞ্চলের জন্য পৃথক উন্নয়ন পরিষদ গঠন ।

[ o ] **রাষ্ট্রপতি ও মন্ত্রী পরিষদ ঃ**

- ভারতীয় সংবিধান কার্যকর হওয়ার সময় থেকেই , সংবিধানের 74 নং ধারায় উল্লিখিত ছিল যে রাষ্ট্রপতিকে তাঁর শাসনকার্যে সহায়তা করা এবং পরামর্শদানের জন্য মন্ত্রী পরিষদের প্রধান রূপে প্রধানমন্ত্রীসহ একটি মন্ত্রী পরিষদ থাকবে । কিন্তু মন্ত্রী পরিষদের পরামর্শ মেনে চলার ক্ষেত্রে রাষ্ট্রপতির বাধ্যবাধকতার কোনও উল্লেখ সেখানে ছিল না । 1976 সালে 42 তম সংবিধান সংশোধনীতে বলা হয় দেশের শাসনকার্য পরিচালনার ক্ষেত্রে রাষ্ট্রপতি মন্ত্রী পরিষদের পরামর্শ মেনে চলতে বাধ্য থাকবেন ।
- 44 তম সংবিধান সংশোধনীতে বলা হয় রাষ্ট্রপতি মন্ত্রী পরিষদের পরামর্শ এর সাথে একমত না হলে সেটি মন্ত্রী পরিষদের কাছে পুনর্বিবেচনার জন্য প্রেরণ করতে পারেন , কিন্তু মাত্র একবার ।

42 তম এবং 44 তম সংবিধান সংশোধনীর পর ভারতীয় সংবিধানের 74 নং ( সংশোধিত ) ধারা অনুসারে দেশের শাসনকার্য পরিচালনার ক্ষেত্রে মন্ত্রী পরিষদের পরামর্শ মেনে চলা রাষ্ট্রপতির কাছে বাধ্যতামূলক হলেও ভারতীয় সংবিধানের বিভিন্ন অংশে এমন কিছু বিশেষ ক্ষেত্রের উল্লেখ আছে যেখানে রাষ্ট্রপতি সম্পূর্ণ স্বাধীনভাবে নিজের বুদ্ধি ও বিবেচনা মতো সিদ্ধান্ত গ্রহণ করতে পারেন । সেই বিশেষ ক্ষেত্রগুলি হল ঃ

- ত্রিশঙ্কু পার্লামেন্টে যে পার্লামেন্টে কোন রাজনৈতিক দলের সংখ্যাগরিষ্ঠতা এককভাবে নেই , যদি সংখ্যাগরিষ্ঠ জোট বা দলের সর্বসম্মত নেতা না থাকে , তখন , প্রধানমন্ত্রী নিয়োগ
- প্রধানমন্ত্রীর আকস্মিক মৃত্যু ঘটলে পরিবর্তিত পরিস্থিতিতে যদি ক্ষমতাসীন দল বা জোটের কোনও স্বীকৃত নেতা না থাকে অথবা ক্যাবিনেট মন্ত্রীদের মধ্যে কে বয়ঃজ্যেষ্ঠ সে সম্পর্কে বিতর্ক থাকে এবং ক্যাবেনেটের বাইরে থাকা কারও নাম প্রধানমন্ত্রী পদের জন্য প্রস্তাবিত হয় ।

- যখন লোকসভা ভেঙে দেওয়ার পরামর্শ প্রদান করেছে ক্ষমতাসীন মন্ত্রী পরিষদ , যে মন্ত্রী পরিষদের পিছনে লোকসভার সংখ্যাগরিষ্ঠ সদস্যের সমর্থন নেই অথবা মন্ত্রী পরিষদের কোনও একজনের বিরুদ্ধে লোকসভায় অনাস্থা প্রস্তাব পাশ হয়েছে ।
- যখন মন্ত্রী পরিষদ লোকসভায় সংখ্যাগরিষ্ঠের সমর্থন হারিয়েছে কিন্তু পদত্যাগে রাজী নয় সেক্ষেত্রে মন্ত্রী পরিষদকে ক্ষমতাচ্যূত করার ক্ষেত্র ।

[ p ] **প্রাক্তন রাষ্ট্রপতিদের গুরুত্বপূর্ণ তথ্য ঃ**

- ডঃ রাজেন্দ্র প্রসাদ , স্বাধীন ভারতের প্রথম রাষ্ট্রপতি , একমাত্র ব্যক্তি যিনি পর পর দু’বার ভারতের রাষ্ট্রপতি পদে নির্বাচিত হয়েছেন ।
- নিলম সঞ্জীবও রেড্ডি - ভারতের একমাত্র রাষ্ট্রপতি যিনি কোনও প্রতিযোগিতা ছাড়াই রাষ্ট্রপতি রূপে নির্বাচিত হয়েছিলেন

| | রাষ্ট্রপতি | কার্যকাল |
|---|---|---|
| | ডঃ রাজেন্দ্র প্রসাদ | 26.01.1950. - 13.05.1962 |
| | ডঃ এস রাধাকৃষ্ণন | 13.05.1962. – 13.05.1967. |
| | ডঃ জাকির হোসেন | 13.05.1967.- 01.05.1969. |
| | ভি. ভি. গিরি ( উপরাষ্ট্রপতি - কার্যনির্বাহী রাষ্ট্রপতি ) | 03.05.1969.-20.07.1969. |
| | জাস্টিস এম. হৃদায়েতুল্লাহ | 20.07.1969.-24.08.1969. |
| | ভি ভি গিরি | 24.08.1969.-24.08.1974. |
| | এফ. আলি আহমেদ | 24.08.1974.-11.02.1977. |
| | বি. ডি. জাট্টি ( কার্যনির্বাহী রাষ্ট্রপতি ) | 11.02.1977.-25.07.1977. |
| | এন. সঞ্জীব রেড্ডি | 25.07.1977.-25.07.1982. |
| | জ্ঞানী জৈল সৈং | 25.07.1982.-25.07.1987. |
| | আর. ভেঙ্কটরমন | 25.07.1987.-25.07.1992. |
| | ডঃ শঙ্কর দয়াল শর্মা | 25.07.1992.-25.07.1997. |
| | কে আর নারায়ণন | 25.07.1997.-25.07.2002. |
| | ডঃ এ পি জে আব্দুল কালাম | 25.07.2002.-25.07.2007. |
| | প্রতিভা পাটিল | 25.07.2007.-till date |
| | | |

## অনুশীলনী -9(a)

[উপজীব্য ঃ **রাষ্ট্রপতি** ]

(1 ) ভারতের রাষ্ট্রপতিকে তাঁর পদ থেকে নিম্নোক্ত কারণেই অপসারণ করা যাবে
(a) রাষ্ট্র বিরোধী কার্যকলাপের জন্য (b) অসততার জন্য (c) সংবিধান বিরোধী কার্যের জন্য
(d) কার্যে অদক্ষতার জন্য [ পি. এস. সি. মিসেলিনিয়াস (প্রিলিম) '10 ]

(2 ) ভারতের রাষ্ট্রপতিকে নির্বাচিত করেন
(a) ভারতের আম জনতা .(b) ক্যাবিনেট মিনিস্টারস্ (c) এম. পি. রা (d) এম. পি. রা এবং এম. এল. এ. রা [ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '99 ]

(3 ) ভারতের রাষ্ট্রপতি
(a) রাষ্ট্রের প্রধান (b) কেন্দ্রীয় সরকারের প্রধান (c) রাষ্ট্র এবং সরকার উভয়েরই প্রধান (d) উপরোক্ত কোনটিই নয় [ পি.এস.সি. ক্লার্কশিপ (প্রিলিম) '00 ]

(4 ) ভারতের রাষ্ট্রপতি কোন্ ব্যক্তির কাছে নিজ হাতে লেখা পদত্যাগপত্র প্রেরণ করতে পারেন ?
(a) প্রধানমন্ত্রী (b) উপরাষ্ট্রপতি (c) প্রধান বিচারপতি (d) লোকসভার স্পিকার
[ পি.এস.সি. মিসেলিনিয়াস (প্রিলিম) '01 ]

(5 ) ভারতীয় সংবিধানের কত নম্বর ধারাবলে রাষ্ট্রপতি কোনও রাজ্য সরকারকে বরখাস্ত করতে পারে ?
(a) 352 .(b) 356 (c) 360 (d) 370 [ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '06]

(6 ) পুরো টার্ম শেষ হওয়ার আগে , রাষ্ট্রপতিকে কার দ্বারা বা কেমন ভাবে পদচ্যুত করা যায় ?
(a) প্রধানমন্ত্রীর দ্বারা (b) উপ-রাষ্ট্রপতির দ্বারা (c) প্রধান বিচারপতির দ্বারা (d) সংসদ বা পার্লামেন্টের দ্বারা অভিসংশা [ পি. এস. সি. ক্লার্কশিপ (প্রিলিম)'05 ]

(7 ) সংসদ কতৃক কোন্ বিল অনুমোদিত হওয়ার পর , রাষ্ট্রপতি
(a) পুনর্বিবেচনার জন্য ফেরত পাঠাতে পারেন .(b) স্বাক্ষরদক্ষনে অসম্মতি জানাতে পারেন (c) বিলটি সংশোধন করতে পারেন (d) লোকসভার অধ্যক্ষের সাথে পরামর্শ করতে পারেন
[পি.এস.সি. মিসেলিনিয়াস (প্রিলিম) '00 ]

(8 ) সারা ভারতে আপৎকালীন অবস্থা জারি করতে পারেন
(a) রাষ্ট্রপতি .(b) প্রধানমন্ত্রী (c) প্রধান সেনাপতি (d) লোকসভার অধ্যক্ষ
[ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '06]

(9 ) ভারতের প্রথম রাষ্ট্রপতি কে ছিলেন ?

(a) ড: এস. রাধাকৃষ্ণন (b) শ্রী সি. রাজাগোপালাচারী (c) ড: রাজেন্দ্র প্রসাদ (d) উপরোক্ত কেউ নন

[ পি এস সি মিসেলিনিয়াস ( প্রিলিম ) '08 পি. এস. সি. ক্লার্কশিপ (প্রিলিম)'86]

(10 ) ভারতের রাষ্ট্রপতি হওয়ার জন্য প্রয়োজনীয় ন্যূনতম বয়স

(a) 21 বছর .(b) 25 বছর (c) 30 বছর (d) 35 বছর

[ পি.এস.সি. মিসেলিনিয়াস (প্রিলিম) '03 , পি. এস. সি. ক্লার্কশিপ (প্রিলিম)'88 , '00 ]

(11 ) মৌলিক অধিকারগুলি স্থগিত রাখার আদেশ দিতে পারেন

(a) সংসদ .(b) সংসদের অনুমোদন সাপেক্ষে রাষ্ট্রপতি (c) সর্বোচ্চ আদালতের সুপারিশক্রমে রাষ্ট্রপতি (d) মন্ত্রীসভার অনুমোদনক্রমে রাষ্ট্রপতি

[ পি. এস. সি. মিসেলিনিয়াস (প্রিলিম) '04 ]

(12 ) কোনও ভারতীয় নাগরিককে দেশের সর্বোচ্চ আদালত মৃত্যুদন্ড দিলেও কে তাকে ক্ষমা করতে পারেন? (a) রাষ্ট্রপতি .(b) প্রধানমন্ত্রী (c) লোকসভার অধ্যক্ষ (d) উপ-রাষ্ট্রপতি

[ পি. এস. সি. মিসেলিনিয়াস (প্রিলিম) '04 ]

(13 ) ভারতের রাষ্ট্রপতি জরুরি অবস্থা জারি করতে পারেন যদি থাকে

(a) যুদ্ধ অথবা যুদ্ধের ভয় .(b) সংবিধানিক ব্যবস্থার ব্যর্থতা (c) আর্থিক অস্থিরতা (d) এই তিনটির মধ্যে যে কোনও একটি [ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '05 ]

(14 ) ভারতের রাষ্ট্রপতির কার্যকালের মায়াদ বা টার্ম

(a) 4 বছর (b) 5 বছর (c) 6 বছর (d) 7 বছর [ পি এস সি ক্লার্কশিপ (প্রিলিম) '96 ]

(15 ) বিশেষক্ষেত্রে ভারতের রাষ্ট্রপতি নিম্নলিখিত কোন্ সম্প্রদায়ের দু'জন প্রতিনিধিকে লোকসভার সাংসদ রূপে মনোনীত করতে পারেন ?

(a) অ্যাংলো-ইন্ডিয়ান .(b) বৌদ্ধ (c) ভারতীয় খ্রীষ্টান (d) পার্সি

[ পি এস সি ক্লার্কশিপ (প্রিলিম) '96 ]

(16 ) ভারতের রাষ্ট্রপতি নিম্নলিখিত উপায়ে নির্বাচিত হন :

(a) প্রত্যক্ষভাবে জনগণের দ্বারা (b) পার্লামেন্টের দুই কক্ষ দ্বারা যৌথভাবে (c) পার্লামেন্টের উভয় কক্ষের ও রাজ্য আইনসভার উভয় কক্ষের নির্বাচিত সদস্যবৃন্দ নিয়ে গঠিত নির্বাচন সংস্থা দ্বারা (d) উপরের কোনটিই নয় [

[ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '08 , '06 , '02 , পি.এস.সি. মিসেলিনিয়াস (প্রিলিম) '07]

(17 ) যে নির্বাচক সংস্থা ভারতের রাষ্ট্রপতিকে নির্বাচিত করে তা গঠিত হয়
(a) কেবলমাত্র লোকসভার সদস্যগণের দ্বারা .(b) কেবলমাত্র রাজ্যসভার সদস্যগণের দ্বারা (c) কেন্দ্রীয় আইনসভার উভয় কক্ষের এবং রাজ্য বিধানসভার নির্বাচিত সদস্যগণের দ্বারা (d) লোকসভা এবং রাজ্যসভার সদস্যগণের দ্বারা [পি.এস.সি. মিসেলিনিয়াস (প্রিলিম) '00 , ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '11 ]

উত্তরমালা 9(a)

1.(c) , 2.(d) , 3.(a) , 4.(b), 5.(b) , 6.(d) , 7. (a) , 8 (a) , 9.(c) , 10.(d) ,
11 (d) ,12.(a) ,13 (d) ,14. (b) ,15. (a) ,16.(c) , 17.(c) .

## অনুশীলনী -9 (b)

[উপজীব্য ঃ রাষ্ট্রপতি ]

(1.) ভারতের সংসদীয় ব্যবস্থায় আষ্ট্রপতি ভোগ করেন
(a) চূড়ান্ত ক্ষমতা (b) সীমাবদ্ধ কিন্তু প্রকৃত ক্ষমতা .(c) আলঙ্কারিক আনুষ্ঠানিক ক্ষমতা (d) কোনও ক্ষমতাই না

(2.) কোন্ বিলে রাষ্ট্রপতি সম্মতি দিতে বাধ্য থাকেন ?
(a) সাধারণ বিলে (b) রাজ্য আইনসভা কর্তৃক অনুমোদিত বিলে .(c) যুগ্ম অধিবেশনে অনুমোদিত বিলে (d) অর্থ বিলে

(3.) রাষ্ট্রপতির বিরুদ্ধে 'ইমপিচমেন্ট' প্রস্তাব উত্থাপনের জন্য সংসদের যে-কোনও কক্ষের কমপক্ষে -
(a) 25 শতাংশের সমর্থন প্রয়োজন (b) 20 শতাংশের সমর্থন প্রয়োজন .(c) 10 শতাংশের সমর্থন প্রয়োজন (d) 5 শতাংশের সমর্থন প্রয়োজন

(4.) কেন্দ্রীয় মন্ত্রীদের মধ্যে দপ্তর বন্টন করেন -
(a) প্রধানমন্ত্রী (b) রাষ্ট্রপতি .(c) প্রধানমন্ত্রীর পরামর্শ অনুযায়ী রাষ্ট্রপতি (d) প্রধানমন্ত্রীর পরামর্শ অনুযায়ী লোকসভার অধ্যক্ষ

(5.) রাষ্ট্রপতি অর্ডিন্যান্স জারি করতে পারেন কেবলমাত্র তখনই যখন
(a) যখন কোনও বিষয়ে কেন্দ্রীয় আইনসভার দু'টি কক্ষের মধ্যে মতপার্থক্য দেখা দেয় (b) একবছরেরও অধিক সময় ধরে যখন কোনও বিল সংসদে পেন্ডিং থাকে .(c) পার্লামেন্টের দু'টি অধিবেশনের (একটি অধিবেশনের শেষ এবং পরবর্তী অধিবেশনের শুরুর আগে ) মধ্যবর্তী সময়ে (d) যখন কোনও বিল স্বাক্ষরের আগে রাষ্ট্রপতি পুনর্বিবেচনার জন্য আইনসভায় প্রেরণ করেছেন কিন্তু বিলটি পুনর্বিবেচনার জন্য আইনসভা রাজী হয় নি

(6.) রাষ্ট্রপতি মন্ত্রীপরিষদের কোনও সদস্যকে বরখাস্ত করতে পারেন

(a) নিজের স্বেচ্ছাধীন ক্ষমতা প্রয়োগ করে (b) লোকসভার স্পিকারের সাথে আলোচনা করে সহমতের ভিত্তিতে .(c) প্রধানমন্ত্রীর রেকমেন্ডেশনে (d) উপরোক্ত সবক'টি ক্ষেত্রে

(7.) রাষ্ট্রপতির ভাষণ প্রস্তুত করেন

(a) রাষ্ট্রপতির বিশেষ সচিব (b) সংসদ বিষয়ক মন্ত্রী .(c) রাষ্ট্রপতির পছন্দের কোনও ক্যাবিনেট মন্ত্রী (d) প্রধানমন্ত্রী ও তাঁর ক্যাবিনেট

(8.) রাষ্ট্রপতির নির্বাচন পদ্ধতির ভিত্তি

(a) আনুপাতিক প্রতিনিধিত্ব (b) একক হস্তান্তরযোগ্য ভোট দ্বারা সমানুপাতিক প্রতিনিধিত্ব .(c) প্রাপ্তবয়স্ক নাগরিকদের দ্বারা গোপন ভোটের মাধ্যমে প্রত্যক্ষ নির্বাচন (d) উপরোক্ত কোনটিই নয়

(9.) ভারতের রাষ্ট্রপতি জাতীয় জরুরি আবস্থা জারি করতে পারেন যদি তিনি ঐ মর্মে

(a) প্রধানমন্ত্রীর লিখিত পরামর্শ লাভ করেন (b) ইউনিয়ন ক্যাবিনেটের লিখিত পরামর্শ লাভ করেন .(c) সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতির লিখিত পরামর্শ লাভ করেন (d) লোকসভার স্পিকারের লিখিত পরামর্শ লাভ করেন

(10.) ভারতের প্রতিরক্ষা বাহিনীর সুপ্রিম কমান্ডার

(a) প্রধানমন্ত্রী (b) রাষ্ট্রপতি .(c) কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রী (d) জাতীয় নিরাপত্তা উপদেষ্টা

(11.) নিম্নলিখিত কোন্ বিলের ক্ষেত্রে রাষ্ট্রপতি আইনসভার পুনর্বিবেচনার জন্য না পাঠিয়ে বিলটিতে স্বাক্ষরদানে বাধ্য থাকেন

(a) যে কোনও বিল (b) অর্থবিল বা মানিবিল .(c) নন্‌মানিবিল (d) সংবিধান সংশোধন সংক্রান্ত বিল

(12.) সংবিধানের কোন্ ধারায় বলা হয়েছে যে ভারতে একজন রাষ্ট্রয়পতি থাকবেন ?

(a) 46 নং ধারা (b) 48 নং ধারা (c) 50 নং ধারা (d) 52 নং ধারা

(13.) সরকারী ভাষা কমিশন কে গঠন করেন ?

(a) প্রধানমন্ত্রী (b) রাষ্ট্রপতি (c) উপরাষ্ট্রপতি (d) উপরোক্ত কেউ নন

(14.) ভারতের প্রথম কার্যনির্বাহী রাষ্ট্রপতি ছিলেন

(a) ডঃ জাকির হোসেন (b) ভি. ভি. গিরি (c) মহঃ হিদায়েতুল্লাহ (d) বি. ডি. জাত্তি

(15.) প্রাক্তন রাষ্ট্রপতি জৈল সিং রাষ্ট্রপতি হওয়ার পূর্বে কোন্ দপ্তরের মন্ত্রী ছিলেন ?
(a) স্বরাষ্ট (b) অর্থ (c) প্রতিরক্ষা (d) পররাষ্ট্র

(16.) রাষ্ট্রপতি পদ-প্রার্থীর মনোনয়নপত্র কতজন নির্বাচক দ্বারা সমর্থিত হতে হয় ?
(a) 50 জন (b) 70 জন (c) 80 জন (d) 100 জন
(17 ) কে রাষ্ট্রপতিকে শপথবাক্য পাঠ করান ?
(a) সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি (b) ভারতের মুখ্য নির্বাচন কমিশনার .(c) উপরাষ্ট্রপতি
(d) লোকসভার স্পিকার

(18.) ভারতীয় সংবিধানের কত নম্বর ধারায় রাষ্ট্রপতির ইমপিচমেন্ট এর বিষয়টি আলোচিত হয়েছে ?
(a) 356 নং (b) 75 নং .(c) 74 নং (d) 61 নং

(19.) রাষ্ট্রপতির ঘোষিত অর্ডিন্যান্স সাধারণত কতদিন কার্যকরী থাকে ?
(a) ঘোষণার পর ছ'মাস পর্যন্ত (b) ঘোষণার পর ছ'সপ্তাহ পর্যন্ত .(c) সংসদের পরবর্তী অধিবেশন শুরু হওয়ার পর ছ'সপ্তাহ পর্যন্ত (d) সংসদের পরবর্তী অধিবেশন শুরু হওয়ার পর ছ'মাস পর্যন্ত

(20.) রাষ্ট্রপতির জারি করা ' জরুরি অবস্থা 'র ঘোষণাকে কত দিনের মধ্যে সংসদের উভয়কক্ষের প্রতিটিতে অনুমোদনের জন্য উত্থাপন করতে হয় ?
(a) এক মাস (b) দু'মাস .(c) ছ'মাস (d) জাতীয় জরুরি অবস্থার ক্ষেত্রে একমাস এবং বাকি দু'টি জরুরি অবস্থার ক্ষেত্রে দু'মাস

(21.) কে রাজ্যসভা ও লোকসভার যৌথ অধিবেশন আহ্বান করেন ?
(a) লোকসভার স্পিকার (b) রাজ্যসভার চেয়ারম্যান .(c) রাষ্ট্রপতি (d) অ্যাটর্নি জেনারেল

(22.) লোকসভার কার্যকালের মেয়াদ (5 বছর ) শেষ হওয়ার আগে লোকসভা ভেঙে দিতে পারেন
(a) প্রধানমন্ত্রী (b) রাষ্ট্রপতি .(c) প্রধানমন্ত্রীর সুপারিশে রাষ্ট্রপতি (d) লোকসভার স্পিকারের সুপারিশে রাষ্ট্রপতি

(23.) রাষ্ট্রপতি সংসদের উভয়কক্ষের যৌথ অধিবেশন আহ্বান করতে পারেন যদি
(a) একটি কক্ষের অনুমোদিত বিল অপর কক্ষ বাতিল করে দেয় (b) কোনও বিলের সংশোধনের বিষয়ে একটি কক্ষ যে মত দিয়েছে , অপর কক্ষ সেটি মানতে নারাজ .(c) একটি কক্ষ থেকে কোনও বিল পাশ হয়ে অপর কক্ষে গেছে কিন্তু ছ'মাসের অধিক সময় পেরিয়ে যাওয়ার পরেও বিলটি সম্পর্কে সেই কক্ষ কোনও সিদ্ধান্তগ্রহণ করে নি (d) উপরোক্ত সব ক'টি ক্ষেত্রে

(24.) কেন্দ্রীয় আইনসভার দু'টি কক্ষের মধ্যে মতপার্থক্য দেখা দেয় তখন সেটা দূর করার জন্য

(a) বিশেষ কমিটি নিয়োগ করে কেন্দ্রীয় সরকারের সংসদ বিষয়ক মন্ত্রালয় (b) সর্বদলীয় সম্মেলন আহ্বান করেন রাষ্ট্রপতি .(c) উভয় কক্ষের সাংসদদের নিয়ে একটি কমিটি নিযুক্ত করেন লোকসভার স্পিকার (d) রাষ্ট্রপতি দু'টি কক্ষের যৌথ অধিবেশনের আহ্বান জানান

(25.) সুপ্রিম কোর্টের পরামর্শ রাষ্ট্রপতি

(a) মানতে বাধা (b) মানতে বাধ্য নন .(c) মানতে বাধ্য যদি বিষয়টির সাথে জাতীয় স্বার্থ জড়িত বলে সুপ্রিম কোর্ট মনে করে (d) কিছু কিছু ক্ষেত্রে মানতে বাধ্য এবং বাকি ক্ষেত্রে মানতে বাধ্য নন

(26.) সুপ্রিম কোর্টের বিচারপতিদের

(a) কার্যকালের মেয়াদ শেষ বা অবসরগ্রহণের আগে পদচ্যুত করা যায় না (b) রাষ্ট্রপতি পদচ্যুত করতে পারেন তাঁর স্বেচ্ছাধীন ক্ষমতা প্রয়োগ করে .(c) রাষ্ট্রপতি পদচ্যুত করতে পারেন , সংসদের রেকমেন্ডেশনে (d) রাষ্ট্রপতি পদচ্যুত করতে পারেন , ক্যাবিনেটের রেকমেন্ডেশনে

(27.) সুপ্রিম কোর্টের বিদারপতিদের শপথবাক্য পাঠ করান

(a) রাষ্ট্রপতি (b) উপরাষ্ট্রপতি .(c) সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি (d) অ্যাটর্নি জেনারেল

(28.) সুপ্রিম কোর্টের কোনও বিচারপতি যদি তাঁর কার্যকালের মেয়াদ শেষ হওয়ার অথবা অবসরগ্রহণের আগে পদত্যাগ করতে চান , তাহলে তাঁকে কার কাছে পদত্যাগপত্র প্রেরণ করতে হবে ?

(a) রাষ্ট্রপতি (b) প্রধানমন্ত্রী .(c) সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি (d) অ্যাটর্নি জেনারেল

(29.) যখন রাষ্ট্রপতি কোনও রাজ্যের শাসনতান্ত্রিক প্রধানের পদে রাজ্যপালকে নিয়োগ করেন , তখন তিনি , প্রথা অনুসারে কার সাথে এই নিয়োগের বিষয়ে আলোচনা করেন ?

(a) সংশ্লিষ্ট রাজ্যের মুখ্যমন্ত্রী (b) সংশ্লিষ্ট রাজ্যের বিদায়ী রাজ্যপাল .(c) প্রধানমন্ত্রী (d) সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি

(30.) ভারতের কোনও অঙ্গরাজ্যের রাজ্যপাল তাঁর সমস্ত কাজের জন্য কার কাছে দায়বদ্ধ থাকেন ?

(a) সংশ্লিষ্ট রাজ্যের আইনসভা (b) সংশ্লিষ্ট রাজ্যের মন্ত্রীপরিষদ .(c) সংশ্লিষ্ট রাজ্যের মুখ্যমন্ত্রী (d) রাষ্ট্রপতি

(31.) ভারতের কোনও অঙ্গরাজ্যের রাজ্যপাল যদি তাঁর কার্যকালের মেয়াদ বা টার্ম শেষ হওয়ার আগে পদত্যাগ করতে চান , তাহলে তাঁকে কার কাছে পদত্যাগপত্র প্রেরণ করতে হবে ?

(a) রাষ্ট্রপতি (b) প্রধানমন্ত্রী .(c) সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি (d) সংশ্লিষ্ট রাজ্যের বিধানসভার স্পিকার

(32.) মুখ্য নির্বাচন কমিশনারকে তাঁর কার্যকালের মেয়াদ শেষ হওয়ার আগে পদচ্যুত করতে পারেন

(a) রাষ্ট্রপতি (b) রাষ্ট্রপতি, সংসদের সুপারিশে .(c) রাষ্ট্রপতি সুপ্রিম কোর্টের সুপারিশে (d) রাষ্ট্রপতি , ক্যাবিনেটের সুপারিশে

(33.) রাষ্ট্রপতি নির্বাচনে প্রার্থী হতে গেলে প্রর্থীর নাম প্রস্তাবিত হতে হয় -
(a) 50 জন নাগরিক দ্বাআ (b) 5 জন লোকসভার সদস্য দ্বারা .(c) 5 জন রাজ্যসভার সদস্য দ্বারা (d) 50 জন নির্বচক দ্বারা

(34.) নিম্নের কোন্ ব্যক্তি রাষ্ট্রপতি হিসেবে পরপর দু'বা নির্বাচিত হন ?
(a) ডঃ রাজেন্দ্র প্রসাদ (b) ডঃ এস রাধাকৃষ্ণন (c) ডঃ জাকির হোসেন (d) ডঃ ভি ভী গিরি

(35.) রাষ্ট্রপতি নির্বাচনকে কেন্দ্র করে কোনও বিবাদ দেখা দিলে তার নিষ্পত্তি করে -
(a) সুপ্রিম কোর্ট্র (b) নির্বাচন কমিশন .(c) সুপ্রিম কোর্ট ও হাই কোর্ট (d) সংসদ

(36.) ভারতের রাষ্ট্রপতি ও উপরাষ্ট্রপতি জু'জনেই যদি অনুপস্থিত থাকেন বা অসুস্থ হন , তাহলে কে কার্যনির্বাহী রাষ্ট্রপতির দায়িত্ব পালন করেন ?
(a) লোকসভার অধ্যক্ষ (b) সুপিম কোর্টের প্রধান বিচারপতি .(c) ' ইউ পি এস সি ' র চেয়ারম্যান (d) প্রধানমন্ত্রী

(37.) নিম্নলিখিতদের মধ্যে কে রাষ্ট্রপতি রূপে নির্বাচিত হওয়ার পূর্বে ' ভারতরত্ন ' উপাধিতে ভূষিত হয়েছিলেন ?
(a) ডঃ রাজেন্দ্র প্রসাদ (b) ডঃ এস রাধাকৃষ্ণন .(c) ডঃ জাকির হোসেন (d) ডঃ ভি ভী গিরি

(38.) কোনও কারণে রাষ্ট্রপতির পদ শূন্য হলে তা পূরণ করতে হয় -
(a) 3 মাসের মধ্যে (b) 6 মাসের মধ্যে .(c) 1 বছরের মধ্যে (d) 8 মসের মধ্যে

(39.) নিম্নলিখিত কোন্ আধিকারিককে নিয়োগের ক্ষেত্রে রাষ্ট্রপতির কোনও ভূমিকা থাকে না
(a) সুপ্রিম কোর্টের বিচারপতি (b) হাই কোর্টের বিচারপতি .(c) জেলা জজ (d) অ্যাটর্নি জেনারেল

(40.) রাষ্ট্রপতি রাজ্যসভার কতজন সদস্যকে মনোনীত করেন ?
(a) 10 (b) 12 .(c) 15 (d) 20

(41.) রাষ্ট্রপতি মত্র একবার তাঁর ' সাসপেন্সিভ ভেটো পাওয়ার ' প্রয়োগ করেছিলেন
(a) হিন্দু কোড বিলে (b) ফিস ফ প্রফিট বিল .(c) ইন্ডিয়ান পোস্ট অফিস বিলে (d) পণপ্রথ বিরোধী বিলে

(42.) কোন্ রাষ্ট্রপতি বিনা প্রতিদ্বন্দ্বিতয় নির্বাচিত হয়েছিলেন ?

(a) ডঃ রাজেন্দ্র প্রসাদ (b) ডঃ এস রাধকৃষ্ণন .(c) কে আর নারায়ণন (d) নিলম সঞ্জীব রেড্ডি

(43) কোন্ সাংবিধানিক পদাধিকারী বৈদেশিক শক্তির বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করতে পারে ?
(a) সেনাপ্রধান (b) রাষ্ট্রপতি .(c) উপ-রাষ্ট্রপতি (d) প্রধানমন্ত্রী

(44.) কেন্দ্রীয় বা রাজ্য আইনসভার কোনও সদস্য রাষ্ট্রপতি হতে পারেন , কিন্তু
(a) নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার আগে পদত্যাগ করতে হয় (b) নির্বাচিত হওয়ার সঙ্গে সঙ্গে পদত্যাগ করতে হয় .(c) নির্বাচিত হওয়ার ছ'মাসের মধ্যে পদত্যাগ করতে হয় (d) উপরোক্ত কোনটিই নয়

(45.) নিম্নলিখিত কোন্ পদাধিকারীকে রাষ্ট্রপতি নিয়োগ করেন না ?
.(a) লোকসভার অধ্যক্ষ .(b) সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি .(c) বিমানবাহিনীর প্রধান (d) সেনা প্রধান

(46.) নিম্নলিখিত ব্যক্তিদের মধ্যে কার বেতন ভাতা সম্পূর্ণ আয়করমুক্ত ?
.(a) রাষ্ট্রপতি .(b) সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি .(c) মুখ্য নির্বাচন কমিশনার
(d) অ্যাটর্নি জেনারেল

(47) কোন্ সংবিধান সংশোধনীতে বলা হয়েছে যে , রাষ্ট্রপতি সংবিদান সংশোধনী বিলে তাঁর স্বাক্ষরদানে বাধ্য থাকবেন
(a) 42 তম (b) 44 তম (c) 24 তম (d) 73 তম

(48.) 1.) রাষ্ট্রপতির বেতন ও অন্যান্য সুযোগ সুবিধা কে নির্ধারণ করেন ?
.(a) কেন্দ্রীয় মন্ত্রীসভা .(b) সংসদ .(c) ক্যাবিনেট (d) সুপ্রিম কোর্ট

(49.) ইন্টার-স্টেট কাউন্সিল গঠনের অধিকার আছে
(a) সুপ্রিম কোর্টের (b) রাষ্ট্রপতি (c) উপ-রাষ্ট্রপতি (d) প্রধানমন্ত্রী

(50.) নিম্নলিখিত কোন্ পরিস্থিতিতে রাষ্ট্রপতি একটি ইন্টার স্টেট কাউন্সিল গঠন করতে পারেন ?
(a) জরুরি অবস্থা কালীন (b) জাতীয় জরুরি অবস্থা কালীন (c) যখন মন্ত্রী পরিষদ রাষ্ট্রপতিকে এই মর্মে প্রস্তাব পেশ করে (d) যখন রাষ্ট্রপতি মনে করবেন জনস্বার্থে এটি করার প্রয়োজন আছে

(51.) রাষ্ট্রপতির নির্বাচনে নিম্নলিখিত আইনসভার কক্ষগুলির মধ্যে কোন্টির কোনও ভূমিকা থাকে না ?
(a) লোকসভা (b) রাজ্যসভা (c) বিধানসভা (d) বিধান পরিষদ

(52.) আইনসভার দু'টি কক্ষ থেকে পাশ হওয়ার পর যখন কোনও বিল রাষ্ট্রপতির কাছে আসে তখন তিনি

(a) বিলটিকে পুনর্বিবেচনার জন্য আইনসভায় পুনর্প্রেরণ করতে পারেন (b) বিলটিতে স্বাক্ষরদানে অস্বীকার করতে পারেন .(c) বিলটির বিষয়ে লোকসভার স্পিকারের সাথে আলোচনা করতে পারেন

(d) বিলটি সংশোধন করতে পারেন

(53.) ভারতীয় সংবিধানের 213 নং ধারায় যেমন অঙ্গরাজ্যের রাজ্যপালের অধ্যাদেশ জারির ক্ষমতা বর্ণিত হয়েছে , একইরকম ভাবে রাষ্ট্রপতির অধ্যাদেশ জারির ক্ষমতা উল্লিখিত হয়েছে ভারতীঢ সংবিধানের কত নম্বর ধারায় ?

(a) 119 .(b) 120 (c) 121 (d) 123

(54.) রাষ্ট্রপতির অবর্তমানে কতমাস উপরাষ্ট্রপতি রাষ্ট্রপতি পদে বহাল থাকতে পারেন

(a) একমাস (b) দু'মাস (c) তিন মাস (d) ছ'মাস

(55.) ভারতের প্রথম কোন্ রাষ্ট্রপতি রাষ্ট্রপতি থাকাকালীন মারা যান ?

(a) ডঃ জাকির হোসেন (b) ফকরুদ্দিন আলি আহমেদ (c) জ্ঞানী জৈল সিং (d) নীলম সঞ্জীব রেড্ডি

(56.) নীচের কোন্ বিষয়টি রাষ্ট্রপতির সুপারিশ বা পূর্বসম্মতি ছাড়া উত্থাপন করা যায় না ?

(a) অর্থ বিল (b) এক বা একাধিক অঙ্গরাজ্যের সীমানা বা নাম পরিবর্তন সংক্রান্ত বিল

(c) ভারতের সঞ্চিত তহবিল থেকে অর্থ ব্যয়ের প্রস্তাব (d) উপরোক্ত সবগুলিই

(57.) কেন্দ্রীয় রাষ্ট্র কৃত্যক কমিশন কার কাছে বার্ষিক প্রতিবেদন পেশ করে ?

(a) রাষ্ট্রপতি (b) উপরাষ্ট্রপতি (c) প্রধানমন্ত্রী (d) সুপ্রিম কোর্ট

(58) হাইকোর্টের বিচারপতিদের কে স্থানান্তরিত করতে পারেন ?

(a) সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি (b) রাষ্ট্রপতি (c) সংসদ (d) প্রধানমন্ত্রী

(59.) ভারতীয় সংবিধানের 74 নং , 75 নং এবং 78 নং ধারার আলোচ্য বিষয়

(a) প্রধানমন্ত্রী এবং রাষ্ট্রপতির মধ্যে সম্পর্ক (b) রাজ্যপাল এবং মুখ্যমন্ত্রীদের মধ্যে সম্পর্ক

(c)ক্যাবিনেটের গঠন (d) উপরোক্ত কোনটিই নয়

(60.) ভারতীয় সংবিধানের কোন্ ধারা বলে রাষ্ট্রপতি সমস্ত সরকারী কর্মচারীদের বেতন ও ভাতা হ্রাসের নির্দেশ দিতে পারেন ?

(a) 352 নং ধারা .(b) 356নং ধারা (c) 360নং ধারা (d) 110নং ধারা

(61.) ভারতের রাষ্ট্রপতি কোন্ ধারাবলে লোকসভা ভেঙে দিতে পারেন ?

(a) 85(2) নং ধারা .(b) 110(2) নং ধারা (c) 92(2) নং ধারা (d) 12 (1) নং ধারা

(62.) সঠিক তথ্যটি নির্ণয় করুন -

(a) রাষ্ট্রপতির সামরিক ক্ষমতা তাঁর শানতান্ত্রিক ক্ষমতার অধীন .(b) রাষ্ট্রপতির শাসনতান্ত্রিক ক্ষমতা তাঁর সামরিক ক্ষমতার অধীন (c) রাষ্ট্রপতির শাসনতান্ত্রিক ক্ষমতা ও সামরিক ক্ষমতা কোনটিই একে অপরের অধীনে নয় (d) রাষ্ট্রপতির শাসনতান্ত্রিক ক্ষমতা ও সামরিক ক্ষমতা উভয়েই কূটনৈতিক ক্ষমতার অধীনে

(63.) রাষ্ট্রপতির নির্বাচনে আইনসভার কোন্ কক্ষের কোনও ভূমিকা থাকে না ?

(a) লোকসভা .(b) রাজ্যসভা (c) বিধানসভা (d) বিধান পরিষদ

(64.) My Presidential Years - কোন্ রাষ্ট্রপতির লেখা ?

(a) জ্ঞানী জৈল সিং (b) রামস্বামী ভেঙ্কটরমন (c) ডঃ শঙ্করদয়াল শর্মা (d) ডঃ রাজেন্দ্র প্রসাদ

(65.) ভারতীয় সংবিধানের 361 নং ধারায় ভারতের রাষ্ট্রপতিকে কয়েকটি বিশেষ সুযোগ-সুবিধা ও ক্ষমতা প্রদান করা হয়েছে । নিম্নলিখিত কোন্‌টি সেই বিশেষ ক্ষমতা বা সুযোগের তালিকাভুক্ত নয় ?

(a) কেন্দ্রীয় সরকারের সকল শাসনতান্ত্রিক ক্ষমতা প্রদান করা হয়েছে রাষ্ট্রপতিকে এবং তিনি সংবিধান সম্মত পথে সেগুলি ব্যবহার করবেন .(b) রাষ্ট্রপতি নিজের শাসনতান্ত্রিক কর্তব্য বা দায়িত্ব নির্বাহের সময়ে অথবা তাঁর শাসনতান্ত্রিক ক্ষমতা প্রয়োগের জন্য যে যে কাজ করবেন বা যে যে সিদ্ধান্ত গ্রহণ করবেন তার জন্য তিনি ভারতের কোনও আদালতের কাছে জবাবদিহি করতে বাধ্য নন (c) রাষ্ট্রপতির কার্যকালের মধ্যে তাঁর বিরুদ্ধে কোনও ফৌজদারি মামলা দায়ের করা যায় না (d) ভারতের কোনও আদালত রাষ্ট্রপতিকে গ্রেফতার অথবা কারারুদ্ধ করার কোনও নির্দেশ দিতে পারে না

(66.) রাষ্ট্রপতির নির্বাচন সংক্রান্ত সাংবিধানিক ব্যবস্থাটি পরিবর্তন করা যায় , যদি উক্ত সংশোধনী বিলটি পাশ হয়

(a) পার্লামেন্টে সাধারণ সংখ্যাগরিষ্ঠতায় (b) পার্লামেন্টে দুই-তৃতীয়াংশ সংখ্যাগরিষ্ঠতায় (c) পার্লামেন্টে দুই-তৃতীয়াংশ ও অন্ততঃ অর্ধেক রাজ্য আইনসভা কর্তৃক অনুমোদিত হলে (d) সুপ্রিম কোর্টের নির্দেশে

(67.) সুপ্রিমকোর্টের কোন্ বিচারপতি কার্যনির্বাহী রাষ্ট্রপতির পদে আসীন হয়েছিলেন ?

(a) ভি. ভি। গিরি .(b) বি. ডি. জাত্তি (c) মহম্মদ হিদায়েতুল্লাহ (d) এঁদের কেউ নন

(68.) ভারতীয় সংবিধানের কত নম্বর ধারায় রাষ্ট্রপতি পদের জন্য যোগ্যতাবলী উল্লিখিত হয়েছে ?

(a) 55নং ধারা .(b) 56নং ধারা (c) 57নং ধারা (d) 58নং ধারা

(69.) 44 তম সংবিধান সংশোধনীর মাধ্যমে ঘোষণা করা হয়

(a) ক্যাবিনেটের লিখিত পরামর্শের অনুলিপি ছাড়া রাষ্ট্রপতি জাতীয় জরুরি অবস্থা জারি করতে পারবেন না .(b) রাষ্ট্রপতি স্বেচ্ছায় রাষ্ট্রপতি শাসন জারি করতে পারেন (c) প্রধানমন্ত্রীর যে কোনও নির্দেশ জাতীয় জরুরি অবস্থা ঘোষণার ক্ষেত্রে রাষ্ট্রপতি মেনে চলবেন (d) উপরোক্ত কোনটিই নয়

(70.) 1975 সালে যখণ ভারতে জাতীয় জরুরি অবস্থা জারি হয় , তখন ভারতের রাষ্ট্রপতি ছিলেন

(a) নিলম সঞ্জীব রেড্ডি .(b) ফকরুদ্দিন আলি আহমেদ (c) ভি ভি গিরি (d) জ্ঞানী জৈল সিং

(71.) প্রাক্তন রাষ্ট্রপতি জ্ঞানী জৈল সিং রাষ্ট্রপতি হওয়ার পূর্বে কোন্ দপ্তরের মন্ত্রী ছিলেন ?

(a) স্বরাষ্ট্র .(b) অর্থ (c) প্রতিরক্ষা (d) বিদেশ

(72) সঠিক তথ্যটি নির্ণয় করুন -
রাষ্ট্রপতির নির্বাচনের জন্য গঠিত নির্বাচক সংস্থায়

(a) সকল সদস্যের ভোট মূল্য সমান .(b) সকল সদস্যের ভোট মূল্য সমান নয় (c) নির্বাচিত সদস্যদের ভোটমূল্য মনোনীত সদস্যদের ভোটমূল্য অপেক্ষা বেশী (d) উপরোক্ত কোনটিই নয়

(73) কে ভারতের রাষ্ট্রপতি এবং লোকসভার স্পিকার দু'টো পদই অলঙ্কৃত করেছিলেন ?

(a) জ্ঞানী জৈল সিং .(b) ভি. ভি. গিরি (c) নীলম সঞ্জীব রেড্ডি (d)কে. আর. নারায়ণন

(74) সর্বাধিক কত বার রাষ্ট্রপতি পদে কোনও ব্যক্তি পুনর্নির্বাচিত হতে পারেন ?

(a) 2 .(b) 3 (c) 4 (d) কোনও উর্ধ্বসীমা নেই

(75) দেশের কোনও একটি এলাকাকে ' তফশিলভুক্ত এলাকা ' রূপে ঘোষণা করার অধিকার আছে

(a) সংশ্লিষ্ট রাজ্যের রাজ্যপাল (b) ভারতের রাষ্ট্রপতি (c) সংসদ (d) সংশ্লিষ্ট বিধানসভা

(76.) ভারতের রাষ্ট্রপতি কার পরামর্শ মানতে বাধ্য থাকেন ?

(a) লোকসভার স্পিকার .(b) মন্ত্রীপরিষদ (c) সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি
(d) সি. এ. জি.

(77.) ভারতের রাষ্ট্রপতিকে পদচ্যুত করতে পারে -
(a) সংসদ .(b) লোকসভা (c) প্রধানমন্ত্রী (d)সুপ্রিম কোর্টের চিফ জাস্টিস

(78.) কোন্ ধারাবলে রাষ্ট্রপতি আন্তঃরাজ্য পরিষদ গঠন করতে পারেন ?
(a) 163 নং ধারা .(b) 263 নং ধারা (c) 363 নং ধারা (d) 463 নং ধারা

(79.) কে রাজ্যপালকে সংশ্লিষ্ট রাজ্যের পাশ্ববর্তী কোনও কেন্দ্রশাসিত অঞ্চলের প্রশাসকের দায়িত্ব অর্পণ করতে পারেন ?
(a) সংসদ .(b) মুখ্যমন্ত্রী (c) রাষ্ট্রপতি (d) প্রধানমন্ত্রী

(80.) বর্তমানে ভারতের প্রাক্তন রাষ্ট্রপতিদের মধ্যে কত জন ভারত রত্ন পুরস্কারে ভূষিত হয়েছেন ?
(a) 2 (b) 3 (c) 4 (d) 5

(81.) ভারতীয় সংবিধানে উল্লিখিত আছে যে যখন রাষ্ট্রপতি এবং উপরাষ্ট্রপতি উভয় পদেই শূন্যতার সৃষ্টি হবে তখন সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি কার্যনির্বাহী রাষ্ট্রপতির ভূমিকা পালন করেন । এরকম ঘটনা ভারতের ইতিহাসে মোট কত বার ঘটেছে ?
(a) 1 বার (b) 2 বার (c) 3 বার (d) 1 বারও নয়

(82.) জাতীয় প্রতিরক্ষা কমিটি [National Defence Committee ] র প্রধান হলেন
(a) রাষ্ট্রপতি .(b) প্রধানমন্ত্রী (c) প্রতিরক্ষা মন্ত্রী (d) সেনা প্রধান

উত্তরমালা - 9 (b)

, 1. (c) , 2.(d) , 3. (a), 4.(c), 5.(c) ,6.(c), 7.(d), 8.(b), 9.(b), 10.(b) , 11. (b) , 12.(d) , 13. (b), 14.(b), 15.(a) ,16.(a), 17.(a), 18.(d), 19.(c), 20.(d) , , 21. (c) , 22.(c) , 23. (d), 24.(d), 25.(b) ,26.(c), 27.(a), 28.(a), 29.(a), 30.(d) 31. (a) , 32.(b) , 33. (d), 34.(a), 35.(a) ,36.(b), 37.(c), 38.(b), 39.(c), 40.(b) 41. (c) , 42.(d) , 43. (b), 44.(c), 45.(a) ,46.(a), 47.(c), 48.(b), 49.(b), 50.(d) 51. (d) , 52.(a) , 53. (d), 54.(d), 55.(a) ,56.(d), 57.(a), 58.(b), 59.(a), 60.(c) 61. (a) , 62.(a) , 63. (d), 64.(b), 65.(a) ,66.(c), 67.(c), 68.(d), 69.(a), 70.(b) 71. (d) , 72.(b) , 73. (c) 74.(d), 75.(b) ,76.(b), 77.(a), 78.(b), 79.(c), 80.(b) 81. (a) , 82.(a) ,

**রাষ্ট্রপতি সংক্রান্ত বিভিন্ন ধারা ও তাদের আলোচ্য বিষয় ঃ**

- 52 নং ধারা ভারতে একজন রাষ্ট্রপতি থাকবেন
- 53 নং ধারা কেন্দ্রের শাসন সংক্রান্ত ক্ষমতা রাষ্ট্রপতির হাতে ন্যস্ত হবে
- 54 নং ধারা রাষ্ট্রপতি নির্বাচিত হবেন একটি ' নির্বাচনী সংস্থা ' কর্তৃক
- 55 নং ধারা রাষ্ট্রপতির নির্বাচন পদ্ধতি
- 56 নং ধারা রাষ্ট্রপতির শাসনকার্যের সময়কাল ( 5 বছর ) ও শর্ত ।
- 57 নং ধারা রাষ্ট্রপতির পুনর্নির্বাচন
- 58 নং ধারা রাষ্ট্রপতি পদে নির্বাচিত হওয়ার যোগ্যতা
- 59 নং ধারা রাষ্ট্রপতি পদে আসীন হওয়ার শর্ত
- 60 নং ধারা রাষ্ট্রপতির শপথগ্রহণ
- 61 নং ধারা রাষ্ট্রপতির ইমপিচমেন্ট
- 62 নং ধারা রাষ্ট্রপতি পদে শূন্যতা , উপরাষ্ট্রোপতির রাষ্ট্রপতি পদ গ্রহণ এ পরবর্তী নির্বাচন আয়োজনের সময়সীমা

**রাষ্ট্রপতি** President **শাসনতান্ত্রিক প্রধান** Executive Head **প্রজাতান্ত্রিক** Repulic ,
**নাগরিক** Citizen **লাভজনক পদ** Office of Profit **কার্যকালের মেয়াদ** Term
**পদ্যতাগ পত্র** Resignation Letter
**সংসদের সুপারিশ** Recommendation of the Parliament
**ফৌজদারি মামলা** Civil Case **অবিচ্ছেদ্য অংশ** Part & Parcel **অধ্যাদেশ** Ordinance
**ত্রিশঙ্কু সংসদ** Hung Parliament **কূটনৈতিক ক্ষমতা** Diplomatic Power
**একক হস্তান্তরযোগ্য ভোট দ্বারা সমামুপাতিক প্রতিনিধিত্ব** Proportional Representation by means of single transferable vote

# অধ্যায় ঃ 10

## উপরাষ্ট্রপতি

- লোকসভা এবং রাজসভার সকল সদস্যদের দ্বারা নির্বাচিত হন উপরাষ্ট্রপতি [ লোকসভা ও রাজ্যসভার মনোনীত সদস্যরা রাষ্ট্রপতি নির্বাচনে অংশগ্রহণ করতে পারেন না , কিন্তু উপরাষ্ট্রপতির নির্বাচনে উভয়কক্ষের সকল সদস্য ( মনোনীত এবং নির্বাচিত ) অংশগ্রহণ করেন ] ।

- কার্যকালের মেয়াদ : 5 বছর; পুনর্নির্বাচিত হতে পারেন । মেয়াদ সম্পূর্ণ হওয়ার পূর্বে , স্বেচ্ছায় পদত্যাগ করতে পারেন ( পদত্যাগপত্র পাঠাতে হবে রাষ্ট্রপতির কাছে )

- রাষ্ট্রপতির মতো , উপরাষ্ট্রপতিকেও অসাংবিধানিক আচরণের জন্য বরখাস্ত করা যেতে পারে । ইমপিচমেন্টের পদ্ধতিও রাষ্ট্রপতি ও উপরাষ্ট্রপতির ক্ষেত্রে একই রকম । কিন্তু উপরাষ্ট্রপতিকে ইমপিচমেন্ট এর প্রস্তাব উত্থাপন করা যায় কেবলমাত্র রাজ্যসভায় । এই প্রস্তাবটি যদি সংসদের উচ্চ এবং নিম্ন উভয় কক্ষেই দুই তৃতীয়াংশ সাংসদ দ্বারা সমর্থিত হয় , তাহলে উপরাষ্ট্রপতি বরখাস্ত হবেন । আজ পর্যন্ত কোনও উপরাষ্ট্রপতির বিরুদ্ধেই ইমপিচমেন্ট এর প্রস্তাব উত্থাপিত হয় নি ।

- উপরাষ্ট্রপতি হওয়ার জন্য প্রয়োজনীয় যোগ্যতা ঃ ভারতের নাগরিক , ন্যূনতম বয়স : * 35 বছর , রাজ্যসভার সদস্য হওয়ার জন্য প্রয়োজনীয় যোগ্যতা ;

- * উপরাষ্ট্রপতিকে শপথ বাক্য পাঠ করান রাষ্ট্রপতি .

- উপরাষ্ট্রপতি তাঁর পদাধিকারবলে রাজ্যসভার চেয়ারম্যান [*Ex-offico chairperson of Rajyasabha – সংবিধানের 64 নং ধারা ] । রাজ্যসভায় সকল বিল ও প্রস্তাব উত্থাপিত হয় তাঁর অনুমোদনক্রমে । তিনি রাজ্যসভার সকল কার্য পরিচালনা করলেও তিনি যেহেতু রাজ্যসভার সদস্য নন , তাই কোনওক্ষেত্রেই রাজ্যসভায় ভোটাভুটির সময় তাঁর কোনও ভোটাধিকার নেই ।

- ভারতের উপরাষ্ট্রপতি উপরাষ্ট্রপতি রূপে কোনও ভাতা বা বেতন পান না । কিন্তু রাজ্যসভার চেয়ারম্যান রূপে তাঁর মাসিক বেতন 1,25,000 টাকা এবং বার্ধক্য ভাতা তার 50 %

- রাষ্ট্রপতি যদি (a)পদত্যাগ করেন অথবা (b)অসুস্থতাজনিত কারণে অনুপস্থিতি থাকেন অথবা (c)মারা যান , তখন উপরাষ্ট্রপতি কার্যনির্বাহী রাষ্ট্রপতিরূপে রাষ্ট্রপতির দায়িত্ব পালন করেন [ 65 নং ধারা ]।

- রাষ্ট্রপতির পদ শূন্য হলে , ছ'মাসে র মধ্যে নতুন রাষ্ট্রপতি নির্বাচন করতে হয় । উপ-রাষ্ট্রপতি , সর্বাধিক , ঐ ছ'মাসকাল রাষ্ট্রপতির স্থলাভিষিক্ত থাকতে পারেন ।

- উপরাষ্ট্রপতি যখন কার্যনির্বাহী রাষ্ট্রপতির পদে বহাল থাকেন তখন তিনি রাজ্যসভার চেয়ার পার্সনের দায়িত্ব পালন করেন না এবং রাজ্যসভার চেয়ারম্যান রূপে কোনও বেতন গ্রহণ করেন না ( তখন তিনি রাষ্ট্রপতির বেতন ও ভাতা পেয়ে থাকেন )

- ভারতীয় সংবিধানে বলা হয়েছে , যদি কোন কারণে উপরাষ্ট্রপতিপদ শূন্য হয়ে পড়ে , তাহলে একটি যুক্তিসম্মত সময় সীমার মধ্যে সেই শূন্যপদ পূরণ করতে হবে । তবে এই সময়সীমা ন্যূনতম অথবা সর্বাধিক কত দিন হতে পারে সে সম্পর্কে নির্দিষ্ট করে কিছু বলা হয় নি ।

**প্রাক্তন উপরাষ্ট্রপতিদের সম্পর্কিত বিশেষ তথ্য**

- ডঃ সর্বপল্লী রাধাকৃষ্ণন , স্বাধীণ ভারতের প্রথম উপরাষ্ট্রপতি , একমাত্র উপরাষ্ট্রপতি যিনি দু'টি টার্ম . উপরাষ্ট্রপতি পদ অলঙ্কৃত করেছে, প্রথম উপরাষ্ট্রপতি যিনি পরবর্তী কালে রাষ্ট্রপতির পদ অলঙ্কৃত করেছিলেন।
- ডঃ জাকির হোসেন স্বাধীণ ভারতের প্রথম মুসলিম উপরাষ্ট্রপতি
- কে আর নারায়ণন , স্বাধীণ ভারতের প্রথম দলিত উপরাষ্ট্রপতি
- মহঃ হামিদ আনসারি , বর্তমান উপরাষ্ট্রপতি ।
- ভি. ভি. গিরি , ভারতের প্রথম উপরাষ্ট্রপতি যিনি পরবর্তীকালে অস্থায়ী / কার্যনির্বাহী [ অনির্বাচিত ] রাষ্ট্রপতির পদ অলঙ্কৃত করেছিলেন , পরে রাষ্ট্রপতি পদেও নির্বাচিত হন ।
- মহঃ হিদায়েতুল্লাহ ভি. ভি. গিরি ,এবং বি. ডি. জাত্তি - এই উপরাষ্ট্রপতিত্রয় পরবর্তীকালে অস্থায়ী /কার্যনিবাহী রাষ্ট্রপতির পদ অলঙ্কৃত করেছিলেন
- মহঃ হিদায়েতুল্লাহ এবং বি. ডি. জাত্তি , এই দু'জন উপরাষ্ট্রপতি পরবর্তীকালে অস্থায়ী / কার্যনির্বাহী [ অনির্বাচিত ] রাষ্ট্রপতির পদ অলঙ্কৃত করেছিলেন , কিন্তু পরে রাষ্ট্রপতি পদে নির্বাচিত হন নি ।
- ডঃ সর্বপল্লী রাধাকৃষ্ণন , ডঃ জাকির হোসেন , ভি. ভি. গিরি , আর. বেঙ্কটরমন , ডঃ শঙ্করদয়াল শর্মা এবং কে আর নারায়ণন - এঁদের প্রত্যেকেই উপরাষ্ট্রপতি এবং রাষ্ট্রপতি উভয়পদেই নির্বাচিত হয়েছেন
- জি. এস. পাঠক , কৃষ্ণ কান্ত , ভৈরো সিং শেখাওয়াত এবং মহঃ হামিদ আনসারি ( বর্তমান )- এঁদের প্রত্যেকেই উপরাষ্ট্রপতি রূপে নির্বাচিত হয়েছেন কিন্তু অস্থায়ী অথবা নির্বাচিত রাষ্ট্রপতির পদ অলঙ্কৃত করেন নি ।
- ভি ভি গিরি - ভারতের একমাত্র উপরাষ্ট্রপতি , যিনি , রাষ্ট্রপতি নির্বাচনে প্রার্থী হওয়ার জন্য উপরাষ্ট্রপতির পদ থেকে পদত্যাগ করেন ।

| | উপরাষ্ট্রপতি | কার্যকাল | |
|---|---|---|---|
| | ডঃ এস রাধাকৃষ্ণন | 1952 | 1962 |
| | ডঃ জাকির হোসেন | 1962 | 1967 |
| | ভি. ভি. গিরি | 1967 | 1969 |
| | বাল স্বরূপ পাঠক | 1969 | 1974 |
| | ডঃ এম জাট্টি | 1974 | 1979 |
| | জাস্টিস এম. হৃদায়েতুল্লাহ | 1979 | 1984 |
| | এস. ভেঙ্কটরমন | 1984 | 1987 |
| | ডঃ শঙ্কর দয়াল শর্মা | 1987 | 1992 |
| | কে. আর. নারায়ণন | 1992 | 1997 |
| | কৃষ্ণ কান্ত | 1997 | 2002 |
| | ভৈঁরো সিং শেখেওয়াত | 2002 | 2007 |
| | হামিদ আনসারি | 2007 | * * * * |

## অনুশীলনী -10
### [উপজীব্য ঃ **উপরাষ্ট্রপতি** ]

(1.) **ভারতের প্রথম উপরাষ্ট্রপতি ছিলেন ?**

(a) জি. এস. পাঠক (b) ডাঃ এস. রাধাকৃষ্ণন .(c) ডঃ জাকির হোসেন (d) ভি. ভি. গিরি

[ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) , '05 ]

(2.) **ভারতের উপরাষ্ট্রপতিকে নির্বাচিত করেন**

(a) ভারতের জনগণ (b) রাজ্যসভার সদস্যগণ .(c) লোকসভা এবং রাজ্যসভার সদস্যগণ (d) রাষ্ট্রপতি [ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) , '00 , পি.এস.সি. মিসেলিনিয়াস (প্রিলিম) '02 ]

(3.) **ভারতের সাংবিধানিক ব্যবস্থায় পদমর্যাদার দিক থেকে রাষ্ট্রপতির পর কার স্থান ?**

(a) প্রধানমন্ত্রী (b) লোকসভার স্পিকার (c) দেশের প্রধান বিচারপতি (d) উপরাষ্ট্রপতি

(4.) **উপরাষ্ট্রপতির কার্যকালের মেয়াদ বা টার্ম**

(a) দু'বছর (b) তিন বছর .(c) ছ'বছর (d) পাঁচ বছর

(5.) উপরাষ্ট্রপতিকে তাঁর কার্যকালের মেয়াদ শেষ হওয়ার আগে তাঁর পদ থেকে অপসারণ করতে পারে / পারেন

(a) রাষ্ট্রপতি তাঁর স্বেচ্ছাধীন ক্ষমতা প্রয়োগ করে (b) সংসদের উভয় কক্ষ .(c) রাজ্যসভা ( দুই-তৃতীয়াংশ সদস্যের সমর্থন লাভের মাধ্যমে ) (d) কেন্দ্রীয় ক্যাবিনেট

(6.) উপরাষ্ট্রপতি কার্যনির্বাহী রাস্ট্রপতির দায়িত্ব পালন করেন যদি রাষ্ট্রপতি

(a) পদত্যাগ করেন (b) অসুস্থতার কারণে কার্যক্ষেত্রে অনুপস্থিত থাকেন .(c) মারা যান (d) উপরোক্ত সব ক'টি ক্ষেত্রে

(7.) উপরাষ্ট্রপতি পদাধিকারবলে সভাপতিত্ব করেন -

(a) রাজ্যসভায় (b) লোকসভায় .(c) রাজ্যসভা ও লোকসভার যুগ্ম অধিবেশনে (d) উপরোক্ত কোনটিতেই নয়

(8.) প্রদত্ত তথ্যগুলি বিচার করে সঠিক তথ্যটিকে চিহ্নিত করুন -
উপরাষ্ট্রপতি যখন কার্যনির্বাহী রাষ্ট্রপতির ভূমিকা পালন করেন

(a) তখন তিনি রাষ্ট্রপতির ভূমিকা পালনের সাথে সাথে রাজ্যসভায় চেয়ারম্যানের ভূমিকাও পালন করেন

(b) তখন তিনি রাজ্যসভায় চেয়ারম্যানের দায়িত্ব থেকে অব্যহতি পেয়ে থাকেন

(c)তখন লোকসভার অধ্যক্ষ লোকসভা পরিচালনার সাথে সাথে রাজ্যসভার চেয়ারম্যানের ভূমিকা পালন করেন

(d) তখন নির্বাচনের মাধ্যমে রাজ্যসবার কোনও সাংসদকে রাজ্যসভার চেয়ারম্যান রূপে নির্বাচিত করা হয়

(9.) উপরাষ্ট্রপতির পদচ্যূতির প্রস্তাব উত্থাপন করা যায় -

(a) সংসদের যে কোনও কক্ষে (b) কেবলমাত্র লোকসভায় .(c) কেবলমাত্র রাজ্যসভায় (d) সুপ্রিম কোর্টের সুপারিশক্রমে কেবলমাত্র লোকসভায়

(10.) ভারতের উপরাষ্ট্রপতির পুনর্নির্বাচনের বিষয়ে ভারতীয় সংবিধানে

(a) কিছু বলা হয় নি (b) নিষেধ করা হয়েছে .(c) বলা হয়েছে - মাত্র একবার পুনর্নির্বাচন বৈধ

(d) বলা হয়েছে - সর্বাধিক দু'বার পুনর্নির্বাচন বৈধ

(11.) যখন রাজ্যসভার চেয়ারম্যান দেশের রাষ্ট্রপতির কার্যনির্বাহ করেন , তখন রাজ্যসভার চেয়ারম্যান এর দায়িত্ব পালন করেন

.(a) তিনি নিজেই .(b) নতুন নির্বাচিত বা নিযুক্ত কার্যনির্বাহী চেয়ারম্যান .(c) রাজ্যসভার বয়ঃজ্যেষ্ঠতম সাংসদ (d) ডেপুটি চেয়ারম্যান

(12.) যদি ভারতের উপরাষ্ট্রপতি তাঁর টার্ম শেষ হওয়ার আগে পদত্যাগ করতে চান তাহলে তাঁর পদত্যাগপত্রটি গ্রহণের জন্য কার কাছে পাঠাতে হবে ?

(a) রাষ্ট্রপতি (b) রাজ্যসভার ডেপুটি চায়ারম্যান .(c) রাষ্ট্রপতি (d) প্রধানমন্ত্রী

(13.) ভারতের উপরাষ্ট্রপতি হওয়ার জন্য প্রয়োজনীয় ন্যূনতম বয়স -

(a) 30 বছর (b) 35 বছর .(c) 40 বছর (d) 25 বছর

(14.) উপরাষ্ট্রপতি নির্বাচনের সময় কোনও ডিসপুট দেখা দিলে , বিষয়টি সম্পর্কে সিদ্ধান্তগ্রহণের চূড়ান্ত অধিকার আছে

(a) লোকসভার স্পিকারের (b) রাষ্ট্রপতির .(c) মুখ্য নির্বাচন কমিশনারের (d) সুপ্রিমকোর্টের

(15.) রাষ্ট্রপতি তাঁর পদ ছেড়ে দিতে চাইলে , নিজের পদত্যাগপত্র লেখার সময় কাকে সম্বোধন করবেন ?

(a) উপরাষ্ট্রপতি (b) লোকসভার স্পীকার .(c) প্রধানমন্ত্রী (d) রাজ্যসভার ডেপুটি চেয়ারপার্সন

[ পি. এস. সি. মিসেলিনিয়াস (প্রিলিম)'02 ]

**উত্তরমালা**

1. (b) , 2. .(c), 3.(d) ,4. (d) , 5.(c) , 6.(d) , 7.(a), 8.(b), 9.(c), 10.(a) ,
11. (d) , 12.(c), 13.(b) , 14. (d) , 15.(a)

---

**উপরাষ্ট্রপতি সংক্রান্ত বিভিন্ন ধারা ও তাদের আলোচ্য বিষয় ঃ**

- 63 নং ধারা ভারতে একজন উপরাষ্ট্রপতি থাকবেন
- 64 নং ধারা উপরাষ্ট্রপতি পদাধিকারবলে রাজ্যসভার চেয়ারম্যান
- 65 নং ধারা রাষ্ট্রপতির অবর্তমানে রাষ্ট্রপতির দায়িত্বভার গ্রহণ করবেন উপরাষ্ট্রপতি
- 66 নং ধারা উপরাষ্ট্রপতির নির্বাচন পদ্ধতি
- 67 নং ধারা উপরাষ্ট্রপতি পদের কার্যকাল
- 68 নং ধারা আগের উপরাষ্ট্রপতির কার্যকালের মেয়াদ সমাপ্তির পূর্বে পরবর্তী উপরাষ্ট্রপতির নির্বাচন আয়োজন করতে হবে
- 69 নং ধারা উপরাষ্ট্রপতির শপথ গ্রহণ

---

**উপরাষ্ট্রপতি** Vice President
**অসাংবিধানিক আচরণ** Unconstitutional Behaviour
**পদাধিকারবলে রাজ্যসভার চেয়ারম্যান** Ex-offico chairperson of Rajyasabha
**কার্যনির্বাহী রাষ্ট্রপতি** Acting President

# অধ্যায় ঃ 11

## প্রধানমন্ত্রী

- যদিও ভারতীয় সংবিধান অনুসারে রাষ্ট্রের শাসনতান্ত্রিক প্রধান রাষ্ট্রপতি , কিন্তু প্রকৃতপক্ষে ভারতীয় শাসনব্যবস্থায় সর্বোচ্চ শাসনতন্ত্রিক ক্ষমতা উপভোগ করেন দেশের প্রধানমন্ত্রী । ক্ষমতার নিরিখে রাষ্ট্রপতির সর্বোচ্চ অবস্থান সম্পূর্ণ আলঙ্কারিক । বাস্তবে রাষ্ট্রের শাসনব্যবস্থা পরিচালনা করেন প্রধানমন্ত্রী ও তাঁর মন্তড়সভা এবং প্রায় সমস্ত সানতান্ত্রিক সিদ্ধান্তের ক্ষেত্রে রাষ্ট্রপতিকে ব্যবহার করা হয় মোহর রূপে ।
- প্রধানমন্ত্রী তাঁর পদাধিকারবলে যোজনা কমিশন , জাতীয় উন্নয়ন পর্ষদ , জাতীয় সংহতি পর্ষদ এবং আন্তঃ-রাজ্য পর্ষদের চেয়ারম্যানের পদ অলঙ্কৃত করেন ।

**যোগ্যতা ঃ**

- সংসদের সদস্য হতে হবে ।
- তবে সংসদের সদস্য না হয়েও সর্বাধিক 6 মাস প্রধানমন্ত্রী পদে থাকা যায় ।
- প্রধানমন্ত্রী হওয়ার জন্য প্রয়োজনীয় ন্যূনতম বয়স : 25 বছর

**নিয়োগ ঃ**

- *প্রধানমন্ত্রী নিযুক্ত হন রাষ্ট্রপতির দ্বারা ।
- সাধারণত দেশের সাধারণ নির্বাচনের পর রাষ্ট্রপতি বহুমত প্রাপ্ত রাজনৈতিক দল বা জোটের প্রধানমন্ত্রীকে আমন্ত্রণ জানান প্রধানমন্ত্রীর পদ অলঙ্কৃত করার জন্য ।
- যদি নির্বাআচনে কোনও একটি নির্দিষ্ট দল বা জোট সংখ্যাগরিষ্ঠতা না পায় [ ত্রিশঙ্কু সংসদ ] , সেক্ষেত্রে রাষ্ট্রপতি নিজের ইচ্ছামতো যাঁকে যোগ্য মনে করবেন তাঁকে অনুরোধ জানাতে পারেন প্রধানমন্ত্রীর পদ অলঙ্কৃত করার জন্য ।

**শপথবাক্য পাঠ ঃ**

- প্রধানমন্ত্রীকে শপথবাক্য পাঠ করান রাষ্ট্রপতি ।

**কার্যকাল ঃ**

- সাধারণভাবে 5 বছর , অর্থাৎ লোকসভার মেয়াদের সমান । কিন্তু এই সময়কালে লোকসভার সংখ্যাগরিষ্ঠ সদস্যের সমর্থন থাকা আবশ্যক ।

- যদি কার্যকাল সমাপ্তির পূর্বে প্রধানমন্ত্রী ও তাঁর মন্ত্রীসভা লোকসভার সংখ্যা গরিষ্ঠ সদস্যের সমর্থন হারান অর্থাৎ সরকারের বিরুদ্ধে বিরোধীদের উত্থাপিত অনাস্থা প্রস্তাব লোকসভায় পাশ হয় , প্রধানমন্ত্রী ও তাঁর মন্ত্রীসভা পদত্যাগ করতে বাধ্য থাকেন ।

**ক্ষমতা ও কার্যাবলী ঃ**

- প্রধানমন্ত্রী , কেন্দ্রীয় মন্ত্রীসভা এবং রাষ্ট্রপতির মধ্যে যোগসূত্র বজায় রাখেন ।
- প্রধানমন্ত্রীর সুপারিশমতো রাষ্ট্রপতি কেন্দ্রীয় মন্ত্রীসবার সদস্যদের নিয়োগ করেন এবং তাঁদের মদ্যে দপ্তর বন্টন করেন ।
- কেনদ্রীয় মন্ত্রীসভার বিভিন্ন সভায় প্রধানমন্ত্রী সবাপতিত্ব করেন ।
- বিভিন্ন শাসনতান্ত্রিক উচ্চপদে প্রাথী নিয়োগ করেন রাষ্ট্রপতি , প্রধানমন্ত্রীর সুপারিশে ।
- কেন্দ্রীয় আইনসভার কোনও সদস্যকে প্রধানমন্ত্রী চাইলে রাষ্টরপতির মাধ্যমে বরখাস্ত করতে পারেন ।
- প্রধানমন্ত্রীর সুপারিশে রাষ্ট্রপতি লোকসভা ভেঙে দিতে পারেন ।

**প্রাক্তন প্রধানমন্ত্রীদের সম্পর্কিত তথ্য ঃ**

- স্বাধীন ভারতের প্রথম প্রধানমন্ত্রী - জওহরলাল নেহেরু
- সবথেকে বেশী সময় প্রধানমন্ত্রীর পদে আসীন ছিলেন ইন্দিরা গান্ধী ( স্বাধীন ভারতের প্রথম প্রধানমন্ত্রী জওহরলাল নেহেরুর কন্যা ) ।

- একটানা সব থেকে বেশী দিন প্রধানমন্ত্রীর পদে আসীন ছিলেন - জওহরলাল নেহেরু
- জওহরলাল নেহেরুর মৃত্যুর পর ভারতের প্রধানমন্ত্রীর পদ অলঙ্কৃত করেছিলেন - গুলজারিলাল নন্দা
- ভারতের একমাত্র প্রধানমন্ত্রী , যাঁকে প্রধানমন্ত্রী থাকাকালীন একদিনও সংসদে হাজির থাকতে হয় নি - চৌধুরী চরণ সিং ।
- ভারতের একমাত্র প্রধানমন্ত্রী যাঁকে লোকসভায় উত্থাপিত অনাস্থা প্রস্তাবে পরাজিত হয়ে পদত্যাগ করতে হয়েছিল বিশ্বনাথ প্রতাপ সিং
- শ্রীমতী ইন্দিরা গান্ধী এবং ডক্টর মনমোহন সিং - দুজনেই , যখন প্রধানমন্ত্রীর পদ অলঙ্কৃত করেন , তখন তাঁরা রাজ্যসভার সদস্য ছিলেন ।
- সব থেকে কম সময়ের জন্য প্রধানমন্ত্রীর পদ অলঙ্কৃত করেছিলেন - অটল বিহারী বাজপায়ী (13 দিনের জন্য) ।
- প্রধানমন্ত্রী মনমোহন সিং এবং প্রাক্তন প্রধানমন্ত্রী বিশ্বনাথ প্রতাপ সিং - প্রধানমন্ত্রী হওয়ার আগে কোন না কোন সময়ে কেন্দ্রীয় সরকারের অর্থমন্ত্রীর পদ অলঙ্কৃত করেছিলেন ।

- প্রাক্তন প্রধানমন্ত্রী ইন্দ্রকুমার গুজরাল - কেন্দ্রীয় সরকারের বিদেশমন্ত্রী ছিলেন ।প্রাক্তন প্রধানমন্ত্রী এইচ ডি দেবেগৌড়া - কর্ণাটকের মুখ্যমন্ত্রী ছিলেন
- ভারতের তরুণতম প্রধানমন্ত্রী ছিলেন রাজীব গান্ধী ।
- নরসিমা রাও ছিলেন প্রথম দক্ষিণ ভারতীয় প্রধানমন্ত্রী ,
- মুরাজ্জি দেশাই - প্রথম অকংগ্রেসী প্রধানমন্ত্রী , একমাত্র ভারতীয় রাজনীতিবিদ , যিনি ভারতরত্ন ও নিশান-এ-ইমতিয়াজ (পাকিস্তানের সর্বোচ্চ অসামরিক সম্মান ) - দুটো খেতাবেই ভূষিত হয়েছিলেন ।
- ভারতীয় প্রধানমন্ত্রীদের আত্মজীবনী ঃ জওহরলাল নেহেরু - মাই অটোবায়োগ্রাফি , ইন্দিরা গান্ধী - মাই ট্রুথ , বিশ্বনাথ প্রতাপ সিং - মঞ্জিল সে জাদা সফর ,অটল বিহারী বাজপেয়ী - রাজনীতি কে উসপার ,ইন্দ্র কুমার গুজরাল -ম্যাটার্স অফ ডিসক্রিশন - অ্যান অটোবায়োগ্রাফি

| | | | |
|---|---|---|---|
| | | | |
| | জওহরলাল নেহেরু | 15.08.47. | 27.05.64. |
| | গুলজারিলাল নন্দ | 27.05.64. | 09.06.64. |
| | লাল বাহাদুর শাস্ত্রী | 09.06.64. | 11.01.66. |
| | গুলজারিলাল নন্দ | 11.01.66. | 24.01.66. |
| | ইন্দিরা গান্ধী | 24.01.66. | 24.03.77. |
| | মুরাজ্জি দেশাই | 24.03.77. | 28.07.79. |
| | চৌধুরী চরণ সিং | 28.07.79. | 14.01.80. |
| | ইন্দিরা গান্ধী | 14.01.80. | 31.10.84. |
| | রাজীব গান্ধী | 31.10.84. | 01.12.89. |
| | ভি. পি. সিং | 01.12.89. | 10.11.90. |
| | চন্দ্র শেখর | 10.11.90. | 21.06.91. |
| | পি. ভি. নরসিমা রাও | 21.06.91. | 16.05.96. |
| | অটল বিহারী বাজপায়ী | 16.05.96. | 01.06.96. |
| | এইচ. ডি. দেবেগৌড়া | 01.06.96. | 21.04.97. |
| | আই. কে. গুজরাল | 21.04.97. | 19.03.98. |
| | অটলবিহারী বাজপায়ী | 19.03.98. | 13.10.99. |
| | অটল বিহারী বাজপায়ী | 13.10.99. | 22.05.04. |
| | ডঃ মনমোহন সিং | 22.05.04. | * * * * |

## অনুশীলনী -11

[উপজীব্য ঃ **প্রধানমন্ত্রী** ]

(1.) প্রধানমন্ত্রী দায়বদ্ধ থাকেন

(a) কেন্দ্রীয় ক্যাবিনেটের কাছে (b) রাষ্ট্রপতির কাছে .(c) লোকসভার কাছে (d) রাজ্যসভার কাছে

[ পি. এস. সি. মিসেলিনিয়াস (প্রিলিম)'99 ]

(2.) ভারতে প্রধানমন্ত্রী

(a) লোকসভা দ্বারা নির্বাচিত হন (b) সংসদের দু'টি কক্ষের যুগ্ম অধিবেশনে উভয় কক্ষ দ্বারা নির্বাচিত হন .(c) রাষ্ট্রপতি দ্বারা নিঝুক্ত হন (d) লোকসভা দ্বারা নির্বাচিত হওয়ার পর রাষ্ট্রপতি দ্বারা নিযুক্ত হন

[ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '02]

(3.) কোন্ প্রধানমন্ত্রীর কার্যকালে দলত্যাগ বিরোধী বিলটি পাশ করা হয়েছিল ?

(a) ভি. পি. সিং (b) রাজীব গান্ধী .(c) এ. বি. বাজপেয়ী (d) নরসিমা রাও

[ ডব্লু. বি. সি. এস. ( প্রিলিম ) '09 ]

(4.) নিম্নলিখিত প্রধানমন্ত্রীদের মধ্যে কে প্রধানমন্ত্রী থাকাকালীন কোনওদিন সংসদে যান নি ?

(a) অটল বিহারী বাজপেয়ী (b) চন্দ্রশেখর .(c) ভি পি সিং (d) চৌধুরি চরণ সিং

(5.) ভারতের প্রধানমন্ত্রী তাঁর পদাধিকারবলে নিম্নলিখিতগুলির মধ্যে কোন্‌টির প্রধান / চেয়ারম্যান নন ?

(a) প্ল্যানিং কমিশন (b) ন্যাশনাল ডিফেন্স ফান্ড (c) ন্যাশনাল রিলিফ ফান্ড (d) ডিপার্টমেন্ট অফ অ্যাটমিক এনার্জি

(6.) সাধারণত লোকসভার সংখ্যাগরিষ্ঠ দলের নেতা কোন্ পদে আসীন থাকেন ?

(a) প্রধানমন্ত্রী .(b) রাষ্ট্রপতি (c) লোকসভার স্পিকার (d) উপরাষ্ট্রপতি

(7.) আজ পর্যন্ত মোট কত জন ভারতবাসী যোজনা কমিশনের চেয়ারম্যান এবং ডেপুটি চেয়ারম্যান উভয় পদই অলঙ্কৃত করেছেন ?

(a) 1 জন .(b) 2 জন (c) 3 জন (d) 4 জন

(8.) ভারতে প্রধানমন্ত্রীর নর্মাল টার্ম কত বছর ?

(a) 5 .(b) 4 (c) 6 (d) কোনও নির্দিষ্ট সময়সীমা নেই

(9.) সাধারণত ভারতের প্রধানমন্ত্রী

(a) রাজ্যসভার প্রবীণতম সাংসদ (b) সংসদের সংখ্যাগরিষ্ঠ দলের স্বীকৃত নেতা .(c) লোকসভায় সংখ্যাগরিষ্ঠ দলের প্রবীণতম সাংসদ (d) উপরোক্ত কোনটিই নয়

(10.) মন্ত্রীপরিষদের সদস্যসংখ্যা কত হবে সেটি

(a) সংবিধান-নির্ধারিত (b) নির্ধারণ করেন প্রধানমন্ত্রী .(c) নির্ধারণ করেন রাষ্ট্রপতি (d) নির্ধারণ করে সংসদ

(11.) ভারতের প্রধানমন্ত্রী হওয়ার জন্য পদপ্রার্থীর আবশ্যক ন্যূনতম বয়স

(a) 20 বছর (b) 25 বছর .(c) 30 বছর (d) 35 বছর

(12.) ভারতের প্রধানমন্ত্রী হলেন -

(a) লোকসভা কর্তৃক নির্বাচিত (b) সংসদের যৌথসভা কর্তৃক নির্বাচিত .(c) রাষ্ট্রপতি কর্তৃক নিযুক্ত (d) লোকসভার অধ্যক্ষের সম্মতিক্রমে রাষ্ট্রপতি কর্তৃক নিযুক্ত

(13.) ভারতের প্রধানমন্ত্রীর পদ -

(a) সংবিধান কর্তৃক সৃষ্ট (b) সংবিধান বহির্ভূত .(c) সংসদ কর্তৃক সৃষ্ট (d) রাষ্ট্রপতি কর্তৃক সৃষ্ট

(14.) প্রধোনমন্ত্রী তাঁর পদে বহাল থাকেন -

(a) পাঁচ বছর নির্দিষ্ট সমের জন্য (b) রাষ্ট্রপতির সন্তুষ্টি অনুযায়ী .(c) যতদিন তিনি সংসদের আস্থা ভোগ করেন (d) যতদিন তিনি মন্ত্রীসভার আস্থা ভোগ করেন

(15.) যদি প্রধানমন্ত্রী রাজ্যসভার সদস্য হন -

(a) তাঁকে 6 মাসের মধ্যে লোকসভায় নির্বাচিত হতে হবে (b) তিনি কেবল রাজ্যসভার কার্যাবলীতে অংশ নিতে পারেন .(c) তিনি অনাস্থা প্রস্তাবে ভোট দিতে পারেন না (d) তিনি লোকসভায় বাজেটে অংশগ্রহণ করতে পারেন না

(16.) নিম্নলিখিতদের মধ্যে কে লোকসভা আস্থাভোটে পরাজিত হয়ে পদত্যাগ করেছিলেন ?

(a) ইন্দিরা গান্ধী (b) ভি পি সিং .(c) চরণ সিং (d) চন্দ্রশেখর

(17.) ভারতের প্রত্যেক ক্যাবিনেট কমিটির সভাপতি হলেন

(a) কোনও একজন ক্যাবিনেট মন্ত্রী .(b) সংসদ বিষয়ক মন্ত্রকের ভারপ্রাপ্ত ক্যাবিনেট মন্ত্রী (c) রাষ্ট্রপতি (d) প্রধানমন্ত্রী

(18.) ভারতীয় সংবিধানের 74 নং , 75 নং এবং 78 নং ধারার আলোচ্য বিষয়

(a) প্রধানমন্ত্রী এবং রাষ্ট্রপতির মধ্যে সম্পর্ক (b) রাজ্যপাল এবং মুখ্যমন্ত্রীদের মধ্যে সম্পর্ক
(c)ক্যাবিনেটের গঠন (d) উপরোক্ত কোনটিই নয়

(19.) নিম্নলিখিত ব্যক্তিদের মধ্যে কে পদাধিকারবলে যোজনা কমিশন ও জাতীয় উন্নয়ন পরিষদের চেয়ারম্যান?
.(a) রাষ্ট্রপতি .(b) উপরাষ্ট্রপতি.(c) প্রধানমন্ত্রী (d) কেন্দ্রীয় অর্থমন্ত্রী

(20.) নিম্নলিখিত প্রধানমন্ত্রীদের মধ্যে কে সংখ্যালঘু সরকারের প্রতিনিধি ছিলেন ?
.(a) ভি.পি. সিং .(b) ইন্দ্র কুমার গুজরাল .(c) চন্দ্র শেখর (d) উপরোক্ত সকলেই

(21.) কাকে ‘ ক্যাবিনেট তোরণের কেন্দ্র প্রস্তর ’ [ Keystone of the cabinet arch ] বলে গণ্য করা হয় ?
(a) প্রধানমন্ত্রী .(b) আইনমন্ত্রী (c) স্বরাষ্ট্রমন্ত্রী (d) রাষ্ট্রপতি

(22.) ভারতের প্রথম অস্থায়ী প্রধানমন্ত্রী ছিলেন -
(a) জওহরলাল নেহেরু .(b) লাল বাহাদুর শাস্ত্রী (c) গুলজারিলাল নন্দ (d) উপরোক্ত কেউ নন

(23.) 1975 সালে যখণ ভারতে জাতীয় জরুরি অবস্থা জারি হয় , তখন ভারতের প্রধানমন্ত্রী ছিলেন
(a) ইন্দিরা গান্ধী .(b) মুরাজ্জি দেশাই (c) লাল বাহাদুর শাস্ত্রী (d) জওহরলাল নেহেরু

(24.) সংসদীয় শাসনব্যবস্থায় কাকে ‘ সমপর্যায়ভুক্ত ব্যক্তিদের মধ্যে অগ্রগণ্য ’ রূপে ধরা হয় ?
(a) প্রধানমন্ত্রী (b) লোকসভার স্পিকার (c) রাষ্ট্রপতি (d) উপরাষ্ট্রপতি

(25.) নিম্নলিখিত কোন্ ভারতীয় রাজনৈতিক ব্যক্তিত্ব সর্বাধিক সময়ের জন্য প্রধানমন্ত্রীর আসন অলঙ্কৃত করেছিলেন ?
(a) জওহরলাল নেহেরু (b) লাল বাহাদুর শাস্ত্রী .(c) ইন্দিরা গান্ধী (d) রাজীব গান্ধী

(26.) নিম্নলিখিত ভারতীয় প্রধানমন্ত্রীদের মধ্যে কে যখন প্রথম প্রধানমন্ত্রীর আসন অলঙ্কৃত করেছিলেন তখন তিনি রাজ্যসভার সাংসদ ছিলেন ?
(a) চরণ সিং (b) ইন্দিরা গান্ধী .(c) লাল বাহাদুর শাস্ত্রী (d) নরসিমা রাও

(27.) ভারতের প্রধানমন্ত্রী তাঁর পদাধিকারবলে নীচের কোন্‌টির চেয়ারম্যানের পদ অলঙ্কৃত করে থাকেন ?
(a) যোজনা কমিশন (b) সংখ্যালঘু কমিশন .(c) অর্থ কমিশন (d) উপরোক্ত সবক’টি

(28.) প্রধানমন্ত্রী পদত্যাগ করলে অথবা তাঁর মৃত্যুর ঘটনা ঘটলে

(a) আপনা থেকেই মন্ত্রীপরিষদ ভেঙে যায় (b) আপনা থেকেই মন্ত্রীপরিষদের প্রবীণতম সদস্য কার্যনির্বাহী প্রধানমন্ত্রীর পদে বহাল হন .(c) আপনা থেকেই লোকসভা ভেঙে যায় (d) রাষ্টপতি তাঁর স্বেচ্ছাধীন ক্ষমতা প্রয়োগ করে অবিলম্বে কোনও যোগ্যপ্রার্থীকে কার্যনির্বাহী প্রধানমন্ত্রীর পদে বহাল করেন

(29.) লোকসভার কার্যকালের মেয়াদ [ 5 বছর ] শেষ হওয়ার আগে লোকসভা ভেঙে দিতে পারেন

(a) প্রধানমন্ত্রী (b) রাষ্ট্রপতি .(c) প্রধানমন্ত্রীর সুপারিশে রাষ্ট্রপতি (d) লোকসভার স্পিকারের সুপারিশে রাষ্ট্রপতি

(30.) প্রধানমন্ত্রী হলেন -

(a) রাষ্ট্রের প্রধান (b) সরকারের প্রধান .(c) রাষ্ট্র ও সরকার উভয়েরই প্রধান (d) কোনটিই নয়

(31.) ভারতের প্রধানমন্ত্রীকে নিয়োগ করেন

(a) রাষ্ট্রপতি (b) সুপ্রীম কোর্টের প্রধান বিচারপতি .(c) লোকসভা (d) রাজ্যসভা

[ পি এস সি ক্লার্কশিপ (প্রিলিম) '96]

উত্তরমালা

1.(c) , 2.(c) , 3.(b) , 4.(d) , 5.(d) , 6.(a) , 7.(b), 8.(a) , 9.(b) , 10. (b), 11.(b) ,12.(c) , 13 .(a) ,14.(c) , 15.(c) , 16.(b) , 17.(d) , 18.(a) , 19.(c). , 20. (d), 21.(a), 22.(c) ,23.(a) ,24 (a) , 25.(c) , 26. (b),27.(a) , 28.(a) , 29 .(c), 30. (b), 31.(a),

| | | | |
|---|---|---|---|
| যোজনা কমিশন | Planning Commission | আন্তঃ-রাজ্য পর্ষদ | Inter State Council |
| ত্রিশঙ্কু সংসদ | Hung Parliament | অনাস্থা প্রস্তাব | No Confidence Motion |
| দপ্তর | Port folio | | |
| জাতীয় উন্নয়ন পর্ষদ | National Development Council | | |
| জাতীয় সংহতি পর্ষদ | National Integration Council | | |

# উপ প্রধানমন্ত্রী

ভারতীয় সংবিধানে উপপ্রধানমন্ত্রী পদের কোনও উল্লেখ নেই । কিন্তু স্বাধীন ভারতবর্ষে প্রথম মন্ত্রীসভা গঠনের সময় থেকে আজ পর্যন্ত বহুবার বিভিন্ন প্রধানমন্ত্রীর শাসনকালে কেন্দ্রীয় ক্যাবিনেটের এক বা একাধিক সদস্যকে উপপ্রধানমন্ত্রীর পদ অলঙ্কৃত করতে দেখা গেছে । Administrative Reforms Commission এর প্রতিবেদনে উপপ্রধানমন্ত্রী পদটির অস্তিত্বের যৌক্তিকতাকে সমর্থন করা হয়েছে ।

স্বাধীন ভারতের রাজনৈতিক ইতিহাসে দেখা গেছে , যখন ক্ষমতাসীন রাজনৈতিক দলে একই সময়ে দু'জন নেতা রাজনৈতিক বিচক্ষণতা , জনপ্রিয়তা এবং দলের অন্যান্য সাংসদদের কাছে নেতারূপে নিজের গ্রহণ যোগ্যতায় খুব কাছাকাছি অবস্থানে রয়েছেন তখন তাঁদের মধ্যে একজন প্রধানমন্ত্রীর পদ অলঙ্কৃত করেছেন এবং অন্যজন উপপ্রধানমন্ত্রীপদে আসীন হয়েছেন ।

যেহেতু উপপ্রধানমন্ত্রী কেন্দ্রীয় মন্ত্রীসভার একজন সদস্য , তাই লোকসভা অথবা রাজ্যসভার সাংসদ ভাষান্তরে কেন্দ্রীয় মন্ত্রী হওয়ার জন্য যে যে যোগ্যতা প্রয়োজন সেগুলি উপপ্রধানমন্ত্রী পদের জন্যেও প্রযোজ্য । কোনও গুরুত্বপূর্ণ দপ্তরের ক্যাবিনেট মন্ত্রীকেই উপপ্রধানমন্ত্রী পদ অলঙ্কৃত করতে দেখা গেছে স্বাধীনোত্তর ভারতের কেন্দ্রীয় রাজনীতির পটভূমিতে ।

| | প্রধানমন্ত্রীর নাম | যে রাজনৈতিক দল বা জোট এর মন্ত্রীসভায় | সমকালীন উপপ্রধানমন্ত্রীর নাম |
|---|---|---|---|
| | জওহরলাল নেহেরু | কংগ্রেস | বল্লভ ভাই প্যাটেল |
| | ইন্দিরা গান্ধী [ প্রথম মন্ত্রীসভায় ] | কংগ্রেস | মুরাজ্জি দেশাই |
| | মোরাজ্জি দেশাই | জনতা দল | শ্রী চরণ সিং |
| | | | জগজীবন রাম |
| | চরণ সিং [ তদারকি মন্ত্রীসভায় ] | জনতা দল | ওয়াই নি চহ্বন |
| | ভি. পি. সিং | জনতা দল | দেবীলাল |
| | চন্দ্রশেখর | জনতা দল [ খন্ডিত ] | দেবীলাল |
| | অটল বিহারী বাজপায়ী | এন. ডি. এ. | লালকৃষ্ণ আদবানি |

# অধ্যায় ঃ 12
# কেন্দ্রীয় মন্ত্রীসভা

- ভারতের সংবিধান অনুযায়ী রাষ্ট্রপতিকে তাঁর কাজে সাহায্য করার জন্য প্রধানমন্ত্রীর নেতৃত্বে একটি মন্ত্রীসভা থাকে [ 74 নং ধারা ] ।
- রাষ্ট্রপতি ইচ্ছা করলে তাঁকে প্রদত্ত মন্ত্রীপরিষদের পরামর্শ না মেনে সেটি পুনর্বিবেচনার প্রস্তাব দিতে পারেন , কিন্তু পুনর্বিবেচনার পর মন্ত্রীপরিষদের প্রদত্ত পরামর্শ বা প্রস্তাব মানতে রাষ্ট্রপতি বাধ্য ।
- প্রশাসনিক বিষয়ে রাষ্ট্রপতিকে প্রদত্ত মন্ত্রীপরিষদের পরামর্শ এবং ক্ষেত্রবিশেষে সেই পরামর্শ পরিবর্তনে রাষ্ট্রপতির মতামত এবং সেসম্পর্কে মন্ত্রীপরিষদের পুনর্বিবেচনার কোনও বিষয়কে বিবেচনার বা বিচারের জন্য আদালতে উত্থাপন করা যায় না ।
- মন্ত্রী পরিষদের নিয়োগ ও দপ্তর-বন্টন ঃ
  প্রধানমন্ত্রীকে নিয়োগ করেন রাষ্ট্রপতি । প্রধানমন্ত্রী নিযুক্ত হওয়ার পর তাঁর পরামর্শে মন্ত্রী পরিষদের অন্যান্য সদস্যদের নিয়োগ এবং তাঁদের মধ্যে দপ্তর বন্টন করেন রাষ্ট্রপতি ।
- মন্ত্রী-পরিষদের সদস্যরা রাষ্ট্রপতির ইচ্ছা-ক্রমে স্বপদে বহাল থাকেন । অর্থাৎ রাষ্ট্রপতি নিজের ইচ্ছা অনুযায়ী মন্ত্রীপরিষদের সদস্যদের বরখাস্ত করতে পারেন । যদিও বাস্তবে রাষ্ট্রপতির এই ক্ষমতাকে ব্যবহার করে ক্ষমতাটি প্রকৃতভাবে উপভোগ করেন প্রধানমন্ত্রী ।
- মন্ত্রী-পরিষদের মোট সদস্য সংখ্যা লোকসভার সদস্যসংখ্যার 15% এর অধিক হতে পারে না ।
- মন্ত্রীসভা তিন ধরনের মন্ত্রী নিয়ে গঠিত হয় -

[ a ] ক্যাবিনেট মন্ত্রী [ক্যাবিনেট মন্ত্রীরা সাধারণত স্বাধীন দপ্তরের দায়িত্বে থাকেন এবং মন্ত্রীসভায় অধিক মর্যাদা লাভ করেন ]

[ b ] রাষ্ট্রমন্ত্রী [রাষ্ট্রমন্ত্রীদের স্থান মন্ত্রীসভায় ক্যাবিনেট মন্ত্রীদের ঠিক পরেই । তাঁরা হয় স্বাধীন দপ্তরের দায়িত্বে থাকেন অথবা কোনও ক্যাবিনেট মন্ত্রীকে তাঁর দায়িত্বপালনে সাহায্য করেন ]

[ c ] উপমন্ত্রী [উপমন্ত্রীরা সাধারণত কোনও ক্যাবিনেট মন্ত্রী অথবা রাষ্ট্রমন্ত্রীকে তাঁর দায়িত্ব পালনে সহায়তা করেন ]

- মন্ত্রী পরিষদের কোনও সদস্য তিনি আইনসভার যে কক্ষেরই সদস্য হোন না কেন , যদি তিনি দলত্যাগ-বিরোধী আইনে আইনসভার সদস্যপদ হারান তাহলে তিনি সংশ্লিষ্ট মন্ত্রীপদ থেকে পদচ্যূত হবেন ।
- মন্ত্রীসভার যৌথ দায়িত্বশীলতা ঃ মন্ত্রীসভা তার কাজের জন্য যৌথভাবে লোকসভার কাছে দায়বদ্ধ বা দায়িত্বশীল থাকে [ 75(3) ধারা ] । যৌথ দাইত্বশীলতার অর্থ হল মন্ত্রীসভার কোনও একজন মন্ত্রীর

**কাজের জন্য সমগ্র মন্ত্রীসভাকে লোকসভার নিকট দায়ী থাকতে হয় । এই কারণে কোনও একজন মন্ত্রীর বিরুদ্ধে লোকসভায় অনাস্থা প্রস্তাব গৃহীত হলে সমগ্র মন্ত্রীসভাকে পদত্যাগ করতে হয় ।**

- একজন ব্যক্তি কেন্দ্রীয় আইনসভার কোনও কক্ষের সদস্য না হয়েও সর্বাধিক ছ'মাস কেন্দ্রীয় আইনসভার মন্ত্রী থাকতে পারেন ।
- একজন মন্ত্রী , যিনি আইনসভার কোনও একটি কক্ষের সদস্য , তিনি , অন্য কক্ষে আলোচনায় অংশগ্রহণ করতে পারেন , কিন্তু সেই কক্ষে ভোটাভুটির সময় তাঁর কোনও ভোটাধিকার থাকে না ।
- ভারতীয় সংবিধান কার্যকর হওয়ার সময় ' ক্যাবিনেট ' শব্দটি একবারও ব্যবহৃত হয় নি । ' ক্যাবিনেট ' শব্দটি ভারতীয় সংবিধানে অন্তভুর্ক্ত হয়েছে 44 তম সংবিধান সংশোধনীর মাধ্যমে । ক্যাবিনেট মিনিস্টার্সরা প্রত্যেক সপ্তাহে নিয়মিত মিলিত হন প্রশাসনিক আলোচনার উদ্দেশ্যে ।

## অনুশীলনী -12

[ উপজীব্য ঃ**কেন্দ্রীয় মন্ত্রীসভা** ]

(1.) **মন্ত্রীসভা কার কাছে যৌথভাবে দায়বদ্ধ থাকে ?**

(a) **রাষ্ট্রপতি** (b) **প্রধানমন্ত্রী** .(c) **লোকসভা** (d) **রাজ্যসভা**

[ **পি. এস. সি. মিসেলিনিয়াস (প্রিলিম)'**07 , '04 ]

(2.) **রাজ্যসভা মন্ত্রীপরিষদকে**

(a) **নিয়ন্ত্রণ করে** (b) **অনুমোদন করে** .(c) **শুধু আলোচনা করে** (d) **নিয়ন্ত্রণ করে না**

[ **ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম)** '06 ]

(3.) **............ এর ইচ্ছা অনুযায়ী কেন্দ্রীয় মন্ত্রীসভার সদস্যগণ নিজ নিজ দপ্তরে বহাল থাকেন**

(a) **রাষ্ট্রপতি** (b) **প্রধানমন্ত্রী** .(c) **লোকসভার অধ্যক্ষ** (d) **ভারতের সুপ্রিম কোর্টের চিফ জাস্টিস**

[ **পি. এস. সি. মিসেলিনিয়াস (প্রিলিম)**'00 , **ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম)** '07 ]

(4.) **মন্ত্রীসভা কার কাছে যৌথ ভাবে দায়বদ্ধ থাকে ?**

(a) **রাষ্ট্রপতি** (b) **প্রধানমন্ত্রী** .(c) **লোকসভা** (d) **রাজ্যসভা**

[ **পি. এস. সি. মিসেলিনিয়াস (প্রিলিম)**'07 ]

(5.) **প্রধানমন্ত্রী ও কেন্দ্রীয় ক্যাবিনেটের সদস্যরা সকলেই নিম্নলিখিত কোন্‌টির সদস্য ?**

(a) **ন্যাশনাল ডেভেলপমেন্ট কাউন্সিল** (b) **যোজনা কমিশন** .(c) **জোনাল কাউন্সিল** (d)

(6.) মন্ত্রীপরিষদের সদস্যসংখ্যা কত হবে সেটি

(a) সংবিধান-নির্ধারিত (b) নির্ধারণ করেন প্রধানমন্ত্রী .(c) নির্ধারণ করেন রাষ্ট্রপতি (d) নির্ধারণ করে সংসদ

(7.) কেন্দ্রীয় মন্ত্রীসভার বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব আনতে হলে প্রস্তাবটিতে লোকসভার কমপক্ষে

(a)50 জনের সমর্থন থাকতে হবে (b) 55 জনের সমর্থন থাকতে হবে .(c) 100 জনের সমর্থন থাকতে হবে (d) এক-তৃতীয়াংশ সদস্যের সমর্থন থাকতে হবে

(8.) ভারতীয় সংবিধানের কত নম্বর ধারায় ক্যাবিনেট কথাটির উল্লেখ আছে ?

(a) 352. (b) 356 (c) 360 (d) 226

(9.) কেন্দ্রীয় মন্ত্রীসভার বৈঠকে কে সভাপতিত্ব করেন ?

(a) প্রধানমন্ত্রী (b) রাষ্ট্রপতি .(c) ক্যাবিনেট সচিব (d) পযায়ক্রমে বিভিন্ন মন্ত্রী

(10.) সংসদের সদস্য না হয়েও কেন্দ্রীয় মন্ত্রী হওআ যায় সর্বাধিক

(a) এক বছর (b) তিন মাস .(c) এক মাস (d) ছ'মাস

(11.) সরকারী দায়িত্ব পালন ও কর্তব্য নির্বাহের জন্য নিয়মিতভাবে মিলিত হয়

(a) মন্ত্রী পরিষদের সদস্যগণ (b) ক্যাবিনেট মিনিস্টার্স (c) সংসদের সদস্যগণ (d) উপরোক্ত সব ক'টি

(12.) কেন্দ্রীয় মন্ত্রীসভার সদস্যবৃন্দ

(a) প্রধানমন্ত্রী কর্তৃক নিযুক্ত হন (b) সংসদের সুপারিশে রাষ্ট্রপতি কর্তৃক নিযুক্ত হন .(c) প্রধানমন্ত্রীর সুপারিশে রাষ্ট্রপতি কর্তৃক নিযুক্ত হন (d) রাশট্রপতি স্ববিবেচনা অনুযায়ী নিযুক্ত করেন

(13.) কেন্দ্রীয় মন্ত্রীদের মধ্যে দপ্তর বন্টন করেন -

(a) প্রধানমন্ত্রী (b) রাষ্ট্রপতি .(c) প্রধানমন্ত্রীর পরামর্শ অনুযায়ী রাষ্ট্রপতি (d) প্রধানমন্ত্রীর পরামর্শ অনুযায়ী লোকসভার অধ্যক্ষ

(14.) ভারতের প্রত্যেক ক্যাবিনেট কমিটির সবাপতি হলেন

(a) কোনও একজন ক্যাবিনেট মন্ত্রী .(b) সংসদ বিষয়ক মন্ত্রকের ভারপ্রাপ্ত ক্যাবিনেট মন্ত্রী (c) রাষ্ট্রপতি (d) প্রধানমন্ত্রী

(15.) ভারতের রাষ্ট্রপতি কার পরামর্শ মানতে বাধ্য থাকেন ?

(a) লোকসভার স্পিকার .(b) মন্ত্রীপরিষদ (c) সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি (d) সি. এ. জি.

(16.) কেন্দ্রীয় মন্ত্রীসভার কোনও সদস্যকে রাষ্ট্রপতি বরখাস্ত করতে পারেন -

(a) নিজের ইচ্ছা অনুযায়ী (b) প্রধানমন্ত্রীর সুপারিশ অনুযায়ী .(c) লোকসভার সুপারিশক্রমে (d) লোকসভার অধ্যক্ষের সুপারিশক্রমে

(17.) যদি কোনও মন্ত্রীর বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব পাশ হয় -

(a) সেই মন্ত্রীকে পদত্যাগ করতে হবে (b) সমগ্র মন্ত্রীসভাকে পদত্যাগ করতে হবে .(c) সেই মন্ত্রী এবং প্রধানমন্ত্রীকে পদত্যাগ করতে হবে (d) কোনটিই নয়

উত্তরমালা -12

1 .(c) , 2.(a) , 3 .(a) , 4.(c) , 5.(a) , 6. (b) , 7.(c) , 8.(a) ,9.(a) , 10.(d) , 11.(b), 12.(c) ,13.(c) , .14.(d), 15.(b) , 16. (b), 17.(b),

**কেন্দ্রীয়-মন্ত্রী পরিষদ সংক্রান্ত বিভিন্ন ধারা ও তাদের আলোচ্য বিষয় ঃ**

| | |
|---|---|
| 74 নং ধারা | রাষ্ট্রপতিকে সাহায্য ও পরামর্শ দেওয়ার জন্য কেন্দ্রে একটি মন্ত্রীপরিষদ থাকবে |
| 75 নং ধারা | কেন্দ্রীয় মন্ত্রীসভার গঠন প্রণালী |
| 76 নং ধারা | ভারতে একজন অ্যাটর্নি জেনারেল থাকবেন |
| 77 নং ধারা | কেন্দ্রীয় সরকারের কার্যপ্রণালী বা শাসনপ্রণালী , |
| 78 নং ধারা | প্রধানমন্ত্রীর কর্তব্য রাষ্ট্রপতিকে সরকার বা মন্ত্রী পরিষদের সিদ্ধান্ত বিষয়ে অবহিত করা |

---

**মন্ত্রীপরিষদ** Council of Ministers **যৌথ দায়িত্বশীলতা** Collective Responssibility **অনাস্থা প্রস্তাব** No Confidence Motion **রাষ্ট্রমন্ত্রী** Minster of State **দপ্তর** Port-folio **উপমন্ত্রী** Deputy Minister

# অধ্যায় ঃ 13
# স্পিকার

(a)

- লোকসভার নিম্নকক্ষের সাংবিধানিক ও আলঙ্কারিক প্রধান হলেন স্পিকার ।
- ভারতীয় আইনসভার নিম্নকক্ষে সভার কার্য পরিচালনার ভার ন্যস্ত থাকে লোকসভার অধ্যক্ষ বা স্পিকারের ওপর ।
- লোকসভায় ভোটাভুটির সময় স্পিকার ভোট দেন না , কেবলমাত্র যদি প্রস্তাবের স্বপক্ষে এবং বিপক্ষে সমান সংখ্যক ভোট পড়ে তাহলে তিনি তাঁর কাস্টিং ভোট দিতে পারেন ।
- স্পিকারকে তাঁর কাজে সহযোগিতা করার জন্য একজন ডেপুটি স্পিকার থাকেন । লোকসভার সদস্যদের দ্বারা এবং তাঁদের মধ্যে থেকেই একজন ডেপুটি স্পিকার রূপে নির্বাচিত হন ।
- সাধারণ নির্বাচনের পর লোকসভার প্রথম অধিবেশনের প্রথম ভাগে লোকসভার সদস্যদের দ্বারা এবং তাঁদের মধ্যে থেকেই একজন স্পিকার রূপে নির্বাচিত হন । স্পিকার হওয়ার পূর্বে তিনি যে রাজনৈতিক দলেরই সদস্য হন না কেন , স্পিকার রূপে নির্বাচিত হওয়ার পর এবং স্পিকার থাকাকালীন তিনি সম্পূর্ণ নিরপেক্ষভাবে সভার কার্য পরিচালনা করেন ।
- স্পিকার পদে নির্বাচন অনুষ্ঠিত হওয়ার পূর্বে একজন কার্যনির্বাহী [ প্রোটার্ম ] স্পিকার থাকেন এবং নির্বাচিত স্পিকার কার্যভার গ্রহণের পূর্বে তিনি পদত্যাগ করেন ।

(b)

- সাধারণত লোকসভা যতদিন কার্যশীল থাকে , লোকসভার স্পিকারও ততদিন স্বপদে বহাল থাকেন , সেই দিক থেকে স্পিকারের টার্ম 5 বছর ।

(c)

- *মর্যাদার নিরিখে লোকসভার স্পিকার সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতির সমতুল্য ।

(d)

- * লোকসভা ও রাজ্যসভার যুগ্ম অধিবেশনে সভাপতিত্ব করেন লোকসভার স্পিকার [ ভারতীয় সংবিধানের 118(4) নং ধারা ] ।
- *কোনও বিল অর্থবিল কিনা সে বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের অধিকার আছে লোকসভার স্পিকারের।
- স্পিকার বিভিন্ন সংসদীয় কমিটির চেয়ারম্যানদের নিয়োগ করেন ।
- কাট মোশন , নো কনফিডেন্স মোশন উত্থাপিত হতে পারে কিনা সেই সিদ্ধান্ত গ্রহণ করেন ।
- বিসনেস অ্যাডভাইসারি কমিটি , রুলস্ কমিটি এবং জেনারেল পারপাস্ কমিটির চেয়ারম্যানের পদ অলঙ্কৃত করেন

- * দলত্যাগ বিরোধী আইনের দৃষ্টিকোণ থেকে লোকসভার কোনও সাংসদের সদস্যপদ থাকবে না বাতিল হবে সেই বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের অধিকার আছে - লোকসভার স্পিকারের

(e)

- লোকসভার স্পিকার স্বপদে কর্মরত থাকার সময় স্বেচ্ছায় পদত্যাগ করতে পারেন ( পদত্যাগপত্র প্রেরণ করতে হবে ডেপিটি স্পিকারের কাছে ) অথবা যদি লোকসভার সংখ্যাগরিষ্ঠ সদস্য চান স্পিকারকে পদচ্যুত করতে পারেন ( সেক্ষেত্রে পদচ্যুতির প্রস্তাব উত্থাপনের 14 দিন আগে স্পিকারকে নোটিশ দিতে হবে ) । এই 14 দিন তিনি লোকসভার সভাপতিত্ব করেন না ।
- পদচ্যুতির প্রস্তাব লোকসভায় পাশ হওয়ার পরেও যতক্ষণ না পর্যন্ত তাঁর উত্তরসূরী (পরবর্তী স্পিকার) কার্যভার গ্রহণ করছেন , পদচ্যুত স্পিকার কার্যনিবাহী স্পিকারের পদে কর্মরত থাকেন ।

অনুশীলনী -13

[ উপজীব্য ঃ স্পিকার ]

(1.) লোকসভার প্রথম অধ্যক্ষ ছিলেন

(a) জি. এস. ধিলোন (b) হুকুম সিং .(c) এ. আইয়াঙ্গার (d) গণেশ বাসুদেও মাভালঙ্কার

[ ডব্লু. বি. সি. এস. ( প্রিলিম ) '05]

(2.) লোকসভার স্পিকার

(a) দুই বিরোধী পক্ষের ভোট সমান-সমান হলে ভোট দেন (b)লোকসভায় অন্য যেকোনও সদস্যের মতো ভোট দেন (c) কোনও ভোট দিতে পারেন না (d) দু'টি ভোট দিতে পারেন - একটি সাধারণ অবস্থায় এবং অপরটি দুই পক্ষের ভোট সমান সমান হলে [ ডব্লু. বি. সি. এস. ( প্রিলিম ) '11 ]

(3.) লোকসভায় সভাপতিত্ব করেন

(a) রাষ্ট্রপতি (b) উপরাষ্ট্রপতি .(c) প্রধানমন্ত্রী (d) লোকসভার স্পিকার

[ পি.এস.সি. মিসেলিনিয়াস (প্রিলিম) '99 ]

(4.) লোকসভার স্পিকার মান-মর্যাদায় নিম্নলিখিত কোন্ পদাধিকারীর সমতুল্য

(a) কেন্দ্রীয় মন্ত্রী (b) রাজ্যের মন্ত্রী .(c) হাই কোর্টের প্রধান বিচারপতি (d) সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি [ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '00 ]

(5.) কোনও বিল অর্থবিল কিনা তা কে ঠিক করেন ?

(a) রাষ্ট্রপতি (b) লোকসভার অধ্যক্ষ .(c) উপ-রাষ্ট্রপতি (d) অর্থমন্ত্রী

[ পি. এস. সি. ক্লার্কশিপ (প্রিলিম)'05 ]

(6.) সংসদের উভয়কক্ষের যৌথ অধিবেশনে সভাপতিত্ব করেন

(a) রাষ্ট্রপতি (b) উপরাষ্ট্রপতি .(c) লোকসভার সেক্রেটারি জেনারেল (d) লোকসভার স্পিকার

(7.) লোকসভার স্পিকার

(a) রাষ্ট্রপতির দ্বারা নিযুক্ত হন (b) প্রধানমন্ত্রীর সুপারিশে রাষ্ট্রপতি কতৃক নিযুক্ত হন .(c) সংসদের উভয় কক্ষের যুগ্ম অধিবেশনে উভয় কক্ষের সাংসদদের দ্বারা নির্বাচিত হন (d) লোকসভার সাংসদদের দ্বারা নির্বাচিত হন

(8.) নিম্নলিখিত কোন ক্ষেত্রে লোকসভার স্পিকার এবং ডেপুটি স্পিকার উভয়েই পদত্যাগ করতে বাধ্য হন ?

(a) যখন রাষ্ট্রপতি এই মর্মে তাঁর ইচ্ছা প্রকাশ করেন (b) যদি তাঁরা কোনও কারণে লোকসভার স্যস্যপদ হারান (c) লোকসভা ভেঙে দেওয়া হলে (d) উপরোক্ত কোনটিই নয়

(9.) লোকসভার স্পিকার তাঁর কার্যকালের মেয়াদ শেষ হওয়ার আগে পদত্যাগ করতে চাইলে , কার কাছে তাঁকে নিজের পদত্যাগপত্র প্রেরণ করতে হবে ?

(a) প্রধানমন্ত্রী (b) লোকসভার সেক্রেটারি জেনারেল.(c) উপরাষ্ট্রপতি (d) লোকসভার ডেপুটি স্পিকার

(10.) দলত্যাগ বিরোধী আইনের দৃষ্টিকোণ থেকে লোকসভার কোনও সাংসদের সদস্যপদ থাকবে না বাতিল হবে সেই বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের অধিকার আছে

(a) লোকসভার স্পিকারের (b) মুখ্য নির্বাচন কমিশনের .(c) সুপ্রীম কোর্টের প্রধান বিচারপতির (d) রাষ্ট্রপতির

(11.) লোকসভার অধ্যক্ষ পদাধিকার বলে কোন্ কমিটির চেয়ারম্যান ?

.(a) পাবলিক আন্ডারটেকিং কমিটি .(b) এস্টিমেটস্ কমিটি .(c) রুলস্ কমিটি (d) উপরোক্ত সব ক'টি

(12.) লোকসভার স্পিকার তাঁর কাস্টিং ভোট দিতে পারেন কেবলমাত্র

(a) ক্ষমতাসীন সরকারের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব পাশের সময় (b) জরুরি অবস্থা সংক্রান্ত ঘোষণায় লোকসভার অনুমোদনের স্বপক্ষে প্রস্তাব পাশের সময় .(c) সংবিধান সংশোধনের বিষয়ে লোকসভায় ভোটাভুটির সময় (d) ভোটাভুটির সময় টাই ( প্রস্তাবের স্বপক্ষে ও বিপক্ষে সমান সংখ্যক সাংসদের সমর্থন ) হলে

## উত্তরমালা

1. **(d)** , 2. **(a)** , 3.**(d)**, 4. **(d)**, 5. **(b)** , 6.**(d)** , 7.**(d)** , 8. **(b)** , 9. **(d)** , 10. **(a)** , 11. **(d)** , 12. **(d)**

| | | | | |
|---|---|---|---|---|
| | জি. ভি. মাভালঙ্কার | 15.05.52. | 27.02.56. | |
| | এম. এ. আইয়াঙ্গার | 08.03.56. | 16.04.62. | |
| | সর্দার হুকুম সিং | 17.04.62. | 16.03.67. | ইন্ডিয়ান ন্যাশনাল কংগ্রেস |
| | এন. সঞ্জীব রেড্ডি | 17.04.67. | 19.07.69. | |
| | জি. এস. ধিলন | 08.08.69. | 01.12.75. | |
| | বালি রাম ভগৎ | 15.01.76. | 25.03.77. | |
| | এন. সঞ্জীব রেড্ডি | 26.03.77. | 13.07.77. | জনতা পার্টি |
| | কে. এস. হেগড়ে | 21.07.77. | 21.01.80. | |
| | বলরাম জাখর | 22.01.80. | 18.12.89. | ইন্ডিয়ান ন্যাশনাল কংগ্রেস |
| | রবি রায় | 19.12.89. | 09.07.91. | জনতা দল |
| | শিবরাজ পাটিল | 10.07.91. | 22.05.96. | ইন্ডিয়ান ন্যাশনাল কংগ্রেস |
| | পি. এ. সাংমা | 25.05.96. | 23.03.98. | |
| | জি. এম. সি. বালাযোগী | 24.03.98. | 03.03.02. | তেলেগু দেশম |
| | মনোহর যোশী | 10.05.02. | 02.06.04. | শিব সেনা |
| | সোমনাথ চ্যাটার্জী | 04.06.04. | 30.05.09. | সি পি আই ( এম ) |
| | মীরা কুমার | 30.05.09. | * * * * | ইন্ডিয়ান ন্যাশনাল কংগ্রেস |

সংসদীয় কমিটি Parliamentary Committee নির্ণায়ক ভোট Casting Vote
পদচ্যুতির প্রস্তাব Impeachment Proposal যুগ্ম অধিবেশন Joint Session

# অধ্যায় ঃ 14
## রাজ্যপাল

(a)

- *রাজ্য প্রশাসনের প্রধান হলেন রাজ্যপাল ।
- সংবিধানের 153 নম্বর অনুচ্ছেদ অনুসারে প্রত্যেক রাজ্যের জন্য একজন রাজ্যপাল থাকেন ।
- সংবিধানের 154(1) নম্বর অনুচ্ছেদ অনুযায়ী রাজ্যের শাসনবিষয়ক সমস্ত ক্ষমতা ন্যস্ত হয়েছে রাজ্যপালের হাতে এবং তিনি নিজে অথবা তাঁর অধস্তন কর্মচারীদের মাধ্যমে এই দায়িত্ব পালন করেন
- সাধারণতঃ প্রত্যেক অঙ্গরাজ্যের আলাদা আলাদা রাজ্যপাল থাকে । কিন্তু 1956 সালের সপ্তম সংশোধনীতে বলা হয়েছে একজন ব্যক্তি একসাথে একাধিক রাজ্যের রাজ্যপাল পদে নিযুক্ত হতে পারবেন ।একাধিক রাজ্যের জন্য একজন রাজ্যপাল নিযুক্ত থাকলে সংশ্লিষ্ট রাজ্যপালের বেতনের কত অংশ কোন্ রাজ্য বহন করবে তা নির্ধারণ করেন রাষ্ট্রপতি ।

(b)

- রাজ্যপাল রাষ্ট্রপতি কর্তৃক 5 বছরের জন্য নিযুক্ত হন ।
- রাজ্যপাল নিয়োগের সময় প্রথা অনুযায়ী রাষ্ট্রপতি সংশ্লিষ্ট রাজ্যের মুখ্যমন্ত্রীর সাথে আলোচনা করেন
- রাজ্যপালের কার্যকাল সম্পূর্ণরূপে রাষ্ট্রপতির সন্তুষ্টির উপর নির্ভরশীল ,অর্থাৎ রাষ্ট্রপতি মনে করলে যে কোনও সময় রাজ্যপালকে পদচ্যুত করতে পারেন[ 156 ( a ) নং ধারা ] ।

(c) রাজ্যপাল হওয়ার জন্য প্রয়োজনীয় ন্যূনতম যোগ্যতা / শর্তাবলী :

- (i) ভারতীয় নাগরিক
- (ii) ন্যূনতম বয়স ঃ 35 বছর
- (iii) কেন্দ্রীয় অথবা রাজ্য আইনসভার সদস্য হওয়া চলবে না
- (iv) রাজ্য আইনসভার সদস্য হওআর যোগ্যতা তাকতে হবে
- (v) কোনও লাভজনক পদে আসীন থাকা চলবে না ।

(d) রাজ্যপালকে শপথবাক্য পাঠ করান সংশ্লিষ্ট হাইকোর্টের প্রধান বিচারপতি ( প্রধান বিচাপপতির অনুপস্থিতে সংশ্লিষ্ট হাইকোর্টের সিনিয়রমোস্ট জাজ )

(e) রাজ্যপালের শাসনতান্ত্রিক ক্ষমতা ঃ

সংবিধানের 154(1) নম্বর অনুচ্ছেদ অনুযায়ী রাজ্যের শাসনবিষয়ক সমস্ত ক্ষমতা ন্যস্ত হয়েছে রাজ্যপালের হাতে এবং তিনি নিজে অথবা তাঁর অধস্তন কর্মচারীদের মাধ্যমে এই দায়িত্ব পালন করেন ।

**রাজ্যপাল নিয়োগ করেন** যে যে পদাধিকারীদের , তাঁরা হলেন -

- **মুখ্যমন্ত্রী**
- রাজ্য মন্ত্রী মন্ডলী
- **অ্যাডভোকেট জেনারেল**
- **স্টেট পাবলিক সার্ভিস কমিশনের সদস্য**
- রাজ্যের নির্বাচন কমিশনার

(f) **রাজ্যপালের আইন সংক্রান্ত ক্ষমতা ঃ**
রাজ্য আইনসভা গঠিত হয় বিধান সভা , বিধান পরিষদ এবং রাজ্যপালকে নিয়ে , তাই রাজ্যপাল রাজ্য আইনসভার সদস্য না হলেও রাজ্য আইনসভার একটি অবিচ্ছেদ্য অংশ ।

- রাজ্যপাল রাজ্য আইনসভার অধিবেশন আহ্বান করেন এবং স্থগিত রাখতে পারেন [ 147(1) নং ধারা ] এবং বিধানসভা ভেঙে দিতে পারেন ।
- প্রত্যেক নতুন অধিবেশনের শুরুতে এবং নির্বাচনের পর নবগঠিত রাজ্য আইনসভার প্রথম অধিবেশনে সভাকে সম্বোধিত করে নিজের ভাষণ রাখেন ।
- যে যে রাজ্যে আইনসভা দ্বিকাক্ষিক সেখানে , বিধান পরিষদের 1/6 অংশ সদস্যদের মনোনয়ন ।
- কোনও বিল রাজ্য আইনসভায় পাশ হওয়ার পর রাজ্যপালের কাছে যায় তাঁর স্বাক্ষরলাভের জন্য । রাজ্যপালেরর স্বাক্ষর ব্যতিরিকে আইনসভার উভয়কক্ষের অনুমোদিত কোনও বিল আইনের স্বীকৃতি লাভ করতে পারে না ।
- অর্থবিল ছাড়া অন্য যে কোনও বিলের ক্ষেত্রে , রাজ্যপাল চাইলে কোনও বিলে স্বাক্ষর প্রদানের আগে পুনর্বিবেচনার জন্য আইনসভায় প্রেরণ করতে পারেন । কিন্তু পুনর্বিবেচনার পর বিলটি পরিবর্তিত বা অপরিবর্তিত যে রূপেই আসুক না কেন , রাজ্যপাল তাতে স্বাক্ষরদানে বাধ্য থাকেন ।
- অর্থবিলের ক্ষেত্রে বিলটি আইনসভায় অনুমোদনলাভের পর রাজ্যপালের কাছে এলে রাজ্যপাল অবিলম্বে বিলটিতে স্বাক্ষর দানে বাধ্য থাকেন ।
- রাজ্য আইনসভার দু'টি অধিবেশনের মধ্যবর্তী সময়ে রাজ্যপাল অর্ডিন্যান্স জারি করতে পারেন । কিন্তু রাজ্য আইনসভার পরবর্তী অধিবেশন শুরু হওয়ার ছ'সপ্তাহের মধ্যে অর্ডিন্যান্সটি কে আইনসভার অনুমোদন লাভ করতে হয় । রাজ্য আইনসভার পরবর্তী অধিবেশন শুরুর ছ'সপ্তাহ পেরিয়ে যাওয়ার পরও যদি কোনও কারণে অর্ডিন্যান্সটই আইনসভার অনুমোদন লাভ না করে তাহলে রাজ্যপালের ঘোষিত অর্ডিন্যান্সটি তার প্রয়োগ-যোগ্যতা / স্বীকৃতি / বৈধতা হারায় ।

(g) **রাজ্যপালের অর্থ সংক্রান্ত ক্ষমতা ঃ**

- অর্থবিল বিধানসভায় উত্থাপনের আগে রাজ্যপালের অনুমোদনলাভ আবশ্যক ।

- রাজ্যের কনসলিডেটেড ফান্ড এবং কনটিনজেন্সি ফান্ডের রক্ষণাবেক্ষণ

(h) **রাজ্যপালের বিচার বিভাগীয় ক্ষমতা ঃ**

- রাষ্ট্রপতি হাইকোর্টের প্রধান বিচারপতি এবং অন্যান্য বিচারপতিদের নিয়োগ করার সময় সংশ্লিষ্ট রাজ্যপালের সাথে পরামর্শ করেন ।
- হাই কোর্টের নিম্নস্তরের আদালতগুলির বিচারপতিদের নিয়োগ করেন ।
- রাজ্যের সর্বোচ্চ আদালত কোনও অভিযুক্তকে যে সাজা প্রদান করেছে , রাজ্যপাল ইচ্ছা করলে সেই দন্ড হ্রাস করতে বা বিনাদন্ডে মুক্তি দিতে পারেন । কিন্তু মৃত্যুদন্ডপ্রাপ্ত আসামীদের ক্ষেত্রে দন্ড পরিবর্তনের অধিকার রাজ্যপালের নেই ।

(i) **জরুরি অবস্থা সংক্রান্ত ক্ষমতা ঃ**

- কোনও অঙ্গরাজ্যের রাজ্যপাল যদি মনে করেন যে সেই রাজ্যে এমন পরিস্থিতির সৃষ্টি হয়েংছে যে সংবিধান অনুসারে শাসনকার্য পরিচালনা করা সম্ভব নয় এবং এই মর্মে তিনি যদি রাষ্ট্রপতিকে লিখিত সুপারিশ পেশ করেন রাষ্ট্রপতি রাজ্যপালের সুপারিশের ভিত্তিতে সন্তুষ্ট হলে সংশ্লিষ্ট রাজ্যে 356 নং ধারা বা জরুরি অবস্থা জারি হয় ।
- অঙ্গরাজ্যে জরুরি অবস্থা জারি হওয়ার পরে রাজ্যের শাসন সংক্রান্ত সকল ক্ষমতা তাঁর হস্তে কুক্ষিগত হয় এবং তিনি রাষ্ট্রপতির প্রতিনিধি রূপে শাসনকার্য পরিচালনা করেন ।

## অনুশীলনী -14

[উপজীব্য ঃ **রাজ্যপাল** ]

(1.) **ভারতীয় সংবিধানের কোন্ ধারায় রাজ্যপালের হাতে রাজ্যপরিচালনার প্রশাসনিক ক্ষমতা অর্পিত আছে ?**

(a) 154 (1) (b) 155 .(c) 14 (d) 356 [ **ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম)** '07 ]

(2.) **সংবিধানের কোন্ অনুচ্ছেদে বলা হয়েছে - রাজ্যপাল রাজ্য মন্ত্রীসভার 'সাহায্য ও পরামর্শ ' থেকে সম্পূর্ণ স্বাধীনভাবে কাজ করতে পারেন ?**

(a) **অনুচ্ছেদ** 160 (b) **অনুচ্ছেদ** 161 .(c) **অনুচ্ছেদ** 162 (d) **অনুচ্ছেদ** 163

[ **পি.এস.সি. মিসেলিনিয়াস (প্রিলিম)** '05 ]

(3.) **কে রাজ্যপালকে সংশ্লিষ্ট রাজ্যের পাশ্ববর্তী কোনও কেন্দ্রশাসিত অঞ্চলের প্রশাসকের দায়িত্ব অর্পণ করতে পারেন ?**

(a) **সংসদ** .(b) **মুখ্যমন্ত্রী** (c) **রাষ্ট্রপতি** (d) **প্রধানমন্ত্রী**

(4.) ভারতীয় সংবিধানের কত নম্বর ধারায় রাজ্যের সকল প্রশাসনিক ক্ষমতা ন্যস্ত হয়েছে রাজ্যপালের হাতে ?

(a) 152 .(b) 153 (c) 154 (d) 160

(5.) রাজ্যপাল নিযুকত হন -

(a) 4 বছরের জন্য (b) 5 বছরের জন্য .(c) 6 বছরের জন্য (d) আট বছরের জন্য

(6.) কোনও ব্যক্তি একাধিক রাজ্যের রাজ্যপাল হতে পারেন কী ?

(a) না (b) হ্যাঁ .(c) কেবলমাত্র 6 মাসের জন্য (d) কেবলমাত্র 1 বছরের জন্য

(7.) কোনও ব্যক্তি একাধিক রাজ্যের রাজ্যপাল হলে তাঁর বেতন -

(a) সংশ্লিষ্ট রাজ্যগুলি ভাগাভাগি করে (b) কেন্দ্রীয় সরকার দেয় .(c) ভারতের সঞ্চিত তহবিলের ওপর ধার্য হয় (d) রাষ্ট্রপতি যে রাজ্যকে বলবে সেই রাজ্য দেবে

(8.) যখন রাষ্ট্রপতি কোনও রাজ্যের শাসনতান্ত্রিক প্রধানের পদে রাজ্যপালকে নিয়োগ করেন , তখন তিনি, প্রথা অনুসারে কার সাথে এই নিয়োগের বিষয়ে আলোচনা করেন ?

(a) সংশ্লিষ্ট রাজ্যের মুখ্যমন্ত্রী (b) সংশ্লিষ্ট রাজ্যের বিদায়ী রাজ্যপাল .(c) প্রধানমন্ত্রী (d) সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি

(9.) সংবিধানের কত নম্বর ধারা বলে একই ব্যক্তি একাধিক রাজ্যের রাজ্যপাল হতে পারেন

(a) 53 নং ধারা (b) 253 নং ধারা (c) 153 নং ধারা (d) 173 নং ধারা

(10.) ভারতের কোনও অঙ্গরাজ্যের রাজ্যপাল তাঁর সমস্ত কাজের জন্য কার কাছে দায়বদ্ধ থাকেন ?

(a) সংশ্লিষ্ট রাজ্যের আইনসভা (b) সংশ্লিষ্ট রাজ্যের মন্ত্রীপরিষদ .(c) সংশ্লিষ্ট রাজ্যের মুখ্যমন্ত্রী (d) রাষ্ট্রপতি

(11.) রাজ্য আইনসভার অনুমোদন ব্যতিরিকে রাজ্যপালের ঘোষিত কোনও অর্ডিন্যান্স সর্বাধিক কত দিন পর্যন্ত কার্যশীল থাকতে পারে ?

(a) এক বছর (b) তিন মাস .(c) ছ'মাস (d) দু'বছর

(12.) ভারতের কোনও অঙ্গরাজ্যের রাজ্যপাল যদি তাঁর কার্যকালের মেয়াদ বা টার্ম শেষ হওয়ার আগে পদত্যাগ করতে চান , তাহলে তাঁকে কার কাছে পদত্যাগপত্র প্রেরণ করতে হবে ?

(a) রাষ্ট্রপতি (b) প্রধানমন্ত্রী .(c) সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি (d) সংশ্লিষ্ট রাজ্যের বিধানসভার স্পিকার

(13.) বিধানসভায় অর্থবিল উত্থাপনের জন্য কার পূর্বানুমতি আবশ্যক ?

(a) বিধানসভার স্পিকার (b) মুখ্যমন্ত্রী .(c) রাজ্যের অর্থমন্ত্রী (d) রাজ্যপাল

(14.) পশ্চিমবঙ্গের প্রথম রাজ্যপাল ছিলেন

(a) প্রফুল্ল চন্দ্র সেন .(b) সি রাজাগোপালাচারি (c) পদ্মজা নাইডু (d) উপরোক্ত কেউ নন

(15.) অঙ্গরাজ্যের শাসনবিভাগীয় প্রধান কে ?

(a) মুখ্যমন্ত্রী (খ) (b) রাষ্ট্রপতি .(c) রাজ্যপাল (d) প্রধানমন্ত্রী

(16.) কোনও অঙ্গরাজ্যের রাজ্যপাল -

(a) রাজ্য আইনসভা কর্তৃক নির্বাচিত হন (b) প্রধানমন্ত্রী কর্তৃক মনোনীত হন .(c) কেনদ্রীয় আইনমন্ত্রী কর্তৃক মনোনীত হন (d) রাষ্ট্রপতি কর্তৃক নিযুক্ত হন

(17.) রাজ্যপালের স্বেচ্ছাধীন ক্ষমতা

(a) আদালতের এক্তিয়ারভুক্ত .(b) আদালতের এক্তিয়ারভুক্ত নয় (c) কেবলমাত্র হাইকোর্ট ও সুপ্রিমকোর্টের এক্তিয়ারভুক্ত (d) উপরোক্ত কোনটিই নয়

(18.) যখন একটি সংখ্যালঘু সরকারের বিদায়ী মুখ্যমন্ত্রী সংশ্লিষ্ট রাজ্যের রাজ্যপালকে বিধানসভা ভেঙে দেওয়ার প্রস্তাব দেন তখন রাজ্যপাল অবশ্যই

(a) বিধানসভা ভেঙে দেন .(b) বিধানসভা সাসপেন্ড করেন (c) রাষ্ট্রপতি শাসন জারির সুপারিশ করেন (d) নিজের ইচ্ছা ও বিবেচনা মতো সিদ্ধান্ত গ্রহণ করেন

(19.) একটি রাজ্যের রাজ্যপাল

(a) বিধান পরিষদের এক-তৃতীয়াংশ সদস্যকে মনোনীত করেন (b) বিধান পরিষদের এক-ষষ্ঠাংশ সদস্যকে মনোনীত করেন (c) বিধান সভার এক-তৃতীয়াংশ সদস্যকে মনোনীত করেন (d) বিধান পরিষদের এক-ষষ্ঠাংশ সদস্যকে মনোনীত করেন

(20.) সারকারিয়া কমিশনের রিপোর্টের পরিপ্রেক্ষিতে ভারতের কোন্ অঙ্গরাজ্য গর্ভনর পদ বিলোপের স্বপক্ষে সাওয়াল করেছিল ?

(a) কর্ণাটক (b) অন্ধ্র প্রদেশ (c) তামিলনাড়ু (d) কেরালা

(21.) রাজ্যপাল তাঁর পদে থাকেন -

(a) যতদিন তাঁর প্রতি মুখ্যমন্ত্রীর আস্থা থাকে (b) রাষ্ট্রপতির সন্তুষ্টির ওপর নির্ভরশীল .(c) যতদিন তাঁর প্রতি রাজ্যমন্ত্রীসভার আস্থা থাকে (d) যতদিন তাঁর প্রতি রাজ্য আইনসভার আস্থা থাকে

(22.) রাজ্যপালের বেতন ও ভাতা ধার্য থাকে -

(a) ভারতের সঞ্চিত তহবিলের ওপর (b) ভারতের আকস্মিক তহবিলের ওপর .(c) রাজ্যের সঞ্চিত তহবিলের উপর (d) উপরোক্ত কোনটিই নয়

(23.) রাজ্যপাল মারা গেলে বা পদত্যাগ করলে রাজ্যপালের দায়িত্ব পালন করেন -
(a) মুখ্যমন্ত্রী (b) রাজ্য বিধানসভার অধ্যক্ষ .(c) হাইকোর্টের প্রধান বিচারপতি (d) রাষ্ট্রপতি

(24.) রাজ্যপাল অর্ডিন্যান্স জারি করতে পারেন -
(a) রাজ্যে শাসনতান্ত্রিক অচলাবস্থা দেখা দিলে (b) মুখ্যমন্ত্রী বললে .(c) রাজ্য আইনসভা অধিবেশনে না থাকলে (d) রাষ্ট্রপতির আনুষ্ঠানিক অনুমতি পেলে

(25.) রাজ্যপালকে শপথবাক্য পাঠ করান
(a) সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি (b) সংশ্লিষ্ট রাজ্য যে হাই কোর্টের এক্তিয়াভুক্ত সেই হাই কোর্টের প্রধান বিচারপতি .(c) রাষ্ট্রপতি (d) উপরোক্ত কেউ নন

(26.) ভারতের কোনও অঙ্গরাজ্যের রাজ্যপাল সংশ্লিষ্ট রাজ্যে ' রাষ্টপতির শাসন জারি 'র সুপারিশ করতে পারেন
(a) স্বেচ্ছায় (b) সংশ্লিষ্ট রাজ্যের মন্ত্রী পরিষদের পরামর্শে .(c) সংশ্লিষ্ট রাজ্যের আইনসভার পরামর্শে (d) কেন্দ্রীয় সরকারের নির্দেশে

(27.) রাজ্যের মন্ত্রীপরিষদের সদস্যদের দপ্তর বন্টন করেন
(a) রাজ্যপাল (b) বিধানসভার স্পিকার .(c) মুখ্যমন্ত্রী (d) মুখ্যমন্ত্রীর পরামর্শে রাজ্যপাল

(28.) রাজ্যের মন্ত্রীপরিষদের সদস্যদের শপথবাক্য পাঠ করান
(a) রাজ্যপাল (b) হাইকোর্টের চিফ জাস্টিস (c) অ্যাডভোকেট জেনারেল (d) বিধানসভার স্পিকার

(29.) রাজ্যপাল কর্তৃক জারি করা অর্ডিন্যান্স অনুমোদিত হতে হবে -
(a) রাষ্ট্রপতি কর্তৃক (b) রাজ্য মন্ত্রীসভা কর্তৃক .(c) রাজ্য আইনসভা কর্তৃক (d) উপরোক্ত কোনটিই নয়

(30.) রাজ্যের সঞ্চিত তহবিল পরিচালিত হয় -
(a) রাজ্যপাল কর্তৃক (b) রাজ্যের অর্থমন্ত্রী কর্তৃক .(c) মুখ্যমন্ত্রী কর্তৃক (d) উপরোক্ত কোনটিই নয়

উত্তরমালা

1.(d) , 2. (a) , 3.(c), 4.(c) , 5. (b), 6.(b) , 7.(a) ,8.(a) ,9. (c), 10.(d) , 11.(c) ,12. (a), 13.(d), 14.(b) ,15.(c), 16.(d) ,17.(b) ,18.(c) , 19.(d) , 20.(c) , 21.(b) ,22. (c), 23.(c) , 24.(c) , 25.(b) , 26.(a) , 27.(d) ,28.(a) ,29.(c) ,30.(a) ,

**রাজ্যপাল - রাজ্য প্রশাসন সংক্রান্ত বিভিন্ন ধারা ও তাদের আলোচ্য বিষয় ঃ**

- 152নং ধারা রাজ্যের সংজ্ঞা
- 153নং ধারা সাধারণভাবে প্রত্যেক রাজ্যে একজন রাজ্যপাল থাকবেন
- 154নং ধারা রাজ্যের প্রশাসনিক ক্ষমতা রাজ্যপালের হাতে ন্যস্ত
- 155নং ধারা রাষ্ট্রপতি কর্তৃক রাজ্যপালের নিয়োগ
- 156নং ধারা রাজ্যপাল পদের কার্যকাল
- 157নং ধারা রাজ্যপাল পদে নিযুক্ত হওয়ার যোগ্যতা
- 158নং ধারা রাজ্যপাল পদে নিযুক্ত হওয়ার শর্ত
- 159নং ধারা রাজ্যপালের শপথগ্রহণ
- 160নং ধারা বিশেষ পরিস্থিতিতে রাজ্যপালের ভূমিকা বা কার্যকারিতা
- 161নং ধারা রাজ্যপালের ক্ষমতা প্রদর্শনের ক্ষেত্র
- 162নং ধারা রাজ্যের প্রশাসনিক ক্ষমতার সম্প্রসারণ
- 163নং ধারা রাজ্যপালকে সাহায্য ও পরামর্শ প্রদানের জন্য মুখ্যমন্ত্রীর নেতৃত্বে একটি মন্ত্রী পরিষদ থাকবে এবং রাজ্যপাল সেই পরামর্শ মেনে তাঁরা রাজ্যশাসন সংক্রান্ত দায়িত্ব পালন করবেন । কিন্তু , ‘ স্বেচ্ছাধীন ক্ষমতা ’ প্রয়োগের ক্ষেত্রে রাজ্যপাল মন্ত্রীপরিষদের পরামর্শ মেনে চলতে বাধ্য নন
- 163(1)নং ধারা স্বেচ্ছাধীন ক্ষমতা প্রয়োগের ক্ষেত্রে রাজ্যপালের সিদ্ধান্ত গ্রহণের চূড়ান্ত স্বাধীনতা
- 164নং ধারা মন্ত্রীসভা ও সরকারের নিয়োগকর্তা রূপে রাজ্যপালের ভূমিকা
- 164(1)নং ধারা মন্ত্রীদের কার্যকালের মেয়াদ রাজ্যপালের সন্তুষ্টির উপর নির্ভরশীল
- 165নং ধারা রাজ্যে অ্যাডভোকেট জেনারেল পদ সংক্রান্ত বিষয়
- 166নং ধারা রাজ্য সরলারের কার্যাবলী
- 167নং ধারা রাজ্যপালকে প্রয়োজনীয় তথ্যাদি প্রদান মুখ্যমন্ত্রীর কর্তব্য

**রাজ্যপাল** Governor **লাভজনক পদ** Office of Profit **অধ্যাদেশ** Ordinance
**জরুরি অবস্থা সংক্রান্ত ক্ষমতা** Emergency Power



# অধ্যায় ঃ 15

## মুখ্যমন্ত্রী

- রাজ্যের শাসনতান্ত্রিক প্রধান হলেন মুখ্যমন্ত্রী ।
- কেন্দ্রীয় শাসনব্যবস্থায় প্রধানমন্ত্রীর যে ভূমিকা ও মর্যাদা আছে অঙ্গরাজ্যগুলির শাসনব্যবস্থায় সেই একই গুরুত্বের অধিকারী সংশ্লিষ্ট রাজ্যের মুখ্যমন্ত্রী ।
- সাধারণতঃ বিধানসভার সংখ্যাগরিষ্ঠ দলের নেতাকেই মুখ্যমন্ত্রীপদে নিয়োগ করেন রাজ্যপাল ।

| | প্রধানমন্ত্রী | মুখ্যমন্ত্রী |
|---|---|---|
| (a) | রাষ্ট্রপতি রাষ্ট্রের আলঙ্কারিক প্রধান । প্রকৃতপক্ষে , কেন্দ্রে , সমস্ত শাসনতান্ত্রিক ক্ষমতা ভোগ করেন প্রধানমন্ত্রী ও তাঁর ক্যাবিনেট | রাজ্যপাল রাজ্যের আলঙ্কারিক প্রধান । প্রকৃতপক্ষে , রাজ্যে , সমস্ত শাসনতান্ত্রিক ক্ষমতা ভোগ করেন মুখ্যমন্ত্রী ও তাঁর ক্যাবিনেট৷ |
| (b) | প্রধানমন্ত্রীর সুপারিশে রাষ্ট্রপতি কেন্দ্রীয় মন্ত্রীসভার সদস্যদের দপ্তর বন্টন করেন | মুখ্যমন্ত্রীর সুপারিশে রাজ্যপাল রাজ্য মন্ত্রীসভার সদস্যদের দপ্তর বন্টন করেন |
| (c) | প্রধানমন্ত্রী তাঁর নিজের ও মন্ত্রীপরিষদের কাজের জন্য কেন্দ্রীয় আইনসভার নিম্নকক্ষের কাছে দায়বদ্ধ থাকেন | মুখ্যমন্ত্রী তাঁর নিজের ও মন্ত্রীপরিষদের কাজের জন্য রাজ্য আইনসভার নিম্নকক্ষের কাছে দায়বদ্ধ থাকেন |
| (d) | প্রধানমন্ত্রী মন্ত্রীপরিষদ এবং রাষ্ট্রপতির মধ্যে যোগসূত্ররক্ষাকারীর ভূমিকা পালন করেন এবং মন্ত্রীপরিষদের সিদ্ধান্ত ও কাজকর্ম সম্পর্কে রাষ্ট্রপতিকে অবহিত করেন | মুখ্যমন্ত্রী মন্ত্রীপরিষদ এবং রাজ্যপালের মধ্যে যোগসূত্ররক্ষাকারীর ভূমিকা পালন করেন এবং মন্ত্রীপরিষদের সিদ্ধান্ত ও কাজকর্ম সম্পর্কে রাজ্যপালকে অবহিত করেন |
| (e) | প্রধানমন্ত্রী নিযুক্ত হন রাষ্ট্রপতির দ্বারা | মুখ্যমন্ত্রী নিযুক্ত হন রাজ্যপাল দ্বারা |
| (f) | প্রধানমন্ত্রী - কেন্দ্রীয় সরকারের প্রধান | মুখ্যমন্ত্রী -রাজ্য সরকারের প্রধান |
| (g) | প্রধানমন্ত্রীকে - শপথবাক্য পাঠ করান রাষ্ট্রপতি | মুখ্যমন্ত্রীকে - শপথবাক্য পাঠ করান রাজ্যপাল |
| (h) | কেন্দ্রীয় মন্ত্রীপরিষদের সদস্যসংখ্যা কত হবে সেটি নির্ধারণ করেন প্রধানমন্ত্রী | রাজ্যে মন্ত্রীপরিষদের সদস্যসংখ্যা কত হবে সেটি নির্ধারণ করেন মুখ্যমন্ত্রী |

| | | |
|---|---|---|
| (i) | প্রধানমন্ত্রী হওয়ার জন্য পদপ্রার্থীর আবশ্যক ন্যূনতম বয়স 25 বছর | মুখ্যমন্ত্রী হওয়ার জন্য পদপ্রার্থীর আবশ্যক ন্যূনতম বয়স 25 বছর |

প্রাক্তন মুখ্যমন্ত্রীদের সংক্রান্ত তথ্য ঃ

- ভাতের প্রথম নির্দল মুখ্যমন্ত্রী - মধু কোদা [ ঝাড়খন্ড ]
- প্রথম মহিলা মুখ্যমন্ত্রী - সুচেতা কৃপালিনী
- প্রথম দলিত মহিলা মুখ্যমন্ত্রী - মায়াবতী
- স্বাধীন ভারতের কোনও অঙ্গরাজ্যের প্রথম অকংগ্রেসী মুখ্যমন্ত্রী - ই এম এস নাম্বুদরিপাদ[ কেরালা ] ।

<u>মুখ্যমন্ত্রী পরিচিতি</u>

| | |
|---|---|
| নিয়োগ | মুখ্যমন্ত্রীকে নিযুক্ত করেন রাজ্যপাল । সাধারণতঃ বিধানসভার সংখ্যাগরিষ্ঠ দলের নেতাকে মুখ্যমন্ত্রী হিসাবে নিযুক্ত করা হয় । |
| যোগ্যতা | রাজ্য আইনসভার সদস্য হতে হবে । তবে রাজ্য আইনসভার সদস্য না হয়েও 6 মাস মুখ্যমন্ত্রী পদে থাকা যায় |
| কার্যকাল | সাধারণভাবে 5 বছর , বিধানসভার মেয়াদের সমান । |
| পদশূন্য হয় | 1. মৃত্যু ; 2. বিধানসভার অনাস্থা ; 3. আগেই বিধানসভা ভাঙা হলে |
| ক্ষমতা ও কার্যাবলী | এ বিষয়ে সংবিধানে তেমন কিছু বলা নেই । তাঁর ক্ষমতা ও কার্যাবলী রাজ্যপাল , মন্ত্রিসভা , নিজের দলের বা জোট সদস্যদের সাথে তাঁর সম্পর্কের সমীকরণ ইত্যাদি বিভিন্ন বিষয়ের ওপর |

## অনুশীলনী -15

## [উপজীব্য ঃ মুখ্যমন্ত্রী ]

(1.) পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী রূপে জ্যোতি বসু কত বছর ক্ষমতায় আসীন ছিলেন ?

(a) 20 .(b) 23 (c) 25 (d) 30

(2.) রাজ্য সচিবালয়ের রাজনৈতিক প্রধান কে ?

(a) মুখ্য সচিব (b) রাজ্যপাল (c) মুখ্যমন্ত্রী (d) প্রধান সচিব

(3.) যখন রাষ্ট্রপতি কোনও রাজ্যের শাসনতান্ত্রিক প্রধানের পদে রাজ্যপালকে নিয়োগ করেন , তখন তিনি , প্রথা অনুসারে কার সাথে এই নিয়োগের বিষয়ে আলোচনা করেন ?

(a) সংশ্লিষ্ট রাজ্যের মুখ্যমন্ত্রী (b) সংশ্লিষ্ট রাজ্যের বিদায়ী রাজ্যপাল .(c) প্রধানমন্ত্রী (d) সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি

(4.) রাজ্যের মন্ত্রীপরিষদের সদস্যদের দপ্তর বন্টন করেন

(a) রাজ্যপাল (b) বিধানসভার স্পিকার .(c) মুখ্যমন্ত্রী (d) মুখ্যমন্ত্রীর পরামর্শে রাজ্যপাল

(5.) কোনও রাজ্যের মুখ্যমন্ত্রী যদি তাঁর মন্ত্রীপরিষদের কোনও সদস্যকে মন্ত্রকচ্যুত করতে চান , তাহলে তিনি উক্ত মন্ত্রীকে

(a) পদত্যাগপত্র প্রেরণের নির্দেশ দিতে পারেন (b) রাজ্যপালের দ্বারা বরখাস্ত করাতে পারেন .(c) মন্ত্রীপরিষদের রিসাফলিং করার মাধ্যমে মন্ত্রলচ্যুত করতে পারেন (d) উপরোক্ত সবক'টি সঠিক

(6.) পশ্চিমবঙ্গের প্রথম মুখ্যমন্ত্রী ছিলেন -

(a) প্রফুল্ল রায় (b) বিধান চন্দ্র রায় .(c) প্রফুল্ল ঘোষ (d) অজয় মুখার্জী

(7.) নিম্ন লিখিত মুখ্যমন্ত্রীদের মধ্যে কে কোনও একটি ভারতীয় অঙ্গরাজ্যের মুখ্যমন্ত্রী হিসেবে সব থেকে বেশী সময় দায়িত্বশীল ছিলেন ? (a) জ্যোতি বসু (b) এম জি রামচন্দ্রন .(c) শরদ পাওয়ার (d) বিজু পট্টনায়ক

(8.) স্বাধীন ভারতের প্রথম মহিলা মুখ্যমন্ত্রীর নাম -

(a) অমৃতা কাউর (b) বিজয় লক্ষ্মী পন্ডিত .(c) সুচেতা কৃপালিনী (d) পদ্মজা নাইডু

(9.) ডঃ সি রাজাগোপালাচারি কোন্ রাজ্যের মুখ্যমন্ত্রী ছিলেন ?

(a) পশ্চিমবঙ্গ (b) মাদ্রাজ (c) মধ্যপ্রদেশ (d) উত্তর প্রদেশ

(10.) নিম্নলিখিত জোড়াগুলির মধ্যে কোন্‌টি সঠিক নয় ?
(a) সুচেতা কৃপালিনী - উঃ প্রদেশ (b) নন্দিনী সৎপতি - পশ্চিম বঙ্গ (c) শশীকলা কাদোকার - গোয়া (d) জানকী রামচন্দ্রন - তামিল নাড়ু

(11.) রাজ্য সচিবালয়ের অরাজনৈতিক প্রধান কে ?
(a) মুখ্য সচিব (b) রাজ্যপাল (c)মুখ্যমন্ত্রী (d) প্রধান সচিব

(12.) ভারতের অঙ্গরাজ্যগুলির মুখ্যমন্ত্রী
(a) রাজ্য আইনসভার সদস্যদের দ্বারা নির্বাচিত হন (b) সংশ্লিষ্ট রাজ্যের রাজ্যপালের দ্বারা নিযুক্ত হন .(c) রাষ্ট্রপতির দ্বারা নিযুক্ত হন (d) হাইকোর্টের প্রধান বিচারপতির পরামর্শমতো সংশ্লিষ্ট রাজ্যের রাজ্যপালের দ্বারা নিযুক্ত হন

(13.) রাজ্যের মন্ত্রীপরিষদের সভায় সভাপতিত্ব করেন
(a) রাজ্যপাল (b) মুখ্যমন্ত্রী .(c) বিধানসভার স্পিকার (d) অ্যাডভোকেট জেনারেল

(14.) কোনও রাজ্যের মুখ্যমন্ত্রী পদত্যাগ করলে অথবা তাঁর মৃত্যুর ঘটনা ঘটলে
(a) আপনা থেকেই সংশ্লিষ্ট রাজ্যের মন্ত্রীপরিষদ ভেঙে যায় (b) আপনা থেকেই সংশ্লিষ্ট রাজ্যের মন্ত্রীপরিষদের প্রবীণতম সদস্য কার্যনির্বাহী মুখ্যমন্ত্রীর পদে বহাল হন .(c) আপনা থেকেই বিধানসভা ভেঙে যায় (d) রআজ্যপাল তাঁর স্বেচ্ছাধীন ক্ষমতা প্রয়োগ করে অবিলম্বে রাজ্যের মন্ত্রীপরিষদের কোনও যোগ্য সদস্যকে কার্যনির্বাহী মুখ্যমন্ত্রীর পদে বহাল করেন

(15.) রাজ্য মন্ত্রীসভার প্রধান হলেন
(a) সংশ্লিষ্ট রাজ্যের মুখ্যমন্ত্রী (b) সংশ্লিষ্ট রাজ্যের রাজ্যপাল .(c) সংশ্লিষ্ট রাজ্যের আইনসভার স্পিকার (d) উপরোক্ত কেউ নন

(16.) স্বাধীন ভারতের প্রথম দলিত মহিলা মুখ্যমন্ত্রী
(a) নন্দিনী সৎপতি (b) পদ্মজা নাইডু .(c) মায়াবতী (d) সরোজিনী নাইডু

উত্তরমালা

1. (b) ,2. (c) , 3. .(a) , 4. (d) , 5.(d) , 6. (c) , 7.(a) , 8. (c) , 9.(a) , 10(b) , 11(a) ,12. (b) , 13 .(b) , 14. (a) , 15.(a) , 16. (c) , .

**শাসনতান্ত্রিক প্রধান** Executive head of the state **মুখ্যমন্ত্রী** Chief Minister
**সংখ্যাগরিষ্ঠ দলের নেতা** Leader of the Majority Party

# অধ্যায় ঃ 16
# রাজ্য মন্ত্রীসভা

- সংবিধানের 163(1) অনুচ্ছেদ অনুযায়ী রাজ্যপালকে তাঁর কাজে সাহায্য করার জন্য ও তাঁকে পরামর্শ দেওয়ার জন্য প্রত্যেকটি রাজ্যে একজন মুখ্যমন্ত্রীর নেতৃত্বে একটি মন্ত্রীপরিষদ থাকবে ।
- মুখ্যমন্ত্রীর সুপারিশে মন্ত্রীপরিষদের সদস্যরা নিযুক্ত হন এবং তাঁদের মধ্যে দপ্তর বন্টিত হয় ।
- রাজ্য-মন্ত্রীপরিষদে ক্যাবিনেট মন্ত্রী , রাষ্ট্রমন্ত্রী এবং উপ-মন্ত্রী - এই তিন ধরনের মন্ত্রীরা থাকেন ।
- মন্ত্রীসভা তার কাজের জন্য বিধানসভার কাছে দায়বদ্ধ থাকে ।
- বিধানসভায় আস্থা হারালে মন্ত্রীসভাকে পদত্যাগ করতে হয় ।

অনুশীলনী -16

[উপজীব্য ঃ রাজ্য মন্ত্রীসভা ]

1.) রাজ্য মন্ত্রীসভার প্রধান হলেন

(a) সংশ্লিষ্ট রাজ্যের মুখ্যমন্ত্রী (b) সংশ্লিষ্ট রাজ্যের রাজ্যপাল .(c) সংশ্লিষ্ট রাজ্যের আইনসভার স্পিকার (d) উপরোক্ত কেউ নন

2.) রাজ্যের মন্ত্রীপরিষদের সভায় সভাপতিত্ব করেন

(a) রাজ্যপাল (b) মুখ্যমন্ত্রী .(c) বিধানসভার স্পিকার (d) অ্যাডভোকেট জেনারেল

3.) রাজ্যের মন্ত্রীপরিষদ সম্মিলিতভাবে কার কাছে দায়বদ্ধ থাকে ?

(a) বিধানসভা (b) বিধান পরিষদ .(c) রাজ্যপাল (d) বিধানসভার স্পিকার

4.) কোনও রাজ্যের মুখ্যমন্ত্রী পদত্যাগ করলে অথবা তাঁর মৃত্যুর ঘটনা ঘটলে

(a) আপনা থেকেই সংশ্লিষ্ট রাজ্যের মন্ত্রীপরিষদ ভেঙে যায় (b) আপনা থেকেই সংশ্লিষ্ট রাজ্যের মন্ত্রীপরিষদের প্রবীণতম সদস্য কার্যনির্বাহী মুখ্যমন্ত্রীর পদে বহাল হন.(c) আপনা থেকেই বিধানসভা ভেঙে যায় (d) রআজ্যপাল তাঁর স্বেচ্ছাধীন ক্ষমতা প্রয়োগ করে অবিলম্বে রাজ্যের মন্ত্রীপরিষদের কোনও যোগ্য সদস্যকে কার্যনির্বাহী মুখ্যমন্ত্রীর পদে বহাল করেন

5.) রাজ্যের মন্ত্রীপরিষদের সদস্যদের দপ্তর বন্টন করেন

(a) রাজ্যপাল (b) বিধানসভার স্পিকার .(c) মুখ্যমন্ত্রী (d) মুখ্যমন্ত্রীর পরামর্শে রাজ্যপাল

6.) রাজ্যের মন্ত্রীপরিষদের সদস্যদের শপথবাক্য পাঠ করান

(a) রাজ্যপাল (b) হাইকোর্টের চিফ জাস্টিস .(c) অ্যাডভোকেট জেনারেল (d) বিধানসভার স্পিকার

7.) কোনও রাজ্যের মুখ্যমন্ত্রী যদি তাঁর মন্ত্রীপরিষদের কোনও সদস্যকে মন্ত্রকচ্যুত করতে চান , তাহলে তিনি উক্ত মন্ত্রীকে

(a) পদত্যাগপত্র প্রেরণের নির্দেশ দিতে পারেন (b) রাজ্যপালের দ্বারা বরখাস্ত করাতে পারেন .(c) মন্ত্রীপরিষদের রিসাফলিং করার মাধ্যমে মন্ত্রলচ্যুত করতে পারেন (d) উপরোক্ত সবক'টি সঠিক

8.) রাজ্য মন্ত্রীসভার সদস্যদের বেতন ও ভাতা ঠিক হয় -

(a) রাজ্য আইনসভার দ্বারা (b) রাষ্ট্রপতির সঙ্গে পরামর্শ করে রাজ্যপাল দ্বারা .(c) সংসদ দ্বারা

(d) রাজ্য আইনসভার সঙ্গে পরামর্শ করে রাজ্যপাল দ্বারা

9.) রাজ্য আইনসভার সদস্য না হয়েও রাজ্য মন্ত্রীসভার সদস্য থাকা যায় , সর্বাধিক

(a) 3 মাস (b) ছ'মাস .(c) 1 বছর (d) 2 বছর

10.) রাজ্য মন্ত্রীপরিষদের সভায় কে পৌরহিত্য করেন ?

(a) রাজ্যপাল (b) মুখ্যমন্ত্রী .(c) বিধানসভার অধ্যক্ষ (d) যে কোনও ক্যাবিনেট মন্ত্রী

(11.) 91 তম সংবিধান সংশোধনীর মাধ্যমে কোনটির ওপর নিয়ন্ত্রণ আরোপিত হয় ?

(a) মন্ত্রীসভার সদস্য সংখ্যা .(b) মন্ত্রীদের বেতন (c) মন্ত্রীদের বিদেশ সফর (d) রাষ্ট্রপতির ভেটো ক্ষমতা

উত্তরমালা

1.(a) , 2.(b), 3. (a) , 4. (a), 5.(d), 6.(a), 7.(d), 8. (a) , 9. (b), 10.(b) , 11.(d)

# অধ্যায় ঃ 17

## আইনসভা

.(a)

- **ভারতের কেন্দ্রীয় আইনসভা বা সংসদ [ পার্লামেন্ট ] গঠিত হয়েছে , লোকসভা , রাজ্যসভা এবং রাষ্ট্রপতিকে নিয়ে ।**
- **ভারতের সংসদীয় শাসনব্যবস্থা পরিকল্পিত হয়েছে ব্রিটিশ আইনসভার আদলে । ব্রিটেনের মতো ভারতের সংসদও দ্বিকক্ষবিশিষ্ট । নিম্নকক্ষের নাম লোকসভা [ হাউস অফ দ্য পিপলস্ ] যেটি গড়ে উঠেছে ব্রিটেনের লোয়ার হাউস [ হাউস্ অফ দ্য কমন ] এর আদলে । ভারতীয় সংসদের আপার হাউস [ রাজ্যসভা বা হাউস অফ দ্য স্টেটস্ ] গড়ে উঠেছে ব্রিটেনের হাউস অফ দ্য লর্ড এর অনুকরণে ।**

.(b)

- **ভারতের প্রাপ্তবয়স্ক নাগরিকদের দ্বারা গোপন ভোটের মাধ্যমে প্রত্যক্ষভাবে নির্বাচিত হন লোকসভার সদস্যরা ।**
- **লোকসভার টার্ম : 5 বছর** [ ভারতীয় সংবিধানের 352 নং ধারার অধীনে বর্ণিত জাতীয় জরুরি অবস্থা জারি হলে লোকসভার কার্যকাল 5 বছর পূর্ণ হওয়ার আগেই লোকসভা ভেঙে দেওয়া হয় । সংসদ ইচ্ছা করলে লোকসভার কার্যকাল প্রতিবার অনধিক একবছর করে বর্ধিত করে লোকসভার কার্যকাল অসংখ্যবার বৃদ্ধি করতে পারে ]।
- **সংবিধান অনুসারে লোকসভার সদস্যসংখ্যা সর্বাধিক 550 হতে পারে [ যার মধ্যে 530 টি আসন ভারতীয় অঙ্গরাজ্যগুলির জন্য এবং 20 টি আসন কেন্দ্রশাসিত অঞ্চলগুলির জন্য ] । বর্তমানে লোকসভার মোট সদস্যসংখ্যা 545 । 2001 সালে 91 তম সংবিধান সংশোধনীর মাধ্যমে , 2006 সাল পর্যন্ত লোকসভার সর্বাধিক সদস্যসংখ্যা ( 550 জন ) নির্দিষ্ট করা হয়েছে ।**
- **যদি রাষ্ট্রপতি মনে করেন লোকসভায় অ্যাংলো ইন্ডিয়ান কমিউনিটি যথেষ্ট প্রতিনিধিত্ব পায় নি তাহলে তিনি লোকসভার দু'টি আসনে নিজের মনোনীত দু'জন অ্যাংলো ইন্ডিয়ানকে লোকসভার সাংসদ পদ দিতে পারেন [ ভারতীয় সংবিধানের 331 নং ধারা ] ।**
- **সভার কার্য চালিয়ে নিয়ে যাওয়ার জন্য লোকসভায় ন্যূনতম কত জনের উপস্থিতি আবশ্যক [কোরাম] : মোট সদস্য-সংখ্যার এক-দশমাংশ**

.(c)

- লোকসভার সদস্য হওয়ার জন্য প্রয়োজনীয় ন্যূনতম বয়স : 25 বছর ।
- লোকসভার কাজ পরিচালনা করেন স্পীকার , যিনি নিজে একজন লোকসভার সদস্য এবং লোকসভার সদস্যদের দ্বারা তিনি স্পীকার পদে নির্বাচিত হন ।

.(d)

- সংবিধান অনুসারে রাজ্যসভার সদস্যসংখ্যা সর্বাধিক 250 [ 238 জন বিভিন্ন অঙ্গরাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলের প্রতিনিধি এবং বাকি বারোজন রাষ্ট্রপতির দ্বারা মনোনীত হন ] হতে পারে ।
- বর্তমানে রাজ্যসভার মোট সদস্য সংখ্যা 245 ; রাজ্যসভার সাংসদরা বিভিন্ন ভারতীয় অঙ্গরাজ্যের বিধানসভার সদস্যদের দ্বারা [

[ যে দু'টি কেন্দ্রশাসিত অঞ্চল রাজ্যসভার নির্বাচনে অংশগ্রহণ করে তারা হল দিল্লি এবং পুডুচেরি ]

- ' একক হস্তান্তরযোগ্য ভোট দ্বারা সমানুপাতিক প্রতিনিধিত্ব ' ( Proportional Representation by means of single transferable vote) এর ভিত্তিতে ] [ নির্বাচিত হন ।
- রাজ্যসভার সাংসদদের টার্ম : 6 বছর ।
- প্রত্যেক দু'বছরে রাজ্যসভার এক তৃতীয়াংশ সাংসদ অবসরগ্রহণ করেন ।

.(e)

- সংসদের মনোনীত সদস্যরা রাষ্ট্রপতির নির্বাচনে ভোট দিতে পারেন না , কিন্তু রাষ্ট্রপতির ইমপিচমেন্টের প্রস্তাব পাশ করার জন্য যে ভোটাভুটি হয় সেখানে এঁদের ভোটাধিকার আছে ।

.(f)
যুগ্ম অধিবেশন ঃ

কেন্দ্রীয় আইনসভার একটি কক্ষে একটি বিল গৃহীত হওয়ার পর তা অন্য কক্ষে পাঠানো হলে

- .(a) বিলটি যদি প্রত্যাখ্যাত হয় ; অথবা
- .(b) বিলটির সংশোধন নিয়ে দু'টি কক্ষের মধ্যে মতান্তর দেখা দেয় ; অথবা
- .(c) অপর কক্ষ বিলটি গৃহীত হওয়ার ছ'মাসের মধ্যেও যদি বিলটি সম্বন্ধে ঐ কক্ষ কোনরূপ সিদ্ধান্ত গ্রহণ না করে

সেক্ষেত্রে , রাষ্ট্রপতি বিল টি সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণের জন্য , সংসদের উভয় কক্ষের যুগ্ম অধিবেশন ডাকতে পারেন । যুগ্ম অধিবেশনে সভাপতিত্ব করেন লোকসভার স্পিকার । উপস্থিত ও ভোটপ্রদানকারী সাংসদদের অধিকাংশ যদি সমর্থন করেন , বিলটি পাশ হয়ে যায় ।

**কেন্দ্রীয় আইনসভা - সংসদ**

**The Union Legislature- Parliament**

**তুলনামূলক তথ্য উপস্থাপনা ও বিশ্লেষণ**

| | লোকসভা | রাজ্যসভা |
|---|---|---|
| সদ্যসদের যোগ্যতা | 1. ভারতীয় নাগরিক হতে হবে , 2. ন্যূনতম বয়স ঃ 25 বছর , 3. পার্লামেন্ট কর্তৃক ঘোষিত অন্যান্য যোগ্যতার অধিকারী হতে হবে ,4.আদালত কর্তৃক বিকৃত মস্তিষ্ক বা দেউলিয়া বলে ঘোষিত ব্যক্তি , কেন্দ্রীয় সরকার বা কোনও রাজ্য সরকারের অধীনস্থ লাভজনক পদে অধিষ্ঠিত ব্যক্তি বা বৈদেশিক কোনও রাষ্ট্রের প্রতি অনুগত ব্যক্তি সদস্যপদের যোগ্য নয় 5. ভারতের যে কোনও জায়গার যে কোনও কেন্দ্রের ভোটার হতে হবে । | 1. ভারতীয় নাগরিক হতে হবে , 2. ন্যূনতম বয়স ঃ 30 বছর , 3. পার্লামেন্ট কর্তৃক ঘোষিত অন্যান্য যোগ্যতার অধিকারী হতে হবে ,4.আদালত কর্তৃক বিকৃত মস্তিষ্ক বা দেউলিয়া বলে ঘোষিত ব্যক্তি , কেন্দ্রীয় সরকার বা কোনও রাজ্য সরকারের অধীনস্থ লাভজনক পদে অধিষ্ঠিত ব্যক্তি বা বৈদেশিক কোনও রাষ্ট্রের প্রতি অনুগত ব্যক্তি সদস্যপদের যোগ্য নয় 5. রাজ্যের যে কোনও লোকসভা কেন্দ্রের ভোটার হতে হবে । |
| নির্বাচন পদ্ধতি | অঙ্গ রাজ্যগুলির প্রতিনিধিরা সার্বজনীন প্রাপ্তবয়স্কদের ভোটাধীকারের ভিত্তিতে জনগণের দ্বারা প্রত্যক্ষভাবে নির্বাচিত হন । কেন্দ্রশাসিত অঞ্চলের প্রতিনিধিরা একই নির্বাচন পদ্ধতিতে সংশ্লিষ্ট অঞ্চলের জনগণ দ্বারা নির্বাচিত হন । | রাষ্ট্রপতি 12 জন সদস্যকে মনোনীত করেন । বাকি অনধিক 238 জন সদস্য বিভিন্ন কেন্দ্রশাসিত অঞ্চল থেকে পরোক্ষভাবে নির্বাচিত হন । অঙ্গরাজ্যের প্রতিনিধিরা সংশ্লিষ্ট রাজ্যের বিধায়কদের দ্বারা একক হস্তান্তরযোগ্য ভোটের দ্বারা সমানুপাতিক প্রতিনিধিত্বের পদ্ধতিতে নির্বাচিত হন । কেন্দ্রশাসিত অঞ্চল থেকে একটি সংস্থা একই পদ্ধতিতে প্রতিনিধিদের নির্বাচিত করে । |
| সদস্য সংখ্যা | অঙ্গ রাগ্যগুলির প্রতিনিধি অনধিক 530 জন এবং কেন্দ্রশাসিত অঞ্চলসমূহের প্রতিনিধি 20 জন । মোট 550 জন । রাষ্ট্রপতি প্রয়োজনবোধে 2 জন অ্যাংলো ইন্ডিয়ান সদস্যকে মনোনীত করতে পারেন। | অনধিক 250 জন । এর মধ্যে 238 জন নির্বাচিত এবং 12 জন রাষ্ট্রপতি কর্তৃক মনোনীত হন । |
| কার্যকাল | 5 বছর । এই সময়ের আগেই রাষ্ট্রপতি লোকসভা ভেঙে দিতে পারেন । জরুরী অবস্থা থাকাকালীন সময়ে সংসদ আইন করে লোকসভার মেয়াদ এক-একবারে | রাজ্যসভা একটি স্থায়ী কক্ষ । প্রতি দু'বছর অন্তর এক-তৃতীয়াংশ সদস্য অবসর গ্রহণ করেন । এককভাবে যে কোনও সদস্যের কার্যকাল 6 বছর । |

| | | |
|---|---|---|
| | এক বছর করে বাড়াতে পারে । | |
| সভাপতি | স্পিকার | পদাধিকারবলে উপরাষ্ট্রপতি হলেন রাজ্যসভার সভাপতি / চেয়ারম্যান |
| ক্ষমতা ও কার্যাবলী | (1).মন্ত্রীসভা কেবল লোকসভার কাছেই দায়বদ্ধ / দায়িত্বশীল থাকে । লোকসভা মন্ত্রিসভাকে ক্ষমতাচ্যুত করতে পারে । (2). অর্থবিল কেবল লোকসভাতেই উত্থাপন করা যায় । অর্থবিলের ক্ষেত্রে কার্যকরী সমস্ত ক্ষমতা লোকসভার হাতেই ন্যস্ত আছে । (3). জরুরি অবস্থা প্রত্যাহারের উদ্দেশ্যে লোকসভা কার্যকরী প্রস্তাব গ্রহণ করতে পারে । | (1). রাজ্যতালিকাভুক্ত বিষয়ে পার্লামেন্টের আইন প্রণয়নের সুযোগ সৃষ্টি করতে পারে । (2). সর্বভারতীয় চাকরি সৃষ্টি করতে পারে । উপরোক্ত 2টি ক্ষমতা কেবলমাত্র রাজ্যসভারই আছে। |
| উভয়কক্ষের সমান ক্ষমতার ক্ষেত্রগুলি | (1). রাষ্ট্রপতির অপসারণ ; (2). সুপ্রিম কোর্ট ও হাই কোর্টের বিচারপতিদের অপসারণ (3) ইউ. পি. এস. সি. র সভাপতি ও সদস্যদের অপসারণ । (4) চিফ ইলেকশন কমিশনার , ক্যাগ প্রমুখ উচ্চ পদাধিকারীদের অপসারণ (5). সাধারণ আইন প্রণয়ন (6). জরুরি অবস্থার অনুমোদন (7). সংবিধান সংশোধন | |

সংসদীয় শাসনব্যবস্থার গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্যগুলি হল ঃ

- দু’পরকার শাসকপ্রধানের উপস্থিতি ( প্রকৃত ও নামসর্বস্ব )
- আইনসভার নিম্নকক্ষের কাছে মন্ত্রীপরিষদের যৌথ দায়িত্বশীলতা
- মন্ত্রী পরিষদের সদস্যগণ হবেন আইনসভার সদস্য
- সংখ্যাগরিষ্ঠ দল ক্ষমতাসীন হবে
- সংখ্যাগরিষ্ঠ দলের নেতা বা নেত্রী হবেন প্রধানমন্ত্রী ( প্রকৃত প্রশাসনিক প্রধান )
- শাসন বিভাগ ও আইন বিভাগের মধ্যে সংযোগ ও সহযোগিতা

## অনুশীলনী -17 (a)

[উপজীব্য ঃ আইনসভা]

(1). রাজ্য তালিকাভুক্ত বিষয়ে পার্লামেন্ট আইন করতে পারবে যদি তার প্রয়োজন হয়

(a) জাতীয় স্বার্থে (b)সংশ্লিষ্ট রাজ্যের সুবিধার্থে (c) শিক্ষা ও সামাজিক সুযোগ সুবিধার বিষয়ে তুলনামূলকভাবে অনুন্নত সম্প্রদায়ের স্বার্থে (d) সংখ্যালঘু সম্প্রদায়ের স্বার্থে [ ডব্লু. বি. সি. এস. ( প্রিলিম ) '11 ]

(2). নিম্ন লিখিত কমিটিগুলির মধ্যে কোন্‌টি সরকারি ব্যয় নিয়মমাফিক হয়েছে কিনা তা দেখে ?

(a) পাবলিক অ্যাকাউন্টস্ কমিটি (b) এস্টিমেটস্ কমিটি (b)পাবলিক আন্ডারটেকিং (c)সংক্রান্ত কমিটি (d) উপরোক্ত সবগুলিই [ ডব্লু. বি. সি. এস. ( প্রিলিম ) '11 ]

(3). লোকসভার স্পিকার

(a) দুই বিরোধী পক্ষের ভোট সমান-সমান হলে ভোট দেন (b)লোকসভায় অন্য যেকোনও সদস্যের মতো ভোট দেন (c) কোনও ভোট দিতে পারেন না (d) দু'টি ভোট দিতে পারেন - একটি সাধারণ অবস্থায় এবং অপরটি দুই পক্ষের ভোট সমান সমান হলে [ ডব্লু. বি. সি. এস. ( প্রিলিম ) '11 ]

(4). কোন্ মামলায় সর্বোচ্চ আদালত এই মর্মে রায়দান করে যে -' সংসদ ভারতীয় সংবিধানের মূল কাঠামো পরিবর্তন করতে পারবে না?

(a) কেশবানন্দ ভারতী মামলা (b) গোলকচাঁদ মামলা .(c) এ কে গোপালান বনাম মাদ্রাজ রাজ্য মামলা (d) মিনার্ভা অয়েল মিল [ পি. এস. সি. মিসেলিনিয়াস (প্রিলিম) '04 ]

(5). লোকসভায় একটি রাজনৈতিক দলকে বিরোধী দলের মর্যাদা পেতে হলে ন্যূনতম কত শতাংশ আসন পেতে হয় ?

(a) 5 (b) 10 .(c) 15 (d) 20 [ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '09 ]

(6). ভারতীয় সংবিধানের কত নম্বর ধারা অনুসারে সংসদের উভয়কক্ষে কেন্দ্রীয় বাজেট পেশ করা হয় ?

(a) 73 (b) 112 .(c) 360 (d) 370 [ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '09 ]

(7). নিম্নলিখিত কোন্ কোন্‌টি নিয়ে গঠিত ভারতের সংসদ

(a) রাষ্ট্রপতি , লোকসভা ও রাজ্যসবা (b) লোকসবা ও রাজ্যসভা (c) লোকসভা , স্পিকার ও প্রধানমন্ত্রী (d) উপরোক্ত কোনটিই নয় [ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '08 ]

(8). সর্বাধিক কত সময়ের মধ্যে সংসদের অধিবেশন নাও বসতে পারে ?

(a) এক বছর (b) দু'বছর .(c) তিন বছর (d) ছ'মাস [ পি.এস.সি. মিসেলিনিয়াস (প্রিলিম) '00 ]

(9). ভারতের সংবিধান " Residuary Power " ন্যস্ত করেছে

(a) রাজ্যসভার ওপর (b) কেন্দ্রীয় আইনসভার ওপর .(c) রাজ্য ও কেন্দ্রীয় আইনসভার ওপর যুগ্মভাবে (d) উপরোক্ত কোনটির উপরেই নয় [ পি.এস.সি. মিসেলিনিয়াস (প্রিলিম) '00 , 98]

(10). পার্লামেন্টের কোন্ কক্ষের সভাপতি ঐ কক্ষের সদস্য নয় ?

(a) লোকসভা (b) রাজ্যসভা .(c) বিধানসভা (d) বিধান পরিষদ [ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '08 ]

(11). অর্থ বিল কেবলমাত্র নিম্নলিখিত স্তরে উত্থাপিত হতে পারে ?

(a) পার্লামেন্টের যে কোন্ কক্ষে (b) কেবলমাত্র লোকসভায় .(c) কেবলমাত্র রাজ্যসভায় (d) কেবলমাত্র পার্লামেন্টের যৌথসভায় [ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '08 ]

(12). নিম্নোক্ত কোন্ আধিকারিক পার্লামেন্টের সদস্য না হয়েও পার্লামেন্টের যে কোন কক্ষে আলোচনায় অংশগ্রহণ করতে পারেন ?

(a) উপরাষ্ট্রপতি (b) সলিসিটর গেনারেল .(c) অ্যাটর্নী জেনারেল (d) সুপ্রীম কোর্টের প্রধান বিচারপতি [ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '01]

(13). লোকসভায় জনপ্রতিনিধি রূপে নির্বাচিত হতে গেলে একজন ভারতীয় নাগরিকের ন্যূনতম বয়স অবশ্যই হবে (a) 18 বছর (b) 20 বছর .(c) 21 বছর (d) 25 বছর

[ পি.এস.সি. মিসেলিনিয়াস (প্রিলিম) '01 , ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '05 ]

(14). ভারতের লোকসভার সদস্যসংখ্যা

(a) 325 জন (b) 425 জন .(c) 544 জন (d) উপরক্ত কোনটিই নয়

[ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '99 ]

(15). লোকসভা ভেঙ্গে দিতে পারেন

(a) সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি (b) প্রধানমন্ত্রী .(c) প্রধানমন্ত্রীর সুপারিশে রাষ্ট্রপতি (d) প্রধানমন্ত্রীর সুপারিশে লোকসভার স্পিকার

[ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '99 ,পি.এস.সি. মিসেলিনিয়াস (প্রিলিম) '99 ]

(16). লোকসভার স্পিকার মান-মর্যাদায় নিম্নলিখিত কোন্ পদাধিকারীর সমতুল্য

(a) কেন্দ্রীয় মন্ত্রী (b) রাজ্যের মন্ত্রী .(c) হাই কোর্টের প্রধান বিচারপতি (d) সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি [ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '00 ]

(17). লোকসভায় সভাপতিত্ব করেন

(a) রাষ্ট্রপতি (b) উপরাষ্ট্রপতি .(c) প্রধানমন্ত্রী (d) লোকসভার স্পিকার

[ পি.এস.সি. মিসেলিনিয়াস (প্রিলিম) '99 ]

(18). নিম্নলিখিত কোন্ বিষয়টি যুগ্ম তালিকার অন্তর্গত ?

(a) শিক্ষা (b) অরণ্য .(c) কৃষি (d) পুলিস প্রশাসন [ পি.এস.সি. মিসেলিনিয়াস (প্রিলিম) '99 ]

(19). নিম্নলিখিত আইনসভাগুলোর মধ্যে কোনটিতে ঐ সভার সদস্য নন এমন কেউ সভাটির প্রিসাইডিং অফিসার হতে পারেন

(a) রাজ্যসভা (b) লোকসভা .(c) বিধানসভা (d) বিধান পরিষদ

[ পি.এস.সি. মিসেলিনিয়াস (প্রিলিম) '99 ]

(20). রাজ্যসভার সদস্যদের টার্ম বা কার্যকালের মেয়াদ

(a) 5 বছর (b) 2বছর .(c) ছ'বছর (d) চার বছর [ পি. এস. সি. ক্লার্কশিপ (প্রিলিম)'03 ]

(21). লোকসভার অধ্যক্ষ

(a) জনগণের দ্বারা নির্বাচিত (b) রাষ্ট্রপতির দ্বরা মনোনীত .(c) প্রধানমন্ত্রীর দ্বারা মনোনীত (d) লোকসভার সদস্যদের দ্বারা নির্বাচিত [ পি এস সি মিসেলিনিয়াস ( প্রিলিম ) '08 ]

(22). বিশেষক্ষেত্রে ভারতের রাষ্ট্রপতি নিম্নলিখিত কোন্ সম্প্রদায়ের দু'জন প্রতিনিধিকে লোকসভার সাংসদ রূপে মনোনীত করতে পারেন ?

(a) অ্যাংলো-ইন্ডিয়ান (b) বৌদ্ধ .(c) ভারতীয় খ্রীষ্টান (d) পার্সি

[ পি এস সি ক্লার্কশিপ (প্রিলিম) '96 ]

(23). রাজ্যসভায় সভাপতিত্ব করেন

(a) রাষ্ট্রপতি (b) উপরাষ্ট্রপতি .(c) প্রধানমন্ত্রী (d) কেন্দ্রীয় অর্থমন্ত্রী

[ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '05 , '06 , পি এস সি ক্লার্কশিপ (প্রিলিম)'96 ]

(24). রাজ্যসভার মোট সদস্য সংখ্যা

(a) 25 জন (b) 100 জন .(c) 250 জন (d) উপরোক্ত কোনটিই নয়

[ পি. এস. সি. ক্লার্কশিপ (প্রিলিম)'86 ]

(25). আমাদের সংসদীয় শাসনব্যবস্থার ভিত্তি কি ?

(a) পুরুষদের ভোটাধিকার (b) আনুপাতিক প্রতিনিধিত্ব .(c) পুরুষ , স্ত্রীলোক ও শিশুদের ভোটাধিকার (d) সর্বজনীন প্রাপ্তবয়স্কদের ভোটাধিকার [ পি.এস.সি. মিসেলিনিয়াস (প্রিলিম) '00 ]

(26). কোনও বিল অর্থবিল কিনা তা কে ঠিক করেন ?

(a) রাষ্ট্রপতি (b) লোকসভার অধ্যক্ষ .(c) উপ-রাষ্ট্রপতি (d) অর্থমন্ত্রী

[ পি. এস. সি. ক্লার্কশিপ (প্রিলিম)'05 ]

(27). পুরো টার্ম শেষ হওয়ার আগে , রাষ্ট্রপতিকে কার দ্বারা বা কেমন ভাবে পদচ্যুত করা যায় ?

(a) প্রধানমন্ত্রীর দ্বারা (b) উপ-রাষ্ট্রপতির দ্বারা .(c) প্রধান বিচারপতির দ্বারা (d) সংসদ বা পার্লামেন্টের দ্বারা অভিসংশা [ পি. এস. সি. ক্লার্কশিপ (প্রিলিম)'05 ]

(28). ভারতীয় সংবিধানের কত নম্বর ধারায় সংসদকে পরিশিষ্ট বিষয়ের উপর আইন প্রণয়নের অধিকার প্রদত্ত হয়েছে ?

(a) 248 (b) 249 .(c) 250 (d) 251 [ ডব্লু. বি. সি. এস. (প্রিলি) '07 ]

(29). রাজ্যসভা মন্ত্রীপরিষদকে

(a) নিয়ন্ত্রণ করে (b) অনুমোদন করে .(c) শুধু আলোচনা করে (d) নিয়ন্ত্রণ করে না

[ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '06 ]

(30). নিম্নলিখিত কোন্ বাক্যটি ত্রিশঙ্কু পার্লামেন্ট এর প্রকৃত সংজ্ঞা ?

(a) যে পার্লামেন্টে কোন রাজনৈতিক দলের সংখ্যাগরিষ্ঠতা এককভাবে নেই (b) প্রধানমন্ত্রী পদত্যাগ করেছেন কিন্তু পার্লামেন্ট ভেঙ্গে দেওয়া হয় নি .(c) পার্লামেন্টের কাজের জন্য প্রয়োজনীয় কোরাম (quorum এর আভাব ) (d) অকেজো পালরামেন্ট [ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '08 ]

(31). মন্ত্রীসভা কার কাছে যৌথ ভাবে দায়বদ্ধ থাকে ?

(a) রাষ্ট্রপতি (খ) প্রধানমন্ত্রী .(c) লোকসভা (d) রাজ্যসভা

[ পি. এস. সি. মিসেলিনিয়াস (প্রিলিম)'07 ]

(32). ভারতের সংসদের অংশগুলি হল

(a)লোকসভা ও রাজ্যসভা (b) রাষ্ট্রপতি , লোকসভা ও রাজ্যসভা (c) রাষ্ট্রপতি , লোকসভা ও রাজ্যসভা ও প্রধান নির্বাচন কমিশনার (d) লোকসভা , রাজ্যসভা ও সুপ্রিম কোর্টেড় প্রধান বিচারপতি[ পি. এস. সি. মিসেলিনিয়াস (প্রিলিম) '10 ]

উত্তরমালা

1.(a), 2.(a) , 3. (a) , 4.(d) , 5.(b) , 6.(b) , 7.(a) , 8.(d) , 9.(b), 10. (b) , 11.(b) ,12.(c), 13.(d) , 14.(d), 15.(c) ,16.(d) , 17.(d) , 18. (a) ,19..(a), 20.(c) , 21.(d), 22. (a), 23. (b) ,24.(c),25. (d) ,26. (b) ,27. (d) .,28.(b) ,29.(a), 30.(a) 31.(c), 32. (b),

## অনুশীলনী -17 (b)

[উপজীব্য ঃ আইনসভা]

(1.) কে রাজ্যসভা ও লোকসভার যৌথ অধিবেশন আহ্বান করেন ?

(a) লোকসভার স্পিকার (b) রাজ্যসভার চেয়ারম্যান .(c) রাষ্ট্রপতি (d) অ্যাটর্নি জেনারেল

(2.) ভারতের কোন্ রাজ্যের থেকে সর্বাধিক সংখ্যক সাংসদ আছেন লোকসভায় ?

(a) মধ্যপ্রদেশ (b) রাজস্থান .(c) বিহার (d) উত্তর প্রদেশ

(3.) সংসদীয় শাসনব্যবস্থার গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য হল -

(a) শাসনব্যবস্থায় সংসদের নিয়ন্ত্রণ .(b) মন্ত্রীপরিষদের আইনসভার কাছে দায়িত্বশীলতা (c) আইনবিভাগ ও শাসনবিভাগের মধ্যে সংযোগ ও সহযোগিতা (d) উপরোক্ত সব ক'টি

(4.) প্রাপ্তবয়স্কদের সার্বজনিক ভোটাধিকার নীতি রাষ্ট্রের উন্নয়নের পরিপন্থী হতে পারে যদি

(a) যদি নির্বাচকরা তাঁদের ভোট দেয় যাঁরা তাদের অর্থ উৎকোচ রূপে দেবে .(b) যদি নির্বাচকরা যোগ্যতর প্রার্থীকে ভোট না দিয়ে নিজেদের জাত অথবা ধর্মের প্রার্থীকে ভোট দেন (c) যদি নির্বাচকরা শাসক নির্বাচনের জন্য যে চিন্তা ভাবনা করা দরকার সেটা না করে ভোট দেন (d) উপরোক্ত সব ক'টি

(5.) বর্তমান লোকসভার সর্বোচ্চ আসন সংখ্যা

(a) 540 (b) 545 .(c) 550 (d) 555

(6.) নিম্নলিখিত কোন্ ক্ষেত্রে লোকসভা ও রাজ্যসভা সমান ক্ষমতা ভোগ করে থাকে ?

(a) রাষ্ট্রপতিকে পদচ্যুত করা (b) মুখ্য নির্বাচনী কমিশনারকে পদচ্যুত করা (c) সুপ্রিম কোর্টের বিচারপতিকে পদচ্যুত করা (d) উপরোক্ত সব ক'টি

(7.) সংসদীয় পরিভাষায় ' ক্লোজার ' এর অর্থ হল -

(a) সংসদের অধিবেশনের সমাপ্তি (b) দিনের মতো সভার কাজ শেষ .(c) কোনও প্রস্তাবের বিতর্কের অবসান (d) উপরোক্ত কোনটিই নয়

(8.) কে প্রথম ভারতীয় লোকসভায় বিরোধী দলনেতার মর্যাদালাভ করেন ?

(a) এ. কে. গোপালন (b) ওয়াই. বি. চহ্বন .(c) শ্যামাপ্রসাদ মুখার্জী (d) ইন্দিরা গান্ধী

(9.) সংসদের উভয় কক্ষের যৌথ অধিবেশনে উত্থাপিত কোনও বিল সম্পর্কে সিদ্ধান্ত নেওয়া হয় -

(a) সাধারণ সংখ্যাগরিষ্ঠতার মাধ্যমে (b) দুই-তৃতীয়াংশ সংখ্যাগরিষ্ঠতার মাধ্যমে .(c) উভয় কক্ষের পৃথক সংখ্যাগরিষ্ঠতার মাধ্যমে (d) উপরোক্ত কোনটিই সঠিক নয়

(10.) রাজ্যসভার সর্বাধিক সাংসদ-সংখ্যা কত ?

(a) 250 (b) 225 .(c) 330 (d) 350

(11.) কত তম সংবিধান সংশোধনীর মাধ্যমে লোকসভার কার্যকালের মেয়াদ 5 বছর থেকে বাড়িয়ে 6 বছর করা হয়েছিল ?

(a) 42 তম .(b) 43 তম (c) 44 তম (d) 45 তম

(12.) নিম্নলিখিত টার্মগুলির মধ্যে কোন্‌টি লোকসভার কার্যকালের সমাপ্তিকে নির্দেশ করে ?

(a) Session .(b) prorogation (c) adjournment (d) dissolution

(13.) নিম্নলিখিত কোন্ বিলের ক্ষেত্রে রাষ্ট্রপতি আইনসভার পুনর্বিবেচনার জন্য না পাঠিয়ে বিলটিতে স্বাক্ষরদানে বাধ্য থাকেন

(a) যে কোনও বিল (b) অর্থবিল বা মানিবিল .(c) নন্‌মানিবিল (d) সংবিধান সংশোধন সংক্রান্ত বিল

(14.) যে পার্লামেন্টারি স্ট্যান্ডিং কমিটি মহিলা রিজার্ভেশন বিল উত্থাপনের সুপারিশ করেছিল তার নেতৃত্বে ছিলেন

(a) মীরা কুমার (b) সুষমা স্বরাজ (c) জয়ন্তী নটরাজন (d) বৃন্দা কারাট

(15.) জিরো আওয়ার সম্পর্কিত নিম্নলিখিত তথ্যগুলির মধ্যে কোন্‌টি সঠিক

(a) রুলস্ প্রসিডিওরে জিরো আওয়ারের কোনও উল্লেখ নেই (b) সাধারণত জিরো আওয়ার শুরু হয় দুপুর 12 টার সময় (c) জিরো আওয়ারে কোনও প্রশ্ন উত্থাপনের জন্য পূর্বানুমতির প্রয়োজন নেই (d) সাধারণত জিরো আওয়ারে মন্ত্রীপরিষদের কোনও সদস্যের বিরুদ্ধে কোনও প্রশ্ন উত্থাপিত হয় না

(16.) কোন্ ধারাবলে রাজ্যসভা ‘ অল ইন্ডিয়া সার্ভিসেস ’ গঠন করতে পারে ?

(a) 330 নং ধারা .(b) 312 নং ধারা (c) 335 নং ধারা (d) 290 নং ধারা

17.) যখন রাজ্যসভার চেয়ারম্যান দেশের রাষ্ট্রপতির কার্যনির্বাহ করেন , তখন রাজ্যসভার চেয়ারম্যান এর দায়িত্ব পালন করেন

.(a) তিনি নিজেই .(b) নতুন নির্বাচিত বা নিযুক্ত কার্যনির্বাহী চেয়ারম্যান .(c) রাজ্যসভার বয়ঃজ্যেষ্ঠতম সাংসদ (d) ডেপুটি চেয়ারম্যান

(18.) সভায় কোনও বিষয় বা প্রস্তাবের ওপর বিতর্ক সমাপ্তির উদ্দেশ্যে যে পদক্ষেপ গৃহীত হয় , রাষ্ট্রবিজ্ঞানের পরিভাষায় তাকে বলে

(a) সেশন (b) ক্লোজার (c) রিসোলিউশন (d) ডি জিওর

(19.) রাষ্ট্রপতির জারি করা ‘ জরুরি অবস্থা ’র ঘোষণাকে কত দিনের মধ্যে সংসদের উভয়কক্ষের প্রতিটিতে অনুমোদনের জন্য উত্থাপন করতে হয় ?

(a) এক মাস (b) দু’মাস .(c) ছ’মাস (d) জাতীয় জরুরি অবস্থার ক্ষেত্রে একমাস এবং বাকি দু’টি জরুরি অবস্থার ক্ষেত্রে দু’মাস

(20.) আইনসভার দু’টি কক্ষ থেকে পাশ হওয়ার পর যখন কোনও বিল রাষ্ট্রপতির কাছে আসে তখন তিনি

(a) বিলটিকে পুনর্বিবেচনার জন্য আইনসভায় পুনর্প্রেরণ করতে পারেন (b) বিলটিতে স্বাক্ষরদানে অস্বীকার করতে পারেন .(c) বিলটির বিষয়ে লোকসভার স্পিকারের সাথে আলোচনা করতে পারেন (d) বিলটি সংশোধন করতে পারেন

(21.) লোকসভা যখন ভেঙে দেওয়া হয় , তখন নিম্নলিখিত বিল গুলির মধ্যে কোন্‌টি বাতিল বলে গণ্য হয় ?

(a) যে কোনও বিল যা লোকসভায় বিবেচনাধীন ( পেন্ডিং)আছে (b) যে কোনও বিল যা লোকসভায় পাশ হয়ে গেছে কিন্তু রাজ্যসভার বিবেচনাধীন আছে

(c) যে কোনও বিল যা রাজ্যসভায় পাশ হয়ে গেছে কিন্তু লোকসভার বিবেচনাধীন আছে (d) যে কোনও বিল যা রাজ্যসভায় পেন্ডিং আছে কিন্তু লোকসভায় পাশ হয় নি

(22.) পার্লামেন্টে যখন বাজেট পেশ হয় তখন

(a) সংসদ কর বাড়াতে পারে কিন্তু তা হ্রাস করতে বা রদ করতে পারে না (b) সংসদ কর হ্রাস করতে বা রদ করতে পারে কিন্তু বাড়াতে পারে না (c) সংসদ কর হ্রাস করতে , বৃদ্ধি করতে বা রদ করতে পারে না (d) সংসদ কর বাড়াতে , হ্রাস করতে অথবা রদ করতে পারে

(23.) ভারতের রাষ্ট্রপতি কোন্‌ ধারাবলে লোকসভা ভেঙে দিতে পারেন ?

(a) 85(2) নং ধারা .(b) 110(2) নং ধারা (c) 92(2) নং ধারা (d) 12 (1) নং ধারা

(24.) ভারতের উপরাষ্ট্রপতি

(a) জনগণের দ্বারা প্রত্যক্ষভাবে নির্বাচিত হন (b) যে ইলেক্টোরাল কলেজের সদস্যরা রাষ্ট্রপতিকে নির্বাচিত করেন তাঁদের দ্বারা নির্বাচিত হন .(c) কেবলমাত্র রাজ্যসভার সাংসদদের দ্বারা নির্বাচিত হন (d) সংসদের উভয়কক্ষের যৌথ অধিবেশনে সাংসদদের দ্বারা নির্বাচিত হন

(25.) জাতীয় স্বার্থে রাজ্য তালিকাভুক্ত বিষয়ে পার্লামেন্ট আইন প্রণয়ন করতে পারে যদি এই মর্মে সিদ্ধান্তগ্রহণ করে

(a) লোকসভা .(b) রাজ্যসভা (c) স্পীকার (d) ক্যাবিনেট

(26.) লোকসভার সদস্যগণ

(a) প্রত্যক্ষভাবে জনগণের দ্বারা নির্বাচিত হন (b) রাজ্য আইনসভাগুলির দ্বারা পরোক্ষভাবে নির্বাচিত হন .(c) কিছু সদস্য পরোক্ষভাবে নির্বাচিত হন এবং বাকিরা রাষ্ট্রপতি কতৃক মনোনীত হন (d) কিছু সদস্য প্রত্যক্ষভাবে এবং বাকিরা পরোক্ষভাবে নির্বাচিত হন

(27.) লোকসভার কত গুলি আসন কেন্দ্র-শাসিত অঞ্চলগুলির জন্য বরাদ্দ ?

(a) 20 (b) 25 .(c) 30 (d) 35

(28.) ভারতের কোন্ রাজ্যের জন্য কতগুলি লোকসভার আসন বরাদ্দ হবে সেটি নিম্নলিখিত কোন্ বিষয়ের ভিত্তিতে নির্ধারিত হয় ?

(a) রাজ্যের আয়তন (b) রাজ্যের জনসংখ্যা .(c) রাজ্যের জনঘনত্ব (d) উপরোক্ত কোনটিই নয়

(29.) কোন্ ধারাবলে সংসদ জাতীয় প্রয়োজনে বা স্বার্থে রাজ্যতালিকাভুক্ত বিষয়ে আইন প্রণয়ন করতে পারে ?

(a) 242 নং ধারা .(b) 249 নং ধারা (c) 245 নং ধারা (d) 358 নং ধারা

(30.) টার্ম শেষ হওয়ার আগে , রাজ্যসভা ভেঙে দিতে পারেন

(a) রাষ্ট্রপতি (b) উপরাষ্ট্রপতি .(c) ক্যাবিনেটের সুপারিশে রাষ্ট্রপতি (d) উপরোক্ত কোনটিই সঠিক নয়

(31.) ভারতীয় সংবিধান অনুসারে , কেন্দ্রীয় আইনসভার মনোনীত সদস্যদের সর্বাধিক সংখ্যা কত হতে পারে?

(a) 10 (b) 12 .(c) 14 (d) 20

(32.) দলত্যাগ বিরোধী আইনের দৃষ্টিকোণ থেকে লোকসভার কোনও সাংসদের সদস্যপদ থাকবে না বাতিল হবে সেই বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের অধিকার আছে

(a) লোকসভার স্পিকারের (b) মুখ্য নির্বাচন কমিশনের .(c) সুপ্রীম কোর্টের প্রধান বিচারপতির (d) রাষ্ট্রপতির

(33.) কোন্ সংবিধান সংশোধনীর মাধ্যমে লোকসভার টার্ম পাঁচ বছর থেকে বাড়িয়ে ছ'বছর করা হয়েছিল ?

(a) 24 তম (b) 42 তম .(c) 61 তম (d) 44 তম

(34.) লোকসভার কার্যকালের মেয়াদ 5 বছর থেকে বাড়ানো যায়

(a) রাষ্ট্রপতির দ্বারা , তাঁর স্বেচ্ছাধীন ক্ষমতা প্রয়োগের মাধ্যমে (b) নির্বাচন কমিশনের সুপারিশক্রমে রাষ্ট্রপতির দ্বারা .(c) রাষ্ট্রপতির দ্বারা , জরুরি অবস্থার সময় (d) রাষ্ট্রপতির দ্বারা , জাতীয় জরুরি অবস্থার সময়

(35.) ক্ষমতাসীন জোট বা দলের বিরুদ্ধে লোকসভায় ' অনাস্থা প্রস্তাব ' উত্থাপনের জন্য প্রস্তাবের স্বপক্ষে ন্যূনতম কতজন সাংসদের স্বাক্ষর প্রয়োজন ?

(a) 50 জন (b) 55 জন .(c) 100 জন (d) লোকসভার মোট সদস্যের এক-তৃতীয়াংশ

(36.) লোকসভার স্পিকার তাঁর কার্যকালের মেয়াদ শেষ হওয়ার আগে পদত্যাগ করতে চাইলে , কার কাছে তাঁকে নিজের পদত্যাগপত্র প্রেরণ করতে হবে ?

(a) প্রধানমন্ত্রী (b) লোকসভার সেক্রেটারি জেনারেল .(c) উপরাষ্ট্রপতি (d) লোকসভার ডেপুটি স্পিকার

(37.) লোকসভায় কোনও অর্থবিল পাশ হয়ে যাওয়ার পর , রাজ্যসভা বিলটি সম্পর্কে সিদ্ধান্তগ্রহণে সর্বাধিক কত দিন বিলম্ব করতে পারে ?

(a) 10 দিন (b) 14 দিন .(c) 30 দিন (d) 60 দিন

(38.) জাতীয় জরুরি অবস্থা চলাকালীন , রাষ্ট্রপতি , প্রথম ধাপে , লোকসভার কার্যকালের মেয়াদ কত দিন বাড়াতে পারেন ?

(a) এক মাস (b) তিন মাস .(c) ছ'মাস (d) এক বছর

(39.) লোকসভার স্পিকার

(a) রাষ্ট্রপতির দ্বারা নিযুক্ত হন (b) প্রধানমন্ত্রীর সুপারিশে রাষ্ট্রপতি কতৃক নিযুক্ত হন .(c) সংসদের উভয় কক্ষের যুগ্ম অধিবেশনে উভয় কক্ষের সাংসদদের দ্বারা নির্বাচিত হন (d) লোকসভার সাংসদদের দ্বারা নির্বাচিত হন

(40.) সংসদের উভয়কক্ষের যৌথ অধিবেশনে সভাপতিত্ব করেন

(a) রাষ্ট্রপতি (b) উপরাষ্ট্রপতি .(c) লোকসভার সেক্রেটারি জেনারেল (d) লোকসভার স্পিকার

(41.) কেন্দ্রীয় আইনসভার দু'টি কক্ষের মধ্যে মতপার্থক্য দেখা দেয় তখন সেটা দূর করার জন্য

(a) বিশেষ কমিটি নিয়োগ করে কেন্দ্রীয় সরকারের সংসদ বিষয়ক মন্ত্রালয় (b) সর্বদলীয় সম্মেলন আহ্বান করেন রাষ্ট্রপতি .(c) উভয় কক্ষের সাংসদদের নিয়ে একটি কমিটি নিযুক্ত করেন লোকসভার স্পিকার (d) রাষ্ট্রপতি দু'টি কক্ষের যৌথ অধিবেশনের আহ্বান জানান

(42.) কত সালে ভারতীয় লোকসভায় প্রথম অনাস্থা প্রস্তাব পাশ হয় ?

(a) 1960 (b) 1963 (c) 1965 (d) 1968

(43.) ভারতীয় সংবিধানের কত নম্বর ধারায় আইনসভার উভয়কক্ষের যুগ্ম অধিবেশনের উল্লেখ আছে ?

(a) 108 .(b) 109 (c) 110 (d) 112

(44.) সভার কার্য চালিয়ে নিয়ে যাওয়ার জন্য লোকসভায় ন্যূনতম কত জনের উপস্থিতি আবশ্যক [কোরাম]?

(a) মোট সদস্য-সংখ্যার এক-চতুর্থাংশ (b) মোট সদস্য-সংখ্যার এক-তৃতীয়াংশ .(c) মোট সদস্য-সংখ্যার এক-দশমাংশ (d) মোট সদস্য-সংখ্যার এক-পঞ্চমাংশ

(45.) নীচের কোন্ বিষয়টি রাষ্ট্রপতির সুপারিশ বা পূর্বসম্মতি ছাড়া উত্থাপন করা যায় না ?
(a) অর্থ বিল (b) এক বা একাধিক অঙ্গরাজ্যের সীমানা বা নাম পরিবর্তন সংক্রান্ত বিল
(c) ভারতের সঞ্চিত তহবিল থেকে অর্থ ব্যয়ের প্রস্তাব (d) উপরোক্ত সবগুলিই

(46.) রাষ্ট্রপতির বেতন ও অন্যান্য সুযোগ সুবিধা কে নির্ধারণ করেন ?
.(a) কেন্দ্রীয় মন্ত্রীসভা .(b) সংসদ .(c) ক্যাবিনেট (d) সুপ্রিম কোর্ট

(47.) লোকসভায় জিরো আওয়ারের সময়কাল সর্বাধিক কত হতে পারে ?
(a) তিরিশ মিনিট (b) এক ঘন্টা .(c) দু'ঘন্টা (d) ভারতীয় সংবিধানে এই বিষয়ে নির্দিষ্ট করে কিছু বলা হয় নি

(48.) রাজ্যসভার কতজন সদস্য প্রতি দু'বছর অন্তর অবসরগ্রহণ করেন ?
(a) মোট সদস্যসংখ্যার এক-তৃতীয়াংশ (b) মোট সদস্যসংখ্যার এক-পঞ্চমাংশ .(c) মোট সদস্যসংখ্যার অর্ধেক (d) মোট সদস্যসংখ্যার এক-চতুর্থাংশ

(49.) লোকসভার কার্যকালের মেয়াদ ( 5 বছর ) শেষ হওয়ার আগে লোকসভা ভেঙে দিতে পারেন
(a) প্রধানমন্ত্রী (b) রাষ্ট্রপতি .(c) প্রধানমন্ত্রীর সুপারিশে রাষ্ট্রপতি (d) লোকসভার স্পিকারের সুপারিশে রাষ্ট্রপতি

(50.) প্রথম নির্বাচিত লোকসভা গঠিত হয়েছিল কত সালে ?
.(a) 1950 সালে .(b) 1952 সালে .(c) 1949 সালে (d)1951 সালে

(51.) নিম্নলিখিত ব্যক্তিদের মধ্যে কে লোকসভার প্রথম স্পিকার ছিলেন ?
(a) হুকুম সিং (b) বকরাম জাখর (c) জি ভি মাভালঙ্কার (d) মীরা নায়ার

(52.) সংসদ সদস্যদের অযোগ্যতা সংক্রান্ত বিবাদের নিষ্পত্তি করেন -
(a) রাস্ট্রপতি (b) সংশ্লিষ্ট কক্ষের সভাপতি .(c) নির্বাচন কমিশন (d) নির্বাচন কমিশনের সাথে পরামর্শ করে রাষ্ট্রপতি

(53.) অধ্যক্ষ এবং উপাধ্যক্ষের অনুপস্থিতিতে লোকসভায় সভাপতিত্ব করেন -
(a) রাষ্ট্রপতি কর্তৃক মনোনীত কোনও সদস্য (b) মন্ত্রীসভা কর্তৃক মনোনীত কোনও সদস্য .(c) লোকসভার অধ্যক্ষ কর্তৃক মনোনীত কোনও সদস্য (d) লোকসভার বয়ঃজ্যেষ্ঠ সদস্য

(54.) কত সালের আদমসুমারি অনুযায়ী বর্তমান লোকসভার আসনগুলি বিভিন্ন অঙ্গরাজ্যের মধ্যে বন্টিত হয়েছে ?

(a) 1951 (b) 1961 .(c) 1971 (d) 1981

(55.) বর্তমানে লোকসভার মোট কতগুলি আসন তফশিলী উপজাতিভুক্ত নাগরিকদের জন্য সংরক্ষিত আছে ?

(a) 25 (b) 30 .(c) 40 (d) 50

(56.) সুপ্রিম কোর্টের বিচারপতিদের

(a) কার্যকালের মেয়াদ শেষ বা অবসরগ্রহণের আগে পদচ্যুত করা যায় না (b) রাষ্ট্রপতি পদচ্যুত করতে পারেন তাঁর স্বেচ্ছাধীন ক্ষমতা প্রয়োগ করে .(c) রাষ্ট্রপতি পদচ্যুত করতে পারেন , সংসদের রেকমেন্ডেশনে (d) রাষ্ট্রপতি পদচ্যুত করতে পারেন , ক্যাবিনেটের রেকমেন্ডেশনে

(57.) নিম্নলিখিত কোন্ সংবিধান সংশোধনীর মাধ্যমে সুপ্রিম কোর্টের ' বিচারবিভাগীয় পুনর্বিবেচনা ' র ক্ষমতা হ্রাসের সংসদীয় প্রয়াস গৃহীত হয়েছিল ?

(a) 42 তম (b) 24 তম .(c) 44 তম (d) 88 তম

(58.) মুখ্য নির্বাচন কমিশনারকে তাঁর কার্যকালের মেয়াদ শেষ হওয়ার আগে পদচ্যুত করতে পারেন

(a) রাস্ট্রপতি (b) রাস্ট্রপতি , সংসদের সুপারিশে .(c) রাষ্ট্রপতি সুপ্রিম কোর্টের সুপারিশে (d) রাষ্ট্রপতি , ক্যাবিনেটের সুপারিশে

(59.) নিম্নলিখিত তথ্যগুলির মধ্যে কোন্টি সঠিক ?

(a) কেন্দ্রীয় আইনসভার উভয় কক্ষের যুগ্ম অধিবেশন আহ্বান করেন এবং সেই অধিবেশনে সভাপতিত্ব করেন রাষ্ট্রপতি (b) কেন্দ্রীয় আইনসভার উভয় কক্ষের যুগ্ম অধিবেশন আহ্বান করেন এবং সেই অধিবেশনে সভাপতিত্ব করেন লোকসভার স্পিকার (c) কেন্দ্রীয় আইনসভার উভয় কক্ষের যুগ্ম অধিবেশন আহ্বান করেন রাষ্ট্রপতি এবং সেই অধিবেশনে সভাপতিত্ব করেন লোকসভার স্পিকার

(d) কেন্দ্রীয় আইনসভার উভয় কক্ষের যুগ্ম অধিবেশন আহ্বান করেন লোকসভার স্পিকার এবং সেই অধিবেশনে সভাপতিত্ব করেন রাষ্ট্রপতি

(60.) রাজ্যসভার নির্বাচিত সদস্যগণ -

(a) সাবালক ভারতীয় নাগরিকদের দ্বারা প্রত্যক্ষভাবে নির্বাচিত হন (b) লোকসভার সদস্যদের দ্বারা নির্বাচিত হন .(c) রাজ্য বিধানসভার সদস্যদের দ্বারা নির্বাচিত হন (d) উপরোক্ত কোনটিই নয়

(61.) কোনও কর ধার্য করা যায় না ___________ এর অনুমতি ব্যতিরিকে

(a) রাষ্ট্রপতি (b) ক্যাগ .(c) সংসদ (d) ক্যাবিনেট

(62.) সংসদের অবমাননা কিংবা অধিকার ভঙ্গের কারণে শাস্তিদানের ক্ষেত্রে

(a) লোকসভার ক্ষমতা বেশী .(b) রাজ্যসভার ক্ষমতা বেশী (c) উভয় কক্ষের ক্ষমতাই সমান (d) কোন্ কক্ষের ক্ষমতা বেশী হবে তা রাষ্ট্রপতি নির্ধারণ করেন

(63.) লোকসভার সদস্য সংখ্যা অপরিবর্তিত রাখা হবে কত সাল পর্যন্ত ?

(a) 2009 .(b) 2010 (c) 2011 (d) 2012

(64.) ভারতীয় সংবিধানের কোনও অংশের সংশোধনের জন্য কোনও প্রস্তাব রাষ্ট্রপতির অনুমোদনের জন্য তাঁর কাছে প্রেরিত হওয়ার আগে অভশ্যই

(a) উত্থাপিত ও পাশ হতে হবে লোকসভায় এবং রাজ্যসভায় .(b) উত্থাপিত ও পাশ হতে হবে লোকসভায় (c) উত্থাপিত ও পাশ হতে হবে রাজ্যভায় (d) উত্থাপিত হতে হবে লোকসভায় ও রাজ্যসভায় এবং পাশ হতে হবে লোকসভায়

(65.) নীচের কোন্ক্ষেত্রে লোকসভা ও রাজ্যসভা সমান ক্ষমতা ভোগ করে থাকে ?

(a) রাষ্ট্রপতিকে পদচ্যুত করা .(b) মুখ্য নির্বাচন কমিশনারকে পদচ্যুত করা (c) সুপ্রিম কোর্টের বিচারপতিকে পদচ্যুত করা (d) উপরোক্ত সব ক'টি

(66.) কিসের ভিত্তিতে রাজ্যসভায় বিভিন্ন অঙ্গরাজ্যের জন্য বরাদ আসন সংখ্যা নির্ধারিত হয় ?

(a) আয়তন (b) জন সংখ্যা (c) জন ঘনত্ব (d) বিভিন্ন আর্থ সামাজিক নির্দেশক ও আয়তন

(67.) কেন্দ্রীয় সরকারের ব্যয় নিয়ন্ত্রণের ক্ষমতা রয়েছে -

(a) সংসদের হাতে (b) রাষ্ট্রপতির হাতে .(c) ক্যাগ এর হাতে (d) কেন্দ্রীয় অর্থ মন্ত্রকের হাতে

(68.) সর্বভারতীয় কৃত্যক রাজ্যসভা গঠন করতে পারে যদি ঐ সম্পর্কিত প্রস্তাবটি রাজ্যসভায় পাশ হয় -

(a) সাধারণ সংখ্যাগরিষ্ঠতায় (b) দুই-তৃতীয়াংশ সংখ্যাগরিষ্ঠতায় (c) তিন-চতুর্থাংশ সংখ্যাগরিষ্ঠতায় (d) উপরোক্ত কোনটিই নয়

(69.) প্রোটেম স্পিকারের কাজ হল -

(a) অধ্যক্ষের অনুপস্থিতিতে লোকসভার কাজ পরিচালনা করা (b) অধ্যক্ষের নির্বাচনের আগে পর্যন্ত অধ্যক্ষের দায়িত্ব পালন করা .(c) সদস্যদের শপথবাক্য পাঠ করানো এবং অধ্যক্ষ নির্বাচিত না হওয়া পর্যন্ত অধ্যক্ষের দায়িত্ব পালন করা (d) নির্বাচিত সদস্যদের সংশাপত্র পরীক্ষা করা

(70.) নিম্নলিখিত কোন্ লোকসভা পাঁচ বছরের বেশী কার্যকর ছিল ?

(a) চতুর্থ লোকসভা (b) পঞ্চম লোকসভা .(c) ষষ্ঠ লোকসভা (d) অষ্টম লোকসভা

(71.) লোকসভার অধিবেশন কে স্থগিত রাখতে পারেন ?

(a) প্রধানমন্ত্রী (b) রাষ্ট্রপতি .(c) উপ-রাষ্ট্রপতি (d) লোকসভার অধ্যক্ষ

(72.) রাষ্ট্রপতি সংসদের উভয়কক্ষের যৌথ অধিবেশন আহ্বান করতে পারেন যদি

(a) একটি কক্ষের অনুমোদিত বিল অপর কক্ষ বাতিল করে দেয় (b) কোনও বিলের সংশোধনের বিষয়ে একটি কক্ষ যে মত দিয়েছে , অপর কক্ষ সেটি মানতে নারাজ .(c) একটি কক্ষ থেকে কোনও বিল পাশ হয়ে অপর কক্ষে গেছে কিন্তু ছ'মাসের অধিক সময় পেরিয়ে যাওয়ার পরেও বিলটি সম্পর্কে সেই কক্ষ কোনও সিদ্ধান্তগ্রহণ করে নি (d) উপরোক্ত সব ক'টি ক্ষেত্রে

(73.) কত তম সংবিধান সংশোধনীর মাধ্যমে লোকসভার কার্যকালের মেয়াদ ৫ বছর থেকে বাড়িয়ে ৬ বছর করা হয়েছিল ?

(a) 42 তম (b) 43 তম (c)44 তম (d) 45 তম

(74.) সর্বভারতীয় কৃত্যক রাজ্যসভা গঠন করতে পারে যদি ঐ সম্পর্কিত প্রস্তাবটি রাজ্যসভায় পাশ হয় -

(a) সাধারণ সংখ্যাগরিষ্ঠতায় (b) দুই-তৃতীয়াংশ সংখ্যাগরিষ্ঠতায় (c) তিন-চতুর্থাংশ সংখ্যাগরিষ্ঠতায় (d) উপরোক্ত কোনটিই নয়

(75.) পঞ্চদশ লোকসভায় ডেপুটি স্পিকার রূপে নির্বাচিত হন -

(a) কারিয়া মুন্ডা .(b) সন্তোষ দেব (c) উমা ভারতী মীরা কুমার

(76.) রাজ্যসভায় সরকার পরাজিত হলে -

(a) রাষ্ট্রপতি সরকারকে বরখাস্ত করেন (b) প্রধানমন্ত্রী পদত্যাগ করেন .(c) রাষ্ট্রপতি প্রধানমন্ত্রীকে পদত্যাগ করার পরামর্শ দেন (d) উপরোক্ত কোনটিই নয়

(77.) লোকসভার সচিবালয় প্রত্যক্ষ নিয়ন্ত্রণাধীন থাকে -

(a) লোকসভার অধ্যক্ষের (b) সংসদ বিষয়ক মন্ত্রীর .(c) রাস্ট্রপতির (d) প্রধানমন্ত্রীর

(78.) রাজনৈতিক সাম্যের অর্থ -

(a) প্রত্যেক নাগরিকের ভোটদানের এবং ভোটে প্রার্থী হওয়ার সুযোগ থাকবে .(b) প্রত্যেক নাগরিক রাজনৈতিক শিক্ষা প্রাপ্ত হবেন (c) প্রত্যেক নাগরিককেই কোনও না কোনও রাজনৈতিক দলের সদস্য হতে হবে (d)উপরোক্ত কোনটিই নয়

(79.) হাইকোর্টের বিচার ঙমতা বা এক্তিয়ার কে সম্প্রসারিত করতে পারেন ?
(a) রাষ্ট্রপতি .(b) সংসদ (c) সুপ্রিম কোর্ট (d) প্রধানমন্ত্রী

(80.) লোকসভা এবং বিধানসভায় নির্বাচনের সময় ভারতে কোন্ পদ্ধতি অনুসৃত হয় ?
(a) আনুপাতিক প্রতিনিধিত্ব (b) কার্যকরী প্রতিনিধিত্ব (c) বৌগলিক প্রতিনিধিত্ব
(d) সাম্প্রদায়িক প্রতিনিধিত্ব

(81.) রাজ্যসভায় অঙ্গরাজ্যগুলির জন্য -
(a) সমপ্রতিনিধিত্বের ব্যবস্থা আছে (b) জনসংখ্যার ভিত্তিতে প্রতিনিধিত্বের ব্যবস্থা আছে .(c) আয়তনের ভিত্তিতে প্রতিনিধিত্বের ব্যবস্থা আছে (d) উপরোক্ত কোনটিই নয়

উত্তরমালা

1.(c) , 2.(d) , 3.(d) , 4.(d) , 5.(c) , 6 .(d) , 7.(c) , 8.(b) , 9.(a) , 10.(a) ,
11.(a), 12.(d) ,13..(b) ,14. (c) ,15. (d) ,16(b), 17.(d) ,18.(b) ,19.(d) , 20.(a) ,
21.(d), 22.(b), 23.(a) ,24.(d) ,25(b), 26.a) , 27.(a) , 28.(b) , 29.(b), 30.(d) ,
31.(c), 32.(a) ,33..(b) ,34.(d) ,35.(a) ,36.(d) ,37.(b), 38.(d) ,39. (d), 40..(d) ,
41.(d), 42.(b), 43.(a), 44.(c) 45.(d), 46.(b), 47.(d), 48.(a), 49.(c), 50. (b) .
51.(c), 52.(b), 53.(c), 54.(c) 55.(b), 56.(c), 57.(a), 58.(b), 59.(c), 60. (c) .
61.(c), 62.(c), 63.(b), 64.(a) 65.(d), 66.(b), 67.(a), 68.(b), 69.(c), 70. (b) .
71.(b), 72.(d), 73.(a), 74.(b) 75.(a), 76.(d), 77.(a), 78.(a), 79.(b), 80. (c) .
81.(b),

**কেন্দ্রীয় আইনসভা সংক্রান্ত বিভিন্ন ধারা ও তাদের আলোচ্য বিষয় ঃ**

| | |
|---|---|
| 79 নং ধারা | পার্লামেন্টের গঠনতন্ত্র |
| 80 নং ধারা | রাজ্যসভার গঠন প্রণালী |
| 81 নং ধারা | লোকসভার গঠনপ্রণালী |
| 82 নং ধারা | জনগণনার পর সংসদের উভয় কক্ষের আসনসংখ্যার পরিবর্তন বা সংশোধন |
| 83 নং ধারা | সংসদের কার্যকালের সময়সীমা |
| 84 নং ধারা | সাংসদ হওয়ার যোগ্যতা |
| 85 নং ধারা | সংসদের অধিবেশন আহ্বান ও স্থগিত রাখা |

86 নং ধারা	সংসদের উভয়কক্ষে রাষ্ট্রপতির বার্তা বা বক্তব্য পেশের অধিকার
87 নং ধারা	সংসদের বিশেষ অধিবেশনে রাষ্ট্রপতির বিশেষব
88 নং ধারা	সংসদের সদস্য না হয়ো অ্যাটর্নি জেনারেল সংসদে বক্তব্য রাখতে পারবেন
89 নং ধারা	রাজ্যসভায় একজন চেয়ারম্যান ও একজন ডেপুটি চেয়ারম্যান থাকবেন
90 নং ধারা	রাজ্যসভার ডেপুটি চেয়ারম্যানের পদচ্যুতি
91 নং ধারা	চেয়ারম্যানের অনুপস্থিতিতে ডেপুটি চেয়ারম্যান রাজ্যসভায় সভাপতিত্ব করবেন
92 নং ধারা	চেয়ারম্যান এবং ডেপুটি চেয়ারম্যান রাজ্যসভায় সভাপতিত্ব করতে পারবেন না যখন তাঁদের বিরুদ্ধে পদচ্যুতির প্রস্তাব নিয়ে আলোচনা চলবে
93 নং ধারা	লোকসভায় একজন স্পীকার ও একজন ডেপুটি স্পিকার থাকবেন
94 নং ধারা	লোকসভার স্পিকার এবং ডেপুটি স্পিকারের পদচ্যুতি সংক্রান্ত বিষয়
95 নং ধারা	স্পিকারের অবর্তমানে ডেপুটি স্পিকার লোকসভার সভাপতিত্ব করবেন
96 নং ধারা	স্পীকার অথবা ডেপুটি স্পিকার লোকসভায় সভাপতিত্ব করতে পারবেন না যখন তাঁদের বিরুদ্ধে পদচ্যুতির প্রস্তাব নিয়ে আলোচনা চলবে

97 নং ধারা	লোকসভায় স্পীকার ও ডেপুটি স্পিকার এবং রাজ্যসভার চেয়ারম্যান ও ডেপুটি চেয়ারম্যানের বেতন ও ভাতা সংক্রান্ত বিষয়

98 নং ধারা	সংসদের সচিবালয়
99 নং ধারা	সাংসদদের শপথ গ্রহণ
100 নং ধারা	সংসদে ভোটদান পদ্ধতি ও কোরাম সংক্রান্ত বিষয়
101 নং ধারা	সাংসদ পদে শূন্যতা
102 নং ধারা	সাংসদদের যোগ্যতা হারানোর বিষয়
103 নং ধারা	সাংসদ পদ খারিজ সংক্রান্ত বিষয়

104 নং ধারা	শপথগ্রহণের পরে ভোটদান সংক্রান্ত বিধিনিষেধ
105 নং ধারা	সাংসদদের ক্ষমতা ও সুযোগ সুবিধা প্রদান
106 নং ধারা	সাংসদদের বেতন ও ভাতা
107 নং ধারা	বিল উত্থাপন ও পাশ
108 নং ধারা	যৌথ অধিবেশন
109 নং ধারা	অর্থবিল পাশের বিশেষ সাংবিদানিক ব্যবস্থা
110 নং ধারা	কেন্দ্রীয় অর্থবিলের সংজ্ঞা
111 নং ধারা	বিল-এর উপর সম্মতিপ্রদান
112 নং ধারা	বার্ষিক বাজেট
113 নং ধারা	সংসদের আনুমানিক ব্যয় সংক্রান্ত কমিটি
114 নং ধারা	সংসদের বিনিয়োগ আইন পাশ
115 নং ধারা	সংসদে অতিরিক্ত ও সহায়ক অর্থ মঞ্জুর

116 নং ধারা গণানুদান , প্রত্যয়ানুদান ইত্যাদি বিষয়

117 নং ধারা ফিনান্স বিল

118 নং ধারা সংসদে আইন পাশের পদ্ধতি
119 নং ধারা অর্থ সংক্রান্ত কাজে সংসদের নিয়ন্ত্রণ
120 নং ধারা সংসদের ব্যবহার্য ভাষা
121 নং ধারা সংসদে আলোচনার ওপর নিয়ন্ত্রণ আরোপ
122 নং ধারা সংসদের কার্যাদিসমূহ আদালতের এক্তিয়ারভুক্ত নয়
123 নং ধারা দু'টি অধিবেশনের মধ্যবর্তী সময়ে অর্ডিন্যান্স জারির বিষয়

| | |
|---|---|
| **আইনসভা** | Legislature |
| **সংসদ** | Parliament |
| **দ্বিকক্ষবিশিষ্ট** | Bicameral |
| **নিম্নকক্ষ** | Lower House |
| | Upper House |
| **মনোনীত সদস্য** | Nominated Members |
| **যুগ্ম অধিবেশন** | Joint Session |
| **একক হস্তান্তরযোগ্য ভোট দ্বারা সমানুপাতিক প্রতিনিধিত্ব** | Proportional Representation by means of single transferable vote |

........................................................................................................................................................................................

# অধ্যায় ঃ 18

## রাজ্য আইনসভা

.(a)

- কেন্দ্রীয় আইনসভা বা সংসদ যেমন লোকসভা , রাজ্যসভা এবং রাষ্ট্রপতি নিয়ে গঠিত , সেরকম রাজ্য আইনসভা গঠিত হয়েছে বিধানসভা , বিধান পরিষদ [ যে যে রাজ্যে বিধান পরিষদ আছে কেবলমাত্র তাদের ক্ষেত্রে ] এবং রাজ্যপালকে নিয়ে ।

- ভারতের 28 টি অঙ্গরাজ্যের মধ্যে 23 টি অঙ্গরাজ্যের আইনসভা এককাক্ষিক [ কেবলমাত্র নিম্নকক্ষ - বিধানসভা আছে , কিন্তু বিধানপরিষদ নেই ) এবং মাত্র 5 টি রাজ্যের আইনসভা দ্বিকাক্ষিক [ বাইক্যামেরাল ] ।

- বিহার , জম্মু ও কাশ্মীর ,কর্ণাটক , মহারাষ্ট্র এবং উত্তরপ্রদেশের আইনসভা দ্বিকাক্ষিক [ নিম্নলক্ষ বিধানসভা এবং উচ্চকক্ষ বিধান পরিষদ ]

- ভারতের ৭ টি কেন্দ্র-শাসিত অঞ্চলের মধ্যে মাত্র দু'টির ( দিল্লি ও পুডুচেরি ) আইনসভা আছে ; আইনসভাদ্বয় এককাক্ষিক ( কেবলমাত্র বিধানসভা আছে কিন্তু বিধান পরিষদ নাই )

.(b)

- বিধানসভার সুপারিশে একদিকে যেমন বিধান পরিষদ গঠন করা যেতে পারে , আবার অন্যদিকে বিধান পরিষদের অবলুপ্তি ঘটানো যেতে পারে ।

- তামিলনাড়ু এবং অন্ধ্রপ্রদেশের বিধানসভা সংশ্লিষ্ট রাজ্যের বিধান পরিষদের অবলুপ্তির সুপারিশ করেছিল । সেই সুপারিশ অনুযায়ী পার্লামেন্ট উক্ত রাজ্যদু'টিতে বিধান পরিষদের অবলুপ্তির জন্য প্রয়োজনীয় আইন পাশ করেছিল । বর্তমানে উক্ত দু'টি রাজ্যের আইনসভা এককাক্ষিক [ বিধান সভা আছে কিন্তু বিধান পরিষদ নেই ]

.(c)

- বিধানসভার সদস্যরা প্রত্যক্ষভাবে রাজ্যের সাবালক নাগরিকদের দ্বারা নির্বাচিত হন , বিধায়কদের কার্যকালের মেয়াদ - 5 বছর । বিধানসভার আসনসংখ্যা সংশ্লিষ্ট রাজ্যগুলির জনসংখ্যার ওপর নির্ভর করে 60 - 500 হতে পারে । যদিও সিকিমের বিধানসভার সদস্যসংখ্যা - 32 [ ব্যতিক্রম ]

- জাতীয় জরুরি অবস্থা চলাকালীন , পার্লামেন্টের অনুমোদনক্রমে , বিধানসভার কার্যকালের মেয়াদ পাঁচ বছর থেকে বাড়িয়ে ছ'বছর করা যেতে পারে ।

.(d)

- বিধানসভার সদস্য হওয়ার জন্য প্রয়োজনীয় ন্যূনতম বয়স - 25 বছর ।

.(e)

- লোকসভার মতো বিধানসভাতেও সভার কার্য পরিচালনার জন্য একজন স্পিকার থাকেন ।
- বিধানসভার সদস্যদের মধ্যে থেকে এব্য সদস্যদের দ্বারা নির্বাচিত হন বিধানসভার স্পিকার ।
- স্পিকারকে তাঁর কাজে সাহায্য করার জন্য এবং স্পিকারের অনুপস্থিতিতে সভার কার্য চালিয়ে নিয়ে যাওয়ার জন্য লোকসভার মতো বিধানসভাতেও একজন ডেপুটি স্পিকার থাকেন ।

.(f)

- বিধানসভার সদস্যরা রাষ্ট্রপতির নির্বাচন প্রক্রিয়ায় অংশগ্রহণ করেন , কিন্তু রাষ্টপতির ইমপিচমেন্টের বিষয়টি এঁদের এক্তিয়ার বহির্ভূত ।

.(g)

- বিধান পরিষদ - রাজ্য আইনসভার উচ্চকক্ষ । এটি একটি স্থায়ী সংস্থা , এটির অবলুপ্তি ঘটানো যেতে পারে , কিন্তু রাজ্যসভা যেমন ভেঙে দেওয়া যায় না , বিধানপরিষদকেও ডিসলভ্ করা যায় না ।
- বিধানপরিষদের সদস্যসংখ্যা , সংশ্লিষ্ট রাজ্যের বিধানসভার সদস্যসংখ্যার এক-তৃতীয়াংশের বেশী হতে পারে না এবং চল্লিশের কম হতে পারে না ।
- রাজ্যসভা মতোই বিধানপরিষদের সদস্যদের টার্ম ছ'বছর এবং প্রতি দু'বছর অন্তর এক-তৃতীয়াংশ সদস্য অবসরগ্রহণ করেন ।
- বিধান পরিষদের সদস্য হওয়ার জন্য প্রয়োজনীয় ন্যূনতম বয়স : 30 বছর ।

.(h) বিধান পরিষদের গঠন ঃ

- এক-তৃতীয়াংশ সদস্য    বিধানসভার সদস্যদের দ্বারা নির্বাচিত হন
- এক-তৃতীয়াংশ সদস্য    আঞ্চলিক সংস্থা [ লোকাল বডি ] গুলির দ্বারা নির্বাচিত হন
- এক-দ্বাদশাংশ সদস্য    শিক্ষকদের দ্বারা নির্বাচিত হন
- এক-দ্বাদশাংশ সদস্য    সাবালক ও স্নাতক রাজ্যবাসীর দ্বারা নির্বাচিত হন
- এক-ষষ্ঠাংশ    রাজ্যপাল কতৃক মনোনীত হন
- বিধান পরিষদের সদস্যদের মধ্যে থেকে এবং সদস্যদের দ্বারা একজন চেয়ারম্যান এবং একজন ডেপুটি চেয়ারম্যান নির্বাচিত হন

অনুশীলনী -18

[উপজীব্য ঃ রাজ্য আইনসভা ]

(1.) ভারতীয় সংবিধান অনুসারে কোনও রাজ্যের বিধান পরিষদের আসনসংখ্যা সংশ্লিষ্ট রাজ্যের বিধান সভার আসন সংখ্যার সর্বোচ্চ কত অংশ হতে পারে ?

(a) এক-তৃতীয়াংশ .(b) দুই-তৃতীয়াংশ (c) অর্ধেক (d) কোনওটিই নয়

(2.) বিধান পরিষদের নির্বাচনে কারা অংশগ্রহণ করতে পারেন না ?

(a) পৌরসভা ও অন্যান্য স্বায়ত্তশাসনমূলক প্রতিষ্ঠানগুলির সদস্যগণ .(b) 3 বছর পূর্বে যাঁরা স্নাতক হয়েছেন (c) 3 বছরের অভিজ্ঞতাসম্পন্ন মাধ্যমিক স্কুলের শিক্ষকগণ(d) 3 বছরের অভিজ্ঞতাসম্পন্ন ক্ষুদ্র শিল্পের মালিকগণ

(3.) রাষ্ট্রপতির নির্বাচনে আইনসভার কোন্ কক্ষের কোনও ভূমিকা থাকে না ?

(a) লোকসভা .(b) রাজ্যসভা (c) বিধানসভা (d) বিধান পরিষদ

(4.) বিধান পরিষদের টার্ম -

(a) 4 বছর (b) 5 বছর .(c) 6 বছর (d) অসীম

(5.) রাষ্ট্রপতির নির্বাচনে নিম্নলিখিত আইনসভার কক্ষগুলির মধ্যে কোন্‌টির কোনও ভূমিকা থাকে না ?

(a) লোকসভা (b) রাজ্যসভা (c) বিধানসভা (d) বিধান পরিষদ

(6.) বিধান পরিষদের সভাপতি -

(a) রাজ্যপাল কর্তৃক নিযুক্ত হন (b) বিধান পরিষদের সদস্যদের দ্বারা নির্বাচিত হন .(c) পদাধিকার বলে দায়িত্বপালন করেন (d) বিধানসভার অধ্যক্ষের দ্বারা নিযুক্ত হন

(7.) রাজ্য আইনসভার সদস্যগণ অংশগ্রহণ করতে পারেন -

(a) রাস্ট্রপতি নির্বাচনে (b) উপরাষ্ট্রপতি নির্বাচনে .(c) বিধান পরিষদের সদস্য নির্বাচনে (d) a ও c উভয়ই

(8.) রাজ্য বিধানসভার সদস্যসংখ্যা হয় -

(a) 60 এবং 500 এর মধ্যে (b) 100 এবং 300 এর মধ্যে .(c) 150 এবং 450 এর মধ্যে (d) 100 এবং 400 এর মধ্যে

(9.) রাজ্য বিধানসভার সদস্যগণ -

(a) রাজ্যপাল কর্তৃক মনোনীত হন (b) জনগণ দ্বারা নির্বাচিত হন .(c) স্থানীয় স্বশাসিত সংস্থা দ্বারা নির্বাচিত হন (d) পরোক্ষভাবে নির্বাচিত হন

(10.) রাজ্য বিধানসভার সদস্যগণ নির্বাচিত হন -

(a) 4 বছরের জন্য (b) 6 বছরের জন্য .(c) 5 বছরের জন্য (d) দু'বছরের জন্য

(11.) নিম্নলিখিত কোন্ সাংবিধানিক সংস্থার কাজ মূলত পরামর্শদান প্রকৃতির ?

(a) বিধান পরিষদ .(b) লোকসভা (c) রাজসভা (d) বিধানসভা

(12.) নিম্নলিখিত রাজ্য অথবা কেন্দ্রশাসিত অঞ্চলগুলির মধ্যে কোনটিতে বিধানসভা 30 জন সদস্য নিয়ে গঠিত ?

(a) পন্ডিচেরি (b) মিজোরাম .(c) গোয়া (d) উপরোক্ত সব ক'টি

(13.) বিধানসভায় অর্থবিল উত্থাপনের জন্য কার পূর্বানুমতি আবশ্যক ?

(a) বিধানসভার স্পিকার (b) মুখ্যমন্ত্রী .(c) রাজ্যের অর্থমন্ত্রী (d) রাজ্যপাল

(14.) রাজ্য আইনসভার সদস্যগণ জনস্বার্থে কোনও গুরুত্বপূর্ণ বিষয়ে রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করতে পারে -

(a) অনাস্থা প্রস্তাবের মাধ্যমে (b) নিন্দা প্রস্তাবের মাধ্যমে .(c) ছাঁটাই প্রস্তাবের মাধ্যমে (d) মুলতুবি প্রস্তাবের মাধ্যমে

(15.) 2005 সালে সংসদ কোন্ রাজ্যে বিধান পরিষদ স্থাপনের জন্য বিল অনুমোদন করেছে ?

(a) অন্ধ্রপ্রদেশ (b) তামিলনাড়ু .(c) বিহার (d) উপরোক্ত সবগুলি রাজ্যেই

(16.) বিধান পরিষদের সদস্যসংখ্যা হবে বিধানসভার সদস্যসংখ্যার -

(a) অর্ধেক (b) এক-তৃতীয়াংশ .(c) এক-চতুর্থাংশ (d) এক-পঞ্চমাংশ

(17.) কোন্ রাজ্যের বিধান পরিষদের সর্বনিম্ন সদস্যসংখ্যা কত হতে পারে ?

(a) 30 জন (b) 35 জন .(c) 40 জন (d) 50 জন

(18.) ভারতীয় সংবিধানের কত নম্বর ধারায় পার্লামেন্টকে রাজ্য আইনসভার উচ্চকক্ষ অর্থাৎ বিধান পরিষদের সৃষ্টি বা বিলোপ সংক্রান্ত ক্ষমতা প্রদান করা হয়েছে ?

(a) 169(1) নং ধারা (b) 370 নং ধারা (c) 163 নং ধারা (d) 65(1) নং ধারা

(19.) তফশিলভুক্ত জাতি ও উপজাতি সম্প্রদায়ের জন্য আসন সংরক্ষণের ব্যবস্থা আছে

(a) বিধানসভায় .(b) বিধান পরিষদে (c) বিধান সভা ও বিধান পরিষদে (d) বিধান সভা ও বিধান পরিষদ কোনওটিতেই নয়

(20.) রাজ্যের মন্ত্রীপরিষদ সম্মিলিতভাবে কার কাছে দায়বদ্ধ থাকে ?

(a) বিধানসভা (b) বিধান পরিষদ .(c) রাজ্যপাল (d) বিধানসভার স্পিকার

(21.) নিম্নলিখিত ভারতীয় রাজ্যগুলির মধ্যে কোন্‌টিতে বিধানসভার সুপারিশে বিধান পরিষদের অবলুপ্তি ঘটানো হয়েছে ?

(a) তামিলনাড়ু (b) বিহার .(c) অন্ধ্রপ্রদেশ (d) a এবং b উভয়ই

(22.) বিধানসভায় নির্বাচিত বিধায়কদের সংখ্যা সর্বাধিক কত হতে পারে ?

(a) 250 (b) 300 .(c) 450 (d) 500

(23.) কোনও রাজ্যের বিধান পরিষদের বিলোপ ঘটানো যায় -

(a) রাজ্যপালের সুপারিশে (b) রাজ্য বিধানসভার সুপারিশে .(c) রাষ্ট্রপতির সুপারিশে (d) উপরোক্ত কোনটিই নয়

(24.) একটি রাজ্যের রাজ্যপাল

(a) বিধান পরিষদের এক-তৃতীয়াংশ সদস্যকে মনোনীত করেন (b) বিধান পরিষদের এক-ষষ্ঠাংশ সদস্যকে মনোনীত করেন (c) বিধান সভার এক-তৃতীয়াংশ সদস্যকে মনোনীত করেন (d) বিধান পরিষদের এক-ষষ্ঠাংশ সদস্যকে মনোনীত করেন

(25.) রাজ্যে অর্থবিল উত্থাপন করা যায় -

(a) রাজ্য আইনসভার যে কোনও কক্ষে (b) কেবলমাত্র বিধানসভায় .(c) কেবলমাত্র বিধান পরিষদে (d) রাজ্য আইনসভার উভয় কক্ষের যৌথ অধিবেশনে

(26.) কোন্‌ সালে পশ্চিমবঙ্গে বিধান পরিষদের বিলোপ ঘটানো হয়েছিল ?

(a) 1965 (b) 1967.(c) 1969 (d) 1971 [ ডব্লু. বি. সি. এস. ( প্রিলিম ) '05 ]

**উত্তরমালা**

1.(a) , 2.(d) , 3. (d) , 4.(d) , 5.(d), 6.(b) , 7.(d) , 8.(a) , 9. (b) , 10. (c) , 11.(a , 12.(d) , 13.(d) ,14.(d) ,15.(a) ,16.(b),17.(c),18.(a) , 19. (a) , 20. (a) , 21.(d) , 22.(d) , 23.(b) ,24.(d) ,25.(b) , 26.(c),

**রাজ্যের আইনসভা সংক্রান্ত বিভিন্ন ধারা ও তাদের আলোচ্য বিষয় ঃ**

168 নং ধারা অঙ্গরাজ্যের আইনবিভাগের গঠনতন্ত্র

169 নং ধারা রাজ্য বিধান পরিষদের সৃষ্টি ও বিলুপ্তি সংক্রান্ত বিষয়

170 নং ধারা রাজ্য বিধানসভার গঠন

171 নং ধারা রাজ্য বিধান পরিষদের গঠন

172 নং ধারা রাজ্য আইনসভার মেয়াদ কার্যকাল

173 নং ধারা রাজ্য আইনসভার সদস্য হওয়ার যোগ্যতা

174 নং ধারা রাজ্য আইনসভার অধিবেশন , অধিবেশন আহ্বান ও স্থগিত বা ভেঙ্গে দেওয়া

175 নং ধারা রাজ্যপাল রাজ্য আইনসবার উভয়কক্ষে বক্তব্য রাখতে পারেন অথবা বার্তা পাঠাতে পারেন

176 নং ধারা বিশেষ পরিস্থিতিতে রাজ্যপালের বিশেষ বক্তৃতা বা বার্তা প্রদান

177 নং ধারা রাজ্য আইনসভার সদস্য না হয়েও অ্যাডভোকেট জেনারেল রাজ্য আইনসভায় বক্তব্য রাখতে পারেন

178 নং ধারা রাজ্য বিধানসভায় একজন স্পিকার ও একজন ডেপুটি স্পিকার থাকবে

179 নং ধারা রাজ্য বিধানসভার স্পিকার ও ডেপুটি স্পিকারের পদত্যাগ ও পদচ্যুতি সংক্রান্ত বিষয়

180 নং ধারা রাজ্য বিধানসবায় স্পিকারের অনুপস্থিতিততে স্পিকার পদে ডেপুটি স্পিকারের অবস্থান ও দায়িত্বপালন

181 নং ধারা রাজ্য বিধানসভায় স্পিকারের পদচ্যুতি সংক্রান্ত প্রস্তাব আলোচনার সময় স্পিকার সভায় সভাপতিত্ব করতে পারবেন না

182 নং ধারা বিধান পরিষদে একজন চেয়ারম্যান এবং একজন ডেপুটি চেয়ারম্যান থাকবেন

183 নং ধারা বিধান পরিষদে চেয়ারম্যান এবং ডেপুটি চেয়ারম্যানের পদচ্যুতি সংক্রান্ত বিষয়

184 নং ধারা বিধান পরিষদে চেয়ারম্যানের অবর্তমানে ডেপুটি চেয়ারম্যানের চেয়ারম্যান পদের দায়িত্ব গ্রহণ ও পালন

185 নং ধারা বিধানপরিষদে চেয়ারম্যানের পদচ্যুতি সংক্রান্ত প্রস্তাব আলোচনার সময় চেয়ারম্যান সভায় সভাপতিত্ব করতে পারবেন না

186 নং ধারা বিধানসভার স্পিকার ও ডেপুটি স্পিকার এবং বিধান পরিষদের চেয়ারম্যান ও ডেপুটি চেয়ারম্যানের বেতন ও ভাতাসমূহ যা রাজ্যের সঞ্চিত তহবিল থেকে প্রদত্ত হয়

187 নং ধারা রাজ্য আইনসভার সচিবালয়

188 নং ধারা রাজ্য আইনসভার সদস্যদের শপথগ্রহণ

189 নং ধারা রাজ্য আইনসভার ভোটগ্রহণ পদ্ধতি ও কোরাম

190 নং ধারা    রাজ্য আইনসভার আসনে শূন্যতা

191 নং ধারা    রাজ্য আইনসভার সদস্যদের যোগ্যতা হারানোর বিষয়

192 নং ধারা    রাজ্য আইনসভার কোনও সদস্যের যোগ্যতা হারানোর বিষয়ে রাজ্যপালের সিদ্ধান্ত চূড়ান্ত

193 নং ধারা    রাজ্য আইনসভার সদস্যদের পালনীয় আচরণবিধি

194 নং ধারা    রাজ্য আইনসভার সদস্যদের ক্ষমতা ও অন্যান্য সুযোগ-সুবিধা

195 নং ধারা    রাজ্য আইনসভার সদস্যদের বেতন ও ভাতা

196 নং ধারা    রাজ্য আইনসভায় আইন পাশেরপদ্ধতি

197 নং ধারা    বিধানপরিষদের ক্ষমতার ওপর নিয়ন্ত্রণ

198 নং ধারা    অর্থবিল উত্থাপন ও পাশ

199 নং ধারা    রাজ্যের ক্ষেত্রে অর্থবিলের সংজ্ঞা

200 নং ধারা    রাজ্য আইনসভায় পাশ হয়ে যাওয়া বিলে স্বাক্ষর না করে বিলটিকে রাষ্ট্রপতির কাছে প্রেরণ করার বিশেষ ক্ষমতা , রাজ্যপালের

201 নং ধারা    রাষ্ট্রপতি-কর্তৃক অ-অনুমোদিত বিল রাজ্য আইনসভায় পুনরায় উত্থাপিত ও পাশ হওয়ার পর রাষ্ট্রপতির কাছে গেলে রাষ্ট্রপতি সেই বিলে সম্মতিপ্রদানে বাধ্য নন

202 নং ধারা    রাজ্য সরকারের বাজেট

203নং ধারা    রাজ্য আইনসভায় অর্থ-বিষয়ক কার্যপদ্ধতি

204 নং ধারা    বিনিয়োগ বিল সম্পর্কিত বিষয়

205 নং ধারা    অতিরিক্ত ব্যয় বরাদ্দে পার্লামেন্টের মঞ্জুরী

206 নং ধারা    গণানুদান  সম্পর্কিত বিষয়

207 নং ধারা    রাজস্ব বিলের ক্ষেত্রে বিশেষ সাংবিধানিক ব্যবস্থা

208 নং ধারা    রাজ্য আইনসভার কার্যপদ্ধতি

209 নং ধারা    অর্থ সংক্রান্ত কাজকর্মে রাজ্য আইনসবার নিয়ন্ত্রণ

210 নং ধারা    রাজ্য আইনসভায় ব্যবহার্য ভাষা

211 নং ধারা    রাজ্য আইনসভায় আলোচনার উপর নিয়ন্ত্রণ

212 নং ধারা    আদালত রাজ্য আইনসভার কাজকর্মে কোনওরূপ হস্তক্ষেপ বা অনুসন্ধান করতে পারবে না

213 নং ধারা    রাজ্যপালের অর্ডিন্যান্স জারির ক্ষমতা

# অধ্যায় ঃ 19

# বিচার ব্যবস্থা

.(a)

- উদারনৈতিক গণতান্ত্রিক রাষ্ট্রব্যবস্থার প্রধান তিনটি স্তম্ভ - শাসন বিভাগ , আইনসভা ও বিচারবিভাগ । শাসনবিভাগের থেকে বিচারবিভাগের পৃথকীকরণ এবং ক্ষমতা , এক্তিয়ার ও কতৃত্বের নিরিখে আইনসভা ও বিচারবিভাগের স্বতন্ত্র অবস্থান ও সক্রিয়তা - এই দু'টি প্রধান লক্ষ্যকে সম্মুখে রেখে পরিকল্পিত হয়েছে ভারতের বিচারব্যবস্থা ।
- বিচারবিভাগের স্বাধীনতা যাতে অক্ষুন্ন থাকে তার প্রয়াস প্রতিবিম্বিত হয়েছে ভারতের বিচারবিভাগের গঠনতন্ত্রে ।

.(b)

ভারতীয় বিচারব্যবস্থার গঠন ও কার্যকারিতা সংক্রান্ত বিষয়গুলি -

- (i) মৌলিক অধিকার এর রক্ষক রূপে বিচারবিভাগের ভূমিকা
- (ii) বিচারব্যবস্থার স্বাধীনতা
- (iii) বিচারবিভাগীয় পুনর্বিবেচনা
- (iv) সুপ্রিম কোর্ট ও হাই কোর্টের বিচারপতিদের অপসারণের পদ্ধতি

রচিত হয়েছে মার্কিন যুক্তরাষ্ট্রের সংবিধান অনুসরণে .

.(c)

ভারতের বিচার ব্যবস্থা অখন্ড বিচারব্যবসথা , অর্থাৎ শাসনবিভাগ যেমন দু'টি - কেন্দ্রীয় সরকার ও রাজ্য সরকার এবং আইনসভা যেমন দু'প্রকার - কেন্দ্রীয় আইনসভা ও রাজ্য আইনসভা ; বিচারব্যস্থার গঠন কিন্তু কেন্দ্র ও রাজ্য এই দুই প্রেক্ষাপটে দ্বিখন্ডিত নয় । সুপ্রীম কোর্ট ,রাজ্যর হাইকোর্টসমূহ , ইউনিয়ন টেরিটরির জুডিশিয়াল কমিশনারের আদালত ,জেলা আদালত , সেসন জজকোর্ট , প্রেসিডেন্সী কোর্ট ( বড় বড় শহরে ) - সুপ্রীম কোর্ট ও হাইকোর্ট থেকে শুরু করে ছোট-বড়ো সকল আদালতই সেই অখন্ড বিচারবিভাগের বিভিন্ন অংশ ।

## সুপ্রিম কোর্ট

.(a)

- সংবিধানের 124(1) অনুচ্ছেদ অনুযায়ী ভারতীয় বিচারব্যবস্থার শীর্ষে রয়েছে সুপ্রিম কোর্ট ।
- সুপ্রিম কোর্টে প্রধান বিচারপতি ছাড়াও আরও 30 জন বিচারপতি থাকেন [

- সুপ্রীম কোর্টের বিচারপতিদের সংখ্যা নির্ধারণের অধিকার - সংসদের ] ।

.(b)

**সুপ্রিম কোর্টে বিচারপতিদের নিয়োগ ঃ**

- **সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতিকে নিয়োগের সময় রাষ্ট্রপতি যেমন প্রয়োজন মনে করেন সেইমতো সুপ্রিম কোর্টের এবং হাই কোর্টের বিচারপতিদের সাথে আলোচনা করেন ।**
- **সুপ্রিম কোর্ট এবং হাই কোর্টের বিচারপতিদের নিয়োগের সময় রাষ্ট্রপতি সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতির পরামর্শ মেনে চলতে বাধ্য ।**

.(c)

**সুপ্রীম কোর্টের বিচারপতি হওয়ার জন্য প্রয়োজনীয় ন্যূনতম যোগ্যতা ঃ**

- (i) **ভারতীয় নাগরিক হতে হবে ;**
- (ii)- **তাঁকে কোনও একটি হাইকোর্টে বা পর পর দু'টি বা তার বেশী হাইকোর্টে বিচারপতি হিসাবে অন্ততঃ পাঁচ বছর কাজ করতে হবে , অথবা**
- (iii)- **দশ বছর কোনও একটি হাইকোর্টে বা দু'টি বা তার বেশী হাইকোর্টের অ্যাডভোকে হিসাবে আইনব্যবসা করতে হবে , অথবা**
- (iv)- **রাষ্ট্রপতির মতানুসারে একজন বিচক্ষণ আইনজ্ঞ হতে হবে ( 124(3) ধারা )**

.(d)

**সুপ্রিম কোর্টের বিচারপতিদের কার্যকার্ল ও বেতন ঃ**

- সুপ্রিমকোর্টের বিচারপতিদের অবসর গ্রহণের বয়স : 65 বছর ।
- অবসর গ্রহণের পূর্বে স্বেচ্ছায় পদত্যাগ করতে পারেন ( পদত্যাগপত্র প্রেরণ করতে হবে রাষ্ট্রপতিকে ) অথবা সংসদ কর্তৃক পদচ্যুত হতে পারেন ।
- অবসর গ্রহণের পরে ভারতের কোনও আদালতে আইনব্যবসা করা যাবে না ।
- বেতন ঃ মাসিক 1 লক্ষ টাকা ( প্রধান বিচারপতি ) এবং 90 হাজার টাকা ( সুপ্রিম কোর্টের অন্যান্য বিচারপতি )

.(e)

- **অসদাচরণ বা প্রমাণিত অসামর্থ্যের অভিযোগ সংসদের উভয় কক্ষে উপস্থিত ও ভোটদানকারী সদস্যদের দুইতৃতীয়াংশের সমর্থনে পাশ হলে রাষ্ট্রপতি কোনও বিচারককে পদচ্যুত করতে পারেন ।**
- **আজ পর্যন্ত সুপ্রিম কোর্টের কোনও বিচারককে পদচ্যুত করা হয় নি ।**

.(f)

অস্থায়ী ভিত্তিতে বিচারপতি নিয়োগ -

- সুপ্রিমকোর্টে অস্থায়ী ভিত্তিতে বিচারপতি নিয়োগ করা যায় ।
- কোরাম (আদালতের অধীন মামলাগুলির বিচারকার্য চালানোর জন্য প্রয়োজনীয় বিচারকের সংখ্যা) না থাকলে , সুপ্রিমকোর্টের প্রধান বিচারপতি রাষ্ট্রপতির সম্মতির ভিত্তিতে অস্থায়ী বিচারপতিদের প্রয়োজনীয় সময়ের জন্য নিয়োগ করতে পারেন ।
- সুপ্রিমকোর্টের বিচারক হিসাবে কাজ করার যোগ্যতাসম্পন্ন হাইকোর্টের বিচারককেই সুপ্রিমকোর্টের অস্থায়ী বিচারক রূপে নিয়োগ করা যায় ।

.(g)

সুপ্রোমকোর্টের কার্যক্ষেত্র

- প্রধান ধর্মাধিকরণের কার্যক্ষেত্রকে মূলত চারভাগে ভাগ করা যায় -

(1) মূল এলাকা -

এমন কতকগুলি মামলা আছে যেগুলি অন্য কোনও আদালতে উত্থাপন করা যায় না , কেবলমাত্র সুপ্রিমকোর্টের মূল এলাকাতেই উত্থাপিত হয় এবং নিষ্পত্তি করা যায় । এগুলি হল

- (i) কেন্দ্রীয় সরকারের সঙ্গে এক বা একাধিক রাজ্যের বিরোধ
- (ii) কেন্দ্রীয় সরকার এবং এক বা একাধিক রাজ্য সরকারের সাথে বিবাদমান এক বা একাধিক রাজ্য সরকারের বিরোধ
- (iii) এক দিকে এক বা একাধিক রাজ্য সরকার এর সাথে অন্য একটি বা একাধিক রাজ্য সরকারের মধ্যে বিরোধ
- (iv) রাষ্ট্রপতি অথবা উপরাষ্ট্রপতির নির্বাচন সংক্রান্ত কোনও বিরোধ

(2) আপিল এলাকা - সুপ্রিম কোর্টে চার ধরনের আপিল করা যায়

- (i) সংবিধানের ব্যাখ্যা সংক্রান্ত আপিল - দেওয়ানি , ফৌজদারি অথবা অন্য কোনও মামলায় হাইকোর্ট যদি প্রমাণপত্র দেয় বা সুপ্রিম কোর্ট যদি মনে করে যে মামলাটির সঙ্গে সংবিধানের ব্যাখ্যা সংক্রান্ত প্রশ্ন জড়িয়ে আছে , তাহলে সেই মামলায় সুপ্রিমকোর্টে আপিল করা যায়
- (ii) দেওয়ানি আপিল - কোনও দেওয়ানি মামলায় হাইকোর্ট যদি এই মর্মে প্রমাণপত্র দেয় যে মামলাটির সঙ্গে আইনের গুরুত্বপূর্ণ প্রশ্ন জড়িত তাহলে সেই মামলায় সুপ্রিম কোর্টে আপিল করা যায়
- (iii) ফৌজদারি আপিল - ফৌজদারি মামলার ক্ষেত্রে তিন ধরনের আপিল করা যায় । যেমন -(a) নিম্ন আদালতে নির্দোষ বলে প্রমাণিত কোনও ব্যক্তিকে যখণ হাইকোর্ট মৃত্যুদন্ড দেয় ;(b) নিম্ন আদালতে বিচার চলাকালীন কোনও মামলাকে নিজেরট হাতে তুলে নিয়ে হাইকোর্ট যদি কোনও

ব্যক্তিকে মৃত্যুদন্ড দেয় ; এবং (c) হাইকোর্ট যদি এই মর্মে প্রমাণপত্র দেয় যে মামলাটি সুপ্রিমকোর্টে আপিলযোগ্য ।

- (iv) বিশেষ অনুমতির মাধ্যমে আপিল - ন্যায়নীতি প্রতিষ্ঠার ক্ষেত্রে এবং বিশেষ পরিস্থিতিতে ভারতের যে-কোনও আদালতের যে কোনও রায় , আদেশ ও দন্ডের বিরুদ্ধে [ সামরিক আদালত ও ট্রাইবুনাল ছাড়া ] আপিল করার বিশেষ অনুমতি সুপ্রিম কোর্ট দিতে পারে

(3) পরামর্শদান এলাকা -

- সংবিধানের 143 নং অনুচ্ছেদ অনুযায়ী আইন সংক্রান্ত প্রশ্নে রাষ্ট্রপতি সুপ্রিম কোর্টের মতামত চাইতে পারেন
- সুপ্রিম কোর্ট যে পরামর্শ প্রদান করবে সেটি অনুসরণ করা রাষ্ট্রপতির জন্য বাধ্যতামূলক নয় । সুপ্রিম কোর্টের পরামর্শ রাষ্ট্রপতি মানতেও পারেন আবার নাও মানতে পারেন
- রাষ্ট্রপতি পরামর্শ চাইলে তবেই সুপ্রিম কোর্ট পরামর্শ দেবে । কোনও বিষয়ে , তা যতই গুরুত্বপূর্ণ হোক না কেন , সুপ্রিম কোর্ট স্বতঃপ্রণোদিত হয়ে রাষ্ট্রপতিকে পরামর্শ দিতে পারে না ।

(4) মৌলিক অধিকার ভঙ্গের ক্ষেত্রে নির্দেশ , আদেশ , লেখ ইত্যাদি জারির ক্ষমতা - ভারতীয় নাগরিকদের মৌলিক অধিকার রক্ষার জন্য সুপ্রিমকোর্ট বন্দী প্রত্যক্ষীকরণ ,পরমাদেশ ,প্রতিষেধ , অধিকার পৃচ্ছা ,উৎপ্রেষণ - এই পাঁচ ধরনের নির্দেশ , আদেশ বা লেখ জারি করতে পারে

## হাইকোর্ট

.(a)

- বর্তমানে ভারতে মোট 24 টি হাইকোর্ট আছে ।
- ভারতের 7 টি কেন্দ্রশাসিত অঞ্চল এবং 28 টি অঙ্গরাজ্যের প্রত্যেকটি কোনও না কোনও হাইকোর্টের এক্তিয়ারভুক্ত । বেশ কিছু হাইকোর্টের অধীনে একাধিক রাজ্য আছে [ যেমন পাঞ্জাব ও হরিয়ানা - এই দু’টি রাজ্য এবং চন্ডীগড় নামক কেন্দ্র-শাসিত অঞ্চলটি একই হাইকোর্টের এক্তিয়ারভুক্ত ] ।
- কেন্দ্রশাসিত অঞ্চলগুলির মধ্যে একমাত্র দিল্লিরই নিজস্ব হাইকোর্ট আছে ।
- হাইকোর্ট রাজ্যের সর্বোচ্চ ন্যায়ালয় এবং দেশের দ্বিতীয় সর্বোচ্চ ন্যায়ালয় ।

.(b)

- হাইকোর্টে একজন প্রধান বিচারপতি থাকেন ।

- প্রধান বিচারপতি ছাড়া হাইকোর্টে আর কতজন বিচারপতি থাকবেন সেই সংখ্যাটি প্রত্যেকটি হাইকোর্টের ক্ষেত্রে আলাদা এবং এই সংখ্যাটি রাষ্ট্রপতি নির্ধারণ করেন ।

- সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি এবংসংশ্লিষ্ট রাজ্যের রাজ্যপালের সাথে পরামর্শ করে রাস্ট্রপতি , হাইকোর্টের প্রধান বিচারপতিকে নিয়োগ করেন ।
- প্রধান বিচারপতি ছাড়া হাই কোর্টের অন্য বিচারপতিদের নিয়োগের সময় রাষ্ট্রপতি হাইকোর্টের প্রধান বিচারপতির সাথে পরামর্শ করেন ।

.(c)

- হাইকোর্টের প্রধান বিচারপতি এবং অন্য বিচারপতিদের শপথবাক্য পাঠ করান রাজ্যপাল । হাইকোর্টের বিচারপতিদের অবসরগ্রহণের বয়স - 62 বছর ।
- অবসরগ্রহণের আগেই হাইকোর্টের বিচারপতিদের পদচ্যুত করতে পারেন রাষ্ট্রপতি , সংসদের সুপারিশে

<u>বিচার বিভাগের নিরেপেক্ষতা ও স্বাধীনতা রক্ষায় সাংবিধানিক বিধি ব্যবস্থা</u>

- .(a) বিচারকদের বেতন ও ভাতা ‘ ভারতের সঞ্চিত তহবিল ’এর উপর ধার্য এবং তা সংসদের অনুমোদনের উপর নির্ভরশী নয়
- .(b) বিচারকদের কার্যকালে তাঁদের বেতন ও ভাতা হ্রাস করা যায় না ।
- .(c) বিচারকদের অপসারণের পদ্ধতি জটিল এবং সহজসাধ্য নয় [ কেবলমাত্র প্রমাণিত অসামর্থ্য অথবা অসদাচরণের অভিযোগের ভিত্তিতে পদচ্যুতির প্রস্তাব যদি সংসদের উভয় কক্ষে মোট সদস্যের অধিকাংশ এবং উপস্থিত ভোটদানকারী সদস্যদের দুই-তৃতীয়াংশের দ্বারা সমর্থিত হয় তা হলে তার ভিত্তিতে রাষ্ট্রপতি সংশ্লিষ্ট বিচারপতিকে পদচ্যুত করতে পারেন ।
- .(d) বিচারপতিদের বিচার বা ঘোষিত রায়ের কোনও সমালোচনা করা যাবে না এবং সেটি করা হলে তাকে ‘ আদালত অবমাননা ’ রূপে গণ্য করা হবে , যা আইনতঃ দন্ডনীয় ।
- .(e) কোনও বিচারপতির বিরুদ্ধে ইমপিচমেন্টের প্রস্তাব উত্থাপিত হওয়ার ঘটনা ব্যতিরিকে কোনও বিচারকের আচরণ সংক্রান্ত কোনও আলোচনা করা যাবে না সংসদে অথবা রাজ্য-আইনসভায় ।

## অনুশীলনী -19

[উপজীব্য ঃ বিচার ব্যবস্থা ]

1.) মহাধর্মাধিকরণের বিচারপতিদের অবসরের বয়স

(a) 58 বছর (b) 62 বছর .(c) 65 বছর (d) 70 বছরে

[ পি. এস. সি. ক্লার্কশিপ (প্রিলিম)'88 ; পি. এস. সি. মিসেলিনিয়াস (প্রিলিম)'98 &'00 ; ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '08 ] ]

2.) কত বছর বয়স পর্যন্ত হাই কোর্টের বিচারপতিরা স্বপদে বহাল থাকেন ?

(a) 58 বছর (b) 62 বছর .(c) 65 বছর (d) 70 বছরে

[ পি. এস. সি. মিসেলিনিয়াস (প্রিলিম)'02 ]

3.) সুপ্রিম কোর্টে প্রধান বিচারপতি ছাড়াও আর কত জন বিচারপতি তাকেন

(a) 7 জন (b) 9 জন .(c) 11 জন (d) 25 জন [ পি. এস. সি. মিসেলিনিয়াস (প্রিলিম)'03 ]

4.) কোনও ভারতীয় নাগরিককে দেশের সর্বোচ্চ আদালত মৃত্যুদন্ড দিলেও কে তাকে ক্ষমা করতে পারেন?

(a) রাষ্ট্রপতি (b) প্রধানমন্ত্রী .(c) লোকসভার অধ্যক্ষ (d) উপ-রাষ্ট্রপতি

[ পি. এস. সি. মিসেলিনিয়াস (প্রিলিম) '04 ]

5.) কোন্ মামলায় সর্বোচ্চ আদালত এই মর্মে রায়দান করে যে - ' সংসদ ভারতীয় সংবিধানের মূল কাঠামো পরিবর্তন করতে পারবে না ?

(a) কেশবানন্দ ভারতী মামলা (b) গোলকচাঁদ মামলা .(c) এ কে গোপালান বনাম মাদ্রাজ রাজ্য মামলা (d) মিনার্ভা অয়েল মিল [ পি. এস. সি. মিসেলিনিয়াস (প্রিলিম) '04 ]

6.) শাসনতন্ত্রের চূড়ান্ত ব্যাখ্যা করার অধিকারী কে ?

(a) রাষ্ট্রপতি (b) পার্লামেন্ট .(c) লোকসভা (d) সুপ্রীম কোর্ট [ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '08]

7.) সুপ্রীম কোর্ট্রের প্রধান বিচারপতিকে নিয়োগ করেন

(a) রাষ্ট্রপতি স্বয়ং (b) রাষ্ট্রপতি-প্রধানমন্ত্রীর সুপারিশে .(c) রাষ্ট্রপতি-সুপ্রীম কোর্ট ও হাইকোর্টের বিচারপতিদের সঙ্গে আলোচনা করে (d) রাষ্ট্রপতি-আইন কমিসনের সুপারিশ অনুযায়ী

[ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '08]

8.) সুপ্রিম কোর্টের বিচারপতিদের নিয়োগ করেন

(a) কেন্দ্রীয় ক্যাবিনেটের পরামর্শ অনুসারে প্রধানমন্ত্রী (b) রাষ্ট্রপতি , সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতির সাথে আলোচনা করে .(c) রাষ্ট্রপতি , প্রধানমন্ত্রীর সাথে আলোচনা করে (d) প্রধানমন্ত্রী , সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতির সাথে আলোচনা করে

[ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '01 ,পি. এস. সি. মিসেলিনিয়াস (প্রিলিম)'98, '08]

9.) সুপ্রিম কোর্টের মূল এলাকা বলতে কি বোঝায় ?

(a) সূচনা কালে সুপ্রিম কোর্টকে সংবিধান দ্বারা প্রদত্ত ক্ষমতা (b) ব্রিটিশ শাসনকালে সুপ্রিম কোর্ট যে ক্ষমতা ভোগ করত .(c) আন্তর্জাতিক চুক্তি সংক্রান্ত সমস্যায় সুপ্রিম কোর্টের বিচারের ক্ষমতা (d) ভারত সরকার এবং এক বা ততোধিক রাজ্যের মধ্যে ; অথবা , একদিকে ভারত সরকার এবং এক বা ততোধিক রাজ্য বনাম এক বা ততোধিক রাজ্য এবং দুই বা ততোধিক রাজ্যের মধ্যে বিরোধ নিষ্পত্তি করার জন্য সুপ্রিম কোর্টের এক্তিয়ার [ পি. এস. সি. মিসেলিনিয়াস (প্রিলিম)'05 ]

10.) সুপ্রিম কোর্টের অধিকার আছে কোনও বিষয়ে রাষ্ট্রপতিকে পরামর্শ দেওয়ার যদি

(a) সুপ্রিম কোর্ট মনে করে এই পরামর্শদানের প্রয়োজনীয়তা আছে (b) রাষ্ট্রপতি নিজে সুপ্রিম কোর্টকে পরামর্শ দিতে বলেন .(c) কোন কারণে নাগরিকদের মৌলিক অধিকার খর্ব করা হয় অথবা সেটি করার প্রয়াস গ্রহণ করা হয় (d) কোন কারণে সঙ্কটাপন্ন হয় দেশের ঐক্য ও অখন্ডতা

[ পি. এস. সি. মিসেলিনিয়াস (প্রিলিম)'99 ]

11.) ভারতীয় সংবিধানের যে কোন বিষয় ব্যাখ্যা করার চূড়ান্ত অধিকার আছে

(a) রাষ্ট্রপতির (b) সংসদের .(c) সুপ্রিম কোর্টের (d) লোকসভার স্পিকারের

[ পি. এস. সি. মিসেলিনিয়াস (প্রিলিম)'99 ]

12.) কেন্দ্রীয় সরকার এবং রাজ্য-আইনসভার মধ্যে সংবিধান প্রদত্ত ক্ষমতা বা আইন সংক্রান্ত বিরোধ নিষ্পত্তির জন্য বিষয়টিকে বিচার ও উক্ত বিষয়টিতে রায়দানের ক্ষেত্রে সুপ্রিম কোর্টকে ভারতীয় সংবিধান প্রদান করেছে

(a) অ্যাডভাইসারি জুরিসডিকসন (b) অ্যাপেলাইটস জুরিসডিকসন .(c) অরিজিনাল জুরিসডিকসন (d) উপরোক্ত কোনটিই নয় [ পি. এস. সি. মিসেলিনিয়াস (প্রিলিম)'99 ]

13.) রাজ্যের প্রধান বিচারালয়ের মুখ্য বিচারপতিকে নিয়োগ করেন

(a) রাজ্যের রাজ্যপাল (b) ভারতের রাষ্ট্রপতি .(c) রাজ্যের মুখ্যমন্ত্রী (d) সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি

[ পি. এস. সি. মিসেলিনিয়াস (প্রিলিম)'07 ]

14.) নিম্নলিখিতগুলির মধ্যে কোন্‌টি ভারতের বিচারব্যবস্থার ক্ষেত্রে সত্য

(a) ইহা পার্লামেন্টের নিয়ন্ত্রণাধীন (b) পার্লামেন্ট সুপ্রিমকোর্টকে এবং বিধানসভা হাইকোর্টকে নিয়ন্ত্রণ করে .(c) এটি একটি স্বাধীন প্রতিষ্ঠান (d) উপরোক্ত কোনটিই নয় [ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '07 ]

15.) মৌলিক অধিকার কার্যকর করার দায়িত্ব কোন্ বিচারালয়ের ?

(a) সুপ্রিম কোর্ট (b) হাইকোর্ট .(c) জেলা আদালত (d) ক ও খ উভয়ই

[ পি এস সি ক্লার্কশিপ ( প্রিলিম ) '04 ]

16.) সংবিধানের কত নম্বর ধারায় একজন নাগরিক তার মৌলিক অধিকার রক্ষার্থে সুপ্রীম কোর্টের দ্বারস্থ হতে পারে ? (a) 5 নং ধারা (b) 226 নং ধারা .(c) 32 নং ধারা (d) 356 নং ধারা [ পি. এস. সি. মিসেলিনিয়াস (প্রিলিম) '10 ]

17.) ভারতের বর্তমান প্রধান বিচারপতির নাম

(a) হেপতুল্লাহ (b) কৃষ্ণান .(c) বালকৃষ্ণান (d) উপরের কোনটিই নয়

[ পি. এস. সি. মিসেলিনিয়াস (প্রিলিম) '10 ]

উত্তরমালা

1.(c), 2..(b) , 3.(d) , 4.(a) , 5.(a), 6.(d) , 7.(c), 8.(b), 9.(d) , 10.(b) ,
11.(c),12..(c) ,13.(b) , 14.(c) , 15. (d). , 16.(c) , 17.(c),

## অনুশীলনী -19.(b)

[উপজীব্য ঃ বিচার ব্যবস্থা ]

(1.) ভারতীয় সংবিধানে উল্লিখিত আছে যে যখন রাষ্ট্রপতি এবং উপরাষ্ট্রপতি উভয় পদেই শূন্যতার সৃষ্টি হবে তখন সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি কার্যনির্বাহী রাষ্ট্রপতির ভূমিকা পালন করেন । এরকম ঘটনা ভারতের ইতিহাসে মোট কত বার ঘটেছে ?

(a) 1 বার (b) 2 বার (c) 3 বার (d) 1 বারও নয়

(2.) সুপ্রিম কোর্টের বিদারপতিদের শপথবাক্য পাঠ করান

(a) রাষ্ট্রপতি (b) উপরাষ্ট্রপতি .(c) সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি (d) অ্যাটর্নি জেনারেল

(3.) সুপ্রিম কোর্টের কোনও বিচারপতি যদি তাঁর কার্যকালের মেয়াদ শেষ হওয়ার অথবা অবসরগ্রহণের আগে পদত্যাগ করতে চান , তাহলে তাঁকে কার কাছে পদত্যাগপত্র প্রেরণ করতে হবে ?

(a) রাষ্ট্রপতি (b) প্রধানমন্ত্রী .(c) সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি (d) অ্যাটর্নি জেনারেল

(4.) নিম্নলিখিত কোন্ হাইকোর্ট একটি ঐতিহাসিক রুলিং দিয়ে বনধ্‌কে বে-আইনী বলে ঘোষণা করেছে ?
.(a) রাজস্থান হাইকোর্ট .(b) গুজরাত হাইকোর্ট .(c) কেরল হাইকোর্ট
(d) মহারাষ্ট্র হাইকোর্ট

(5.) সুপ্রিমকোর্টের কোন্ বিচারপতি কার্যনির্বাহী রাষ্ট্রপতির পদে আসীন হয়েছিলেন ?
(a) ভি. ভি। গিরি .(b) বি. ডি. জাত্তি (c) মহম্মদ হিদায়েতুল্লাহ (d) এঁদের কেউ নন

(6.) ভারতীয় সংবিধান অনুসারে সুপ্রিমকোর্টের বিচারকগণ অবসরগ্রহণের পর আইন ব্যবসা করতে পারেন না -
(a) সুপ্রিম কোর্টে (b) হাইকোর্টে .(c) জেলা আদালতে (d) উপরোক্ত কোনটিতেই নয়

(7.) বিচারবিভাগীয় সক্রিয়তায় ক্ষমতা বৃদ্ধিপ্রাপ্ত হয়েছে -
(a) শাসন বিভাগের (b) আইন বিভাগের .(c) বিচার বিভাগের (d) উপরোক্ত সব ক'টির

(8.) বিচার বিভাগীঢ সক্রিয়তা ক্ষমতা ও সম্মান বৃদ্ধি করেছে -
(a) সুপ্রিম কোর্টের (b) সংসদের .(c) প্রধানমন্ত্রীর (d) রাষ্ট্রপতির

(9.) আজ পর্যন্ত সুপ্রিম কোর্টের কত জন বিচারপতিকে কার্যকাল শেষ হওয়ার আগেই পদচ্যুত করা হয়েছে ?
(a) এক জন (b) দু'জন .(c) তিনজন (d) এক জনও নয়

(10.) নিম্নলিখিত সুপ্রিমকোর্টের বিচারকগণের মধ্যে কাকে কার্যকাল শেষ হওয়ার আগেই পদচ্যুত করার প্রয়াস গৃহীত হয়েছিল ?
(a) বিচারপতি এইচ. আর. খান্না (b) বিচারপতি রামস্বামি .(c) বিচারপতি ওয়াংচু (d) বিচারপতি হেদায়াতুল্লাহ

(11.) রাজ্যপালকে শপথবাক্য পাঠ করান
(a) সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি (b) সংশ্লিষ্ট রাজ্য যে হাই কোর্টের এক্তিয়াভুক্ত সেই হাই কোর্টের প্রধান বিচারপতি .(c) রাষ্ট্রপতি (d) উপরোক্ত কেউ নন

(12.) ভারতের সুপ্রিম কোর্ট গঠিত হয় -
(a) সংবিধান দ্বারা (b) 1947 সালের ভারতের স্বাধীনতা আইন দ্বারা .(c) 1950 সালের সংসদীয় আইনের দ্বারা (d) 1935 সালের ভারত শাসন আইন দ্বারা

(13.) হাইকোর্ট সরাসরি অধীন -

(a) রাষ্ট্রপতির (b) সুপ্রিমকোর্টের .(c) রাজ্যপালের (d) সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতির

(14.) হাইকোর্টের বিচারনসংখ্যা নির্ধারণ করে

(a) রাষ্ট্রপতি (b) সুপ্রিম কোর্ট .(c) রাজ্যপাল (d) সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি

(15.) কী কারণে হাইকোর্টের কোনও বিচারককে পদচ্যুত করা যায় ?

(a) প্রমাণিত অসামর্থ্য বা দুর্ব্যবহার (b) মানসিক অসুস্থতা .(c) আর্থিক ভাবে দেউলিয়া হয়ে যাওয়া (d) উপরোক্ত সব ক'টি

(16.) সংবিধানের কোন্ ধারা অনুযায়ী সুপ্রিম কোর্ট নিজের দেওয়া রায় পুনর্বিবেচনা করতে পারে ?

(a) 130 নং (b) 137 নং .(c) 138 নং (d) 139 নং

(17.) সুপ্রিমকোর্টের বিচারক নোয়োগ সংক্রান্ত বিষয়ে নিম্নের কোন্‌টি ভুল ?

(a) কোনও হাইকোর্টে কমপক্ষে 5 দছর বিচারক হিসেবে অভিজ্ঞতা (b) কোনও হাইকোর্টে কমপক্ষে 10 বছর অ্যাডভোকেট হিসেবে কাজ করার অভিজ্ঞতা .(c) ন্যূনতম বয়স : 55 বছর (d) রাষ্ট্রপতির মতে একজন বিশিষ্ট আইনজ্ঞ হতে হবে

(18.) ' বিচারবিভাগীয় পুনর্বিবেচনা 'র ধারণা গ্রহণ সংবিধান প্রণেতাদের কাছে আবশ্যক ছিল , কারণ -

(a) ভারত একটি সাধারণতন্ত্র (b) ভারতে সংসদীয় গণতন্ত্র রয়েছে .(c) ভারতের শাসনব্যবস্থা যুক্তরাস্ট্রীয় প্রকৃতির (d) লিখিত সংবিধান

(19.) সুপ্রিম কোর্টে অস্থায়ী বিচারক নিয়োগ করা যায় -

(a) কেন্দ্রীয় আইনমন্ত্রীর সুপারিশে রাষ্ট্রপতি কর্তৃক (b) অন্যান্য বিচারকদের সাথে পরামর্শ করার পর সুপ্রিম কোর্টের প্রধানবিচারপতি কর্তৃক .(c) রাষ্ট্রপতির পূর্বানুমতি নিয়ে সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি কর্তৃক (d) কেন্দ্রীয় আইনমন্ত্রী কর্তৃক , কিন্তু তা 2 মাসের মধ্যে সংসদ কর্তৃক অনুমোদিত হতে হবে

(20.) ভারতীয় সুপ্রিমকোর্টের প্রথম মহিলা বিচারপতি কে ছিলেন ?

(a) শ্রীমতী শীলা শেঠ (b) শ্রীমতী মীরা সাহিব ফতেমা বিবি (c)শ্রীমতী সন্নো দেবী (d) শ্রীমতী লক্ষ্মী সাইগল

(21.) ভারতীয় সংবিধানের কত নম্বর ধারায় সুপ্রিম কোর্টকে ভারতীয় নাগরিকদের মৌলিক অধিকারগুলির সংরক্ষক ও অভিভাবক রূপে উল্লেখ করা হয়েছে ?

.(a) 32 ( 1)নং ধারা .(b) 33(1)নং ধারা .(c) 13(1) নং ধারা (d) 14(1) নং ধারা

(22.) ভারতীয় সংবিদানের কোন্ ধারাবলে রাষ্ট্রপতি প্রয়োজনে সুপ্রিমকোর্টের কাছে আইন সংক্রান্ত প্রশ্নে পরামর্শ চাইতে পারেন ?

(a) 140 নং ধারা (b) 141 নং ধারা (c)142 নং ধারা (d) 143 নং ধারা

(23.) নিম্নের কোন্ উক্তিটি ভারতের সুপ্রিম কোর্টের সম্পর্কে সঠিক নয় ?

(a) ভারতীয় জনগণের স্বাধীনতার রক্ষক হিসেবে কাজ করে (b) সংবিধানের রক্ষক হিসেবে কাজ করে .(c)রাষ্ট্র পরিচালনার নির্দেশাত্মক নীতিগুলির রক্ষাকর্তা (d) রাষ্ট্রপতি ও উপরাষ্ট্রপতির নির্বাচন সংক্রান্ত বিরোধের নিষ্পত্তি করে

(24.) সংবিধান সুপ্রিম কোর্টের বিচারকদের স্বাধীনতা নিশ্চয়তা করার জন্য -

(a) বিচারকদের বেতন ও ভাতা ভারতের সঞ্চিত তহবিলের উপর ধার্য করেছে (b) বিচারকদের অপসারণ পদ্ধতিকে জটিল করেছে .(c) বিচারকদের অবসরগ্রহণের পর ভারতের কোনও আদালতে তাঁদের আইনব্যবসা নিষিদ্ধ করেছে (d) উপরোক্ত সবকটিই

(25.) সুপ্রিম কোর্ট ভারতীয় সংবিধানের মৌলিক কাঠামোকে অপরিবর্তিত রাখার ওপর গুরুত্ব আরোপ করেছে -

(a) গোলকনাথ মামলায় (b) বেরুবাড়ি মামলায় .(c) মিনার্ভা মিলস্ মামলায় (d) কেশবানন্দ বারতী মামলায়

(26.) সুপ্রিমকোর্টের কোর্টের বিচারকগণ শপথগ্রহণ করেন কার কাছে ?

(a) সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি (b) রাষ্ট্রপতি .(c) উপ-রাষ্ট্রপতি (d) লোকসভার স্পিকার

(27.) সুপ্রিম কোর্টের কোনও বিচারক নির্দিষ্ট মেয়াদের আগে পদত্যাগ করতে চাইলে পদত্যাগ পত্রে কাকে সম্বোধন করবেন ?

(a) সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি (b) রাষ্ট্রপতি .(c) উপ-রাষ্ট্রপতি (d) লোকসভার স্পিকার

(28.) দুই বা ততোধিক রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের জন্য একই হাইকোর্ট স্থাপন করা যায় -

(a) সংসদ দ্বারা (b) রাষ্ট্রপতি দ্বারা .(c) ভারতের প্রধান বিচারপতি দ্বারা (d) মুখ্যমন্ত্রীর দ্বারা

(29.) সাধারণত একটি হাইকোর্ট গঠিত হয় একজন প্রধান বিচারপতি এবং -

(a) 9 জন বিচারককে নিয়ে (b) 11 জন বিচারকে নিয়ে .(c) সংসদ কর্তৃক নির্ধারিত সংখ্যক বিচারক নিয়ে (d) রাষ্ট্রপতি কর্তৃক নির্ধারিত সংখ্যক বিচারক নিয়ে

(30.) নিম্নলিখিত কোন রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলগুলির জন্য একই হাইকোর্ট আছে ?

(a) ওত্তরপ্রদেশ ও বিহার (b) পাঞ্জাব এবং জম্মু ও কাশ্মীর .(c) পাঞ্জাব , হরিয়ানা ও চন্ডীগড় (d) অসম ও পশ্চিমবঙ্গ

(31.) সংবিধানের কোনও বিষয়ের ব্যাখ্যা করার জন্য গঠিত সুপ্রিম কোর্টের যে বিশেষ সাংবিধানিক বেঞ্চ গঠিত হয় তার ন্যূনতম সদস্য সংখ্যা

(a) 3 (b) 5 (c) 7 (d) 2

(32.) রাষ্ট্রপতি কার সাক্ষথে পরামর্শ করে হাইকোর্টের বিচারপাতিদের স্থানান্তরিত করতে পারেন ?

(a) সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি .(b) প্রধানমন্ত্রী (c) পার্লামেন্ট (d) রাজ্যপাল

(33.) হাইকোর্টের প্রধান বিচারপতি নিযুক্ত হন -

(a) রাস্ট্রপতির দ্বারা (b) রাজ্যপালের দ্বারা .(c) সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতির দ্বারা (d) ভারতের প্রধান বিচারপতি ও রাজ্যপালের সাথে পরামর্শ করে রাষ্ট্রপতির দ্বারা

(34.) হাইকোর্টের বিচারকদের নিযুক্ত করার আগে রাষ্ট্রপতি পরামর্শ করেন -

(a) হাইকোর্টের প্রধান বিচারপতির সঙ্গে (b) সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতির সঙ্গে .(c) রাজ্যপালের সঙ্গে (d) উপরোক্ত প্রত্যেকের সঙ্গে

(35.) হাইকোর্টের প্রধান বিচারপতি এবং অন্যান্য বিচারকগণ অবসরগ্রহণ করেন কত বছর বয়সে ?

(a) 58 (b) 60 .(c) 62 (d) 65

(36.) নির্দিষ্ট মেয়াদের পূর্বেই হাইকোর্টের বিচারকদের রাষ্ট্রপতি পদচ্যুত করতে পারে -

(a) স্ব ইচ্ছায় (b) হাই কোর্টের প্রধান বিচারপতির সুপারিশে .(c)সংসদে পদচ্যুতির প্রস্তাব উপস্থিত ও ভোটদানকারী সদস্যদের দুই-তৃতীয়াংশ সংখ্যাগরিষ্ঠতায় পাশ হলে (d) মুখ্যমন্ত্রীর সুপারিশক্রমে

(37.) হাইকোর্টের বিচারগণ পেনশন পান -

(a) যে হাইকোর্ট থেকে অবসরগ্রহণ করেছেন সেই হাইকোর্টের এক্তিয়ারে থাকা রাজ্যের সঞ্চিত তহবিল থেকে (b) ভারতের সঞ্চিত তহবিল থেকে .(c) ভারতের আকস্মিক তহবিল থেকে (d) উপরোক্ত কোনটিই নয়

(38.) সুপ্রিমকোর্টের সভা হয় নতুন দিল্লিতে , কিন্তু অন্যত্রও সভা হতে পারে -(a) যদি সুপিম কোর্টের সংখ্যাগরিষ্ঠ বিচারপতিগণ এরূপ সিদ্ধান্ত গ্রহণ করেন (b) সংসদের অনুমোদন ক্রমে .(c)রাষ্ট্রপতির অনুমোদনক্রমে (d) রাজ্য আইনসভার অনুমোদনক্রমে

(39.) সুপ্রিমকোর্টের বিচারকদের বেতন ভারতের সঞ্চিত তহবিলের উপর ধার্য করা হয় এটা নিশ্চিত করতে যে -

(a) বিচারকগণ নিরপেক্ষভাবে বিচার করবেন (b) বিচারকগণ নিয়মিত বেতন পাবেন .(c)রাজনৈতিক কারণে সংসদ বিচারদের বেতন হ্রাস করতে পারবেন না (d) উপরোক্ত কোনটিই নয়

(40.) হাইকোর্টের এক্তিয়ার কমানো বা বাড়ানো যায় -

(a) রাষ্ট্রপতির দ্বারা (b) সংসদ দ্বারা .(c) সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতির দ্বারা (d) রাজ্য আইনসভা দ্বারা

(41.) মৌলিক অধীকার সংরক্ষণের জন্য হাইকোর্ট লেখ জারি করতে পারে সংবিধানের -

(a) 225 ধারা অনুযায়ী (b) 226 দ্বারা অশনুযায়ী .(c) 227 ধারা অনুযায়ী (d) 228 ধারা অনুযায়ী

(42.) সংবিধানের কোন্ ধারায় বলা হয়েছে যে ইংরেজি ভাষা সুপ্রিম কোর্টে ও হাইকোর্টে ব্যবহার করা যাবে ?

.(a) 362 নং ধারা .(b) 352 নং ধারা . .(c) 350 নং ধারা (d) 348. নং ধারা

(43.) কোন্ সংবিধান সংশোধনে বলা হয় যে , দুই বা ততোধিক রাজ্য বা কেন্দ্রশাসিত অঞ্চলের জন্য একটি হাইকোর্ট থাকতে পারে ?

(a) সপ্তম সংশোধন (b) অষ্টম সংশোধন (c)প্রথম সংশোধন (d) নবম সংশোধন

(44.) নিম্নলিখিত আইনগুলির মধ্যে কোন্‌টির মাধ্যমে ভারতে প্রথম একটি যুক্তরাষ্ট্রীয় আদালত গঠন করা হয়েছিল ?

(a) ইন্ডিয়ান কাউন্সিল অ্যাক্ট , 1909 (b) ইন্ডিয়ান কাউন্সিল অ্যাক্ট , 1892 (c) গভর্নমেন্ট অফ ইন্ডিয়া অ্যাক্ট ,1919 (d) গভর্নমেন্ট অফ ইন্ডিয়া অ্যাক্ট , 1935

(45.) ভারতীয় সংবিধান যে দিন থেকে কার্যকর হয় তার থেকে কত দিন পর সুপ্রিম কোর্ট সংক্রান্ত বিষয়গুলি কার্যশীল হয় ?

(a) 2 দিন (b) 7 দিন (c) 1 মাস (d) 1 বছর

(46.) নিম্নলিখিত তথ্যগুলির মধ্যে কোন্‌টি সঠিক ?

(a) সুপ্রিম কোর্টের একজন অবসরপ্রাপ্ত বিচারপতি কেবলমাত্র সুপ্রিম কোর্টের বিচারপতির পদে পুনর্নিযুক্ত হতে পারেন

(b) সুপ্রিম কোর্টের অথবা হাইকোর্টের একজন অবসরপ্রাপ্ত বিচারপতি কেবলমাত্র সুপ্রিম কোর্টের বিচারপতির পদে পুনর্নিযুক্ত হতে পারেন

(c) হাইকোর্টের একজন অবসরপ্রাপ্ত বিচারপতি কেবলমাত্র সুপ্রিম কোর্টের বিচারপতির পদে পুনর্নিযুক্ত হতে পারেন

(d) উপরোক্ত কোনটিই নয়

(47.) সংবিধানের ব্যাখ্যা সংক্রান্ত বিষয় সুপ্রিম কোর্টের ---------------- পড়ে

(a) মূল এলাকায় (b) পরামর্শদান এলাকায় .(c) আপিল এলাকায় (d) উপরোক্ত কোনটিই নয়

(48.) ভারতে বিচারবিভাগীয় পর্যালোচনার ক্ষমতা সীমাবদ্ধ , কারণ -

(a) শাসনবিভাগ চূড়ান্ত ক্ষমতার অধিকারী (b) আইনসভা চূড়ান্ত ক্ষমতার অধিকারী .(c) সংবিধান হল চূড়ান্ত (d) বিচারগণ বদলি হতে ওআরেন

(49.) নিম্ন লিখিত কোন্ বিষয়টি সুপ্রিম কোর্ট ও হাই কোর্ট উভয়েরই এক্তিয়ারভুক্ত ?

(a) কেন্দ্র-রাজ্য বিরোধ (b) আন্তঃরাজ্য বিরোধ .(c) মৌলিক অধীকার সংরক্ষণ (d) উপরোক্ত কোনটিই নয়

(50.) নিম্নলিখিত কোন্ সংবিধান সংশোধনীর মাধ্যমে সুপ্রিমকোর্টের বিচারবিভাগীয় পর্যালোচনার ক্ষমতা হ্রাসপ্রাপ্ত হয়েছিল ?

(a) 24 তম (b) 29 তম .(c) 42 তম (d) 44 তম

(51.) বিচারবিভাগীয় সক্রিয়তার ধারণা ভারতে বিকশিত হয় -

(a) 1960 এর দশকে (b) 1970 এর দশকে .(c) 1980 এর দশকে (d) 1990 এর দশকে

(52.) কত সাল পর্যন্ত সুপ্রিম কোর্টের বিচারপতিদের রাষ্ট্রপতি নিয়োগ করতেন সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতির সুপারিশে ?

(a) 1992(b) 1990 (c) 1996 (d) 1993

(53.) ভারতীয় সংবিধানের কত নম্বর ধারায় এটি উল্লিখিত হয়েছে যে সুপ্রিম কোর্ট কোর্ট অফ রেকর্ড রূপে কাজ করবে ?

(a) 126 নং ধারা (b) 127 নং ধারা (c) 129 নং ধারা

(d) 130 নং দারা

(54.) কোনও হাইকোর্টে কাজের চাপ হ্রাসের জন্য রাষ্ট্রপতি কত বছরের জন্য অতিরিক্ত বিচারপতি নিয়োগ করে থাকেন ?

(a) 2 বছর (b) 5 বছর (c)6 বছর (d) 7 বছর

(55.) হাইকোর্টের বিচারপতিদের কে স্থানান্তরিত করতে পারেন ?

(a) সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি (b) রাষ্ট্রপতি (c) সংসদ (d) প্রধানমন্ত্রী

(56.) সুপ্রিম কোর্ট বা হাই কোর্ট মোট কত ধরনের রিট জারি করতে পারে ?

(a) 3 .(b) 4 (c) 5(d)6

(57.) সঠিক তথ্যটি নির্ণয় করুন ঃ

(a) হাইকোর্টের বিচারপতিদের সংখ্যা নির্ধারিত হয় সংশ্লিষ্ট রাজ্যের বিধানসভা কর্তৃক .(b) হাইকোর্টের বিচারপতিদের সংখ্যা পরিবর্তন করতে পারেন সংশ্লিষ্ট রাজ্যের রাজ্যপাল , রাষ্ট্রপতির সুপারিশে (c) হাইকোর্টের বিচারপতিদের সংখ্যা নির্ধারণ করেন রাষ্ট্রপতি (d)হাইকোর্টের বিচারপতিদের সংখ্যা নির্ধারণ করে সংসদ

(58.) কোন্ আইনের মাধ্যমে স্থাপিত হয়েছিল কলকাতা , মাদ্রাজ এবং বোম্বে হাইকোর্ট ?

(a) ইন্ডিয়ান হাইকোর্ট অ্যাক্ট , 1911 .(b) ইন্ডিয়ান হাইকোর্টস্ অ্যাক্ট , 1865 (c) ইন্ডিয়ান হাইকোর্টস্ অ্যাক্ট , 1861 (d)উপরোক্ত কোনটিই নয়

(59.) অবসর গ্রহণের পর সুপ্রিম কোর্টের একজন বিচারপতি কোন্ পদে নিযুক্ত হতে পারেন না ?

(a) রাষ্ট্রদূত.(b) রাজ্যপাল (c) উপরাষ্ট্রপতি (d) হাইকোর্টের বিচারপতি

(60.) রাষ্ট্রপতির কাছে ইউ পি এস সি র চেয়ারম্যানকে পদচ্যুত করার অভিমত ব্যক্ত করতে পারে

(a) উপরাষ্ট্রপতি (b) সুপ্রিম কোর্ট (c) প্রধানমন্ত্রী (d) লোকসভার স্পিকার

(61.) রাষ্ট্রপতি কেন্দ্রীয় রাষ্ট্রকৃত্যক কমিশনের সদস্যদের পদচ্যুত করতে পারেন কার পরামর্শে বা অনুমোদনক্রমে ?

(a) প্রধানমন্ত্রি (b) উপরাষ্ট্রপতি (c) সংসদ (d) সুপ্রিম কোর্ট

(62.) কত তম সংবিধান সংশোধনীর মাধ্যমে হাইকোর্টের বিচারপতিদের অবসরগ্রহণের বয়স 60 থেকে বাড়িয়ে 62 বছর করা হয়েছে ?

(a) 15 তম সংবিধান সংশোধনী , 1963 .(b) 16 তম সংবিধান সংশোধনী , 1963 (c) 42 তম সংবিধান সংশোধনী , 1976 (d) 44 তম সংশোধনী , 1978

(63.) কোন্ কেন্দ্রশাসিত অঞ্চল কলকাতা হাইকোর্টের এক্তিয়ারাধীন ?

(a) লাক্ষাদ্বীপ (b) দমন ও দিউ (c) পুডুচেরি (d) আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ

(64.) হাইকোর্টের বিচার ঙমতা বা এক্তিয়ার কে সম্প্রসারিত করতে পারেন ?

(a) রাষ্ট্রপতি .(b) সংসদ (c) সুপ্রিম কোর্ট (d) প্রধানমন্ত্রী

(65.) কত তম সংবিধান সংশোধনীতে বলা হয়েছিল দুই বা ততোধিক রাজ্য বা কেন্দ্র শাসিত অঞ্চলের জন্য একটি হাইকোর্ট থাকতে পারে ?

(a) অষ্টম .(b) সপ্তম (c) প্রথম (d) উপরোক্ত কোনটিই নয়
নং ধারা নং ধারা নং ধারা নং ধারা

(66.) 42 তম সংবিধান সংশোধনীর মাধ্যমে সুপ্রিম কোর্ট ও হাই কোর্টের বিচার বিভাগীয় পুনর্বিবেচনার অধিকার যেটি হ্রাসপ্রাপ্ত হয়েছিল সেটি পুনরুদ্ধার করার প্রয়াস গৃহীত হয় কোন্ সংবিধান সংশোধনীর মাধ্যমে ?

(a) 43 তম সংবিধান সংশোধনী (b) 45 তম সংবিধান সংশোধনী (c) 46 তম সংবিধান সংশোধনী (d) 48 তম সংবিধান সংশোধনী

(67.) শূন্য স্থান পূর্ণ করুন

(a) সুপ্রিম কোর্ট , অতীতে , এই মর্মে রায়দান করেছে যে ' যখন ভারতীয় সংবিধানের ........................ নং ধারা কার্যকরী হয় , তখন আপনা থেকেই সংবিধানের 14 নং ধারা আর ক্রিয়াশীল থাকে না '

30 .(b) 31(A) (c) 31(B) (d) 32

(68.) উপরাষ্ট্রপতি নির্বাচনের সময় কোনও ডিসপুট দেখা দিলে , বিষয়টি সম্পর্কে সিদ্ধান্তগ্রহণের চূড়ান্ত অধিকার আছে

(a) লোকসভার স্পিকারের (b) রাষ্ট্রপতির .(c) মুখ্য নির্বাচন কমিশনারের (d) সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি

(69.) ভারতে মোট কতগুলি হাইকোর্ট আছে ?

(a) 22 (b) 24 .(c) 21 (d) 25

(70.) সুপ্রিম কোর্টের বিচারপতিদের

(a) কার্যকালের মেয়াদ শেষ বা অবসরগ্রহণের আগে পদচ্যুত করা যায় না (b) রাষ্ট্রপতি পদচ্যুত করতে পারেন তাঁর স্বেচ্ছাধীন ক্ষমতা প্রয়োগ করে .(c) রাষ্ট্রপতি পদচ্যুত করতে পারেন , সংসদের রেকমেন্ডেশনে (d) রাষ্ট্রপতি পদচ্যুত করতে পারেন , ক্যাবিনেটের রেকমেন্ডেশনে

(71.) সুপ্রিম কোর্টের পরামর্শ রাষ্ট্রপতি

(a) মানতে বাধা (b) মানতে বাধ্য নন .(c) মানতে বাধ্য যদি বিষয়টির সাথে জাতীয় স্বার্থ জড়িত বলে সুপ্রিম কোর্ট মনে করে (d) কিছু কিছু ক্ষেত্রে মানতে বাধ্য এবং বাকি ক্ষেত্রে মানতে বাধ্য নন

(72.) ভারতীয় সংবিধানে বর্ণিত ' বিচারবিভাগীয় পুনর্বিবেচনা ' [ জুডিসিয়াল রিভিউ ] এর ধারণা গ্রহণ করা হয়েছে কোন্ দেশের সংবিধান থেকে ?

(a) ফ্রান্স (b) ইউ এস এ .(c) ইউ কে (d) কানাডা

(73.) ভারতীয় সংবিধানের কত নম্বর ধারা সুপ্রিম কোর্টকে তার পূর্বঘোষিত কোনও রায় বা আদেশের পুনর্মূল্যায়নের অধিকার প্রদান করেছে ?

(a) 130 নং ধারা (b) 137 নং ধারা .(c) 138 নং ধারা (d) 139 নং ধারা

(74.) ইদানিং কালে ভারতের বিচার-সংক্রান্ত ক্ষেত্রে জনপ্রিয়তা লাভ করেছে ' জনস্বার্থ মামলা ' [পাবলিক ইন্টারেস্ট লিটিগেশন ] এর ধারণা । এই ধারণাটি কোন্ দেশ থেকে ভারতে এসেছে ?

(a) ইউ কে (b) ইউ এস এ .(c) কানাডা (d) আয়ার্ল্যান্ড

(75.) নিম্নলিখিত কোন্ সংবিধান সংশোধনীর মাধ্যমে সুপ্রিম কোর্টের ' বিচারবিভাগীয় পুনর্বিবেচনা ' র ক্ষমতা হ্রাসের সংসদীয় প্রয়াস গৃহীত হয়েছিল ?

(a) 42 তম (b) 24 তম .(c) 44 তম (d) 88 তম

(76.) নিম্নলিখিত মামলাগুলির মধ্যে কোন্‌টিতে রায়দানের সময় সুপ্রিম কোর্ট ' ভারতীয় সংবিধানের মৌলিক কাঠামো ' [ বেসিক স্ট্রাকচার অফ দ্য ইন্ডিয়ান কনস্টিটিউশন ] র ব্যাখ্যা দিয়েছিল ?

(a) গোপালান বনাম মাদ্রাজ মামলা (b) গোলকনাথ মামলা .(c) কেশবানন্দ ভারতী মামলা (d) মিনার্ভা মিল মামলা

### উত্তরমালা

1. (a) , 2.(a) , 3. .(a) , 4.(c), 5. (c) , 6.(d) , 7. (c), 8. (a) , 9.(d) , 10. (b) , 11.(b) , 12.(c) , 13.(b) , 14 .(a) ,15.(a) , 16. (b) , 17.(c) , 18.(c), 19.(c) , 20.(b) 21 .(a), 22.(d) ,23.(c) ,24.(d) , 25.(d) , 26.(b), 27.(b) ,28.(a) ,29.(d) , 30.(c) 31.(b), 32.(a) ,33. (d), 34.(d) , 35.(c) ,36. (c), ,37 (b) , 38.(c) ,39. (a) , 40.(b) 41.(b), 42.(d) ,43. (a), 44.(d) , 45.(a) ,46. (b), 47 (c) ,48.(c) ,49. (c) , 50.(c) 51.(d), 52.(d) ,53. (c), 54.(a) ,55.(b) ,56. (c), ,57 (c) , 58.(c) ,59. (d) , 60.(b) 61.(d), 62.(a) ,63. (d), 64.(b) , 65.(b) ,66. (a), ,67 (c) ,68.(d) ,69. (c) , 70.(c) 71.(b), 72.(b) ,73. (b), 74.(a) ,75.(a) ,76. (c),

**সুপ্রিম কোর্ট সংক্রান্ত বিভিন্ন ধারা ও তাদের আলোচ্য বিষয় ঃ**

- 124নং ধারা ভারতীয় সুপ্রিম কোর্টের গঠনতন্ত্র
- 125নং ধারা বিচারপতিদের ভাতা ও বেতন
- 126নং ধারা কার্য নির্বাহী প্রধান বিচারপতি নিয়োগ
- 127নং ধারা অস্থায়ী বিচারপতি নিয়োগ
- 128নং ধারা সুপ্রিম কোর্টে অবসরপ্রাপ্ত বিচারপতিদের উপস্থিতি
- 129নং ধারা কোর্ট অফ রেকর্ড রূপে কাজ
- 130নং ধারা সুপ্রিম কোর্টের আসন
- 131নং ধারা সুপ্রিম কোর্টের মূল এলাকা
- 132নং ধারা হাই কোর্ট থেকে সুপ্রিম কোর্টে আপিল করা এবং সুপ্রিম কোর্টের আপিল এলাকা
- 133নং ধারা পৌর সংক্রান্ত ক্ষেত্রে সুপ্রিম কোর্টের আপিল এলাকা
- 134নং ধারা ফৌজদারি সংক্রান্ত ক্ষেত্রে সুপ্রিম কোর্টের আপিল এলাকা
- 135নং ধারা যুক্তরাষ্ট্রীয় আদালতের ক্ষমতাগত এলাকা ও ভূমিকা
- 136নং ধারা অন্যান্য আদালতের রায়ের বিরুদ্ধে আপিল করার জন্য সুপ্রিম কোর্টের বিশেষ অনুমতি প্রদানের ক্ষমতা
- 137নং ধারা সুপ্রিম কোর্টের নির্দেশ বা রায় পর্যালোচনা
- 138নং ধারা সুপ্রিম কোর্টেড় ক্ষমতাগত এলাকার সম্প্রসারণ
- 139নং ধারা ভারতের যে কোনও আদালত অথবা ট্রাইবুনালের রায় , আদেশ বা দন্ডের বিরুদ্ধে আপিল করার জন্য সুপ্রিম কোর্টের বিশেষ অনুমতি প্রদানের ক্ষমতা

- 139(A)নং ধারা **বিশেষ কিছু মামলার স্থানান্তরকরণ সংক্রান্ত বিষয়**
- 140নং ধারা **সুপ্রিম কোর্টেড় অন্যান্য ক্ষমতাসমূহ**
- 141নং ধারা **সুপ্রিম কোর্টের রায় বা আদেশ মানতে বাধ্য থাকবে দেশের অন্য সমস্ত আদালত**
- 142নং ধারা **সুপ্রিম কোর্টের নির্দেশ বা আদেশ জারি করার ক্ষমতা**
- 143নং ধারা **রাষ্ট্রপতি আইন সংক্রান্ত বিষয়ে সুপ্রিম কোর্টেড় পরামর্শ চাইতে পারেন**
- 144নং ধারা **সুপ্রিম কোর্টের সহায়তাদান**
- 145নং ধারা **সুপ্রিম কোর্ট পরিচালনার নিয়ম-কানুন**
- 146নং ধারা **সুপ্রিম কোর্টের কর্মচারীদের জন্য ব্যয়**
- 147নং ধারা **সুপ্রিম কোর্টের ব্যাখ্যা সংক্রান্ত বিষয়**

**হাই কোর্ট সংক্রান্ত বিভিন্ন ধারা ও তাদের আলোচ্য বিষয় ঃ**

| | |
|---|---|
| 214নং ধারা | রাজ্যে হাইকোর্টের উপস্থিতি |
| 215নং ধারা | হাইকোর্টগুলি অভিলেখ আদালত রূপে কাজ করে |
| 216নং ধারা | হাইকোর্টের গঠন |
| 217নং ধারা | হাইকোর্টে বিচারপতিদের নিয়োগ ও কার্যের শর্তাবলী |
| 218নং ধারা | সুপ্রিম কোর্টের ও হাইকোর্টের বিশেষ আপীল সংক্রান্ত বিষয় |
| 219নং ধারা | হাইকোর্টের বিচারপতিদের শপথগ্রহণ |
| 220 নং ধারা | স্থায়ী বিচারপতিদের আইনজীবী হিসেবে কাজের ওপর নিষেধাজ্ঞা |
| 221নং ধারা | হাইকোর্টের বিচারপতিদের বেতন ও ভাতা |
| 222 নং ধারা | হাইকোর্টের বিচারপতিদের এক আদালত থেকে অন্য আদালতে বদলি বা স্থানান্তর |
| 223নং ধারা | হাইকোর্টে কার্য নির্বাহী প্রধান বিচারপতি নিয়োগ |
| 224নং ধারা | অতিরিক্ত বিচারপতি ও কার্যনির্বাহী বিচারপতিদের নিয়োগ |
| 224(a)নং ধারা | অবসরপ্রাপ্ত বিচারপতিদের প্রয়োজনে পুনর্নিয়োগ |
| 225নং ধারা | হাইকোর্টের বিচার সংক্রান্ত এক্তিয়ার |
| 226নং ধারা | হাইকোর্টের লেখ জারির ক্ষমতা |
| 227নং ধারা | রাজ্যের অন্য আদালতগুলির ওপর হাইকোর্টের নিয়ন্ত্রণ ও তত্ত্বাবধন |
| 228নং ধারা | হাইকোর্টের বিশেষ বিশেষ মামলার স্থানান্তর |
| 229নং ধারা | হাইকোর্ট ও তার কর্মচারীদের পরিচালনজনিত ব্যয় |
| 230 নং ধারা | কেন্দ্রশাসিত অঞ্চলে হাইকোর্টের এক্তিয়ার |
| 231নং ধারা | দুই বা ততোধিক রাজ্যের জন্য একিটি সাধারণ হাইকোর্ট গঠন |
| 232 নং ধারা | ধারাটি বাতিল হয়েছে |

# অধ্যায় ঃ 20

## জরুরি অবস্থা

বিচ্ছিন্নতাবাদ বা আঞ্চলিকতাবাদ জনিত সমস্যা , বহিঃআক্রমণ ইত্যাদি বিভিন্ন সঙ্কটপূর্ণ পরিস্থিতির মোকাবিলা করার জন্য সরকারের হাতে কিছু বিশেষ ক্ষমতা প্রদানের উদ্দেশ্যে , জার্মানির সংবিধান অনুসরণে , জরুরি অবস্থা জারি র ধারণা গৃহীত হয়েছে ভারতীয় সংবিধানে ।

ভারতীয় সংবিধান অনুসারে রাষ্ট্রপতি মোট তিন ধরনের জরুরি অবস্থা জারি করতে পারে এগুলি হল

1. জাতীয় জরুরি অবস্থা [ 352 নং ধারা ]

.(a)

- রাষ্ট্রপতি যদি মনে করেন বহিঃআক্রমণ , যুদ্ধ বা আভ্যন্তরীণ গোলমালের জন্য দেশের নিরাপত্তা ক্ষুন্ন হচ্ছে অথবা গুরুতর অবস্থার সৃষ্টি হয়েছে তাহলে তিনি সমগ্র দেশের জন্য অথবা দেশের কোনও নির্দিষ্ট অংশের জন্য জাতীয় জরুরি অবস্থা জারি করতে পারেন ।
- জাতীয় জরুরি অবস্থা জারি করার আগে রাষ্ট্রপতি ক্যাবিনেটের সাথে এই বিষয়ে পরামর্শ করতে বাধ্য থাকবেন [ 44 নং সংবিধান সংশোধনী ] ।

.(b)

- জাতীয় জরুরি অবস্থা ঘোষিত হলে , সেই ঘোষণার এক মাসের মধ্যে পার্লামেন্টের অনুমোদন লাভ করতে হবে ।
- পার্লামেন্টের অনুমোদনের পর ঘোষিত জরুরি অবস্থা সর্বাধিক 6 মাস পর্যন্ত কার্যকর থাকতে পারে ।
- জাতীয় জরুরি অবস্থার ঘোষণাকে 6 মাসের পরেও ক্রিয়াশীল রাখার জন্য পুনরায় পার্লামেন্টের অনুমোদন প্রয়োজন । এইভাবে নির্দিষ্ট সময় পর পর পার্লামেন্ট অনুমোদন করলে জাতীয় জরুরি অবস্থার মেয়াদ অনির্দ্দষ্ট কাল পর্যন্ত চলতে পারে ।

.(c)

আজ পর্যন্ত জাতীয় জরুরি অবস্থা জারি হয়েছে মোট তিনবার

- 1962 সালে , চীনের ভারত আক্রমণের সময়
- 1971 সালে ভারত-পাকিস্তান যুদ্ধের সময় এবং
- 1975 সালে , প্রথমবার , দেশের আভ্যন্তরীণ সঙ্কটাপন্ন অবস্থার জন্য ।

.(d)

জাতীয় জরুরি অবস্থা চলাকালীন , পার্লামেন্টের অনুমোদনক্রমে , বিধানসভার কার্যকালের মেয়াদ পাঁচ বছর থেকে বাড়িয়ে ছ'বছর করা যেতে পারে ।

2. রাজ্যে শাসনতান্ত্রিক অচলাবস্থা সংক্রান্ত জরুরি অবস্থা [ 356 নং ধারা ]

- কোনও অঙ্গরাজ্যের রাজ্যপাল যদি মনে করেন যে সেই রাজ্যে এমন পরিস্থিতির সৃষ্টি হয়েছে যে সংবিধান অনুসারে শাসনকার্য পরিচালনা করা সম্ভব নয় এবং এই মর্মে তিনি যদি রাষ্ট্রপতিকে লিখিত সুপারিশ পেশ করেন রাষ্ট্রপতি রাজ্যপালের সুপারিশের ভিত্তিতে সন্তুষ্ট হলে সংশ্লিষ্ট রাজ্যে 356 নং ধারা বা জরুরি অবস্থা জারি হয় ।
- 356 ধারা জারি হওয়ার পর ঘোষণাটিকে দু'মাসের মধ্যে সংসদের উভয়কক্ষের অনুমোদন লাভ করতে হবে । এই অনুমোদনলাভে ব্যর্থ হলে জরুরি অবস্থা জারির ছ'মাসের মধ্যে ঘোষণাটি বাতিল হয়ে যায় । পার্লামেন্ট অনুমোদন করলে এই ঘোষণা ছ'মাস পর্যন্ত কার্যকর থাকে । পার্লামেন্ট চাইলে , আবার ছ'মাসের জন্য এর মেয়াদ বাড়াতে পারে ।
- নির্বাচন কমিশন যদি মনে করে সংশ্লিষ্ট রাজ্যে সুষ্ঠ নির্বাচনের পরিস্থিতি সৃষ্টি হয় নি , তাহলে , পার্লামেনটের মাধ্যমে বার বার ছ'মাসের জন্য জরুরি অবস্থার মেয়াদ বাড়িয়ে সর্বাধিক তিন বছর পর্যন্ত জরুরি অবস্থার ঘোষণাকে কার্যকর রাখা যায় ।
- আজ পর্যন্ত 356 ধারা জারি হয়েছে 75 এরও অধিকবার ।

3. আর্থিক জরুরি অবস্থা [ 360 নং ধারা ]

- 360 নং ধারা অনুসারে রাষ্ট্রপতি যদি মনে করেন দেশের কোনও অংশে বা সমগ্র অংশে আর্থিক স্থায়ীত্ব বা সুনাম নষ্ট হতে চলেছে বা এরকম কিছু হওয়ার আশঙ্কা দেখা দিয়েছে , তাহলে তিনি আর্থিক অবস্থা জারি করতে পারেন ।
- আর্থিক জরুরি অবস্থা জারির ছ'মাসের মধ্যে পার্লামেন্টের উভয় কক্ষের অনুমোদন লাভের প্রয়োজন আছে ।
- পার্লামেন্টের দ্বারা নির্দিষ্ট সময় পর পর বারংবার অনুমোদিত হওয়ার পর , জরুরি অবস্থার ঘোষণাটি অনিদ্দিষ্টকাল কার্যকারী হতে পারে ।
- আজ পর্যন্ত 360 ধারা একবারও জারি হয় নি ।

জরুরি অবস্থা জারির ক্ষেত্রে লোকসভা এবং রাজ্যসভা সমক্ষমতা ভোগ করে । তবে লোকসভায় জরুরি অবস্থা প্রত্যাহারের সিদ্ধান্ত গৃহীত হলে রাষ্ট্রপতি জরুরি অবস্থা তুলে নিতে বাধ্য থাকেন ।

## অনুশীলনী -20 .(a)

[উপজীব্য ঃ **জরুরি অবস্থা** ]

(1.) ভারতের রাষ্ট্রপতি ঘোষণা করতে পারেন

(a) জাতীয় জরুরি অবস্থা (b) শাসনতান্ত্রিক জরুরি অবস্থা .(c) অর্থনৈতিক জরুরি অবস্থা (d) উপরোক্ত সবক'টি

[ পি. এস. সি. ক্লার্কশিপ (প্রিলিম)'05 ]

(2.) সারা ভারতে আপৎকালীন অবস্থা জারি করতে পারেন

(a) রাষ্ট্রপতি (b) প্রধানমন্ত্রী .(c) প্রধান সেনাপতি (d) লোকসভার অধ্যক্ষ

[ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '06 ]

(3.) ভারতীয় সংবিধানের কত নম্বর ধারাবলে রাষ্ট্রপতি কোনও রাজ্য সরকারকে বরখাস্ত করতে পারে ?

(a) 352 (b) 356 .(c) 360 (d) 370 [ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '06 ]

(4.) মৌলিক অধিকারগুলি স্থগিত রাখার আদেশ দিতে পারেন

(a) সংসদ (b) সংসদের অনুমোদন সাপেক্ষে রাষ্ট্রপতি .(c) সর্বোচ্চ আদালতের সুপারিশক্রমে রাষ্ট্রপতি

(d) মন্ত্রীসভার অনুমোদনক্রমে রাষ্ট্রপতি

(5.) ভারতের রাষ্ট্রপতি জরুরি অবস্থা জারি করতে পারেন যদি থাকে

(a) যুদ্ধ অথবা যুদ্ধের ভয় (b) সংবিধানিক ব্যবস্থার ব্যর্থতা .(c) আর্থিক অস্থিরতা (d) এই তিনটির মধ্যে যে কোনও একটি [ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '05 ]

(6.) ভারতের কোন্ রাজ্যটি সব থেকে বেশীবার রাষ্ট্রপতির শাসনের আওতায় এসেছে ?

(a) পাঞ্জাব (b) হিমাচল প্রদেশ .(c) কেরালা (d) কর্ণাটক [ ডব্লু. বি. সি. এস. ( প্রিলিম ) '09 ]

(7.) সংবিধানের কোন্ ধারা অনুযায়ী কেন্দ্র রাজ্যগুলিকে বৈদেশিক আক্রমণ ও অভ্যন্তরীণ গোলোযোগের হাত থেকে রক্ষা করতে পারে ? (a) 355 নং ধারা (b) 356 নং ধারা .(c) 359 নং ধারা

(d) 360 নং ধারা [ পি. এস. সি. মিসেলিনিয়াস (প্রিলিম) '10 ]

(8.) নিম্নে বর্ণিত মামলাগুলির মধ্যে কোন্ মামলায় সুপ্রীম কোর্টের রায়ে কোনও রাজ্য সংবিধানের 356 নং ধারা অনুযায়ী রাষ্ট্রপতি শাসন জারি প্রায় অসম্ভব হয়ে উঠেছে ?

(a) এ. কে. গোপালন বনাম ভারত সরকার (b) এস. আর. বোম্মাই বনাম ভারত সরকার [ কর্ণাটক রাজ্য সম্পর্কে ] .(c) কাবেরী জলবন্টন সংক্রান্ত দুই দক্ষিণী রাজ্যের মামলা (d) উপরের কোনটিই নয় [ ডব্লু. বি. সি. এস. ( প্রিলিম ) '12 ]

(9.) ভারতের রাষ্ট্রপতি আজ পর্যন্ত মোট কতবার ' জাতীয় আপৎকালীন অবস্থা ' ঘোষণা করেছেন ?

(a) কখনই নয় (b) শুধু একবার .(c) মাত্র দু'বার (d) তিন বার

[ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '09 ]

[ পি. এস. সি. মিসেলিনিয়াস (প্রিলিম) '04 ]

(10.) আর্থিক জরুরি অবস্থা [ 360 নং ধারা ] প্রথম জারি হয়েছিল

(a) 1962 সালে (b) 1965 সালে .(c)1975 সালে (d) উপরের কোনটিইই নয়

[ পি এস সি মিসেলিনিয়াস ( প্রিলিম ) '08 ]

(11.) কোন্ প্রধানমন্ত্রীর কার্যকালে দলত্যাগ বিরোধী বিলটি পাশ করা হয়েছিল ?

(a) ভি. পি. সিং (b) রাজীব গান্ধী .(c) এ. বি. বাজপেয়ী (d) নরসিমা রাও

[ ডব্লু. বি. সি. এস. ( প্রিলিম ) '09 ]

(12.) কত প্রকার জররি অবস্থার কথা বলা হয়েছে ভারতীয় সংবিধানে

(a) এক (b) দুই .(c) তিন (d) চার [ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '02 ]

(13.) ভারতের রাষ্ট্রপতি জরুরি অবস্থা জারি করতে পারেন

(a) 352 নং ধারা অনুযায়ী (b) 356 নং ধারা অনুযায়ী .(c) 360 নং ধারা অনুযায়ী (d) এই ধারাগুলোর কোনটির মাধ্যমেই নয় [ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '02 ]

(14.) ভারতের রাষ্ট্রপতি জরুরি অবস্থা জারি করতে পারে যদি

(a) আর্থিক স্থিতাবস্থা বিঘ্নিত হয় (b) যুদ্ধ শুরু হয় বা তার সম্ভাবনা দেখা দেয় (c)সাংবিধানিক কাঠামো বিপর্যস্ত হয় (d) উপরোক্ত ঘটনাগুলোর মধ্যে যে কোন একটি [ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '00 ]

উত্তরমালা

1.(d) , 2.(a) , 3.(b) , 4.(d) , 5. (d) , 6.(a) , 7.(a) , 8.(b), 9. (d) , 10.(d) , 11.(b) , 12.(c) , 13.(a) , 14.(d) ,

অনুশীলনী -20 .(b)

[উপজীব্য ঃ জরুরি অবস্থা ]

(1.) 44 তম সংবিধান সংশোধনীর মাধ্যমে ঘোষণা করা হয়

(a) ক্যাবিনেটের লিখিত পরামর্শের অনুলিপি ছাড়া রাষ্ট্রপতি জাতীয় জরুরি অবস্থা জারি করতে পারবেন না .(b) রাষ্ট্রপতি স্বেচ্ছায় রাষ্ট্রপতি শাসন জারি করতে পারেন (c) প্রধানমন্ত্রীর যে কোনও নির্দেশ জাতীয় জরুরি অবস্থা ঘোষণার ক্ষেত্রে রাষ্ট্রপতি মেনে চলবেন (d) উপরোক্ত কোনটিই নয়

(2.) জাতীয় জরুরি অবস্থার ক্ষেত্রে ' সশস্ত্র বিদ্রোহ ' কে কারণ হিসেবে অনতর্ভুক্ত করা হয়েছে কত তম সংবিধান সংশোধনীর মাধ্যমে ?

(a) 42 তম (b) 44 তম (c) 38 তম (d) 46 তম

(3.) নিম্নলিখিত অঙ্গরাজ্যগুলির মধ্যে কোন্‌টিতে প্রথম রাষ্ট্রপতি শাসন ( 356 নং ধারা ) জারি হয়েছিল ?

(a) কেরালা (b) বোম্বে (c) পাঞ্জাব (d) উত্তর প্রদেশ

(4.) লোকসভার কার্যকালের মেয়াদ 5 বছর থেকে বাড়ানো যায়

(a) রাষ্ট্রপতির দ্বারা , তাঁর স্বেচ্ছাধীন ক্ষমতা প্রয়োগের মাধ্যমে (b) নির্বাচন কমিশনের সুপারিশক্রমে রাষ্ট্রপতির দ্বারা .(c) রাষ্ট্রপতির দ্বারা , জরুরি অবস্থার সময় (d) রাষ্ট্রপতির দ্বারা , জাতীয় জরুরি অবস্থার সময়

(5.) জাতীয় জরুরি অবস্থা চলাকালীন , রাষ্ট্রপতি , প্রথম ধাপে , লোকসভার কার্যকালের মেয়াদ কত দিন বাড়াতে পারেন ?

(a) এক মাস (b) তিন মাস .(c) ছ'মাস (d) এক বছর

(6.) ভারতের রাষ্ট্রপতি জাতীয় জরুরি আবস্থা জারি করতে পারেন যদি তিনি ঐ মর্মে

(a) প্রধানমন্ত্রীর লিখিত পরামর্শ লাভ করেন (b) ইউনিয়ন ক্যাবিনেটের লিখিত পরামর্শ লাভ করেন .(c) সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতির লিখিত পরামর্শ লাভ করেন (d) লোকসভার স্পিকারের লিখিত পরামর্শ লাভ করেন

(7.) রাষ্ট্রপতির জারি করা ' জরুরি অবস্থা 'র ঘোষণাকে কত দিনের মধ্যে সংসদের উভয়কক্ষের প্রতিটিতে অনুমোদনের জন্য উত্থাপন করতে হয় ?

(a) এক মাস (b) দু'মাস .(c) ছ'মাস (d) জাতীয় জরুরি অবস্থার ক্ষেত্রে একমাস এবং বাকি দু'টি জরুরি অবস্থার ক্ষেত্রে দু'মাস

(8.) কত সালে ভারতে প্রথম জারি হয়েছিল ' জাতীয় জরুরি অবস্থা ' ?

(a) 1952 (b) 1962 .(c)1965 (d) 1971

(9.) আভ্যন্তরীণ বিশৃঙ্খলার জন্য প্রথম কত সালে জারি হয় জাতীয় জরুরি অবস্থা ?

(a) 1962 (b) 1965 .(c)1973 (d) 1975

(10.) 1975 সালে যখণ ভারতে জাতীয় জরুরি অবস্থা জারি হয় , তখন ভারতের প্রধানমন্ত্রী ছিলেন

(a) ইন্দিরা গান্ধী .(b) মুরাজ্জি দেশাইলাল (c) বাহাদুর শাস্ত্রী (d) জওহরলাল নেহেরু

(11.) ভারতের অঙ্গরাজ্যগুলিতে নির্বাচিত সরকারকে বরখাস্ত করার যে অধিকার প্রদান করা হয়েছে কেন্দ্রীয় সরকারকে , ভারতীয় সংবিধানের 356 নং ধারায় , তার উপর নিয়ন্ত্রণের উদ্দেশ্যে সুপ্রিম কোর্ট একটি যুগান্তকারী রায় প্রদান করে নিম্নলিখিত মামলাগুলির মধ্যে কোন্‌টিতে ?

(a) মিনার্ভা মিল মামলা (b) এস আর বোম্মাই মামলা (c) সজ্জন সিং মামলা (d) গোলকনাথ মামলা

(12.) ভারতের কোনও অঙ্গরাজ্যের রাজ্যপাল সংশ্লিষ্ট রাজ্যে ' রাষ্টপতির শাসন জারি 'র সুপারিশ করতে পারেন

(a) স্বেচ্ছায় (b) সংশ্লিষ্ট রাজ্যের মন্ত্রী পরিষদের পরামর্শে .(c)সংশ্লিষ্ট রাজ্যের আইনসভার পরামর্শে (d) কেন্দ্রীয় সরকারের নির্দেশে

(13.) সংবিধানের 19 নম্বর অনুচ্ছেদে বিবৃত মৌলিক অধিকারগুলি বাতিল হয়ে যায় কোন্‌ প্রকার জরুরি অবস্থা জারি হলে ?

(a) জাতীয় জরুরি অবস্থা (b) 356 ধারার অধীনে জারি হওয়া জরুরি অবস্থা .(c) আর্থিক জরুরি অবস্থা

(d) উপরোক্ত কোনটিই নয়

(14.) রাজ্য আইনসভা কর্তৃক গৃহীত সকল আর্থিক বিল রাষ্ট্রপতির বিবেচনার জন্য পাঠাতে হয়-

(a) জাতীয় জরুরি অবস্থা জারি থাকলে (b) 356 ধারার অধীনে জারি হওয়া জরুরি অবস্থা জারি থাকলে .(c) আর্থিক জরুরি অবস্থা জারি থাকলে (d) উপরোক্ত কোনটিই নয়

(15.) রাষ্ট্রপতি কোনও রাজ্যে শাসনতান্ত্রিক অচলাবস্থা ঘোষণা করতে পারেন যদি -
(a) রাজ্যপাল সুপারিশ করেন (b) যদি প্রধানমন্ত্রী সুপারিশ করেন .(c) যদি কেন্দ্রীয় মন্ত্রীসভা সুপারিশ করে (d) রাষ্ট্রপতি যদি রাজ্যপালের সুপারিশে সন্তুষ্ট হন ও মনে করেন সংশ্লিষ্ট রাজ্যে সংবিধান অনুযায়ী শাসনকার্য পরিচালিত হচ্ছে না

(16.) তিন প্রকার জরুরি অবস্থার মধ্যে কোন্‌টি সব থেকে বেশী বার ঘোষিত হয়েছে ?
(a) জাতীয় জরুরি অবস্থা (b) রাজ্যে শাসনতান্ত্রিক অচলাবস্থার পরিপ্রেক্ষিতে ঘোষিত জরুরি অবস্থা .(c) আর্থিক জরুরি অবস্থা (d) উপরোক্ত তিন প্রকার জরুরি অবস্থা সমানভাবে

(17.) পশ্চিমবঙ্গে শেষ কবে রাষ্ট্রপতি শাসন জারি হয়েছিল ?
(a) 1970 .(b) 1972 (c) 1977 (d) 1982

(18.) আজ পর্যন্ত মোট কতবার পশ্চিমবঙ্গে রাষ্ট্রপতি শাসন জারি হয়েছিল ?
(a) 1 বার .(b) 2 বার (c) 3 বার (d) 4 বার

(19.) ভারতের কোন্‌ রাজ্যে সর্বপ্রথম রাষ্ট্রপতি শাসন জারি হয়েছিল ?
(a) পাঞ্জাব.(b) কেরালা (c) আসাম (d) বিহার

(20.) পাঞ্জাবে প্রথম রাষ্ট্রপতি শাসন জারি হয় কত সালে ?
(a) 1950.(b) 1951 (c) 1952 (d) 1953

(21.) ভারতীয় সংবিধানের কোন্‌ ধারা বলে রাষ্ট্রপতি সমস্ত সরকারী কর্মচারীদের বেতন ও ভাতা হ্রাসের নির্দেশ দিতে পারেন ?
(a) 352 নং ধারা .(b) 356নং ধারা (c) 360নং ধারা (d) 110নং ধারা

(22.) রাজ্যে রাষ্ট্রপতি শাসনের সর্বোচ্চ মেয়াদ কত ?
(a) এক বছর .(b) দু'বছর (c) তিন বছর (d) চার বছর

(23.) পশ্চিমবঙ্গে কবে প্রথম রাষ্টপতি শাসন জারি হয়েছিল কত সালে ?
(a) 1966 সালে (b) 1967 সালে (c) 1968 সালে (d) 1970 সালে

(24.) আজ পর্যন্ত মোট কতবার আর্থিক অবস্থা জারি হয়েছে ?

(a) এক বার (b) দু'বার .(c) তিন বার (d) একবারও নয়

(25) জাতীয় জরুরি অবস্থা সংসদে অনুমোদিত হলে জারি থাকে -

(a) তিন মাস (b) ছ'মাস .(c) ন'মাস (d) এক মাস

(26.) আর্থিক জরুরি অবস্থা জারি করা জায় যদি -

(a) দেশের আর্থিক অবস্থ্য বা নিশ্চয়তা বিপন্ন হয় বা তার আশঙ্কা দেখা যায় (b) যুদ্ধের সময় অতিরিক্ত ব্যয় নির্বাহের প্রয়োজন হয় .(c) নিয়ন্ত্রক ও মহাগণনা পরীক্ষক এই মর্মেদ সুপারিশ করেন (d) বেশির ভাগ রাজ্যের আইনসভা এই মর্মে সুপারিশ করে

(27.) কোনও রাজ্যে 356ধারার অধীনে জারি হওয়া জরুরি অবস্থা সর্বাধিক কতদিন কার্যকর থাকতে পারে ?

(a) ছ'মাস (b) এক বছর .(c) দু'বছর (d) অনির্দিষ্টকাল

(28.) কোনও রাজ্যে 356 ধারার অধীনে জারি হওয়া জরুরি অবস্থা এক বছরের বেশিও কার্যকর থাকতে পারে যদি -

(a) রাষ্ট্রপতি মনে করেন (b) কেন্দ্রীয় মন্ত্রীসভা মনে করে .(c) সংসদ মনে করে (d) যদি নির্বাচন কমিশন মনে করে সুষ্ঠ নির্বাচনের উপযুক্ত পরিবেশ সৃষ্টি হয় নি ন

(29.) কোন্ প্রকার জরুরি অবস্থা নিয়ে আজ পর্যন্ত সব থেকে বেশি বিতর্ক হয়েছে ?

(a) জাতীয় জরুরি অবস্থা (b) 356 ধারার অধীনে জারি হওয়া জরুরি অবস্থা .(c) আর্থিক জরুরি অবস্থা (d) উপরোক্ত সবগুলিই

(30.) জাতীয় জরুরি অবস্থা সর্বাধিক কতদিন কার্যকর থাকতে পারে ?

(a) ছ'মাস (b) ন'মাস .(c) এক বছর (d) অনির্দিষ্টকাল

(31.) ভারতীয় সংবিধানের কোন্ ধারায় বলা হয়েছে যে, জরুরী অবস্থা ঘোষণাকালীন সময় ছাড়া মৌলিক অধিকারগুলিকে বাতিল করা যায় না ?

(a) 352 নং ধারা (b) 356 নং ধারা (c) 360 নং ধারা (d) 359 নং ধারা

(32) 1975 সালে যখণ ভারতে জাতীয় জরুরি অবস্থা জারি হয় , তখন ভারতের রাষ্ট্রপতি ছিলেন

(a) নিলম সঞ্জীব রেড্ডি .(b) ফকরুদ্দিন আলি আহমেদ (c) ভি ভি গিরি (d) জ্ঞানী জৈল সিং

(33.) জাতীয় জরুরী অবস্থার কারণের মধ্যে সশস্ত্র বিদ্রোহ এই শব্দদ্বয় সংযুক্ত হয়েছে কত তম সংবিধান সংশোধনীর মাধ্যমে ?

(a) 42 তম .(b) 44 তম (c) 38 তম (d) 46 তম

উত্তরমালা

1.(a) , 2..(b) , 3.(c) , 4.(d) , 5.(d) ,6.(b) , 7. (d), 8.(b) ,9. (d) , 10.(a) ,
11.(b) ,12.(a) ,13.(a) ,14.(c) ,15. (d), 16. (b),17. (c) ,18.(d) ,19. (a) ,20.(b)
21.(c) ,22.(c) ,23.(c) ,24.(d) ,25. (b),26. (a),27. (b) ,28.(b) ,29. (b) ,30.(d)
31.(d) ,32.(b) ,33.(b) ,

জরুরি অবস্থা সংক্রান্ত বিভিন্ন ধারা ও তাদের আলোচ্য বিষয় ঃ

- 352নং ধারা জাতীয় জরুরি অবস্থা ঘোষণা
- 353নং ধারা জাতীয় জরুরি অবস্থার ফলাফল
- 354নং ধারা জরুরী অবস্থাকালীন সময়ে রাষ্ট্রপতি বিশেষ আদেশবলে কেন্দ্র রাজ্য রাজস্ব বন্টনের ক্ষেত্রে প্রয়োজনীয় পরিবর্তন করতে পারেন
- 355নং ধারা জরুরী অবস্থাকালীন সময়ে কেন্দ্রীয় সরকারের কর্তব্য রাজ্যগুলিকে বহিরাক্রমণ ও আভ্যন্তরীন গোলোযোগের হাত থেকে রক্ষা করা
- 356নং ধারা রাজ্যে শাসনতান্ত্রিক অচলাবস্থা ঘোষণা বা রাষ্ট্রপতির শাসন
- 357নং ধারা রাজ্যে রাষ্ট্রপতির শাসন বলবৎ হলে পার্লামেন্ট উক্ত রাজ্যের জন্য আইন প্রণয়ন করতে পারবে
- 358নং ধারা সংসদ আইন করে জরুরী অবস্থাকালীন সময়ে 19 ধারায় বর্ণিত ছয়টি ‘ স্বাধীনতার অধিকার ’ স্থগিত রাখতে বা ক্ষুন্ন করতে পারে
- 359নং ধারা রাষ্ট্রপতি বিশেষ ঘোষণাবলে আমগ্রিকভাবে সকল মৌলিক অধিকার স্থগিত রাখতে বা বাতিল করে দিতে পারেন
- 360নং ধারা আর্থিক গরুরি অবস্থার ঘোষণা

# অধ্যায় ঃ 21

## অর্থবিল

- (a) অর্থবিলের সংজ্ঞা প্রদত্ত হয়েছে ভারতীয় সংবিধানের 110 ধারায় ।
- (b) অর্থবিল উত্থাপিত হতে পারে কেবলমাত্র লোকসভায় ।অর্থবিল লোকসভায় পাশ হওয়ার পর রাজ্যসভায় প্রেরিত হয় । অর্থবিল সম্পর্কে সিদ্ধান্তগ্রহণের জন্য রাজ্যসভা সর্বাধিক 14 দিন সময় পায় । বিল পরিবর্তন সম্পর্কে পরামর্শ থাকলে , সেই পরামর্শ এর সাথে অর্থবিল লোকসভায় পুনর্প্রেরণ করতে হয় 14 দিনের মধ্যে. লোকসবা ইচ্ছা করলে সেই পরামর্শ গ্রহণ করতে পারে , আবার নাও গ্রহণ করতে পারে । গ্রহণ করলে , পরিবর্তিত বিল বা না গ্রহণ করলে অপরিবর্তিত বিলটি রাষ্ট্রপতির কাছে প্রেরিত হয় তাঁর স্বাক্ষরলাভের জন্য
- (c) রাজ্যসভায় প্রেরিত কোনও অর্থবিল সম্পর্কে রাজ্যসভা 14 দিনের মধ্যে নিজের মতামত না জানালে , বিলটি রাজ্যসবায় পাশ হয়ে গেছে ধরে নিয়ে সরাসরি লোকসবা থেকে রাষ্ট্রপতির কাছে প্রেরিত হয় স্বাক্ষরমাভের জন্য । অর্থবিলের ক্ষেত্রে রাষ্ট্রপতি আইনসভার পুনর্বিবেচনার জন্য বিলটিকে না পাঠিয়ে বিলটিতে স্বাক্ষরদানে বাধ্য থাকেন
- (d) কোনও বিল ‘ অর্থবিল না অর্থবিল নয় ’ এই বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা ভারতীয় সংবিধান প্রদান করেছে লোকসভার স্পীকারকে

অনুশীলনী -21

[উপজীব্য ঃ **অর্থবিল** ]

1.) যখন কোন অর্থবিল রাজ্যসভায় পাঠানো হয় তখন রাজ্যসভা সেটি কত দিনের মধ্যে রিটার্ন করতে বাধ্য থাকে ?

(a) 14 দিন (b) 15 দিন .(c) 30 দিন (d) 60 দিন

[ পি. এস. সি. মিসেলিনিয়াস (প্রিলিম)’98 ]

2.) অর্থ বিল কেবলমাত্র নিম্নলিখিত স্তরে উথথাপিত হতে পারে ?

(a) পার্লামেন্টের যে কোন্ কক্ষে (b) কেবলমাত্র লোকসভায় .(c) কেবলমাত্র রাজ্যসভায় (d) কেবলমাত্র পার্লামেন্টের যৌথসভায়

[ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) ’08 ,পি. এস. সি. মিসেলিনিয়াস (প্রিলিম)’99 ]

3.) কোনও বিল অর্থবিল কিনা তা কে ঠিক করেন ?

(a) রাষ্ট্রপতি (b) লোকসভার অধ্যক্ষ .(c) উপ-রাষ্ট্রপতি (d) অর্থমন্ত্রী

[ পি. এস. সি. ক্লার্কশিপ (প্রিলিম)’05 ]

4.) লোকসভায় কোনও অর্থবিল পাশ হয়ে যাওয়ার পর , রাজ্যসভা বিলটি সম্পর্কে সিদ্ধান্তগ্রহণে সর্বাধিক কত দিন বিলম্ব করতে পারে ?

(a) 10 দিন (b) 14 দিন .(c) 30 দিন (d) 60 দিন

5.) বিধানসভায় অর্থবিল উত্থাপনের জন্য কার পূর্বানুমতি আবশ্যক ?

(a) বিধানসভার স্পিকার (b) মুখ্যমন্ত্রী .(c) রাজ্যের অর্থমন্ত্রী (d) রাজ্যপাল

উত্তর

1.(a), 2.(b), 3.(b) , 4. (b), 5. .(d) .



# অধ্যায় ঃ 22

## নির্বাচন কমিশন

(a)

- ভারতীয় সংবিধানের পনেরো নম্বর পার্টে , 324 - 329 ধারায় , ভারতের নির্বাচনী ব্যবস্থা সম্পর্কে বিস্তারিত আলোচনা আছে ।
- ভারতীয় সংবিধান অনুসারে কেন্দ্রীয় ও রাজ্য-আইনসভাগুলির সুষ্ঠ নির্বাচনের জন্য নির্বাচন প্রস্তুতি , পরিচালনা ও নিয়ন্ত্রণ এবং রাষ্ট্রপতি ও উপরাষ্ট্রপতি পদের জন্য নির্বাচন পরিচালনার দায়িত্ব অর্পিত হয়েছে নির্বাচন কমিশনের স্কন্ধে [ 324 (1) ধারা ] ।

(b)

- ভারতীয় সংবিধানের 324 (2) নম্বর ধারায় বলা হয়েছে নির্বাচন কমিশনে একজন মুখ্য নির্বাচন কমিশনার ও কয়েকজন নির্বাচন কমিশনার থাকবে । নির্বাচন কমিশনের সংখ্যা সম্বন্ধে সংবিধানে কিছু বলা হয় নি ।
- বর্তমানে নির্বাচন কমিশনে মোট তিনজন সদস্য আছেন ।
- নির্বাচন সংক্রান্ত কোনও বিষয়ে মুখ্য নির্বাচন কমিশনার ও অন্যান্য কমিশনারদের মধ্যে মতপার্থক্য দেখা দিলে সেক্ষেত্রে সংখ্যাগরিষ্ঠের মতামতই চূড়ান্ত বলে বিবেচিত হয় ।

(b) পদচ্যুতি

- মুখ্য নির্বাচন কমিশনারকে পদচ্যুত [ ইমপিচমেন্ট ] করতে হলে, ইমপিচমেন্টের প্রস্তবটিকে পার্লামেন্টের উভয় কক্ষের উপস্থিত ও ভোটপ্রদানকারী সদস্যদের এক-তৃতীয়াংশের সমর্থন লাভ করতে হয় ।
- সংসদের অনুমোদন প্রাপ্তির পর রাষ্ট্রপতি মুখ্য নির্বাচন কমিশনারকে ইমপিচ করতে পারেন ।
- কমিশনের অন্য সদস্যদের মুখ্য নির্বাচন কমিশনারের অনুমতি ছাড়া পদচ্যুত করা যায় না ।

(c) পালনীয় দায়িত্ব

- ভোটার তালিকা প্রণয়ন ও সংশোধন
- সংসদ , বিধানসভা , রাষ্ট্রপতি ও উপরাষ্ট্রপতি নির্বাচন সংক্রান্ত যাবতীয় কাজ তদারকি ও পরিচালনা করা

- নির্বাচনের তারিখ , মনোনয়ন পত্র দাখিলের সময়সীমা , মনোনয়ন পত্র প্রত্যাহারের সময়সীমা ইত্যাদি সহ নির্বাচনের সম্পূর্ণ নির্ঘন্ট প্রস্তুত করা , নির্বাচনের পর ভোট গণনা ও ফল ঘোষণা
- নির্বাচন সংক্রান্ত বিবিন্ন বিরোধের ক্ষেত্রে তদন্ত কমিশন গঠন করা
- বিভিন্ন রাজনৈতিক দলকে নির্বাচনী প্রতীক প্রদান করে ।
- নির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে কোনও কেন্দ্রের নির্বাচন স্থগিত রাখা , বাতিল করা , পুনর্নির্বাচনের ব্যবস্থা করা
- সংসদ ও রাজ্য আইনসভার সদস্যদের অযোগ্যতা সংক্রান্ত বিষয়ে রাষ্ট্রপতি ও রাজ্যপালকে পরামর্শ প্রদান
- রাজনৈতিক দল , প্রার্থী , ভোটদাতা ও নির্বাচন-কর্মীদের জন্য আচরণবিধি প্রস্তুত করা
- নির্বাচকদের পরিচয়পত্র প্রদান

## অনুশীলনী -22

[উপজীব্য ঃ নির্বাচন কমিশন ]

(1.) মুখ্য নির্বাচন কমিশনার ছাড়া অন্য দু'জন নির্বাচন কমিশনারদের নির্দিষ্ট সময়ের আগেই পদচ্যুত করা যায় -

(a) রাষ্ট্রপতির ইচ্ছা অনুযায়ী (b) মুখ্য নির্বাচন কমিশনারের সুপারিশে রাষ্ট্রপতি কর্তৃক .(c) সংসদের সুপারিশে রাষ্ট্রপতি কর্তৃক (d) মন্ত্রীসভার সুপারিশে রাষ্ট্রপতি কর্তৃক

(2.) ভারতীয় নাগরিকদের ভোটাধিকার কি ধরনের অধিকার ?

.(a) মৌলিক অধিকার .(b) রাজনৈতিক অধিকার .(c) নৈতিক অধিকার (d) আইনী অধিকার

(3.) মুখ্য নির্বাচন মহাধ্যক্ষ নির্বাচিত হন কিভাবে ?

(a) সংসদ নির্বাচিত করে (b) সংসদ বিষয়ক মন্ত্রী দ্বারা নিয়োজিত হন .(c) রাষ্ট্রপতি দ্বারা নিয়োজিত হন (d) প্রধানমন্ত্রী দ্বারা মনোনীত হন [ পি.এস.সি. মিসেলিনিয়াস (প্রিলিম) '07 ]

(4.) নিম্নের তথ্যগুলির মধ্যে কোন্‌টি সঠিক ?

1. ভোটাধিকার প্রাপ্তির ন্যূনতম বয়স 21 বছর থেকে কমিয়ে 18 বছর করা হয় 61 তম সংবিধান সংশোধনীর মাধ্যমে 2. ভোটাধিকার প্রাপ্তির ন্যূনতম বয়স 21 বছর থেকে কমিয়ে 18 বছর করা হয় 1985 সালে 3. ভোটাধিকার প্রাপ্তির ন্যূনতম বয়স 21 বছর থেকে কমিয়ে 18 বছর করা হয় রাজীব গান্ধীর প্রধানমন্ত্রীত্বের সময়কালে 4. ভারতীয় নাগরিকদের ভোটাধিকার প্রদান করা হয়েছে ভারতীয় সংবিধানের 326 নং ধারায়

(a) 1 , 2 এবং 3 .(b) 1 এবং 2 (c) 1 , 3 এবং 4 (d) 2 , 3 এবং 4

(5.) বর্তমানে ভারতের নির্বাচন কমিশনে একজন মুখ্য নির্বাচন কমিশনার ছাড়াও আছেন
(a) দু'জন নির্বাচন কমিশনার (b) তিন জন নির্বাচন কমিশনার .(c) পাঁচ জন নির্বাচন কমিশনার (d) ছ'জন নির্বাচন কমিশনার [ পি. এস. সি. ক্লার্কশিপ (প্রিলিম)'99 ]

(6.) 61 তম সংবিধান সংশোধনীতে , ভারতীয় সংবিধানের কত নম্বর ধারায় বর্ণিত ভোটাধিকার প্রাপ্তির ন্যূনতম বয়সকে 21 থেকে কমিয়ে 18 করা হয় ?
(a) 321 নং ধারা .(b) 322 নং ধারা (c) 324 নং ধারা (d) 326 নং ধারা

(7.) মুখ্য নির্বাচন কমিশনার ছাড়া বাকি দু'জন নির্বাচন কমিশনার নিযুক্ত হন-
(a) রাষ্ট্রপতি কর্তৃক (b) মুখ্য নির্বাচন কমিশন কর্তৃক .(c) প্রধানমন্ত্রী কর্তৃক (d) সংসদ কর্তৃক

(8.) কত সালে ভারত সরকার নির্বাচন প্রক্রিয়া শুরু ও চূড়ান্ত ফল ঘোষণার মদ্যবর্তী সময়ে এক্সিট পোল আয়োজন এবং তার ভিত্তিতে সম্ভাব্য ফল প্রকাশের ওপর নিষেধাজ্ঞা জারি করে ?
(a) 2004 (b) 2005 (c) 2009 (d) 2008

(9.) মুখ্য নির্বাচন কমিশনারকে তাঁর কার্যকালের মেয়াদ শেষ হওয়ার আগে পদচ্যুত করতে পারেন
(a) রাষ্ট্রপতি (b) রাষ্ট্রপতি, সংসদের সুপারিশে .(c) রাষ্ট্রপতি সুপ্রিম কোর্টের সুপারিশে (d) রাষ্ট্রপতি , ক্যাবিনেটের সুপারিশে

(10.) নিম্নলিখিত পদাধিকারীদের মধ্যে কার পদচ্যুতিতে সংসদের কোনও ভূমিকা থাকে না ?
(a) মুখ্য নির্বাচনী আধিকারিক .(b) সুপ্রিম কোর্টের বিচারপতি (c) হাই কোর্টের বিচারপতি (d)সুপ্রিম কোর্ট এবং হাই কোর্ট এর বিচারপতি

(11.) ইলেকশন কমিশনারগণ নিযুক্ত হন
(a) ভারতের সুপ্রীম কোর্টের প্রধান বিচারপতির দ্বারা (b) ভারতের রাষ্ট্রপতির দ্বারা .(c) ভারতের উপরাষ্ট্রপতির দ্বারা (d) ভারতের প্রধানমন্ত্রীর দ্বারা [ পি. এস. সি. ক্লার্কশিপ (প্রিলিম)'03 ]

(12.) ভারতের নির্বাচন কমিশন কার অধীনস্থ ?
.(a) রাষ্ট্রপতি .(b) সুপ্রিম কোর্ট .(c) প্রধানমন্ত্রী (d) উপরোক্ত কোনটিই নয়

(13.) নির্বাচন কমিশনাররা নিযুক্ত হন -

(a) 4 বছরের জন্য (b) 5 বছরের জন্য .(c) 6 বছরের জন্য (d) 7 বছরের জন্য

উত্তর

1.(b) ,2. (b), 3. (c) , 4.(c) , 5.(a) , 6.(d) , 7.(a) , 8.(d) ,9 (b), 10. (a) , 11.(b) , 12.(d) , 13.(b) ,

নির্বাচন সংক্রান্ত বিভিন্ন ধারা ও তাদের আলোচ্য বিষয় ঃ

- 324নং ধারা নির্বাচন পরিচালন , তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণের জন্য একটি নির্বাচন কমিশন গঠন করতে হবে
- 325নং ধারা জাতি , ধর্ম , বর্ণ ও স্ত্রী-পুরুষ নির্বিশেষে প্রত্যেক নাগরিকই নির্বাচন প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে পারবে
- 326নং ধারা লোকসভা এবং রাজ্য বিধানসবার সদস্য নির্বাচন করা হবে সার্বিক প্রাপ্তবয়স্কদের ভোটাধিকারের ভিত্তিতে
- 327নং ধারা কেন্দ্রীয় আইনসভার নির্বাচনের ক্ষেত্রে পার্লামেন্টের ব্যবস্থাগ্রহণের ক্ষমতা
- 328নং ধারা রাজ্য আইনসবার নির্বাচনের ক্ষেত্রে রাজ্য আইনসভার ব্যবস্থা গ্রহণের ক্ষমতা
- 329নং ধারা নির্বাচন সংক্রান্ত বিষয়ে আদালতের হস্তক্ষেপ করার ক্ষমতার উপর নিয়ন্ত্রণ আরোপ

# অধ্যায় ঃ 23
# অর্থ কমিশন

- **ভারতীয় সংবিধানের 280 নম্বর ধারায় অর্থকমিশন গঠনের কথা বলা হয়েছে ।**
- **প্রত্যেক 5 বছর অন্তর রাষ্ট্রপতি অর্থকমিশন নিয়োগ করেন** [রাষ্ট্রপতি ইচ্ছা করলে পাঁচ বছর পূর্ণ হওয়ার আগেও অর্থ কমিশন গঠন করতে পারেন । ]
- **অর্থকমিশন গঠিত হয় একজন চেয়ারম্যান ও আরও চারজন সদস্যকে নিয়ে ।**
- **ভারতের অঙ্গরাজ্যগুলি কেনদ্রীয় সরকারের থেকে কি পরিমাণ অর্থ পাবে সেই সম্পর্কে কেন্দ্রীয় সরকারকে পরামর্শদানই অর্থকমিশনের প্রধান কাজ ।**

**অর্থ কমিশনের সদস্য হওয়ার জন্য প্রয়োজনীয় যোগ্যতা ঃ**

- অর্থকমিশনের চেয়ারম্যান পদে এমন লোককেই নিঝুক্ত করা হয় যাঁর পাবলিক অ্যাফেয়ার্সে দীর্ঘ অভিজ্ঞতা আছে ।

চেয়ারম্যান ব্যতিরিকে অর্থকমিশনের অন্যান্য সদস্য হওয়ার জন্য প্রয়োজনীয় যোগ্যতা ঃ

- হাইকোর্টের বিচারপতি রূপে নিযুক্ত হওয়ার যোগ্যতা
- সরকারী আয় ব্যয় এবং অর্থ ব্যবস্থাপনা সম্পর্কিত বিশেষ জ্ঞান
- আর্থিক বিষয় এবং প্রশাসনিক কাজে দীর্ঘ অভিজ্ঞতা
- অর্থনীতিতে বিশেষ জ্ঞান

**পালনীয় দায়িত্ব ঃ**

- **(a) কর হিসাবে প্রাপ্ত টাকা কিভাবে কেন্দ্র ও রাজ্যের মধ্যে বিভাজিত হবে সে বিষয়ে নীতি নির্ধারণে রাস্ট্রপতিকে পরামর্শ প্রদান**
- **(b) ‘ ভারতের সঞ্চিত তহবিল ’ থেকে টাকা কিসের ভিত্তিতে রাজ্যগুলির কাছে ‘ গ্রান্টস-ইন-এইড ’রূপে যাবে সেই নীতি নির্ধারণ**
- **(c) রাষ্ট্রের প্রয়োজনে কোনও আর্থিক বিষয়ে যদি রাষ্ট্রপতি কোনও পরামর্শ চান তাহলে সেই পরামর্শ প্রদান**
- **অর্থ কমিশন তার রিপোর্ট পেশ করে রাষ্ট্রপতির কাছে , রাষ্ট্রপতি সেই প্রতিবেদন সংসদের উভয় কক্ষে প্রকাশ করেন ।**
- **আজ পর্যন্ত মোট 13টি অর্থকমিশন গঠিত হয়েছে। ত্রয়োদশ অর্থকমিশনের চেয়ারপার্সনের নাম ।**

## অনুশীলনী -23

### [উপজীব্য ঃ **অর্থ কমিশন** ]

(1.) কেন্দ্র ও রাজ্যের মধ্যে রাজস্ব বন্টিত হয় যে সংস্থার সুপারিশের ভিত্তিতে সেটি হল
(a) পরিকল্পনা কমিশন (b)অর্থ কমিশন (c) জাতীয় উন্নয়ন পর্ষদ (d) সরকারি হিসাব রক্ষা সংক্রান্ত কমিটি [ ডব্লু. বি. সি. এস. ( প্রিলিম ) '11 ]

(2.) অর্থ কমিশন তাঁদের বার্ষিক প্রতিবেদন পেশ করে -
(a) রাষ্ট্রপতির কাছে (b) লোকসভার অধ্যক্ষের কাছে .(c) প্রধানমন্ত্রীর কাছে (d) কেন্দ্রীয় অর্থমন্ত্রীর কাছে

(3.) ত্রয়োদশ অর্থ কমিশনের চেয়ারম্যানের নাম
.(a) বিজয় কেলকার .(b) বিনোদ রাই .(c) সি রঙ্গরাজন (d) ডি. সুব্বারাও

(4.) রাষ্ট্রপতি অর্থ কমিশন গঠন করেন -
(a) প্রতি দু'-বছর ছাড়া (b) প্রতি তিন বছর ছাড়া .(c) প্রতি চার বছর ছাড়া (d) প্রতি পাঁচ বছর ছাড়া [ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '11 ]

(5.) ভারতীয় সংবিধানের ........... নম্বর ধারা অনুযায়ী অর্থ কমিশন গঠিত হয়েছে
(a) 275 (b) 280 .(c) 282 (d) উপরোক্ত কোনটিই নয় ।[ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '07 ]

(6.) অর্থ কমিশন গঠিত হয় একজন সভাপতি ও -
(a) 4 জন সদস্য নিয়ে (b) 5 জন সদস্য নিয়ে .(c) 6 জন সদস্য নিয়ে (d) 7 জন সদস্য নিয়ে

(7.) ভারতের অর্থ কমিশন গঠনের কথা সংবিধানে উল্লিখিত হয়েছে । অর্থ কমিশনের সভাপতিকে নিয়োগ করেন
(a) প্রধানমন্ত্রী (b) রাষ্ট্রপতি .(c) প্রধান বিচারপতি (d) উপ-রাষ্ট্রপতি
[ ডব্লু. বি. সি. এস. ( প্রিলিম ) '06 ]

(8.) অর্থ কমিশনের সুপারিশ মানা -
(a) রাষ্ট্রপতির কাছে বাধ্যতামূলক (b) রাষ্ট্রপতির কাছে বাধ্যতামূলক নয় .(c) প্রথা হিসাবে পালনীয় (d) উপরোক্ত কোনটিই নয়

(9.) অর্থ কমিশনের চেয়াররম্যান সম্পর্কে নিম্নলিখিত কোন্ উক্তিটি সঠিক ?
.(a) তিনি হাইকোর্টের বিচারপতি হওয়ার যোগ্যতাসম্পন্ন হবেন .(b) এমন একজন ব্যক্তি যাঁর অর্থনীতিতে বিশেষ জ্ঞান থাকবে .(c) সরকারি কাজকর্ম বা প্রশাসনিক কাজকর্ম সম্পর্কে তাঁর গভীর জ্ঞান থাকবে (d) উপরোক্ত সব ক'টি গুণের অধিকারী হবে

(10.) অর্থ কমিশন হল :
(a) সরকারের বার্ষিক বাজেট তৈরী করার জন্য একটি সংস্থা (b) পঞ্চবার্ষিক পরিকল্পনার প্রয়োজনে আর্থিক সম্পদ সংগ্রহ করার জন্য একটি সংস্থা .(c) কেন্দ্র-রাজ্য আর্থিক সম্পর্ক পর্যালোচনা করার জন্য রাষ্ট্রপতি দ্বারা প্রতি পাঁচ বছর অন্তর নিযুক্ত একটি শাসনতান্ত্রিক সংস্থা (d) কেন্দ্র-রাজ্য আর্থিক সম্পর্ক পর্যালোচলা করার জন্য স্থায়ী সংস্থা [ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '08 ]

উত্তর

1.(b) , 2.(a) , 3.(a) , 4.(d) , 5.(b) , 6.(a) , 7.(b) , 8.(c) , 9.(d) , 10.(c)

# অধ্যায় ঃ 24
# ইউ. পি. এস. সি.

- ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশনে ক'জন সদস্য থাকবেন সেটি নির্ধারণ করেন রাষ্ট্রপতি ।
- বর্তমানে 'ইউ পি এস সি 'তে একজন চেয়ারম্যান এবং তিনি ছাড়াও আরও 8 জন সদস্য থাকেন ।
- ' ইউ পি এস সি 'র সদস্যদের টার্ম : 6 বছর । হয় 6 বছরের টার্মের শেষে অথবা 65 বছর বয়সে অবসরগ্রহণ করতে হয় ' ইউ পি এস সি 'র সদস্যদের ।
- কার্যকালের মেয়াদ পূর্ণ হওয়ার আগে , অর্থকমিশনের কোনও সদস্য স্বেচ্ছায় পদত্যাগ করতে পারেন ( পদত্যাগপত্র প্রেরণ করতে হবে রাষ্ট্রপতির কাছে ) ।
- সুপ্রিম কোর্টের নির্দেশের ভিত্তিতে ' মিসবিহেভিয়ার ' এর গ্রাউন্ডে , রাষ্ট্রপতি , টার্ম শেষ হওয়ার আগেই ' ইউ পি এস সি 'র এক বা একাধিক সদস্যকে ইমপিচ্ করতে পারে।

<u>পালনীয় দায়িত্ব</u>

- (a) সর্বভারতীয় ও কেন্দ্রীয় পরিষেবাগুলির জন্য কর্মী নিয়োগ সংক্রান্ত পরীক্ষাগুলির আয়োজন ও পরিচালনা করা
- (b) যে সব বিষয় কমিশনের কাছে উপস্থিত হবে এবং অন্য যে সব বিষয় রাষ্ট্রপতি কমিশনের কাছে উপস্থিত করবেন , সেইসব বিষয়ে কমিশন তার পরামর্শ দান করবে
- (c) সংসদ আইন প্রণয়ন করে কমিশনের ওপর অতিরিক্ত দায়িত্ব প্রদান করলে কমিশনকে তা পালন করতে হবে
- .(d) প্রতিবছর রাষ্ট্রপতির কাছে কমিশন তার কার্যাবলী সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন পেশ করে । রাষ্ট্রয়পতি সেই প্রতিবেদন প্রকাশ করেন সংসদের উভয়কক্ষে ।

## অনুশীলনী -24
[উপজীব্য ঃ ইউ. পি. এস. সি. ]

(1.) ভারতীয় সংবিধানের কত নম্বর ধারার অধীনে গঠিত হয়েছে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন ?
(a) 315 নং (b) 320 নং .(c) 325 নং (d) 335 নং

(2.) রাষ্ট্রপতি কেন্দ্রীয় রাষ্ট্রকৃত্যক কমিশনের সদস্যদের পদচ্যুত করতে পারেন কার পরামর্শে বা অনুমোদনক্রমে ?

(a) প্রধানমন্ত্রি (b) উপরাষ্ট্রপতি (c) সংসদ (d) সুপ্রিম কোর্ট

(3.) নিম্নের কোন্‌টি সর্বভারতীয় কৃত্যক নয় ?

(a) ভারতীয় পুল;ইশ কৃত্যক (b) ভারতীয় প্রশাসনিক কৃত্যক .(c) ভারতীয় বিদেশ কৃত্যক (d) ভধারতীয় অর্থনৈতিক কৃত্যক

(4.) ইউনিয়ন পাবলিক কমিশনের সদস্যরা কত বছর বয়সে অবসরগ্রহণ করেন ?

(a) 60 বছর (b) 62 বছর .(c) 64 বছর (d) 65 বছর [ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '00 ]

(5.) ভারতীয় সংবিধানের কত নম্বর ধারায় আমলাদের [ সিভিল সার্ভেন্ট ] সাংবিধানিক নিরাপত্তা [ কনস্টিটিউশনাল সেফগার্ডস্‌ ] র বিষয়টি আলোচিত হয়েছে ?

(a) 310 নং (b) 312 নং .(c) 311 নং (d) 315 নং

(6.) ভারতের সংবিধানে তিন প্রকারের কৃত্যকের কথা বলা হয়েছে , সেগুলো যথাক্রমে -

(a) নৌ , বিমান স্থল (b) অসামরিক , সামরিক ও আধা-সামরিক .(c) সর্বভারতীয় কত্যক , কেন্দ্রীয় কৃত্যক ও রাজ্য কৃত্যক (d) উপরোক্ত কোনটিই নয়

(7.) সর্বভারতীয় কৃত্যকের জন্য নিয়োগের দায়িত্ব ন্যস্ত আছে -

(a) কেন্দ্রীয় কৃত্যকের ওপর (b) রাষ্ট্রপতির ওপর .(c) সংসদের ওপর (d) কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর ওপর

(8.) কেন্দ্রীয় রাষ্ট্রকৃত্যক আয়োগের সদস্য হতে গেলে সংশ্লিষ্ট ব্যক্তির সরকারী কর্মচারীরূপে কত বছরের কাজের অভিজ্ঞতা আবশ্যক ?

(a) 5 বছর (b) 10 বছর (c) 15 বছর (d) 20 বছর

(9.) সর্বভারতীয় কৃত্যকের সদস্যদের নিয়োগ করেন

(a) প্রধানমন্ত্রী (b) রাষ্ট্রপতি .(c) কেন্দ্রীয় রাষ্ট্র কৃত্যক কমিশনের সভাপতি (d)ভারতের অ্যাটর্নি জেনারেল

(10.) ভারবে সর্বভারতীয় কৃত্যক তৈরী করা যায় -

(a) সংবিধান সংশোধনের মাধ্যমে (b) কেন্দ্রীয় রাষ্ট্রকৃত্যক কমিশনের সঙ্গে পরামর্শ করে কেন্দ্রীয় সরকার কর্তৃক .(c) সংসদ দ্বারা (d) কেরন্দরীয় মন্তরী সভার সুপারিশ অনুযায়ী রাষ্ট্রপতির দ্বারা

(11.) কেন্দ্রীয় রাষ্ট্রকৃত্যক কমিশন সৃষ্টি হয় -

(a) 1950 খ্রীষ্টাব্দে অধ্যাদেশের মাধ্যমে (b) সংসদীয় আইনের মাধ্যমে .(c) সংবিধান দ্বারা (d) 1947 খ্রীষ্টাব্দে ভারতীয় স্বাধীনতা আইন দ্বারা

(12.) কেন্দ্রীয় রাষ্ট্র কৃত্যক কমিশন কার কাছে বার্ষিক প্রতিবেদন পেশ করে ?

(a) রাষ্ট্রপতি (b) উপরাষ্ট্রপতি (c) প্রধানমন্ত্রী (d) সুপ্রিম কোর্ট

(13.) রাষ্ট্র কৃত্যক সম্পর্কিত বিষয়টি ভারতীয় সংবিধানের কোন্ ধারাগুলিতে আলোচিত হয়েছে ?

(a) 308 - 323 নং ধারা (b) 329-330 নং ধারা (c) 411 - 412 নং ধারা (d) 220 - 225 নং ধারা

(14.) কেন্দ্রীয় রাষ্ট্রকৃত্যক কমিশনের সদস্যদের পদচ্যুত করা যায় -

(a) প্রধানমন্ত্রীর দ্বারা (b) কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দ্বারা .(c) সুপ্রিমকোর্টের সুপারিশ অনুযায়ী রাষ্ট্রপতির দ্বারা (d) সংসদের সুপারিশ অনুযায়ী রাস্ট্রপতির দ্বারা

(15.) কোন্ ধারাবলে রাষ্ট্রপতি রাষ্ট্র কৃত্যক আয়োগের সদস্যদের পদচ্যুত করতে পারেন

(a) 312 নং ধারা .(b) 315 নং ধারা (c) 317 নং ধারা (d) 320 নং ধারা

(16.) কেন্দ্রীয় রাষ্ট্রকৃত্যক কমিশনকে অতিরিক্ত দায়িত্ব দেওয়া যায় ______________ সুপারিশক্রমে

(a) কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর (b) সংসদের .(c) কেন্দ্রীয় মন্ত্রীসভার (d) রাষ্ট্রপতি

(17.) সর্বভারতীয় কৃত্যক রাজ্যসভা গঠন করতে পারে যদি ঐ সম্পর্কিত প্রস্তাবটি রাজ্যসভায় পাশ হয় -

(a) সাধারণ সংখ্যাগরিষ্ঠতায় (b) দুই-তৃতীয়াংশ সংখ্যাগরিষ্ঠতায় (c) তিন-চতুর্থাংশ সংখ্যাগরিষ্ঠতায় (d) উপরোক্ত কোনটিই নয়

(18.) কেন্দ্রীয় রাষ্ট্রকৃত্যক কমিশন তাঁদের বাৎসরিক প্রতিবেদন পেশ করে -

(a) রাষ্ট্রপতির কাছে (b) প্রধানমন্ত্রীর কাছে .(c) সংসদের কাছে (d) কেন্দ্রীয় মন্ত্রীসভার কাছে

(19.) কোন্ ধারাবলে রাষ্ট্রপতি রাষ্ট্র কৃত্যক কমিশনের সদস্যদের পদচ্যুত করতে পারেন ?

(a) 312 নং ধারা (b) 315 নং ধারা (c) 317 নং ধারা (d) 320 নং ধারা

(20.) সংসদ কিভাবে জানতে পারে যে রাষ্ট্র কৃত্যক কমিশন এক বছরে কি কি কাজ করেছে ?
(a) সংসদ যে কোনও সময় রাষ্ট্র কৃত্যক কমিশনের চেয়ারম্যানকে নির্দেশ দিতে পারে তাদের কাজ কর্মের রিপোর্ট জমা দেওয়ার জন্য .(b) লোকসভার বাৎসরিক বাজেট পেশের পরে রাষ্ট্র কৃত্যক কমিশনের চেয়ারম্যান বাৎসরিক প্রতিবেদন পেশ করেন লোকসভার কাছে (c) বছরের যে কোনও একটি সময়ে রাষ্ট্র কৃত্যক কমিশনের চেয়ারম্যান বাৎসরিক প্রতিবেদন পেশ করেন আইনসভার উভয় কক্ষের কাছে (d) রাষ্ট্র কৃত্যক কমিশনের চেয়ারম্যান বাৎসরিক প্রতিবেদন পেশ করেন রাষ্ট্রপতির কাছে , রাষ্ট্রপতি সেই প্রতিবেদন পেশ করেন উভয় কক্ষের কাছে

(21.) স্টেট পাবলিক সার্ভিস কমিশনের সদস্যরা
(a) রাষ্ট্রপতির দ্বারা নিযুক্ত হন (b) রাজ্য-আইনসভার দ্বারা নির্বাচিত হন .(c) সংশ্লিষ্ট রাজ্যের রাজ্যপাল কতৃক নিযুক্ত হন (d) পি. এস. সি. র চেয়ারম্যানের দ্বারা নমিনেটেড হন
[ পি.এস.সি. মিসেলিনিয়াস (প্রিলিম) '98 ]

(22.) কেন্দ্রীয় রাষ্ট্রকৃত্যক কমিশন বর্তমানে গঠিত হয় একজন সভাপতি এবং
(a) 7 জন সদস্য নিয়ে (b) 8 জন সদস্য নিয়ে .(c) 9 জন সদস্য নিয়ে (d) 5 জন সদস্য নিয়ে

(23.) কেন্দ্রীয় রাষ্ট্রকৃত্যক কমিশনের সভাপতি নিযুক্ত হন -
(a) রাষ্ট্রপতির দ্বারা (b) প্রধানমন্ত্রীর দ্বারা .(c) কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী দ্বারা (d) উপরক্ত কোনটিই সঠিক নয়

(24.) কেন্দ্রীয় রাষ্ট্রকৃত্যক কমিশনের সদস্যরা নিযুক্ত হন -
(a) রাষ্ট্রপতির দ্বারা (b) প্রধানমন্ত্রীর দ্বারা .(c) কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী দ্বারা (d) কমিশনের সভাপতি দ্বারা

(25.) কেন্দ্রীয় রাষ্ট্রকৃত্যক মিশনের সদস্যরা স্বপদে আসীন থাকেন -
(a) রাষ্ট্রপতির ইচ্ছানুযায়ী (b) প্রধানমন্ত্রীর ইচ্ছানুযায়ী .(c) 70 বছর বয়স পর্যন্ত (d) 6 বছর অথবা 65 বছর বয়স পর্যন্ত

(26.) রাষ্ট্রপতির কাছে ইউ পি এস সি র চেয়ারম্যানকে পদচ্যুত করার অভিমত ব্যক্ত করতে পারে
(a) উপরাষ্ট্রপতি (b) সুপ্রিম কোর্ট (c) প্রধানমন্ত্রী (d) লোকসভার স্পিকার

উত্তরমালা

1. (a) , 2 .(d) , 3.(b) , 4.(d), 5.(c) , 6.(c) , 7. (a) , 8.(b) , 9.(b) , 10.(a) ,
11. (c) , 12.(a) , 13.(a), 14.(c), 15.(c),16.(b) ,17.(b) , 18.(c) , 19.(c) , 20.(d) ,
21. (c) , 22.(b) , 23.(a), 24.(a), 25.(d), 26.(b) ,

রাষ্ট্রকৃত্যক কমিশন সংক্রান্ত বিভিন্ন ধারা ও তাদের আলোচ্য বিষয় ঃ

- 315নং ধারা  কেন্দ্র ও রাজ্য সরকারগুলির জন্য রাষ্ট্রকৃত্যক কমিশন গঠন
- 316নং ধারা  রাষ্ট্রকৃত্যক কমিশনের সদস্যদের নিয়োগ ও চাকরীর শর্তাদির সংক্রান্ত বিষয়াদি
- 317নং ধারা  রাষ্ট্র কৃত্যক কমিশনের সদস্যদের পদচ্যুতি বা অপরারণ সম্পর্কিত বিষয়
- 318নং ধারা  রাষ্ট্র কৃত্যক কমিশনের সদস্য ও কর্মচারীদের চাকরীর শর্তাদির উপর নিয়ন্ত্রণ আরোপ
- 319নং ধারা  রাষ্ট্র কৃত্যক কমিশনের উপর নিয়ন্ত্রণ বা বিধিনিষেধ আরোপ
- 320নং ধারা  রাষ্ট্র কৃত্যক কমিশনের ভূমিকা ও কার্যাবলী
- 321নং ধারা  রাষ্ট্র কৃত্যক কমিশনের ভূমিকা ও কার্যাবলীর সম্প্রসারন । উল্লেখ্য পার্লামেন্ট আইন প্রণয়ন করে কমিশনের কার্যাবলী সম্প্রসারিত করতে পারে
- 322নং ধারা  রাষ্ট্রকৃত্যক কমিশনের ব্যয়ভার
- 323নং ধারা  রাষ্ট্রকৃত্যক কমিশনের প্রতিবেদন প্রদান

# অধ্যায় ঃ 25
# ক্যাগ

- **পার্লামেন্ট কর্তৃক নির্দিষ্ট আইনানুসারে অর্থের যথাযথ ব্যয় হচ্ছে কিনা তা দেখার জন্য সংবিধানের** 148 **নং ধারার অধীনে ভারতের ' নিয়ন্ত্রক ও মহাগণনা পরীক্ষক '** [ **কম্পট্রোলার এ্যান্ড অডিটার জেনারেল / ক্যাগ** ] **এর পদটি সৃষ্টি করা হয়েছে ।**
- **ক্যাগ রাষ্ট্রপতি কর্তৃক নিযুক্ত হন**
- **ক্যাগ এর টার্ম : ছ'বছর । এই টার্মের শেষে , অথবা টার্ম শেষ হওয়ার আগেই যদি তাঁর বয়স** 65 **বছর হয়ে যায় , তাহলে তখন তাঁকে অবসরগ্রহণ করতে হয় ।**
- **অবসরগ্রহণ এর আগে ,** ক্যাগ স্বেচ্ছায় পদত্যাগ করতে পারেন ( পদত্যাগপত্র প্রেরণ করতে হবে রাষ্ট্রপতির কাছে )
- নিয়ন্ত্রক ও মহাগণনা পরীক্ষককে তাঁর কার্যভার গ্রহণের আগে রাষ্ট্রপতির কাছে বা তাঁর পক্ষে নিযুক্ত অন্য কোনও ব্যক্তির কাছে গোপনীয়তা রক্ষার শপথ নিতে হয় । [ সংবিধানের ১৪৮(২) নং ধারা ]
- **অবসরগ্রহণ এর আগে , ক্যাগের পদচ্যুতির প্রস্তাব যদি সংসদের উভয় কক্ষে উপস্থিত ও ভোটদানকারী সদস্যদের দুই-তৃতীয়াংশ দ্বারা সমর্থিত হয় তাহলে তার ভিত্তিতে রাষ্ট্রপতি ক্যাগকে পনচ্যুত করতে পারেন ।**

- **আগে , ক্যাগকে হিসেব রক্ষণাবেক্ষণ [ অ্যাকাউন্ট মেইনটেনেন্স ] এবং নিরীক্ষণ [ অডিটিং ] দু'টি কাজই করতে হত ।** 1976 **সালে ক্যাগ কে অ্যাকাউন্ট মেইনটেনেন্স এর কাজ থেকে অব্যবহতি দেওয়া হয় । তার পর থেকে ক্যাগ শুধুমাত্র তাঁর অডিটিং সংক্রান্ত দায়িত্ব পালন করেন ।**

- বর্তমানে ক্যাগ এর মূল দায়িত্ব সরকারী অর্থ এর হিসাব পরীক্ষা করা । সরকারের ব্যয়-বরাদ্দের দাবির পরিপ্রেক্ষিতে সংসদ নির্দিষ্ট পরিমাণ অর্থ নির্দিষ্ট খাতে মঞ্জুর করে । সেই মমঞ্জুরীকৃত অর্থ নির্দিষ্ট খাতে ও উদ্দেশ্যে ব্যয় করা হচ্ছে কিনা তা তা পরীক্ষা করে দেখার দায়িত্ব ক্যাগের উপর ন্যস্ত থাকে । তিনি সংশ্লিষ্ট বাৎসরিক হিসাবপত্র পুঙ্খানুপুঙ্খভাবে পরীক্ষা করে দেখেন এবং তারপর তিনি সে বিষয়ে রাষ্ট্রপতির কাছে একটি প্রতিবেদন পেশ করেন ( এই প্রতিবেদনটি রাষ্ট্রপতি সংসদে পেশ করেন ) ।

অনুশীলনী -25

[উপজীব্য ঃ ক্যাগ ]

1.) ভারতের নিয়ন্ত্রক ও মহাগণনা পরীক্ষক কাজ করেন -

(a) জনগণের স্বাধীনতার রক্ষক হিসেবে (b) সরকারি অর্থের রক্ষক হিসেবে .(c) সরকারের মুখ্য আইনগত উপদেষ্টা হিসেবে (d) উপরোক্ত সবগুলিই

2.) ভারতের নিয়ন্ত্রক ও মহাগণনা পরীক্ষক নিযুক্ত হন -

(a) রাষ্ট্রপতি কর্তৃক (b) প্রধানমন্ত্রী কর্তৃক .(c) সংসদ কর্তৃক (d) কেন্দ্রীয় অর্থমন্ত্রক কর্তৃক

3.) ভারতের নিয়ন্ত্রক ও মহাগণনা পরীক্ষক স্বপদে থাকেন -

(a) সংসদের সন্তুষ্টি অনুযায়ী (b) 6 বছরের জন্য .(c) 5 বছরের জন্য (d) রাষ্ট্রতির সন্তুষ্টি অনুযায়ী

4.) ভারতের নিয়ন্ত্রক ও মহাগণনা পরীক্ষককে নির্দিষ্ট মেয়াদের আগেই পদচ্যূত করা যায় ট্ট

(a) প্রধানমন্ত্রীর দ্বারা (b) রাষ্ট্রপতির ইচ্ছা অনুযায়ী .(c) মন্ত্রীসভার সুপারিশ অনুযায়ী রাষ্ট্রপতি কর্তৃক (d) সংসদের সুপারিশ অনুযায়ী রাষ্ট্রতি কর্তৃক

5.) ভারতের নিয়ন্ত্রক ও মহাগণনা পরীক্ষকের বেতন ও ভাতা ধার্য থাকে -

(a) ভারতের সঞ্চিত তহবিলের ওপর (b) ভারতের আকস্মিক তহবিলের ওপর .(c) সাধারণ বাজেটে (d) উপরোক্ত কোনটিই নয়

6.) ভারতের নিয়ন্ত্রক ও মহাগণনা পরীক্ষকের কাজ হল -

(a) কেবল হিসাব পরীক্ষআ করা (b) আর্থিক বিষয়ে সরকারকে পরামর্শ দান .(c) আর্থিক বিষয়ে রাষ্ট্রপতিকে পরামর্শ দান (d) উপরোক্ত কোনটিই নয়

7.) ভারতের নিয়ন্ত্রক ও মহাগণনা পরীক্ষক তাঁর বার্ষিক প্রতিবেদন পেশ করেন -

(a) রাষ্ট্রপতির কাছে (b) প্রধানমন্ত্রীর কাছে .(c) সংসদের কাছে (d) পাবলিক অ্যাকাউন্টস্ কমিটির কাছে

8.) নিয়ন্ত্রক ও মহাগণনা পরীক্ষক কোন্ সংসদীয় কমিটির সাথে যুক্ত ?

(a) সরকারি হিসাব রক্ষা কমিটি (b) আনুমানিক ব্যয় হিসাব পরীক্ষা কমিটি .(c) সিলেক্ট কমিটি (d) উপরোক্ত কোনটিই নয়

(9)

1. কম্পট্রোলার অ্যান্ড অডিটর জেনারেলের বেতন ও ভাতা ভারতের সঞ্চিত তহবিলের ধার্য হয়

2. কম্পট্রোলার অ্যান্ড অডিটর জেনারেলের কার্যকালের মেয়াদ ছ 'বছর কিংবা পদাধিকারীর ৬৫ বছর বয়স

3. কম্পট্রোলার অ্যান্ড অডিটর জেনারেল অবসরগ্রহণের পর নিযুক্ত হতে পারেন ইউ. পি. এস. সি. র সদস্য অথবা চেয়ারম্যানের পদে

(a) 1 এবং 2 .(b) 1 এবং 3 (c) কেবলমাত্র 1 (d) কেবলমাত্র 2

(10.) নিম্নলিখিত কোন্‌টির মাধ্যমে সৃষ্ট হয়েছে কম্পট্রোলার অ্যান্ড অডিটর জেনারেলের পদ ?

(a) ভারতীয় সংবিধান .(b) ভারতীয় সংসদ (c) একটি রাষ্ট্রপতির জারি করা অধ্যাদেশ

(d) কেন্দ্রীয় ক্যাবিনেটের সর্বসম্মত প্রস্তাব

উত্তরমালা

1..(c) , 2..(a) , 3.(b) , 4. (d), 5.(a) , 6.(a) , 7. (a), 8. (a) , 9. (a), 10. (a) ,

ভারতের নিয়ন্ত্রক ও মহাগণনা পরীক্ষক সংক্রান্ত বিভিন্ন ধারা ও তাদের আলোচ্য বিষয় ঃ

- 148নং ধারা ভারতে জনগণের অর্থের আয়-ব্যয়ের যাথার্থ্য পরীক্ষার জন্য একজন ক্যাগ থাকবেন
- 149নং ধারা ক্যাগের ক্ষমতা ও কার্যাবলী
- 150নং ধারা কেন্দ্র ও রাজ্যসরকারগুলির হিসাবপত্র কিভাবে সংরক্ষিত হবে তা ক্যাগের পরামর্শ অনুসারে রাষ্ট্রপতি স্থির করবেন
- 151নং ধারা ক্যাগের অডিট রিপোর্ট

# অধ্যায় ঃ 26
# অ্যাটর্নি জেনারেল

সংবিধানের 76 নম্বর অনুচ্ছেদ অনুসারে সুপ্রিম কোর্টের বিচারক হওয়ার যোগ্য এরূপ কোনও ব্যক্তিকে রাষ্ট্রপতি ভারতের অ্যাটর্নি জেনারেল রূপে নিয়োগ করেন ।

অ্যাটর্নি জেনারেল , কেন্দ্রীয় সরকারের হায়েস্ট লিগাল অফিসার । তাঁকে নিয়োগ করেন রাষ্ট্রপতি ।
অ্যারর্নি জেনারেল ,

(a) আইন সংক্রান্ত বিশয়ে কোনও পরামর্শ চাইলে , তিনি সে বিষয়ে পরামর্শ দেন ।

(b) আইন সংক্রান্ত বিষয়ে কেন্দ্রীয় সরকার কর্তৃক নির্দিষ্ট নিয়মাআবলী তিনি পালন করেন ।

(c) কোনও মামলায় যদি কেন্দ্রীয় সরকার যদি যুক্ত থাকে তাহলে সুপ্রিম কোর্টে বা হাই কোর্টে তিনি কেন্দ্রীয় সরকারের পক্ষে ওকালতি করতে পারেন

(d) কোনও বিষয়ে সুপ্রীম কোর্টের কাছে রাষ্ট্রপতি পরামর্শ চাইলে সে বিষয়ে তিনি ভারত সরকারের প্রতিনিধিত্ব করেন ।

এটর্নি জেনারেলের কার্যকালের মেয়াদ রাষ্ট্রপতির সন্তুষ্টির ওপর নির্ভর করে ।

অনুশীলনী -26

[ উপজীব্য ঃ অ্যাটর্নি জেনারেল ]

1.) নিম্নোক্ত কোন্ আধিকারিক পার্লামেন্টের সদস্য না হয়েও পালরামেন্টের যে কোন কক্ষে আলোচনায় অংশগ্রহণ করতে পারেন ?

(a) উপরাষ্টরপতি (b) সলিসটর গেনারেল .(c) অ্যাটনী জেনারেল (d) সুপ্রীম কোর্টের প্রধান বিচারপতি
[ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '08 ]

2.) ভারতের অ্যাটর্নি জেনারেল নিযুক্ত হন

(a) সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতির দ্বারা (b) ভারতের রাষয়রপতি র দ্বারা .(c) সিম্পল মেজোরিটি ভোটের মাধ্যমে লোকসভার দ্বারা (d) প্রধানমন্ত্রীর দ্বারা [ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '99 ]

3.) ভারতের অ্যাটর্নি জেনারেল হলেন -

(a) কেন্দ্রীয় সরকারের সর্বোচ্চ আইন আধিকারিক (b) কেন্দ্রীয় সরকারের সর্বোচ্চ অর্থ বিষয়ক আধিকারিক (c) কেন্দ্রীয় সকরকারের সর্বোচ্চ আইন ও অর্থনৈতিক আধিকারিক (d) উপরোক্ত কোনটিই নয়

4.) অ্যাটর্নি জেনারেল স্বপদে থাকেন -

(a) সারাজীবনের জন্য (b) 5 বছরের জন্য .(c) রাষ্ট্রপতির সন্তুষ্টি অনুযায়ী (d) 6 বছরের জন্য

5.) অ্যাটর্নি জেনারেলের পদ সৃষ্টি হয়েছে -

(a) সংবিধান দ্বারা (b) সংবিধান সংশোধনের মাধ্যমে .(c) সংসদের দ্বারা (d) উপরোক্ত কোনটিই নয়

6.) অ্যাটর্নি জেনারেল নির্দিষ্ট মেয়াদের পূর্বে দত্যাগ করতে চাইলে তাঁর পদত্যাগ পত্র প্রেরণ করবেন

(a) প্রধানমন্ত্রীকে (b) রাষ্ট্রপতিকে .(c) সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতিকে (d) লোকসভার অধ্যক্ষকে

7.) ভারত সরকারের মুখ্য আইনগত পরামর্শদাতা কে ?

(a) অ্যাটর্নি জেনারেল (b) ক্যাগ .(c) সুপ্রিম কোর্টের চিফ জাস্টিস (d) মুখ্য নির্বাচন কমিশনার

(8.) নিম্নলিখিত পদাধিকারীদের মধ্যে কার স্বপদে অবস্থান রাষ্ট্রপতি বা সংশ্লিষ্ট রাজ্যপালের সন্তুষ্টির উপর নির্ভরশীল ?

(a) সুপ্রিম কোর্টের বিচারপতি .(b) হাইকোর্টের বিচারপতি (c) কম্প্রট্রোলার অ্যান্ড অডিটর জেনারেল (d) অ্যাটর্নি জেনারেল

উত্তরমালা

1. (c) ,2..(b) , 3. (a) , 4.(c) , 5 .(a), 6.(b) , 7.(a) , 8.(d)

..........................................................................................................

# অধ্যায় ঃ 27
# পঞ্চায়েতীরাজ

**পঞ্চায়েজীরাজ সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্য ঃ**

(a).

- এটি একটি শাসনতান্ত্রিক ব্যবস্থা ( administrative structure )
- প্রথম প্রবর্তিত হয় রাজস্থানে , 1959 সালে ; যে আদর্শের ওপর প্রতিষ্ঠিত পঞ্চায়েতীরাজ তা হল গণতান্ত্রিক বিকেন্দ্রীকরণ ।
- মেঘালয় , লাক্ষাদ্বীপ ,নাগাল্যান্ড ও মিজোরাম ( $LM^2N$ )- এই চারটি রাজ্যে এখনও পর্যন্ত পঞ্চায়েতী রাজ প্রবর্তিত হয় নি ।
- ভারতে পঞ্চায়েতীরাজ - একটি ত্রিস্তর ব্যবস্থা ( three tier system ) ; একমাত্র ব্যতিক্রম - দাদরা ও নগর হাভেলি , যেখানে পঞ্চায়েতী রাজ একটি দ্বিস্তর ব্যবস্থা ( two tier system ) ।
- পশ্চিমবঙ্গের পঞ্চায়েত সমিতির সংখ্যা - 341

(b).

- গ্রামীণ স্বায়ত্ত্বশাসনের একটি উল্লেখযোগ্য দিক হল পঞ্চায়েতি ব্যবস্থা । ভারতী সংবিধানের 40 নং অনুচ্ছেদে পঞ্চায়েত ব্যবস্থা গঠনের উল্লেখ ছিল । এই নির্দেশমূলক নীতি অনুযায়ী গ্রামীণ পঞ্চায়েত ব্যবস্থা গঠনের জন্য সরকার বিভিন্ন পদক্ষেপ নেয় ।
- 1956 খ্রীষ্টাব্দে জাতীয় উন্নয়ন পর্ষদ বলবন্ত রাই জি মেহেতা কমিটি গঠন করে যার দায়িত্ব ছিল জনসাধারণের উন্নয়ন পরিকল্পনা এবং জাতীয় বর্ধিত সেবার ভালো কাজের জন্য প্রস্তাব দেওয়া ।
- এই কমিটি 1957 খ্রীষ্টাব্দে তার রিপোর্টে যেসব সুপারিশ করে সেগুলি অনুমোদন পায় 1958 সালে এবং উক্ত সুপারিশগুলির ভিত্তিতেই ।
- 1959 খ্রীষ্টাব্দের 2 রা অক্টোবর , রাজস্থানে , স্বাধীন ভারতে প্রথম পঞ্চায়েতী রাজের সূচনা হয় ।

**(c).পঞ্চায়েতীরাজ-ব্যবস্থার গঠন ও কার্যাবলী ঃ**

ত্রিস্তর পঞ্চায়েত ব্যবস্থার , তিনটি স্তরে থাকে -

- (গ্রাম স্তরে) গ্রাম পঞ্চায়েত
- (ব্লক স্তরে) পঞ্চায়েত সমিতি
- (জেলা স্তরে) জেলা পরিষদ

**(i) গ্রাম পঞ্চায়েত ঃ**

- গ্রাম পঞ্চায়েতের সদস্যসংখ্যা 5 থেকে 30 জন হতে পারে । সংরক্ষণের নিয়মানুযায়ী এই আসনগুলির মধ্যে কিছু আসন সংরক্ষিত তাকে তপশিলি জাতি ও উপজাতি সম্প্রদায় এবং মহিলাদের জন্য ।
- গ্রাম পঞ্চায়েতের সদস্যরা জনসাধারণের প্রত্যক্ষ বোটে নির্বাচিত হন ।
- নির্বাচিত সদস্যগণ প্রথম সভায় নিজেদের মধ্যে থেকে একজনকে সরপঞ্চ বা প্রধান এবং একজনকে উপ-সরপঞ্চ বা উপপ্রধান নির্বাচিত করেন ।
- গ্রাম পঞ্চায়েতকে গ্রামসভার কাছে তার কাজের জবাদিহি করতে হয় ।
- গ্রাম পঞ্চায়েত যে ধরনের উন্নয়নমূলক কাজে যুক্ত থাকে সেগুলি হল - স্বাস্থ্য ব্যবস্থার উন্নয়ন , রাস্তা ঘাট নির্মাণ , টিউবওয়েল বা কূপ খনন , জলনিকাশি ব্যবস্থার উন্নন , পুকুর খনন , রাস্তাঘাট আলোকিত করা , শিক্ষাপ্রতিষ্ঠান নির্মাণ ও রক্ষণাবেক্ষণ , কৃষির উন্নয়ন , হস্ত ও কূটীরশিল্পের প্রসার
- গ্রাম পঞ্চায়েত এলাকার সমস্ত নির্বাচকদের নিয়ে গ্রামসভা গঠিত হয় ।
- গ্রামসভা গ্রাম পঞ্চায়েতের কাজের ওপর নজরদারি করে এবং পঞ্চায়েতের কাজকর্ম সঠিক পথে পরিচালিত করার জন্য নির্দেশিকাও দেয় ।
- গ্রামসভা সাধারণত বছরে দু'বার মিলিত হ এবং পঞ্চায়েতের ব্যয় পরীক্ষা করে ও বিভিন্ন উন্নুনমূলক পরিকল্পনা অনুমোদন করে ।
- গ্রাম পঞ্চায়েতের আয়ের উৎস হল গ্রামীণ এলাকার বিভিন্ন কর । তবে এই করের পরিমাণ অতি সামান্য , ফলে গ্রাম পঞ্চায়েতকে তার উন্নয়নমূলক কাজের জন্য সরকারি অনুদানের ওপর নির্ভর করতে হয় ।

(ii) পঞ্চায়েত সমিতি :

- গ্রাম পঞ্চায়েত এবং জেলা পরিষদের মধ্যবর্তী স্তর হল পঞ্চায়েত সমিতি ।
- পঞ্চায়েত সমিতি নির্বাচিত ও পদাধিকারবলে সদস্যপদপ্রাপ্ত সদস্যদের নিয়ে গঠিত হয় ।
- পঞ্চায়েত সমিতির নির্বাচিত সদস্যগণ জনসাধারণ কর্তৃক প্রত্যক্ষভাবে নির্বাচিত হন । সংরক্ষণের নিয়মানুযায়ী পঞ্চায়েত সমিতির কিছু আসন সংরক্ষিত তাকে তপশিলি জাতি ও উপজাতি সম্প্রদায় এবং মহিলাদের জন্য । পদাধিকারবলে পঞ্চায়েত সমিতির সদস্যপদ প্রাপকরা হলেন - সংশ্লিষ্ট ব্লকের অন্তর্গত প্রতিটি গ্রাম পঞ্চায়েতের প্রধান , ব্লকের অন্তর্গত লোকসভা , রাজ্যসভা ও বিধানসভার সদস্যগণ [ মন্ত্রীগণ ব্যতিরিকে ] এবং ব্লকের অন্তর্গত জেলাপরিষদের সদস্যগণ [ সভাধিপতি ও সহসভাধিপতি ব্যতিরিকে ] ।
- পঞ্চায়েত সমিতির পালনীয় দাইত্বগুলির মধ্যে অন্যতম - কৃষির উন্নয়ন , ক্ষুদ্র ও কূটীর শিল্পের প্রসার , গ্রামীণ ঋণদানব্যবস্থার সম্প্রসারণ , ক্ষুদ্র সেচ ব্যবস্থার উন্নয়ন , শিক্ষার প্রসার , জনস্বাস্থ্য ব্যবস্থার উন্নয়ন , রাস্তাঘাট নির্মাণ ইত্যাদি এবং পঞ্চায়েত সমিতির অন্তর্গত গ্রামপঞ্চায়েতগুলির মধ্যে সমন্বয়সাধন । এছাড়াও রাজ্যসরকার কোনও দায়িত্ব আরোপ করলে তাও পালন করতে হয় পঞ্চায়েত সমিতিকে ।

(iii) জেলা পরিষদ ঃ

- গ্রামীণ স্বায়ত্বশাসনব্যবস্থা বা পঞ্চায়েত ব্যবস্থার সর্বোচ্চ স্তর হল জেলা পরিষদ ।
- প্রতিটি জেলায় একটি করে জেলা পরিষদ থাকে ।
- জেলা পরিষদ নির্বাচিত সদস্য ও পদাধিকারবলে সদস্যপদ প্রাপ্ত সদস্যদের নিয়ে গঠিত হয় । নির্বাচিত সদস্যগণ প্রত্যক্ষভাবে জনগণ দ্বারা নির্বাচিত হন । সংরক্ষণের নিয়মানুযায়ী জেলা পরিষদের কিছু আসন সংরক্ষিত তাকে তপশিলি জাতি ও উপজাতি সম্প্রদায় এবং মহিলাদের জন্য ।
- পদাধিকারবলে জেলা পরিষদের সদস্যপদ প্রাপকরা হলেন - জেলা থেকে নির্বাচিত লোকসভা , রাজ্যসভা ও বিধানসভার সদস্যগণ [ মন্ত্রী ব্যতিরিকে ] এবং জেলার অন্তর্গত পঞ্চায়েত সমিতির সভাপতিগণ
- জেলাপরিষদের পালনীয় দায়িত্বগুলির মধ্যে অন্যতম - কৃষি ও গবাদিপশু পালন সংক্রান্ত উন্নয়ন , শিল্পোন্নয়ন ও সমবায় গঠন , গ্রামীণ ঋণদান ব্যবস্থা , সেচ ও জলসরাবরাহ , জনস্বাস্থ্য , যোগাযোগ ব্যবস্থা ও শিক্ষার উন্নয়ন ও প্রসার এবং বিভিন্ন জনকল্যাণ প্রকল্পের রূপায়ন । এছাড়াও রাজ্য সরকার কোনও দায়িত্ব অর্পণ করলে সেটাও পালন করতে হয় ।

(d).

গ্রাম পঞ্চায়েত , পঞ্চায়েত সমিতি এবং জেলা পরিষদ - সবক'টি পঞ্চায়েত প্রতিষ্ঠানের টার্ম 5 বছর । রাজ্য সরকার মনে করলে এই মেয়াদ এককালীন ছ'মাস বাড়াতে পারেন ।

অনুশীলনী -27.(a)

[উপজীব্য ঃ পঞ্চায়েতীরাজ ]

1.) পঞ্চায়েতী রাজ গঠিত হয়েছে

(a) গ্রামস্তরে (b) গ্রাম ও ব্লকস্তরে .(c) গ্রাম , ব্লক ও জেলা স্তরে (d) গ্রাম , ব্লক , জেলা ও রাজ্যস্তরে [ পি. এস. সি. ক্লার্কশিপ (প্রিলিম) '04 ]

2.) পশ্চিমবঙ্গে জিলা পরিষদের সভাপতির পদমর্যাদা

(a) ক্যাবিনেট মন্ত্রী (b) রাষ্ট্রমন্ত্রী .(c) জিলাশাসক (d) মুখ্যসচিব

[ পি. এস. সি. ক্লার্কশিপ (প্রিলিম) '00 ]

3.) শাসনতন্ত্রের কোন্ অংশে রাষ্ট্রকে পঞ্চায়েতীরাজ ব্যবস্থা প্রবর্তন করতে বলা হয়েছে ?

(a) প্রস্তাবনা (b) রাষ্ট্রের নির্দেশমূলক নীতি .(c) মৌলিক অধিকার (d) উপরোক্ত কোনটিই নয় [ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '08 ]

4.) শাসনতন্ত্রের কোন্ সংশোধনে পঞ্চায়েতকে শাসনতান্ত্রিক মর্যাদা দেওয়া হয়েছে ?

(a) 56তম সংশোধন (b) 73 তম সংশোধন .(c) 74 তম সংশোধন (d) 76 তম সংশোধন

[ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '08 ]

5.) গ্রাম সভা গঠন আবশ্যক করা হয় কত তম সংবিধান সংশোধনীর মাধ্যমে

(a) 71 তম (b) 72 তম .(c) 73 তম (d) 74 তম [ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '01 ]

6.) পঞ্চায়েতী রাজের কোনও নির্বাচিত সভার কার্যকাল

(a) 1 বছর (b) 3 বছর .(c) 4 বছর (d) 5 বছর [ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '01 ]

7.) সমষ্টি উন্নয়ন প্রকল্পের উদ্দেশ্য

(a) গ্রামবাসীদের শিক্ষার সুযোগ-সুবিধা দেওয়া (b) গ্রামবাসীদের চিকিৎসার সুযোগ-সুবিধা দেওয়া .(c) গ্রামাঞ্চলে সম্পদের পর্যাপ্ত ও সুষ্ঠ ব্যবহার (d) পূর্ণাঙ্গ গ্রামোন্নয়ন [ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '01 ]

8.) ভারতে পঞ্চায়েত এর কত শতাংশ আসন মহিলাদের জন্য সংরক্ষিত

(a) এক-পঞ্চমাংশ (b) এক-ষষ্ঠাংশ .(c) এক-তৃতীয়াংশ (d) এক-চতুর্থাংশ

[ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '99 ]

9.) পঞ্চায়েত সমিতি অধীনে থাকে

(a) একটি গ্রাম (b) কয়েকটি গ্রাম .(c) ব্লক (d) জিলা [ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '99 ]

10.) স্বাধীন ভারতে কোন্ রাজ্যে সর্বপ্রথম পঞ্চায়েতী রাজ প্রবর্তিত হয়েছিল

(a) উ: প্রদেশ (b) বিহার .(c) রাজস্থান (d) কেরালা [ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '00 ]

11.) নিম্নলিখিত কোন্ রাজ্যে 1947 সালের পূর্বে পঞ্চায়েতী রাজ এর অস্তিত্ব ছিল ?

(a) মহারাষ্ট্র (b) গুজরাট .(c) তামিলনাড়ু (d) উপরোক্ত সবক'টি

[ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '00 ]

12.) একটি কমিউনিটি ডেভেলপমেন্ট ব্লকের আওতায় থাকে

(a) 1 টি গ্রাম (b) প্রায় 20 টি গ্রাম .(c) প্রায় 100 টি গ্রাম (d) প্রায় 200 টি গ্রাম

[ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '00 ]

13.) পঞ্চায়েতের ক্ষমতা ও দায়িত্ব পরিবর্তন করতে পারেন

(a) রাষ্ট্রপতি (b) সংশ্লিষ্ট রাজ্য সরকার .(c) সংশ্লিষ্ট রাজ্যের রাজ্যপাল (d) কেন্দ্রীয় সরকার

[ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '00 ]

14.) কমিউনিটি ডেভলপমেন্ট প্রোগ্রামের ক্ষেত্রে সরকার দেয়

(a) শুধুমাত্র আর্থিক সহায়তা (b) শুধুমাত্র প্রযুক্তিগত সহায়তা .(c) a এবং b উভয়ই (d) a অথবা b এর কোনটিই নয় [ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '00 ]

15.) সাধারণত গ্রামসভার সদস্য বলতে কাদের বোঝায় ?

(a) গ্রামের প্রতিটি পরিবারের প্রধান ব্যক্তিদের (b) গ্রামের সমস্ত ভোটারদের .(c) গ্রামের প্রাপ্ত বয়স্ক পুরুষদের (d) মনোনীত সদস্যদের [ পি.এস.সি. মিসেলিনিয়াস (প্রিলিম) '07 ]

16.) পশ্চিমবঙ্গে পঞ্চায়েত নির্বাচনে মহিলাদের জন্য সংরক্ষিত আসন সংখ্যা

(a) 20 % (b) 33 % (c) 30 % (d) 50 % [ ডব্লু. বি. সি. এস. ( প্রিলিম ) '06 ]

17.) বর্তমানে পশ্চিমবঙ্গে পঞ্চায়েত সমিতির সংখ্যা কত ?

(a) 341 (b) 344 .(c) 333 (d) 334 [ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '07 ]

18.) ব্লকস্তরে পঞ্চায়েতীরাজ প্রতিষ্ঠানকে ...... বলা হয়

(a) গ্রাম পঞ্চায়েত (b) পঞ্চায়েত সমিতি .(c) জিলা পরিষদ (d) উপরোক্ত কোনটিই নয়

[ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '07 ]

19.) পশ্চিমবঙ্গ সরকার .............. সাল থেকে স্থানীয় প্রতিষ্ঠানগুলির জন্য গণতান্ত্রিক নির্বাচনের ব্যবস্থা করেন

(a)1977 (b) 1978 .(c) 1979 (d) 1980 [ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '07 ]

20.) ভারতের পঞ্চায়েতীরাজ ব্যবস্থায় কোন্ স্তরে থাকে পঞ্চায়েত সমিতি ?

(a) রাজ্য স্তর (b) জেলা স্তর .(c) গ্রাম স্তর (d) ব্লক স্তর [ পি. এস. সি. ক্লার্কশিপ (প্রিলিম) '99 ]

21.) সমাজ উন্নয়ন কর্মসূচী আরম্ভ হয়

(a) 1952 সালে (b) 1956 সালে .(c) 1972 সালে (d) 1980 সালে

[ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) , '99 ]

22.) বলবন্ত রাই মেহেতা কমিটি নিযুক্ত হয়েছিল

(a)সমাজ উন্নয়ন কর্মসূচী সমীক্ষা করার জন্য (b) জাতীয় নিরাপত্তা নীতি নির্ণয়ের জন্য .(c) শিশু কল্যাণ পরিকল্পনা রচনা করার জন্য (d) শ্রমিক কল্যাণ প্রকল্প প্রস্তুত করার জন্য

[ ডব্লু. বি. সি. এস. ( প্রিলিম ) '06 ]

23.) পঞ্চায়েতের সংজ্ঞা পাওয়া যায় ভারতীয় সংবিধানের ........................ নম্বর ধারায়

(a) 243 (b) 244 .(c) 245 (d) 246 [ পি. এস. সি. মিসেলিনিয়াস (প্রিলিম) '03 ]

24.) সমষ্টি উন্নয়ন সংগঠিত হয় ...................... এর ভিত্তিতে

(a) জনসংখ্যা (b) সম্প্রদায় .(c) এলাকা (d) উপরোক্ত কোনটিই নয়

[ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '05 ]

25.) নিম্নলিখিতগুলির মধ্যে কোন্‌টি গ্রাম পঞ্চায়েতের আয়ের উৎস নয় ?

(a) সরকারের অনুদান (b) আয় কর .(c) জমির উপর স্থানীয় কর (d) বাড়ি কর

[ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '05 ]

26.) স্বাধীন ভারতে পঞ্চায়েতীরাজ ব্যবস্থা প্রথম প্রবর্তিত হয় কত সালে ?

(a) 1959 (b) 1951 .(c) 1952 (d) 1957 [ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '05 ]

27.) ত্রিস্তর পঞ্চায়েতীরাজ ব্যবস্থার মধ্যবর্তী স্তর কোন্‌টি ?

(a) গ্রাম পঞ্চায়েত (b) জেলা পরিষদ .(c) পঞ্চায়েত সমিতি (d) ইউনিয়ন বোর্ড

[ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '09 ]

28.) পঞ্চায়েত ভোট অনুষ্ঠিত করার সিদ্ধান্ত নেয়

(a) জেলা ম্যাজিস্ট্রেট (b) রাজ্য সরকার .(c) কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রক (d) ইলেকশন কমিশন

[ ডব্লু. বি. সি. এস. ( প্রিলিম ) '09 ]

29.) পঞ্চায়েতগুলি

(a) কেবল কর ধার্য করতে পারে (b) কোনও কর ধার্য করতে পারে না (c)কেবল সরকারি অনুদান পায় (d) কর , শুল্ক , তোলা ও ফী ধার্য ও আদায় করতে পারে [ ডব্লু. বি. সি. এস. ( প্রিলিম ) '11 ]

উত্তরমালা

1.(c), 2.(b), 3.(b) , 4.(b), 5.(c) , 6.(d) , 7. (d) ,8.(c), 9.(c), 10.(c) ,
11.(c) ,12. (c) ,13. (b) ,14. (c) ,15. (b) ,16. (b),17. (a),18.(b) ,19. (b), 20.(d) ,
21.(a) ,22. (a) , 23. (a) ,24. (a) ,25. (b) , 26.(a) , 27.(c) , 28. (b) , 29. (d).

## অনুশীলনী -27.(b)

[উপজীব্য ঃ **পঞ্চায়েতীরাজ** ]

(1.) পঞ্চায়েত সমিতির সদস্যগণ-

(a) জনগণ কর্তৃক প্রত্যক্ষভাবে মনোনীত হন (b) পঞ্চায়েত সদস্যদের দ্বারা নির্বাচিত হন .(c) জেলা আধিকারিক কর্তৃক নিযুক্ত হন (d) উপরোক্ত কোনটিই সঠিক নয়

(2.) অশোক মেহেতা কমিটি সুপারিশ করে -

(a) ত্রিস্তরবিশিষ্ট পঞ্চায়েত ব্যবস্থা (b) ত্রিস্তর পঞ্চায়েত ব্যবস্থার পরিবর্তে দ্বিস্তর পঞ্চায়েত ব্যবস্থা .(c) ত্রিস্তর পঞ্চায়েত ব্যবস্থার পরিবর্তে চতুস্তর পঞ্চায়েত ব্যবস্থা (d) উপরোক্ত কোনটিই নয়

(3.) পঞ্চায়েত নির্বাচনের সময়সীমা স্থির করে -

(a) জেলা শাসক (b) রাজ্য সরকার .(c) রাজ্য নির্বাচন কমিশন (d) ক্ষমতাসীন পঞ্চায়েত সমিতি

(4.) ব্লক উন্নয়ন আধিকারিক কার অধীনে কাজ করেন ?

(a) পঞ্চায়েত প্রধান (b) রাজ্যপাল (c) জেলা সভাধিপতি (d) জেলাশাসক

(5.) 74 তম সংবিধান সংশোধনীর মাধ্যমে দ্বাদশ তফশিলে মিউনিসিপালিটির কর্তব্য বা দায়িত্ব রূপে মোট ক'টি বিষয়কে অন্তর্ভুক্ত করা হয়েছে ?

(a) 11 (b) 16 (c)18 (d) 20

(6.) নিম্নলিখিত রাজ্যগুলির মধ্যে কোন্‌টিতে পঞ্চায়েতীরাজ ব্যবস্থায় তফশিলভুক্ত জাতির লোকেদের জন্য কোনও সংরক্ষণ নেই ?

(a) রাজস্থান (b) আসাম (c) অরুণাচল প্রদেশ (d) সিকিম

(7.) বর্তমানে পশ্চিমবঙ্গের জেলা পরিষদের সংক্যা হল

(a) 16 টি (b) 17 টি (c) 18 টি (d) 19 টি

(8.) কত খ্রীষ্টাব্দে প্রথম পঞ্চায়েত নির্বাচন অনুষ্ঠিত হয় ?

(a) 1976 (b) 1978 (c) 1980 (d) 1981

(9.) পঞ্চায়েত সমিতির সভা কে আহ্বান করেন ?

(a) গ্রামপ্রধান .(b) সভাপতি (c) সভাধিপতি (d) রাজ্যপাল

(10.) নিম্নলিখিত কোন্ কেন্দ্রশাসিত অঞ্চলে দ্বিস্তরবিশিষ্ট পঞ্চায়েতীরাজ ব্যবস্থা আছে ?
(a) চন্ডীগড় (b) দিল্লি .(c) দমন ও দিউ (d) দাদরা ও নগর হাভেলি

(11.) পশ্চিমবঙ্গে বর্তমানে মোট ব্লকের সংখ্যা -
(a) 341 (b) 241 (c) 141 (d) 441

(12.) পঞ্চায়েতী রাজের নিরিখে ভারতের প্রত্যেকটি অঙ্গরাজ্যে সম্পর্কে কোন্ উক্তিটি সঠিক
.(a) প্রত্যেকটি অঙ্গরাজ্যে ত্রিস্তর পঞ্চায়েতব্যবস্থা বাধ্যতামূলক .(b) প্রত্যেকটি অঙ্গরাজ্যে দ্বিস্তর পঞ্চায়েতব্যবস্থা বাধ্যতামূলক .(c) কোনও কোনও অঙ্গরাজ্যকে ত্রিস্তর ব্যবস্থা থেকে ছাড় দেওয়া হয়েছে
অঙ্গরাজ্যগুলির পক্ষে এটি ঐচ্ছিক

(13.) নতুন পঞ্চায়েত আইন ( 1992 ) অনুসারে পঞ্চায়েত ব্যবস্থার মধ্যবর্তী স্তরটি গঠন করা যায় না যদি কোনও রাজ্যের মোট জনসংখ্যা
(a) 20 লক্ষের কম হয় (b) 30 লক্ষের কম হয় (c) 50 লক্ষের কম হয় (d) 60 লক্ষের কম হয়

(14.) কাকে ভারতীয় স্বায়ত্ত্বশাসনব্যবস্থার জনক বলে মনে করা হয় ?
.(a) লর্ড মেয়ো .(b) আচার্য বিবোবা ভাবে .(c) লর্ড রিপন (d) মহাত্মা গান্ধী

(15.) গ্রাম পঞ্চায়েতের দু'টি মিটিং বা সভার মধ্যে সর্বোচ্চ সময়ের ব্যবধান কত হতে পারে ?
(a) 1 মাস (b) 2 মাস (c) 3 মাস (d) ছ'মাস

(16.) পঞ্চায়েত ও পৌর নির্বাচন কারা পরিচালনা করে ?
.(a) রাজ্য সরকার .(b) কেন্দ্রীয় সরকার .(c) রাজ্য নির্বাচন কমিশন (d) কেন্দ্রীয় নির্বাচন কমিশন

(17.) মিউনিসিপাল কর্পোরেশন থাকতে হলে একটি শহরের ন্যূনতম জনসংখ্যা কত হতে হয় ?
.(a) 1 লাখ .(b) 12 লাখ .(c) 10 লাখ (d) 15 লাখ

(18.) ভারতে কোথায় প্রথম মিউনিসিপাল কর্পোরেশন প্রতিষ্ঠিত হয় ?
.(a) মুম্বাই .(b) দিল্লি .(c) চেন্নাই (d) কলকাতা

(19.) মিউনিসিপাল কর্পোরেশনের কার্যনির্বাহী প্রধান কে ?

.(a) মেয়র .(b) কমিশনার .(c) সচিব (d) উপ মেয়র

(20.) ত্রিস্তর পঞ্চায়েতী রাজ ব্যবস্থার প্রয়োগের ক্ষেত্রে নিম্নলিখিত কোন্ তথ্যটি সঠিক ?

.(a) এটি সমস্ত রাজ্যেই সমানভাবে প্রযোজ্য

.(b) এটি কেবলমাত্র সেই রাজ্যগুলিতেই প্রযোজ্য যেখানে লোকসংখ্যা 50 লাখের বেশী .(c) 20 লক্ষের নীচে জনসংখ্যা হলে সেখানে এই ব্যবস্থা চালু করার বাধ্যবাধকতা নেই (d) উপরোক্ত কোনও তথ্যই সঠিক নয়

(21.) ভারতীয় সংবিধানের কত নম্বর ধারায় গ্রাম সভার কথা বলা হয়েছিল ?

(a) 243 (A) .(b) 243 (B) (c) 243 (C) (d) 243 (D)

(22.) কোন্‌টি পঞ্চায়েতের আয়ের সব থেকে বড়ো উৎস ?

.(a) স্থানীয় কর .(b) আঞ্চলিক অর্থ .(c) রাজ্য সরকারের অনুদান (d) কেন্দ্রীয় সরকারের কর থেকে প্রাপ্ত অংশ

(23.) পশ্চিমবঙ্গের মোট মহকুমার সংখ্যা কত ?

(a) 66 টি (b) 78 টি (c) 50 টি (d) 55 টি

(24.) পশ্চিমবঙ্গে মোট মহকুমার সংখ্যা কত ?

(a) 66 (b) 78 (c) 50 (d) 55

(25.) বর্তমানে পশ্চিমবঙ্গে জেলা পরিষদের সংখ্যা

(a) 16 (b) 17 (c) 18 (d) 19

(26.) ‘ গ্রামসভা ’ কোনস্তরে গঠন করা হয় ?

(a) গ্রামস্তরে (b) ব্লকস্তরে (c) জেলা স্তরে (d) রাজ্য স্তরে

(27.) কোনও গ্রাম পঞ্চায়েতের সদস্য সংখ্যা কে স্থির করেন ?

(a) মুখ্য মন্ত্রী (b) রাজ্যপাল (c) পঞ্চায়েত মন্ত্রী (d) রাজ্যসরকার নিযুক্ত বারপ্রাপ্ত অফিসার

(28.) পশ্চিমবঙ্গের কোন্ দু’টি জেলায় জেলাপরিষদ নেই ?

(a) কলকাতা ও শিলিগুড়ি (b) শিলিগুড়ি ও দার্গিলিং (c) কলকাতা ও দার্গিলিং (d) কলকাতা ও হাওড়া

(29.) গ্রামের আর্থিক উন্নয়নের জন্য কোন্ প্রকল্প অগ্রাধিকার পাবে তা স্থির করে -
(a) গ্রাম পঞ্চায়েত (b) পঞ্চায়েত সমিতি (c) গ্রাম সভা (d) গ্রাম সংসদ

(30.) পঞ্চায়েতি ব্যবস্থা গঠিত হয় -
(a) জনগণের দ্বারা নির্বাচিত প্রতিনিধিদের নিয়ে (b) মনোনীত সদস্যদের নিয়ে .(c) গ্রামের সমস্ত প্রাপ্তবয়স্ক অধিবাসীদের নিয়ে (d) নির্বাচিত ও মনোনীত সদস্যদের নিয়ে

(31.) ভারতীয় সংবিধানের 74 তম সংশোধনী সম্পর্কিত কোন্ তথ্যটি সঠিক ?
(a) মিউনিসিপালিটির গঠন ও কার্যপ্রণালী (b) মিউনিসিপালিটির কর্মীব্যবস্থা (c) মিউনিসিপালিটির নির্বাচিত সদস্যদের সাথে আমলাদের সম্পর্ক (d) উপরোক্ত সব ক'টি

(32.) সংবিধানের 73 তম সংশোধনীতে একটি অর্থ কমিশন গঠনের কথা বলা হয়েছে , এই অর্থ কমিশন গঠিত হবে ______________এর দ্বারা
(a) রাষ্ট্রপতি (b) সংশ্লিষ্ট রাজ্যের রাজ্যপাল .(c) কেন্দ্রীয় অর্থ মন্ত্রী (d) ভারতের নিয়ন্ত্রক ও মহাজণনা পরীক্ষক

(33.) কোনও পঞ্চায়েত ভেঙে দেওয়া হলে কত সময়ের মধ্যে সেখানে নতুন পঞ্চায়েত গঠনের জন্য নির্বাচনের আয়োজন করতে হয় ?
(a) এক মাস (b) দু'মাস (c) 5 মাস (d) 6মাস

(34.) গ্রাম পঞ্চায়েতে কোরামের জন্য কত অংশ সদস্যের উপস্থিতি আবশ্যক ?
(a) এক-তৃতীয়াংশ (b) দুই-তৃতীয়াংশ (c) এক-দশমাংশ (d) দুই-চতুর্থাংশ

(35.) সংবিধানের 73 তম সংশোধনীতে প্রত্যেক রাজ্যে একটি রাজ্য নির্বাচন´ কমিশন গঠনের কথা বলা হয়েছে , এই কমিশন গঠিত হবে ______________এর দ্বারা
(a) রাজ্যপাল (b) রাষ্ট্রপতি .(c) প্রধানমন্ত্রী (d) রাজ্যের স্বরাষ্ট্র মন্ত্রী

(36.) পঞ্চায়েতী ব্যবস্থা প্রবর্তিত হয়েছে -
(a) ভারতের সমস্ত অঙ্গরাজ্যে (b) সমস্ত অঙ্গরাজ্যে ও কেন্দ্রশাসিত অঞ্চলে .(c) সমস্ত অঙ্গরাজ্যে ও কেন্দ্রশাসিত অঞ্চলে কেবলমাত্র মেঘালয় , নাগাল্যান্ড , লাক্ষাদ্বীপ ও মিজোরাম ছাড়া (d) সমস্ত অঙ্গরাজ্যে ও কেন্দ্রশাসিত অঞ্চলে কেবলমাত্র জম্মু ও কাশ্মীর ছাড়া

(37.) পঞ্চায়েতব্যবস্থার সর্বনিম্ন স্তর কোন্ টি ?

(a) গ্রাম পঞ্চায়েত (b) পঞ্চায়েত সমিতি .(c) আঞ্চলিক পরিষদ (d) জেলা পরিষদ

(38.) কত সালে পশ্চিমবঙ্গে ত্রিস্তর পঞ্চায়েতী ব্যবস্থা প্রতিষ্ঠিত হয় পঞ্চায়েত আইনের মাধ্যমে ?

(a) 1990 (b) 1973 (c) 19831963

(39.) সংবিধানের 74 তম সংশোধন ছিল -

(a) গ্রাম পঞ্চায়েত সম্পর্কিত (b) নগরপালিকা সম্পর্কিত .(c) সংসদ সম্পর্কিত (d) রাজ্য আইনসভা সম্পর্কিত

(40.) ব্লক উন্নয়ন প্রশাসন [ Block Development Administration } এ ' রাজনৈতিক প্রশাসক ' হিসেবে গণ্য হন

(a) জেলাশাসক (b)পঞ্চায়েত সমিতির সভাপতি (c) ব্লক উন্নয়ন আধিকারিক (d) মহকুমাশাসক

(41.) সংবিধানের 74 তম সংশোধনে শহরাঞ্চলে -

(a) 3 ধরনের সংস্থার কথা বলা হয়েছে (b) 4 ধরনের সংস্থার কথা বলা হয়েছে .(c) 5 ধরনের সংস্থার কথা বলা হয়েছে (d) 6 ধরনের সংস্থার কথা বলা হয়েছে

(42.) পৌরসভার সদস্য হোয়ার জন্য কোনও ব্যক্তির ন্যনতম বয়স হতে হবে -

(a) 21 বছর (b) 25 বছর .(c)30 বছর (d) 22 বছর

(43.) মিউনিসিপাল কর্পোরেশনের নির্বাচন সংক্রান্ত বিষয়ে স্টেট ইলেকশন কমিশনের দায়িত্ব ও ক্ষমতা বর্ণিত হয়েছে ভারতীয় সংবিধানের কত নম্বর ধারায় ?

(a) 240 [1] নং ধারা (b) 241 [2] নং ধারা .(c) 243 [ কে ] নং ধারা (d) 245 নং ধারা

(44.) ভারতীয় সংবিধানের একাদশ তফশিলে পঞ্চায়েত সংক্রান্ত কতগুলি বিষয়ের কথা বলা হয়েছে ?

(a) 18 টি (b) 28 টি .(c) 19 টি (d) 29 টি

(45.) ' নগরপালিকা আইন ' ভারতীয় সংবিধানের কত নম্বর তফশিলের অন্তর্ভুক্ত ?

(a) একাদশ (b) দ্বাদশ .(c) অস্টম (d) নবম

(46.) পশ্চিমবঙ্গে পঞ্চায়েত বিল সংশোধিত আকারে বিধানসভায় গৃহীত হয় কত সালে ?

(a)1973 (b) 1970 .(c) 1919 (d) 1968

(47.) পঞ্চাএতী রাজ হল -

(a) একটি প্রশাসনিক কাঠামো (b) একটি অর্থনৈতিক কাঠামো .(c) একটি আইন বিষয়ক কাঠামো (d) উপরোক্ত সবগুলির সমন্বয়

(48.) পঞ্চায়েতিরাজ যে নীতির উপর প্রতিষ্ঠিত সেটি হল ট্র

(a) গণতান্ত্রিক বিকেন্দ্রীকরণ (b) জনসাধারণের সহযোগিতা ও উন্নয়ন .(c) সরকারে জনসাধারণের অংশগ্রহণ (d) জনগণের মধ্যে রাজনৈতিক সচেতনতা বৃদ্ধি

(49.) পঞ্চায়েত প্রতিষ্ঠানগুলোর অর্থের প্রধান উৎস -

(a) স্থানীয় কর (b) সম্পত্তি কর .(c)সরকারি সাহায্য (d) বেসরকারি সাহায্য

(50.) ভালোভাবে কাজ করার জন্য পঞ্চায়েত প্রতিষ্ঠানগুলোর প্রয়োজন হয় ______________ এর সাহায্যের

(a) রাজ্য সরকারের (b) কেন্দ্রীয় সরকারের .(c)আমলাতন্ত্রের (d) স্থানীয় জনসাধারণের

(51.) নিম্নলিখিত রাজ্যগুলির মধ্যে কোন্‌টিতে আজও পঞ্চায়েতিরাজ চালু হয় নি ?

(a) পশ্চিমবঙ্গ (b) নাগাল্যান্ড .(c) বিহার (d) ওড়িশা

(52.) যে কমিটির সুপারিশে স্বাধীন ভারতে প্রথম পঞ্চায়েতী রাজ চালু হয়েছি সেই কমিটির প্রধান ছিলেন

(a) জগজীবন রাম (b) অশোক মেহেতা .(c) সারকারিয়া (d) বলবন্ত রাই মেহেতা

(53.) জেলা পরিষদের প্রশাসনিক প্রধান হলেন

(a) গ্রামপ্রধান .(b) সভাপতি (c) সভাধিপতি (d) রাজ্যপাল

(54.) নীচের কোন্‌টি গ্রাম পঞ্চায়েতের আয়ের উৎস নয় ?

.(a) স্পত্তি কর .(b) গৃহ কর .(c) জমি কর (d) যানবাহন কর

(55.) নতুন পঞ্চায়েত আইন ( 1992 ) পঞ্চায়েত ব্যবস্থার মধ্যবর্তী স্তরটি গঠন করা যায় না , জখন রাজ্যের মোট জনসংখ্যা

(a) 20 লক্ষের কম (b) 30 লক্ষের কম (c) 50 লক্ষের কম (d) 60 লক্ষের কম

(1.) গ্রাম পঞ্চায়েতের সভায় কোনও প্রস্তাবের উপর ভোট গ্রহণের সময় পক্ষে ও বিপক্ষে সমানসংখ্যক ভোট পড়লে কে নির্ণায়ক ভোটটি দিতে পারেন ?

(a) সভাপতি (b) সহ-সভাপতি (c) জেলাশাসক (d) ব্লক উন্নয়ন আধিকারিক

উত্তরমালা

1. (a) , 2.(b) , 3. (b), 4. (a) , 5.(d) , 6.(c) , 7.(b), 8.(b), 9.(b) , 10.(d)
11.(a) ,12. (c) ,13.(a) ,14.(c) ,15.(a) , 16.(c) ,17.(c) ,18.(d),19. (b) , 20.(c) ,.
21.(a) ,22. (c) ,23.(a) ,24.(a) ,25.(b) , 26.(a) ,27.(d) ,28.(c),29. (d) , 30.(a) ,.
31.(a) ,32. (b) ,33.(d) ,34.(a) ,35.(a) , 36.(c) ,37.(a) ,38.(b),39. (b) , 40.(b) ,.
41.(a) ,42. (a) ,43.(b) ,44.(d) ,45.(b) , 46.(a) ,47.(a) ,48.(a),49. (c) , 50.(d)
,51.(b) ,52. (d) ,53.(c) ,54.(a) ,55.(a) ,

- 243নং ধারা পঞ্চায়েতের সংজ্ঞা
- 243(A) নং ধারা গ্রাম সভা
- 243(B) নং ধারা পঞ্চায়েতের নিয়মাবলী
- 243(C) নং ধারা পঞ্চায়েতের গঠন
- 243(D)নং ধারা পঞ্চায়েতে আসন সংরক্ষণ
- 243(E)নং ধারা পঞ্চায়েতের কার্যকাল ও মেয়াদ
- 243(F)নং ধারা পঞ্চায়েতের সদস্যদের যোগ্যতা
- 243(G)নং ধারা পঞ্চায়েতের ক্ষমতা , কর্তৃত্ব ও দায়িত্ব সমূহ
- 243(H)নং ধারা পঞ্চায়েতের কর আরোপের ক্ষমতা ও তহবিল গনং
- 243(I)নং ধারা পঞ্চায়েতের আর্থিক হিসাব পরীক্ষা
- 243(J)নং ধারা পঞ্চায়েতের আয়-ব্যয় সম্পর্কিত হিসাবসমূহ
- 243(K)নং ধারা পঞ্চায়েতের নির্বাচন পদ্ধতি
- 243(L)নং ধারা কেন্দ্রশাসিত অঞ্চলের ক্ষেত্রে পঞ্চায়েতের নিয়মকানুন
- 243(M)নং ধারা নির্দিষ্ট কত গুলি অঞ্চলকে বাদ দেওয়া
- 243(N)নং ধারা পঞ্চায়েত সম্পর্কিত আইন কানুন
- 243(O)নং ধারা পঞ্চায়েত নির্বাচনে আদালতের হস্তক্ষেপের উপর নিয়ন্ত্রণ
- 243(P ) নং ধারা পৌর ব্যবস্থার সংজ্ঞা

- 243(Q) নং ধারা পৌরব্যবস্থার নিয়ম-কানুন
- 243(R) নং ধারা পৌরসভার গঠন
- 243(S) নং ধারা পৌরসভার ওয়ার্ড কমিটি গঠন ও তার নিয়ম-কানুন
- 243(T) নং ধারা পৌরসভার আসন সংরক্ষণ
- 243(U) নং ধারা পৌরসভার মেয়াদ বা কার্যকাল
- 243(V) নং ধারা পৌরসভার সদস্যদের যোগ্যতাসমূহ
- 243(W) নং ধারা পৌরসভার ক্ষমতা , কর্তৃত্ব ও দায়িত্বসমূহ
- 243(X) নং ধারা পৌরসভার কর আরোপ করার ক্ষমতা ও তহবিল গঠন
- 243(Y) নং ধারা পৌরসভার অর্থকমিশন গঠন
- 243(Z) নং ধারা পৌরসভার আয়-ব্যয়ের হিসেব পরীক্ষা
- 243(Z A) নং ধারা পৌরসভার নির্বাচন
- 243(Z B) নং ধারা কেন্দ্রশাসিত অঞ্চলে পৌরসভার নিয়ম কানুন
- 243(Z C) নং ধারা কতগুলি ক্ষেত্রে পৌরব্যবস্থাকে বাদ দেওয়া
- 243(Z D) নং ধারা জেলা পরিকল্পনা কমিটি গঠন
- 243(Z E) নং ধারা মেট্রোপলিটন পরিকল্পনা রচনার জন্য কমিটি গঠন
- 243(Z F) নং ধারা পৌরব্যবস্থার পূর্বতন আইনসমূহের ধারাবাহিকতা রক্ষা
- 243(Z G) নং ধারা পৌরসভার নির্বাচনে আদালতের হস্তক্ষেপ করার উপর নিয়ন্ত্রণ আরোপ

# অধ্যায় ঃ 28

## জম্মু ও কাশ্মীরের পৃথক সংবিধান - অনুচ্ছেদ 370 [ ভারতীয় সংবিধান ]

জম্মু ও কাশ্মীর হল ভারতের একটি অঙ্গরাজ্য । কিন্তু সাংবিধানিক দৃষ্টিকোণ থেকে অন্য 27 টি রাজ্যের তুলনায় এই রাজ্যটি কিছু বিশেষ মর্যাদা ভোগ করে । ‘ জম্মু ও কাশ্মীর ’ -ভারতের একমাত্র অঙ্গরাজ্য যার নিজস্ব সংবিধান আছে । ভারতীয় সংবিধানের 370 নম্বর অনুচ্ছেদে জম্মু ও কাশ্মীর সম্পর্কে এই বিশেষ বিধিব্যবস্থার বিস্তারিত আলোচনা রয়েছে ।

জম্মু ও কাশ্মীরের জন্য কিছু বিশেষ বন্দোবস্ত :

- (a) ভারতীয় সংবিধানের 370 নং অনুচ্ছেদ অনুসারে জম্মু ও কাশ্মীরের রাজ্য সরকার যে গণপরিষদ নিয়োগ করে , তাঁদের রচিত রাজ্যের নিজস্ব সংবিধান গৃহীত হয় 1956 সালে এবং উক্ত সংবিধান কার্যকরী হয় 1957 সালের 26 শে জানুয়ারি থেকে
- (b) জম্মু ও কাশ্মীর এর আয়তন , সীমানা ও নাম পরিবর্তন সংক্রান্ত কোনও বিল ঐ রাজ্যের আইনসভার সম্মতি ব্যতিরিকে সংসদে উত্থাপন করা যাবে না
- (c) দেশভাগের আগে পা পরে পাকিস্তান থেকে আগত ব্যক্তিদের নাগরিকতা নির্ণয় সংক্রান্ত কিছু শর্ত যা সমগ্র দেশে প্রযোজ্য , জম্মু ও কাশ্মীর ব্যতিরিকে
- (d) ভারতীয় সংবিধানের পার্ট ফোর [ রাষ্ট্রপরিচালনার নির্দেশাত্মক নীতি ] এবং পার্ট ফোর (এ) [ মৌলিক কর্তব্য ] , - ভারতের অন্য 27 টি রাজ্যে প্রযোজ্য হলেও জম্মু ও কাশ্মীর এর ক্ষেত্রে এটি প্রযোজ্য নয়
- (e) সংশ্লিষ্ট রাজ্য সরকারের কাজকর্ম বিচার ও রাজ্য আইনসভার অনুমোদিত আইন বিবেচনার ক্ষেত্রে অন্য হাইকোর্টগুলির তুলনায় জম্মু ও কাশ্মীর হাইকোর্ট এর ক্ষমতা অনেক সীমিত । মৌলিক অধিকার সংক্রান্ত বিষয় ব্যতিরিকে অন্য কোনও ক্ষেত্রে লেখ / রিট জারি করা বা রাজ্য আইনসভার অনুমোদিত কোনও আইনকে অসাংবিধানিক বলে ঘোষণার অধিকার নেই জম্মু ও কাশ্মীর হাইকোর্টের
- (f) জম্মু ও কাশ্মীরের ক্ষেত্রে সংসদ কেবলমাত্র ‘ ইউনিয়ন লিস্ট ’এর বিষয়গুলিতেই আইন প্রণয়ন করতে পারে ।
- (g) কেন্দ্র-রাজ্য আইনবিভাগীয় ক্ষমতাবন্টনের ক্ষেত্রে , অন্য রাজ্যগুলির ক্ষেত্রে ‘ রেসিডুয়ারি পাওয়ার ’ থাকে কেন্দ্রীয় সরকারের হাতে , জম্মু ও কাশ্মীর এর ক্ষেত্রে এই রিসিডুয়ারি পাওয়ার থাকে রাজ্য আইনসভার হাতে
- (h) আভ্যন্তরীণ গন্ডগোলের জন্য অন্য রাজ্যগুলির মতো জাম্মু ও কাশ্মীরে , রাজ্য সরকারের সম্মতি ব্যতিরিকে রাষ্ট্রয়পতির শাসন জারি করা যায় না

- (i) ভারতীয় সংবিধানের পঞ্চম ও ষষ্ঠ তফশিল জম্মু ও কাশ্মীরে প্রযোজ্য নয়

## অনুশীলনী -28

[উপজীব্য ঃ জম্মু ও কাশ্মীরের পৃথক সংবিধান
- অনুচ্ছেদ 370 ( ভারতীয় সংবিধান ) ]

1.) ভারতের কোন্ রাজ্যের পৃথক সংবিধান আছে ?
(a) জম্মু ও কাশ্মীর (b) পশ্চিমবঙ্গ .(c) নাগাল্যান্ড (d) মহারাষ্ট্র

2.)জম্মু ওকাশ্মীরের জন্য বিশেষ মর্যাদার বিষয় বর্ণিত হয়েছে ভারতীয় সংবিধানের কত নম্বর অনুচ্ছেদে ?
(a) 369 (b) 370 .(c) 371 (d) 372

3.) জম্মু ও কাশ্মীর রাজ্যকে বিশেষ মর্যাদা দেওয়া হয়েছে -
(a) ভারতের অন্তর্ভুক্তির সময় রাজ্য সরকারকে প্রদত্ত প্রতিশ্রুতি অনুযায়ী (b) 1947 সালের ভারতীয় স্বাধীনতা আইন অনুযায়ী .(c) রাষ্ট্রপতির পরামর্শ অনুযায়ী (d) প্রধানমন্ত্রীর পরামর্শ অনুযায়ী

4.) জম্মু ও কাশ্মীর রাজ্যের সংবিধান রচিত হয় -
(a) যে গণপরিষদ ভারতের সংবিধান রচনা করেছে সেই গণপরিষদ দ্বারা (b) সংসদ দ্বারা গঠিত বিশেষ গণপরিষদ দ্বারা .(c) রাজ্য দ্বারা গঠিত বিসেষ গণপরিষদ দ্বারা (d) উপরোক্ত কোনটিই নয়

5.) জম্মু ও কাশ্মীর রাজ্যের সংবিধান চালু হয় -
(a) 26 শে জানুয়ারি , 1950 (b) 26 শে জানুয়ারি , 1952 .(c) 15 ই আগষ্ট , 1947 (d) 26 শে জানুয়ারি , 1957

6.) জম্মু ও কাশ্মীর রাজ্যের বিশেষ মর্যাদা অনুযায়ী ঐ রাজ্যের -
(a) পৃথক সৈন্যবাহিনী আছে (b) পৃথক সংবিধান আছে .(c) পৃথখ বিচারব্যবস্থা আছে (d) উপরোক্ত সব ক'টি

7.) জম্মু ও কাশ্মীর রাজ্যের প্রধানকে রাজ্যপাল হয় -
(a) 1960 সাল থেকে (b) 1965 সাল থেকে .(c)1970 সাল থেকে (d) 1977 সাল থেকে

### উত্তরমালা

1.(a) , 2.(b) , 3.(a) , 4.(c) ,5.(d) , 6.(b) , 7.(b) .

# অধ্যায় ঃ 29
# সংবিধান সংশোধনী

ভারতীয় সংবিধান সংশোধনের মোট তিনটি পদ্ধতি আছে ।

আজ পর্যন্ত ভারতীয় সংবিধান এর বিভিন্ন অংশ সংশোধিত হয়েছে 105 এর অধিক বার ।

কিছু গুরুত্বপূর্ণ সংবিধান সংশোধনী :

.(a) 1951 সালে ভারতীয় পার্লামেন্টে পাশ হয় প্রথম সংবিধান সংশোধনী , সংবিধানে সংযুক্ত হয় নবম তফশিল ।

.(b) 1960 সালে দশম সংবিধান সংশোধনীর মাধ্যমে , পর্তুগীজ অধিগৃহীত দাদরা ও নগর হাভেলী ভারতের অর্ন্তভুক্তিকরণের পরে তাদের কেন্দ্রশাসিত অঞ্চলের মর্যাদা প্রদান করা হয় ।

.(c) 1962 সালে , দ্বাদশ সংবিধান সংশোধনীর মাধ্যমে , পর্তুগীজদের অধীনতাপাশ থেকে মুক্ত গোয়া , দমন ও দিউ কে কেন্দ্রশাসিত অঞ্চলের মর্যাদা প্রদান করা হয়

.(d) 1962 সালে ত্রয়োদশ সংবিধান সংশোধনীর মাধ্যমে নাগাল্যান্ডকে একটি পৃথক অঙ্গরাজ্যের মর্যাদা প্রদান করা হয় ।

.(e) 1975 সালে , 36 তম সংবিধান সংশোধনীর মাধ্যমে , সিকিম ভারতের ২২তম অঙ্গরাজ্যের স্বীকৃতিলাভ করে ।

**.(f) 1976 সালে , পাশ হয় ৪২তম সংবিধান সংশোধনী , যাকে বলা হয় ‘ মিনি রিভিশন অফ ইন্ডিয়ান কনস্টিটিউশন ’ । এই সংশোধনীর মাধ্যমে গৃহীত কিছু গুরুত্বপূর্ণ পরিবর্তন

| | |
|---|---|
| প্রস্তাবনা | য় উল্লিখিত ‘ সার্বভৌম , গণতান্ত্রিক , প্রজাতন্ত্র ’ কথাগুলির সাথে নতুন দু’টি শব্দ - ‘ ধর্মনিরপেক্ষ , সমাজতান্ত্রিক ’ যুক্ত করা হয় । প্রস্তাবনার শেষাংশে উল্লিখিত ‘ জাতীয় সংহতি ’ - এই শব্দদু’টির সাথে ‘ সংহতি ’ শব্দটি যুক্ত হয় । |
| নির্দেশাত্মক নীতি | র ক্ষেত্রে কিছু নতুন নির্দেশাত্মক নীতি ভারতীয় সংবিধানের অন্তর্ভুক্ত করা হয় , সেগুলি হল :<br>(ক) শিল্পে শ্রমিকদের প্রশাসনে অংশগ্রহণের সুযোগ দান ; (খ) পরিবেশ রক্ষা ; (গ) দরিদ্রদের জন্য বিনা মূল্যে আইনী সহায়তা প্রদান ।<br>নির্দেশাত্মক নীতিকে মৌলিক অদীকারের তুলনায় বেশী গুরুত্ব প্রদান । |

মৌলিক দায়িত্ব [সংখ্যায় মোট 10 টি ] এর ধারণা অর্ন্তভুক্ত হয় ভারতীয় সংবিধানে ।

* *.(g) 1978 সালে , 44 তম সংবিধান সংশোধনীর মাধ্যমে ‘ সম্পত্তির অধিকার ’ , মৌলিক অধিকারের তালিকা থেকে বহির্ভুক্ত হয় ।

*.(h) 1985 সালে বাইশতম সংবিধান সংশোধনীর মাধ্যমে পাশ হয় ‘ দলত্যাগ বিরোধী আইন ’ , অন্তর্ভুক্ত হয় দশম তফশিল ।

*(i) 1989 সালে ভোটাধিকারলাভের জন্য প্রয়োজনীয় ন্যূনতম বয়স 21বছর থেকে কমিয়ে 18 করা হয় ।

(j) 2002 সালে 86 তম সংবিধান সংশোধনীর মাধ্যমে সংবিধানের পার্ট থ্রিতে 21(a) অনুচ্ছেদে 6 থেকে 14 বছর পর্যন্ত কিশোরকিশোরীদের শিক্ষার অধিকারকে মৌলিক অধিকারের স্বীকৃতি প্রদান করা হয় এবং সংবিধানের পার্ট ফোর (এ) র 51(a) অনুচ্ছেদে পিতা-মাতা ও অভিভাবকদের জন্য 6 থেকে 14 বছর পর্যন্ত কিশোর কিশোরীদের শিক্ষার সুযোগ প্রদান করাকে একাদশতম মৌলিক কর্তব্যের স্বীকৃতি প্রদান করা হয় ।

## অনুশীলনী -29 (a)

[উপজীব্য ঃ সংবিধান সংশোধনী ]

1.) শাসনতন্ত্রের কোন্ সংশোধনে পঞ্চায়েতকে শাসনতান্ত্রিক মর্যাদা দেওয়া হয়েছে ?

(a) 56তম সংশোধন (b) 73 তম সংশোধন .(c) 74 তম সংশোধন (d) 76 তম সংশোধন

[ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '08 ]

2.) কত তম সংবিধান সংশোধনীর মাধ্যমে ‘ মৌলিক দায়িত্ব ’ এর ধারণাটি ভারতীয় সংবিধানে অন্তর্ভুক্ত করা হয়েছে ?

(a) 40 তম (b) 41 তম .(c) 42 তম (d) 43 তম

[ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '02 , '01 , পি.এস.সি. মিসেলিনিয়াস (প্রিলিম) '99 ]

3.) কত তম  সংবিধান সংশোধনীর মাধ্যমে নাগরিকদের ভোটাধিকারপ্রাপ্তির ন্যূনতম বয়স 21 বছর থেকে কমিয়ে 18 বছর করা হয়েছে ?

(a)  48 তম  (b)  57 তম  .(c)  61 তম  (d)  63 তম

[ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '01 , '11 , পি.এস.সি. মিসেলিনিয়াস (প্রিলিম) '99 ]

4.) গ্রাম সভা গঠন আব্যশক করা হয় কত তম সংবিধান সংশোধনীর মাধ্যমে ?

(a) 71 তম  (b) 72 তম  .(c) 73 তম (d) 74 তম  [ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '01 ,'00 ]

5.) ভারতীয় সংবিধানের কত তম অনুচ্ছেদ সংসদকে সংবিধান সংশোধন করার ক্ষমতা দেয় ?

(a)360 (b) 368 .(c)390 (d) 348  [ পি.এস.সি. মিসেলিনিয়াস (প্রিলিম) '07 , '99 ]

6.) ভারতীয় সংবিধানের কোন্ সংশোধনীতে দলত্যাগ-বিরোধী আইনের  কথা বলা আছে ?

(a) 51 তম (b) 52 তম  .(c) 53 তম (d) 54 তম  [ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '01 ]

7.)কত তম সংবিধান সংশোধনীর মাধ্যমে সিকিম কে ভারতের একটি অঙ্গরাজ্যের মর্যাদা প্রদান করা হয় ?

(a) 35 (b) 36 .(c) 23তম (d) 39 তম  [ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '99 ]

8.) কত তম সংবিধান সংশোধনীর মাধ্যমে সংশোধিত হয়েছিল ভারতীয় সংবিধানের প্রস্তাবনা ?

(a) 24 তম (b) 44 তম .(c) 42 তম (d) 61 তম  [ পি. এস. সি. মিসেলিনিয়াস (প্রিলিম)'97 ]

9.) কোন্ সালে ভারতীয় পার্লামেন্ট মৌলিক কর্তব্য সংক্রান্ত অংশটি সংবিধানের অন্তর্ভুক্ত করে ?

(a) 1976 (b) 1978 .(c) 1980  (d) 1982  [ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '07 ]

10.) ' সমাজতান্ত্রিক ' শব্দটি ভারতীয় সংবিধানের প্রস্তাবনায় সংযুক্ত হয়েছে কত সালে ?

(a) 1952 (b)1976 .(c) 1950 (d)1978

[ পি এস সি ক্লার্কশিপ ( প্রিলিম ) '03 , ডব্লু. বি. সি. এস. ( প্রিলিম ) '11 ]

11.) কোন্ মামলায় সর্বোচ্চ আদালত এই মর্মে রায়দান করে যে -' সংসদ ভারতীয় সংবিধানের মূল কাঠামো পরিবর্তন করতে পারবে না?

(a) কেশবানন্দ ভারতী মামলা (b) গোলকচাঁদ মামলা (c)  এ কে গোপালান বনাম মাদ্রাজ রাজ্য মামলা

(d)  মিনার্ভা অয়েল মিল  [ পি. এস. সি. মিসেলিনিয়াস (প্রিলিম) '04 ]

12.) প্রথম সংবিধান সংশোধনী আইন পাশ হয়েছিল কত সালে ?

(a) 1949 (b) 1951 .(c) 1955 (d) 1960 [ ডব্লু. বি. .সি. এস. (প্রিলিম) '05 ]

13.) কততম সংবিধান সংশোধনীর মাধ্যমে ' সম্পত্তির অধিকার 'কে মৌলিক অধিকারের তালিকা থেকে বহির্ভূত করা হয়েছিল ?

(a) চল্লিশতম (b) একচল্লিশতম .(c) তেতাল্লিশতম (d) চুয়াল্লিশতম

[ ডব্লু. বি. সি. এস. ( প্রিলিম ) '05 ]

14.) 2008 সালের 6 ই মে , কেন্দ্রের ইউ. পি. এ. সরকার রাজ্যসভায় যে 108 তম সংবিধান সংশোধনী বিল পেশ করেছিল তার লক্ষ্য হল

(a) রাজস্থানের গুর্জর সম্প্রদায়ের নাম তফশিল উপজাতি তালিকা ভুক্ত করা (b) বন্দী ব্যক্তিদের অধিকার রক্ষা করা .(c) শিক্ষার অধিকারকে মৌলিক অধিকারের স্বীকৃতি দেওয়া (d) পার্লামেন্ট ও রাজ্য বিধানসভায় মহিলাদের জন্য এক-তৃতীয়াংশ আসন সংরক্ষণ [ ডব্লু. বি. সি. এস. ( প্রিলিম ) '09 ]

15.) সংবিধানের কোন্ সংশোধনে নবম তফশিলে সন্নিবেশিত হয় ?

(a). প্রথম সংশোধন (b) তৃতীয় সংশোধন (c) দশম সংশোধন (d). চতুর্দশ সংশোধন

[ পি. এস. সি. মিসেলিনিয়াস (প্রিলিম) '10 ]

উত্তরমালা

1.(b), 2.(c) , 3.(c) ,4.(c) , 5. (b) , 6.(b) , 7.(b), 8..(c) , 9.(a) ,10.(b) ,
11.(a) ,12. (b) ,13.(d) ,14. (c) ,15. (a) .

.

## অনুশীলনী -29 .(b)

[উপজীব্য ঃ সংবিধান সংশোধনী ]

(1.) 42 তম সংবিধান সংশোধনী সম্পর্কিত নিম্নলিখিত তথ্যগুলির মধ্যে কোন্‌টি সঠিক ?

(a) এই সংবিধান সংশোধনীটি গৃহীত হয়েছিল স্মরণ সিং কমিটির সুপারিশ অনুসরণে (b) এই সংবিধান সংশোধনীটিতে স্বাধীনতা , সাম্য এবং ভ্রাতৃত্ব এই শব্দত্রয় সংযুক্ত হয়েছে ভারতীয় সংবিধানের প্রস্তাবনায় (c) এই সংবিধান সংশোধনীটিতে রাষ্ট্রপরিচালনার নির্দেশাত্মক নীতিগুলির তালিকায় কয়েকটি নতুন নীতি সংযুক্ত হয়েছিল (d) এই সংবিধান সংশোধনীর মাধ্যমে মৌলিক দায়িত্বগুলি অন্তর্ভুক্ত

(2.)ভারতীয় সংবিধানের প্রথম সংশোধনীটি ছিল -

(a) রাষ্ট্রের নিরাপত্তা ব্যবস্থা সংক্রান্ত (b) প্রধানমন্ত্রী ও কেন্দ্রীয় ক্যাবিনেটের অন্যান্য সদস্যদের নিরাপত্তা সংক্রান্ত .(c) ভূমি সংস্কার সংক্রান্ত (d) উপরোক্ত কোনটিই নয়

(3.) নিম্নলিখিত তথ্যগুলির মধ্যে কোন্‌টি সঠিক না ?

(a) ভারতে সংসদ চূড়ান্ত ক্ষমতার অধিকারী নয় কিন্তু সুপ্রিম কোর্ট চূড়ান্ত ক্ষমতার অধিকারী .(b) ভারতীয় সংবিধানের 368 নং ধারা অধীনে কৃত কোনও সংবিধান সংশোধনীকে আদালতে চ্যালেঞ্জ জানানো যায় না (c) ভারতীয় সংবিধানের মৌলিক কাঠামোর একটি অংশ বিচারবিভাগের স্বাধীনতা (d) ভারতীয় প্রশাসনের যুক্তরাষ্ট্রীয় ধাঁচের কথা মাথায় রেখে সংবিধান সংশোধনের পদ্ধতিকে জটিলতর করা হয়েছে

(4.)ভারতীয় সংবিধানের ৮৬তম সংশোধনীটি পাশ হয় কত সালে ?

(a) 2001 (b) 2002 .(c) 2003 (d) 2004

(5.) ভারতীয় সংবিধানের 42 তম সংশোধনী -

(a) নাগরিগদের অবশ্যপালনীয় মৌলিক কর্তব্যগুলি সংবিধানে অন্তর্ভুক্ত করে (b) রাষ্ট্রপরিচালনার নির্দেশাত্মক নীতিগুলি আদালতের দ্বারা বলবৎযোগ্য করে .(c) নবম তফশিলকে সংবিধানের অন্তর্ভুক্ত করে (d) উপরোক্ত কোনটিই নয়

(6.) 11 তম মৌলিক কর্তব্যটি ভারতীয় সংবিধানে অন্তর্ভুক্ত করা হয় কত তম সংবিধান সংশোধনীর মাধ্যমে ?

(a) 86 তম .(b) 42 তম (c) 44 তম (d) 74 তম

(7.) কত তম সংবিধান সংশোধনীর মাধ্যমে লোকসভার কার্যকালের মেয়াদ 5 বছর থেকে বাড়িয়ে 6 বছর করা হয়েছিল ?

(a) 42 তম .(b) 43 তম (c) 44 তম (d) 45 তম

(8.) 91 তম সংবিধান সংশোধনীর মাধ্যমে কোন্‌টির ওপর নিয়ন্ত্রণ আরোপিত হয় ?

(a) মন্ত্রীসভার সদস্য সংখ্যা .(b) মন্ত্রীদের বেতন (c) মন্ত্রীদের বিদেশ সফর (d) রাষ্ট্রপতির ভেটো ক্ষমতা

(9.) 44 তম সংবিধান সংশোধনীর মাধ্যমে ঘোষণা করা হয়

(a) ক্যাবিনেটের লিখিত পরামর্শের অনুলিপি ছাড়া রাষ্ট্রপতি জাতীয় জরুরি অবস্থা জারি করতে পারবেন না .(b) রাষ্ট্রপতি স্বেচ্ছায় রাষ্ট্রপতি শাসন জারি করতে পারেন (c) প্রধানমন্ত্রীর যে

কোনও নির্দেশ জাতীয় জরুরি অবস্থা ঘোষণার ক্ষেত্রে রাষ্ট্রপতি মেনে চলবেন (d) উপরোক্ত কোনটিই নয়

(10.) ভারতীয় সংবিধানের কত তম সংশোধনীতে ভারতের রাষ্ট্রপতিকে ভারতীয় সংবিধানের হিন্দি সংস্করণ প্রকাশ করার দায়িত্ব অর্পিত হয়েছিল ?

(a) 55 তম সংশোধনী .(b) 56 তম সংশোধনী (c) 57 তম সংশোধনী (d) 58 তম সংশোধনী

(11.) কত তম সংবিধান সংশোধনীর মাধ্যমে ভারতীয় সংবিধানে অন্তর্ভুক্ত হয়েছিল 31 (C) নং ধারায় ?

(a) 24 তম .(b) 25 তম (c) 26 তম (d) 27 তম

(12.) কত তম সংবিধান সংশোধনীর মাধ্যমে হাইকোর্টের বিচারপতিদের অবসরগ্রহণের বয়স 60 থেকে বাড়িয়ে 62 বছর করা হয়েছে ?

(a) 15 তম সংবিধান সংশোধনী , 1963 .(b) 16 তম সংবিধান সংশোধনী , 1963 (c) 42 তম সংবিধান সংশোধনী , 1976 (d) 44 তম সংশোধনী , 1978

(13.) কত তম সংবিধান সংশোধনীর মাধ্যমে গোর্খা পার্বত্য পরিষদেরকে ষষ্ঠ তফশিলে অন্তর্ভুক্ত করা হয় ?

(a) 107 তম .(b) 108 তম (c) 109 তম (d) 106 তম

(14.) ভারতীয় সংবিধানের 103 তম সংশোধনীটি নিম্নলিখিত বিষয়গুলির মধ্যে কোন্‌টির সাছে সম্পর্কিত

(a) জাতীয় জ্ঞান কমিশন গঠন (b) ন্যাশনাল কমিশন ফর মাইনরিটিজ এর ক্ষমতা ও মর্যাদাবৃদ্ধি (c) বেসরকারী প্রতিষ্ঠানগুলিতে তফশিলভুক্ত জাতি ও উপজাতি সম্প্রদায়ের জন্য সংরক্ষণ (d) লোকসভা ও বিধানসভার নির্বাচন কেন্দ্রগুলির পুনর্বিন্যাস

(15.) ভারতীয় সংবিধানের 80 তম সংশোধনীর মাধ্যমে ভারতীয় সংবিধানের কত নম্বর ধারাকে সংবিধান বহির্ভূত করা হয়েছিল ?

(a) 268 .(b) 269 (c) 270 (d)272

(16.) সংবিধানের 52 তম সংশোধনের মাধ্যমে -

(a) তপশিলি জাতি ও উপজাতি সম্প্রদায়ের নাগরিকদের জন্য সংরক্ষণের ব্যবস্থা 1990 সাল পর্যন্ত দীর্ঘায়িত করা হয় (b) ত্রিপুরায় স্বশাসিত জেলাপরিষদের ব্যবস্থা করা হয় .(c) পঞ্চায়েতে মহিলাদের জন্য এক-তৃতীয়াংশ আসন সংরক্ষণের ব্যবস্থা করা হয় (d) দলত্যাগকে সংযত করা হয়

(17.) ভারতীয় সংবিধানের 100 তম সংশোধনীটি নিম্নলিখিত বিষয়গুলির মধ্যে কোন্‌টির সাছে সম্পর্কিত

(a) আসাম বিধান সভায় তফশিলভুক্ত জাতি ও উপজাতি সম্প্রদায়ের জন্য সংরক্ষণ (b) অষ্টম তফশিলে নতুন ভাষার অন্তর্ভুক্তি (c) ন্যাশনাল জুডিসিয়াল কমিশন গটন (d) দলত্যাগ বিরোধী আইন

(18.) ভারতীয় সংবিধানের অন্তর্ভুক্ত নিম্নলিখিত বিষয়গুলির মধ্যে কোন্‌টির ক্ষেত্রে সংসদে কেবলমাত্র সাধারণ সংখ্যাগরিষ্ঠতায় সংবিধান-সংশোধন করা যায় ?

(a) হাইকোর্ট সংক্রান্ত বিষয় (b) যুক্তরাষ্ট্রীয় কাঠামো সংক্রান্ত বিষয় .(c) সংসদের রাজ্যগুলির প্রতিনিধি সংক্রান্ত বিষয় (d) কোনও অঙ্গরাজ্যের নাম ও সীমানা পরিবর্তন সংক্রান্ত বিষয়

(19) পঞ্চায়েতীরাজ সংক্রান্ত নিম্নলিখিত বিষয়গুলির মধ্যে কোন্‌টি 73 তম সংবিধান সংশোধনের সঙ্গে সম্পর্কিত নয় ?

(a) পঞ্চায়েতের সকল স্তরে মহিলাদের জন্য আসন সংরক্ষণ (b) পঞ্চায়েতি প্রতিষ্ঠানগুলিকে সম্পদপ্রদানের জন্য রাজ্যস্তরে অর্থকমিশন গঠন .(c) রাজ্য সরকার কর্তৃক কোনও পঞ্চায়েতি প্রতিষ্ঠানকে ভেঙে দেওয়ার পর পুনর্নির্বাচন আয়োজনের সর্বাধিক সময়সীমা (6 মাস ) স্থিরকরণ (d) দু'টির বেশী সন্তান থাকলে পঞ্চাউএতী রাজ প্রতিষ্ঠানের সদস্য হওয়া যাবে না

(20.) ভারতীয় সংবিধানের 21 তম সংবিধান সংশোধনীর মাধ্যমে অষ্টম তফশিলে কোন্ ভাষাটিকে অনতর্ভুক্ত করা হয়েছে ?

(a) অহমিয়া (b) সিন্ধি (c) গুজরাটী (d) কোঙ্কনি

(21.) কত তম সংবিধান সংশোধনীতে ভারতের সার্বভৌমত্ব ও ঐক্যের স্বার্থে মৌলিক অধিকারের উপর প্রশাসনিক নিয়ন্ত্রণ আরোপের কথা বলা হয় ?

(a) 14 (b) 16 .(c) 24 (d) 25

(22.) নিম্নলিখিত বিষয়গুলির মধ্যে কোন্‌টি সংক্রান্ত সংশোধনী বিলের ক্ষেত্রে বিশেষ সংখ্যাগরিষ্ঠতা বা বিধানসভাগুলির অনুমোদনের প্রয়োজন হয় না ?

(a) নতুন রাজ্য গঠন .(b) রাষ্ট্রপতির নির্বাচন (c) আইন প্রণয়ন ক্ষমতার বিভাজন (d) সংসদে অঙ্গরাজ্যগুলির প্রতিনিধিত্ব

(23.) সংবিধানের কোন্ সংশোধনে পৌরসভাগুলিকে সাংবিধানিক মর্যাদা প্রদান করা হয় ?

(a) 72 তম (b) 73 তম .(c) 74 তম (d) 75 তম

(24.) কোন্ সংবিধান সংশোধনীর মাধ্যমে অ্যাডমিমিনিস্ট্রেটিভ ট্রাইবুনাল এর ধারণা ভারতীয় সংবিধানে অন্তর্ভুক্ত করা হয়েছে ?

(a) 42 তম সংবিধান সংশোধনী (b) 44 তম সংবিধান সংশোধনী (c) 46 তম সংবিধান সংশোধনী (d) 49 তম সংবিধান সংশোধনী

(25) জাতীয় জরুরি অবস্থার ক্ষেত্রে ' সশস্ত্র বিদ্রোহ ' কে কারণ হিসেবে অনতর্ভুক্ত করা হয়েছে কত তম সংবিধান সংশোধনীর মাধ্যমে ?

(a) 42 তম (b) 44 তম (c) 38 তম (d) 46 তম

(26.) 11 তম মৌলিক কর্তব্যটি কত নম্বর সংবিধান সংশোধনীর মাধ্যমে সংনিধানে অন্তর্ভুক্ত করা হয় ?

(a) 86 তম (b) 42 তম (c) 44 তম (d) 74 তম

(27.) রাষ্ট্রপতির নির্বাচন সংক্রান্ত সাংবিধানিক ব্যবস্থাটি পরিবর্তন করা যায় , যদি উক্ত সংশোধনী বিলটি পাশ হয়

(a) পার্লামেন্টে সাধারণ সংখ্যাগরিষ্ঠতায় (b) পার্লামেন্টে দুই-তৃতীয়াংশ সংখ্যাগরিষ্ঠতায় (c) পার্লামেন্টে দুই-তৃতীয়াংশ ও অন্ততঃ অর্ধেক রাজ্য আইনসভা কর্তৃক অনুমোদিত হলে (d) সুপ্রিম কোর্টের নির্দেশে

(28.) কোন্ সংবিধান সংশোধনীর মাধ্যমে লোকসভার টার্ম পাঁচ বছর থেকে বাড়িয়ে ছ'বছর করা হয়েছিল ?

(a) 24 তম (b) 42 তম .(c) 61 তম (d) 44 তম

(29.) কোন্ সংবিধান সংশোধনে বলা হয় যে , দুই বা ততোধিক রাজ্য বা কেন্দ্রশাসিত অঞ্চলের জন্য একটি হাইকোর্ট থাকতে পারে ?

(a) সপ্তম সংশোধন (b) অষ্টম সংশোধন (c)প্রথম সংশোধন (d) নবম সংশোধন

(30.) নিম্নলিখিত কোন্ সংবিধান সংশোধনীর মাধ্যমে সুপ্রিম কোর্টের ' বিচারবিভাগীয় পুনর্বিবেচনা ' র ক্ষমতা হ্রাসের সংসদীয় প্রয়াস গৃহীত হয়েছিল ?

(a) 42 তম (b) 24 তম .(c) 44 তম (d) 88 তম

(31.) কত তম সংবিধান সংশোধনীতে বলা হয়েছিল দুই বা ততোধিক রাজ্য বা কেন্দ্র শাসিত অঞ্চলের জন্য একটি হাইকোর্ট থাকতে পারে ?

(a) অষ্টম .(b) সপ্তম (c) প্রথম (d) উপরোক্ত কোনটিই নয়

(32) ভারতীয় সংবিধানে কত প্রকারের সংবিধান-সংশোধন পদ্ধতির উল্লেখ আছে ?

(a) এক (b) দুই .(c) তিন (d) চার

(33.) ভারতীয় সংবিধানের 110 তম সংশোধনীটি নিম্নলিখিত বিষয়গুলির মধ্যে কোন্‌টির সাছে সম্পর্কিত

(a) অঙ্গরাজ্যে রাষ্ট্রপতি শাসন জারি (b) সমবায় সংস্থা (c) তফশিলভুক্ত জাতি ও উপজাতি সম্প্রদায়ের জন্য আসন সংরক্ষণ (d) মৌলিক অধিকার

(34.) ভারতীয় সংবিধানের 74 তম সংশোধনী সম্পর্কিত কোন্ তথ্যটি সঠিক ?

(a) মিউনিসিপালিটির গঠন ও কার্যপ্রণালী (b) মিউনিসিপালিটির কর্মীব্যবস্থা (c) মিউনিসিপালিটির নির্বাচিত সদস্যদের সাথে আমলাদের সম্পর্ক (d) উপরোক্ত সব ক'টি

(35.) ভারতের সংবিধান সংশোধন পদ্ধতি গড়ে উঠেছে কোন্ দেশের সংবিধানকে অনুসরণ করে ?

(a) দঃ আফ্রিকা (b) কানাডা .(c) সুইজারল্যান্ড (d) গ্রেট ব্রিটেন

(36.) কত তম সংবিধান সংশোধনীকে ' মিনি রিভিশন অফ ইন্ডিয়ান কনস্টিটিউশন ' বলা হয় ?

(a) 24 (b) 25 .(c) 42 (d) 44

(37.) জাতীয় জরুরী অবস্থার কারণের মধ্যে সশস্ত্র বিদ্রোহ এই শব্দদ্বয় সংযুক্ত হয়েছে কত তম সংবিধান সংশোধনীর মাধ্যমে ?

(a) 42 তম .(b) 44 তম (c) 38 তম (d) 46 তম

(38.) কততম সংবিধান সংশোধনী সংসদকে সংবিধানের যে কোনও অংশ সংশোধনের ক্ষমতা দেয় ?

(a) 24 (b) 39 .(c) 42 (d) 44

(39.) ভারতীয় সংবিধানের কোনও অংশের সংশোধনের জন্য কোনও প্রস্তাব রাষ্ট্রপতির অনুমোদনের জন্য তাঁর কাছে প্রেরিত হওয়ার আগে অভশ্যই

(a) উত্থাপিত ও পাশ হতে হবে লোকসভায় এবং রাজ্যসভায় (b) উত্থাপিত ও পাশ হতে হবে লোকসভায় (c) উত্থাপিত ও পাশ হতে হবে রাজ্যভায় (d) উত্থাপিত হতে হবে লোকসভায় ও রাজ্যসভায় এবং পাশ হতে হবে লোকসভায়

(40) সংবিধানের 24 তম সংশোধনী সংসদকে সংবিধানের যে কোনও অংশ সংশধনের যে ক্ষমতা প্রদান করে তা বাধাপ্রাপ্ত হয় সুপ্রি,মকোর্টের বিচারাধীন কোন্ মামলায় ?

(a) কেশবানন্দ ভারতী মামলা (b) গলকনাথ মামলা .(c) মিনার্ভা মিল মামলা (d) বেরুবাড়ি মামলা

(41.) কত তম সংবিধান সংশোধনীর মাধ্যমে হাইকোর্টের বিচারপতিদের অবসরগ্রহণের বয়স 60 থেকে বাড়িয়ে 62 বছর করা হয়েছে ?

(a) 15 তম সংবিধান সংশোধনী , 1963 .(b) 16 তম সংবিধান সংশোধনী , 1963 (c) 42 তম সংবিধান সংশোধনী , 1976 (d) 44 তম সংশোধনী , 1978

(42) সংবিধানের 86 তম সংশোধনের উদদেশ্য ছিল -

(a) তপশিলি জাতি ও উপজাতি সম্প্রদায়ের জন্য সংরক্ষণ ব্যবস্থাকে পুনর্প্রয়োগ করা (b) সরকারি চাকরিতে মহিলাদের জন্য এক-তৃতীয়াংশ আসন সংরক্ষণ .(c) কেন্দ্র ও রাজ্যের আইনসভাগুলিতে মহিলাদের জন্য এক-তৃতীয়াংশ আসন সংরক্ষণ (d) 6 থেকে 14 বছর পর্যন্ত সমস্ত বালক -বালিকাদের অবৈতনিক ও বাধ্যতামূলক শিক্ষার ব্যবস্থা করা

(43.) দেশীয় রাজন্যবর্গের উপাধি এবং বিভিন্ন সুযোগ-সুবিধার অবসান ঘটানো হয় ক্য তম সংবিধান সংশোধনীর মাধ্যমে ?

(a) 24 (b) 26 .(c) 42 (d) 44

(44.) 74 তম সংবিধান সংশোধনীর মাধ্যমে দ্বাদশ তফশিলে মিউনিসিপালিটির কর্তব্য বা দায়িত্ব রূপে মোট ক'টি বিষয়কে অন্তর্ভুক্ত করা হয়েছে ?

(a) 11 (b) 16 (c)18 (d) 20

(45) ভারতীয় সংবিধনের বিশালতম সংশোধনীটি হল -

(a) 24 তম সংশোধনী .(b) 42 তম সংশোধনী (c) 44 তম সংশোধনী (d) 46 তম সংশোধনী

(46.) 92 তম সংবিধান সংশোধনীর সম্পর্কিত বিষয় ?

(a) সিডিউল্ড্ ট্রাইবস্‌দের জন্য পৃথক জাতীয় কমিশন গঠন .(b) সাইবার ক্রাইম (c) অষ্টম তফশিলে বোরো , ডোগরি , মৈথিলি এবং সাঁওতালি ভাষার অন্তর্ভুক্তিকরণ (d) উপরোক্ত কোনটিই নয়

(47.) 42 তম সংবিধান সংশোধনীর মাধ্যমে সুপ্রিম কোর্ট ও হাই কোর্টের বিচার বিভাগীয় পুনর্বিবেচনার অধিকার যেটি হ্রাসপ্রাপ্ত হয়েছিল সেটি পুনরুদ্ধার করার প্রয়াস গৃহীত হয় কোন সংবিধান সংশোধনীর মাধ্যমে ?

(a) 43 তম সংবিধান সংশোধনী (b) 45 তম সংবিধান সংশোধনী (c) 46 তম সংবিধান সংশোধনী (d) 48 তম সংবিধান সংশোধনী

## উত্তরমালা

1.(b) , 2.(c) , 3.(b) , 4.(b) , 5.(a) , 6.(a) , 7.(a) , 8. (a) , 9.(a) , 10.(a) ,
11.(b) ,12. (a), 13.(a) ,14.(b) ,15.(d) , 16.(d) , 17.(b) , 18. (d) , 19.(d) , 20.(b)
21.(b) ,22. (b), 23.(c) ,24.(a) ,25.(b) ,26.(a) ,27.(c), 28.(b) , 29.(a) , 30.(a)
31.(b) ,32. (c), 33.(b) ,34.(a) ,35.(a) ,36.(c) ,37.(b) , 38. (a) , 39.(a) , 40.(a)
41.(a) ,42. (d), 43.(b) ,44.(c) ,45.(b) ,46.(c) ,47.(a) .

# অধ্যায় ঃ 30

## সংবিধানের সন - তারিখ

| | |
|---|---|
| | |
| সংবিধান রচনার জন্য গণপরিষদ গঠনের দাবী প্রথম তোলে স্বরাজ দল | 1935 সালে |
| ভারতে আসে ক্যাবিনেট  মিশন | 1946 সালে |
| ক্যাবিনেট মিশন প্ল্যান অনিযায়ী গঠিত হয় গণ পরিষদ | 1946 সালে |
| গণপরিষদের প্রথম সভায় কার্যনির্বাহী সভাপতি ( প্রভিশনাল প্রেসিডেন্ট ) এর পদ অলঙ্কৃত করেন গণপরিষদের প্রবীণতম সদস্য সচ্চিদানন্দ সিনহা | |
| গণপরিষদের দ্বিতীয় সভায় গণপরিষদের স্থায়ী সভাপতির পদ অলঙ্কৃত করেন ডক্টর রাজেন্দ্র প্রসাদ | |
| ২২ শে জানুয়ারি , গণপরিষদের সম্মুখে উদ্দেশ্যমূলক প্রস্তাবটি উত্থাপন করেন জওহরলাল নেহেরু | 1947 সালে |
| ২৬ শে নভেম্বর ,গৃহীত হয় ভারতীয় সংবিধান | 1949 সালে |
| ২৬ শে জানুয়ারি কার্যকরী হয় ভারতীয় সংবিদান | 1950 সালে |
| স্থাপিত হয় ভারতের সুপ্রিম কোর্ট | 1950 সালে |
| গঠিত হয় স্বাধীন ভারতের প্রথম যোজনা কমিসন | 1950 সালে |
| প্রথম সংবিধান সংশোধনী | 1951 সালে |
| স্বাধীন ভারতের প্রথম সাধারণ নির্বাচন | 1952 সালে |
| রাজ্যসভা গঠিত হয় | 1952 সালে |
| শুরু হয় কমিউনিটি ডেভলপমেন্ট প্রোগ্রাম | 1952 সালে |
| গঠিত হয় ভারতের ন্যাশনাল ডেভলপমেন্ট কাউন্সিল | 1952 সালে |
| গঠিত হয় প্রথম ভাষার ভিত্তিতে গঠিত ভারতীয় অঙ্গরাজ্য অন্ধ্রপ্রদেশ | 1953 সালে |
| পাশ হয় ভারতীয় নাগরিকত্ব আইন , ও অস্পৃশ্যতা নিষিদ্ধকরণ আইন | 1955 সালে |
| পাশ হয় ভারতীয় রাজ্য পুনর্গঠন আইন | 1956 সালে |

| | |
|---|---|
| ২৬ শে জানুয়ারি , পাশ হয় কাশ্মীরের পৃথক সংবিধান | 1959 সালে |
| পঞ্চায়েতী রাজ এর সূচনা | 1959 সালে |
| পাশ হয় অফিসিয়াল ল্যাঙ্গুয়েজ অ্যাক্ট | 1966 সালে |
| 42 তম সংবিধান সংশোধনী ( মিনি রিভিশন অফ ইন্ডিয়ান কনস্টিটিউশন ) :<br>(L) সংবিধানে অন্তর্ভুক্ত হয় মৌলিক কর্তব্য (সংখ্যা: ১০ টি)<br>(M) সংবিধানের প্রস্তাবনায় অন্তর্ভুক্ত হয় ' ধর্মনিরপেক্ষ ' ও ' সমাজতান্ত্রিক ' - এই শব্দদ্বয় | 1976 সালে |
| ক্যাগকে অব্যহতি দেওয়া হয় অ্যাকাউন্টিং ফ্যাংশন থেকে | 1976 সালে |
| কেন্দ্রে ক্ষমতাসীন হয় প্রথম অকংগ্রেসী সরকার | 1977 সালে |
| ৪৪ তম সংবিধান সংশোধন :<br>মৌলিক অধিকারগুলোর তালিকা থেকে বহির্ভুক্ত হয় ' সম্পত্তির অধিকার ' | 1979 সালে |
| গঠিত প্রথম মাইনরিটি কমিশন | 1979 সালে |
| পাশ হয় সংশোধিত ভারতীয় নাগরিকত্ব আইন | 1986 সালে |
| 61 তম সংবিধান সংশোধনী :<br>ভোটার হওয়ার জন্য ন্যূনতম বয়স 21 থেকে কমিয়ে 18 করা হয় | 1989 সালে |
| | |

ভারতে আজ পর্যন্ত মোট তিনবার জারি হয়েছে ন্যাশনাল এমার্জেন্সি - 1962 , 1971 এবং 1977 সালে ।

## অনুশীলনী -30 (a)

[ উপজীব্য ঃ সংবিধানের সন - তারিখ ]

